Second.—Every registered Company shall, from time to time, hold an extraordinary general meeting, whenever seven Shareholders, or any greater number may require it, by notice in writing under their hands, to be delivered to a Registered Officer of the Company, or, if he cannot be found, to any other servant of the Company, at one of their usual places of business.

Third.—No registered Company shall purchase its own shares or make any loan of money or securities for money to any person or persons, on the security of a share or shares in the partnership or business; and every such purchase or loan shall be a breach of trust within the meaning of all laws now in force, or hereafter to be in force relating

তাঁহারদের অর্দ্ধাংশ ব্যক্তি যদি সেই বৈঠকে উপস্থিত হওয়া সকল অংশির যত শ্যার আছে তাহার অন্যূন অর্দ্ধাংশ শ্যারের মালিক হন তবে তাঁহারা এই আইনানুসারে কোম্পানি রেজিষ্টরী করিতে স্থির করিতে পারেন এবং এই প্রকারে তাঁহারদের সিদ্ধান্ত হওয়া নির্দ্ধারণ কোম্পানির সমুদয় ব্যক্তির প্রতি প্রবল হইবেক ইতি।

৬ ধারা। এইমত গতিকে রেজিষ্টরের বিষয়ের দরখাস্তে এই আইনের মধ্যে লিখিত অন্যান্য বৃত্তান্তের অতিরিক্ত এই২ লিখা থাকিবেক বিশেষতঃ ঐ বৈঠকের এত্তেলা এবং তাহার প্রকাশ হওন, এবং ঐ বৈঠক হওন এবং ঐ বৈঠকে কত অংশী উপস্থিত ছিলেন এবং ঐ নির্দ্ধারণের পক্ষে আপনার সম্মতি জানাইলেন এবং তাঁহারদের সমুদায়ে কত অংশ আছে এই সকলের কৈফিয়ৎ এবং ঐ দরখাস্তে তাহাও লেখা থাকিবেক যে ঐ দরখাস্ত ঐরূপ নির্দ্ধারণের অনুসারে দরপেশ হইয়াছে ইতি।

৭ ধারা। যদি কোন অধ্যক্ষ ঐ কোম্পানির টাকা ধারেন অথবা যদি কোন অধ্যক্ষ জামিন থাকেন অথবা অধ্যক্ষের উপর কোম্পানির অন্য কোন টাকার দাওয়া থাকে তবে তৎপ্রযুক্ত কেহ কোম্পানি রেজিষ্টরী হওনের অযোগ্য হইবেন না। কিন্তু যে কোন অধ্যক্ষ এমত ধার করিয়াছেন অথবা ঐরূপ জামিন হইয়াছেন কিম্বা তাঁহার উপর এরূপ কোন দাওয়া থাকে সেই অধ্যক্ষ কোম্পানির রেজিষ্টরী হওয়াতে অধ্যক্ষতা পদ হইতে রহিত হইবেন। কিন্তু যদি সেই কর্জ অথবা অন্য দাওয়া এই আইনের দ্বারা মঞ্জুর হওয়া কর্জ বা দাওয়া হয় তবে ঐ অধ্যক্ষ পদ রহিত হইবেন না ইতি।

৮ ধারা। প্রত্যেক রেজিষ্টরী হওয়া কোম্পানির অংশিপত্রে পশ্চাৎ লিখিত নিয়মের বিপরীত কোন বিধান থাকিলেও ঐ কোম্পানি পশ্চাৎ লিখিত নিয়মের অধীন হইবেন এবং যে সুপ্রিম কোর্টে ঐ কোম্পানি রেজিষ্টরী হন সেই সুপ্রিম কোর্টের এই ক্ষমতা থাকিবেক যে কোন অংশির দরখাস্তক্রমে সেই২ নিয়ম প্রবল করিতে পারেন এবং সেই২ নিয়মের উল্লঙ্ঘন বা শৈথিল্য হইলে ঐ কোর্টের যেমত উচিত বোধ হয় সেইমতে সময়ক্রমে কোন হুকুম বা হুকুমসকল করিতে পারেন।

প্রথম। প্রত্যেক রেজিষ্টরী হওয়া কোম্পানির অংশিপত্রে যেই২ সময় ও স্থান নির্দিষ্ট আছে সেই২ সময়ে ও স্থানে প্রতিবৎসরে ঐ কোম্পানির এক বা ততোধিক নিয়মিত সাধারণ বৈঠক হইবেক অথবা যদি সেইরূপ নিয়ম অংশিপত্রে না থাকে তবে যে সুপ্রিম কোর্টে ঐ কোম্পানি রেজিষ্টরী হন সেই কোর্ট রেজিষ্টরী করণের হুকুম দেওন কালে যেই২ সময় ও স্থান নিরূপণ করেন সেই২ সময়ে ও স্থানে ঐরূপ বৈঠক হইবেক কিন্তু ঐ কোর্ট উত্তরে কোন এক বা ততোধিক হুকুমের দ্বারা ঐ নিয়ম মতান্তর করিতে পারেন।

দ্বিতীয়। সাত জন অথবা ততোপেক্ষা অধিক অংশী এক উপরি সাধারণ বৈঠক করিতে চাহেন এবং আপনারদের দস্তখতী লেখা সেই বিষয়ের এক লিখিত এত্তেলা ঐ কোম্পানির রেজিষ্টরী হওয়া কোন আমলাকে দেন অথবা তাহাকে না পাওয়া গেলে ঐ কোম্পানির কোন এক সামান্য কার্য্যস্থানে তাহার অন্য কোন আমলাকে দেন তখন রেজিষ্টরী হওয়া প্রত্যেক কোম্পানি সেইরূপ এক উপরি সাধারণ বৈঠক করিবেন।

তৃতীয়। রেজিষ্টরী হওয়া কোন কোম্পানি আপনার অংশ খরীদ করিবেন না অথবা সেই অংশিত্ব কি ব্যবসার এক বা ততোধিক অংশের বন্ধক লইয়া কোন ব্যক্তি বা ব্যক্তিরদিগকে কোন টাকা বা টাকার নিদর্শনের কর্জ দিবেন না। এবং এইরূপ প্রত্যেক খরীদ কি কর্জ বিশ্বাসঘাতকতার কর্ম্ম জ্ঞান হইবেক এবং এজেন্ট অথবা ট্রুষ্টির টাকা কিম্বা সম্পত্তি লইয়া অনুচিত ব্যব-

to breaches of trust by agents or trustees misappropriating money or property.

Fourth —No registered Company shall make any loan of money or securities for money to any Director or Registered Officer of such Company, or to any member of a Local Committee at any Branch or Agency, except only in the case of Banking Companies, to such limited amount, and on such securities as shall be sanctioned by the deed, or, from time to time, by a general meeting of the Shareholders of such Banking Company; and every such transaction, except as aforesaid, shall be a like breach of trust And the particulars of every loan made to any Director or Registered Officer of such Company shall be reported to the next general meeting of Shareholders, with a statement and specification of the several securities on which such loans were advanced.

Fifth —No Director or Member of a Local Committee at any Branch or Agency, or Registered Officer shall become a security or guarantee for any person in any loan or other transaction with the Company, nor shall he in any way, incur liability to the Company uncovered by such security as is sanctioned by the deed of partnership.

Sixth —The accounts of every registered Company shall be audited half yearly or oftener, by two or more Auditors, chosen at a general meeting of the Shareholders, none of the Auditors being a Director or Registered Officer at the time.

Seventh – A copy of the Auditor's report (if any) and balance sheet and a separate profit and loss account, and a capital account shewing the amount of the capital, and how invested, and the estimated value thereof, verified by affidavit of the same being made to the best of their knowledge and belief, as often as the accounts are audited, shall be filed in the Court, in which the Company is registered, and a written or printed copy of the said report, balance sheet, and accounts, shall be delivered to every Shareholder who shall demand it, or sent by the General Post Office to the place where he may, from time to time, require delivery thereof.

IX. The Court in which the Company is registered may, on the petition of any Shareholder, enforce the performance by the Directors of any of their duties under this Act, or of the deed of partnership, which it may appear just to enforce in a summary manner, after due notice given to such Directors, and disobedience to any order of the Court in this behalf shall be deemed a contempt of Court, and shall be punishable accordingly.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ৪ ফেব্রুআরি।]

হার করণের দ্বারা যে বিশ্বাসঘাতকতা কর্ম্ম করেন তাহার বিষয়ে যে সকল আইন এক্ষণে চলন আছে বা উত্তর কালে চলন হয় সেই আইনের অভিপ্রায়ের মধ্যে সেই অপরাধ গণ্য হইবেক।

চতুর্থ। রেজিষ্টরী হওয়া কোন কোম্পানি ঐ কোম্পানির অধ্যক্ষ অথবা রেজিষ্টরী হওয়া কর্ম্মকারককে কিম্বা তাহার কোন কুঠী কি এজেন্সীর স্থানবিশেষের কমিটির অন্তঃপাতি কোন ব্যক্তিকে কোন নগদ টাকা কিম্বা টাকার নিদর্শনের কর্জ্জ দিবেন না। কিন্তু ব্যাঙ্কের কোম্পানি হইলে অংশিপত্রের মধ্যে অথবা ঐ ব্যাঙ্কের কোম্পানির অংশিরদের সাধারণ বৈঠকে সময়২ক্রমে নির্দ্দিষ্ট সীমাপর্য্যন্ত ও নির্দ্দিষ্ট বন্ধক লইয়া ঐ২ কোম্পানির অধ্যক্ষপ্রভৃতিরদিগকে কর্জ্জ দিতে পারেন। এবং উপরের উক্তমত কর্জ্জব্যতিরেকে অন্য প্রকার সকল কর্জ্জ বিশ্বাসঘাতকতা অপরাধের ন্যায় জ্ঞান হইবেক। এবং ঐ কোম্পানির কোন অধ্যক্ষ অথবা রেজিষ্টরী হওয়া আমলাকে যে প্রত্যেক কর্জ্জ দেওয়া যায় তাহার বৃত্তান্ত এবং যে নানা টাকার নিদর্শনের বন্ধকক্রমে ঐ২ কর্জ্জ দেওয়া গিয়াছে তাহার এক কৈফিয়ৎ ও তাহার বিবরণের তৎপরে অংশিরদের যে সাধারণ বৈঠক হয় সেই বৈঠকে রিপোর্ট হইবেক।

পঞ্চম। কোন কোম্পানির অধ্যক্ষ অথবা তাহার কোন কুঠী বা এজেন্সীতে স্থান বিশেষের কমিটির অন্তঃপাতী কিম্বা রেজিষ্টরী হওয়া কোন আমলা ঐ কোম্পানির স্থানে যে কোন ব্যক্তি টাকা কর্জ্জ করেন বা অন্য প্রকার লেনাদেনা করেন সেই ব্যক্তির জামিন অথবা প্রতিভূ হইবেন না। এবং অংশিপত্রে যে বন্ধকের বিষয়ের অনুমতি আছে সেই বন্ধক না রাখিয়া ঐ অধ্যক্ষপ্রভৃতি ঐ কোম্পানির নিকটে কোন বিষয়ে দায়ী হইবেন না।

ষষ্ঠ। রেজিষ্টরী হওয়া প্রত্যেক কোম্পানির হিসাব ছয়২ মাসান্তর কিম্বা তদপেক্ষা অল্প মিয়াদের মধ্যে দুই বা ততোধিক আডিটর সাহেব অর্থাৎ পরীক্ষক সাহেবের দ্বারা মোকাবিলা হইবেক এবং ঐ দুই বা ততোধিক আডিটর অংশিরদের সাধারণ বৈঠকে মনোনীত হইবেন এবং তাঁহারদের কোন এক ব্যক্তি তৎসময়ে ঐ কোম্পানির অধ্যক্ষ কিম্বা রেজিষ্টরী হওয়া আমলা হইবেন না।

সপ্তম। ঐ আডিটর সাহেব রিপোর্ট করিলে তাহার এক নকল ও জমাওয়াসিল বাকীর এক ফর্দ্দ এবং লাভলোকসানের এক স্বতন্ত্র হিসাব ও মূল ধনের হিসাবের বিষয়ে (তাহাতে মূল ধনের সংখ্যা ও তাহা কিরূপে অর্পণ হইয়াছে ও তাহার আনুমানিক মূল্য কি) ঐ আডিটর সাহেবেরা এই স্বীকৃতি করিবেন যে আমারদের বুদ্ধি সাধ্যপর্য্যন্ত ও আমারদের বিশ্বাসপর্য্যন্ত এই সকল যথার্থ এবং ঐ হিসাব যতবার সেইরূপে মোকাবিলা হয় ততবার যে আদালতে কোম্পানি রেজিষ্টরী হই যাছেন সেই আদালতে ঐ রিপোর্ট ফর্দ্দ হিসাবপ্রভৃতির নকল দাখিল হইবেক। এবং যে প্রত্যেক অংশী উক্ত রিপোর্ট এবং জমাওয়াসিল বাকীর ফর্দ্দ এবং হিসাবের বিষয়ের দাওয়া করেন তাঁহাকে তাহার এক লিখিত অথবা ছাপা হওয়া নকল দেওয়া যাইবেক অথবা তিনি যে স্থান নির্দ্দিষ্ট করেন সেই স্থানে ডাকযোগে সময়ক্রমে তাঁহার নিকটে পাঠান যাইবেক ইতি।

৯ ধারা। এই আইনানুসারে অথবা অংশিপত্রের অনুসারে অধ্যক্ষেরদের যে২ কার্য্য করিতে হয় তাহা যদি সরাসরীমতে তাঁহারদিগকে করিবার হুকুম দিতে উচিত বোধ হয় তবে যে আদালতে কোম্পানি রেজিষ্টরী হন সেই আদালত কোন অংশির দরখাস্তক্রমে ঐ অধ্যক্ষেরদিগকে রীতিমত এত্তেলা দিলে পর তাঁহাকে সেই২ কার্য্য করিবার হুকুম করিতে পারেন। এবং এই বিষয়ে ঐ কোর্ট যে কোন হুকুম দেন তাহা প্রতিপালন না হইলে তাহা আদালতের অবজ্ঞার ন্যায় জ্ঞান হইবেক এবং তদনুসারে তাহার দণ্ড হইবেক ইতি।

X. Within one week before or after the first day of January and first day of July, in every year after the registry of the said Company, a memorial shall be filed in the Court in which such Company is registered, setting forth in alphabetical order, the names of all the partners, with their several additions, places of abode, and the number of shares belonging to each, and the names of the Directors of the Company, and also the names of the servants of the Company to be deemed the Registered Officers, within the Presidency in which such Court is situated; and, as often as a change in the Direction or of any Registered Officer shall take place by death, resignation, disqualification, or otherwise, a memorial of such change shall be forthwith filed in the Supreme Court.

[To be continued.]

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 25.

To the Civil Authorities in the Regulation and Extra Regulation Provinces.

With reference to the provisions of Section 1, Act IV. of 1850, the Judges and Principal Sudder Ameens are desired in future to endorse on every Petition of appeal, presented to them for transmission to the Sudder Court, the date on which it was filed, in order that it may at once be seen whether the appeal is within the period prescribed by the Law.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 23rd September, 1850.

No. 27.

To the Civil Judges in the Lower Provinces and to the Governor General's Agent in Hazareebaugh.

As considerable difficulty frequently occurs in finding persons who are willing to act as Moonsiffs for short periods in distant or unpopular localities, and the delay which consequently takes place on these occasions in filling up vacancies, is obviously objectionable, I am directed by the Court to request that, whenever you may have occasion to forward an application from a Moonsiff for leave of absence for any period short of three months, you will invariably, if possible, nominate, for the sanction of the Court, a candidate who may be qualified to act by the possession of the usual diploma, and who may be prepared to join the appointment without loss of time.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 16th December, 1850.

No. 28.

To the Civil Judges in the Lower Provinces and to the Deputy Commissioner of Hazareebaugh, &c.

The Court direct that, whenever a Judge has occasion to convict an uncovenanted judicial officer of any offence or irregularity, he shall record, in a vernacular proceeding, the exact charge which

১০ ধারা। উক্ত কোম্পানির রেজিষ্টরী হওনের পর প্রতিবৎসরে ১ জানুআরি ও ১ জুলাই তারিখে বা তাহার পূর্ব্বে বা পরে এক সপ্তাহের মধ্যে যে কোর্টে ঐ কোম্পানির রেজিষ্টরী হইয়াছে সেই কোর্টে এক নিদর্শনপত্র দাখিল হইবেক এবং ঐ নিদর্শনপত্রে কখআদিক্রমে সকল অংশির নাম ও তাঁহারদের নানা পদবী ও বাসস্থান ও প্রত্যেক জনের কত অংশ আছে তাহা এবং ঐ কোম্পানির অধ্যক্ষেরদের নাম এবং ঐ কোম্পানির যে২ আমলা ঐ কোর্ট যে রাজধানীর মধ্যে আছে সেই রাজধানীতে রেজিষ্টরীহওয়া আমলারদের ন্যায় জ্ঞান হইবেন সেই আমলারদের নাম লেখা থাকিবেক এবং যতবার মৃত্যু অথবা ইস্তাফা দেওন অথবা অযোগ্যতা হওনপ্রযুক্ত কি কারণান্তরে অধ্যক্ষতা পদের অথবা রেজিষ্টরীহওয়া কোন আমলার পরিবর্ত্ত হয় ততবার সেই পরিবর্ত্তনের নিদর্শনপত্র তৎক্ষণাৎ সুপ্রিম কোর্টে দাখিল হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের আইনের অধীন এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

১৮৫০ সালের ৪ আইনের ১ ধারার বিধানের উপলক্ষে জিলার জজ সাহেব ও প্রধান সদর আমীনেরদের প্রতি এই হুকুম হইল যে আইনের দ্বারা আপীলের যে মিয়াদ নির্দ্দিষ্ট আছে সেই মিয়াদের মধ্যে আপীল হইয়াছে কি না ইহা একেবারে দৃষ্ট হওনের জন্যে সদর দেওয়ানী আদালতে প্রেরিত হওনার্থে তাঁহারদিগকে যে প্রত্যেক আপীলের দরখাস্ত দেওয়া যায় তাহা যে তারিখে দাখিল হইল সেই তারিখ নিয়ত তাহার পৃষ্ঠে লেখেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫০। ২৩ সেপ্টেম্বর।

২৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব এবং শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হাজারীবাগের শ্রীযুত এজেণ্ট সাহেব বরাবরেষু।

দূরস্থ অথবা অপ্রিয় স্থানে অল্প কালের জন্যে মুনসেফের কর্ম্ম করিতে যাঁহারদের ইচ্ছা আছে এমত লোক পাওয়া বারম্বার দুঃসাধ্য হইতেছে এবং তৎপ্রযুক্ত সেই শূন্য পদে লোক নিযুক্ত করাতে যে বিলম্ব হয় তাহা স্পষ্টতঃ অনুপযুক্ত অতএব সদর আদালত হুকুম করিতেছেন যে কোন মুনসেফের তিন মাসের কম মিয়াদের ছুটীর বিষয়ের দরখাস্ত যখন তোমার পাঠাইতে হয় তখন যে পদাকাঙ্ক্ষী রীতিমত যোগ্যতার পত্র পাওনপ্রযুক্ত কর্ম্মের যোগ্য হন এবং অবিলম্বে ঐ কর্ম্ম গ্রহণ করিতে প্রস্তুত আছেন এমত কোন পদাকাঙ্ক্ষির নাম সাধ্যপর্য্যন্ত তুমি নিয়ত সদর আদালতের মঞ্জুরীর নিমিত্তে লিখিয়া পাঠাও।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫০। ১৬ ডিসেম্বর।

২৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব ও হাজারীবাগপ্রভৃতি স্থানের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর আদালত হুকুম করিতেছেন যে যখন কোন জজ সাহেব কোন অচিহ্নিত বিচারকের কোন অপরাধ অথবা বেদাঁড়ার কর্ম্মের বিষয়ে তাঁহাকে দোষী করেন তখন ঠিক যে অপরাধ সাব্যস্ত হইয়াছে তাঁহার

he considers to have been established, a copy of which shall be immediately furnished to the accused party.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 18th December, 1850.

(True Copy.)

R. STUART,

In Charge Deputy Register's Office.

No. 29.

To the Civil Judges in the Lower Provinces, &c.

Instances having come to the notice of the Court of Appellants filing along with their petitions of appeal, a copy of the decision from which they are desirous of appealing, and this practice, with reference to the provisions of Act IV. of 1850, being no longer necessary, I am directed to request that you will notify, for general information, that parties appealing to the Sudder Court from the decisions of the Lower Courts, are not now obliged to file copies of these decisions along with their petitions of appeal.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 27th December, 1850.

(True Copy,)

R. STUART,

In Charge Deputy Register's Office.

No. 30.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

The Court publish, for general information, a copy of the Advocate General's opinion relative to the enforcement, by the Company's Judicial Officers, of Acts of Parliament relating to India, enacted since the passing of the last Charter Act, which have not been promulgated by any Act of the Local Legislature.

Question.

"With reference to the precedent laid down in the case of Mr. D'Souza, *versus* Lieut. Wroughton, Sudder Dewanny Adawlut Reports, 23d February, 1827, Volume 4, Page 225, and to the terms of Regulation XX. of 1825, is the enforcement of the provisions of Act III. and IV. Vict. Chap. XXXVII. Section 36, relative to the punishment of persons buying clothes, &c., from European Soldiers in the Company's service binding on Magistrates in the Company's Criminal Courts, —No Act of the Local Legislature having been passed with reference to, and for the promulgation of the above cited Act of Parliament."

Opinion.

"I am of opinion that the 36th Section of 3d and 4th Vict. Chap. XXXVII. is binding on Magistrates of the Company's Criminal Courts, although no Act of the Local Legislature has been passed for the promulgation of that Act of Parliament.

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৫১। ৪ ফেব্রুআরি।]

বোধ হয় তাহা এদেশীয় ভাষার এক রুবকারীতে লিখিবেন এবং তাহার এক নকল তৎক্ষণাৎ অপবাদিত ব্যক্তিকে দিবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫০। ১৮ ডিসেম্বর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট। ডেপুটী রেজিষ্টরের দফ্তরের ভারপ্রাপ্ত।

---

২৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের জ্ঞাতসার হইয়াছে যে আপেলাণ্ট যে ডিক্রীর উপর আপীল করিতে চাহে সেই ডিক্রীর এক নকল আপনার আপীলের দরখাস্তের সঙ্গে কখনং দাখিল করিয়া থাকে কিন্তু ১৮৫০ সালের ৪ আইনের বিধির সম্পর্কে এই প্রকার করিতে তাহারদের আর আবশ্যক নাই অতএব তুমি সর্ব্ব সাধারণ লোককে ইহা জানাইবা যে যাহারা অধস্থ আদালতের ডিক্রীর উপর সদর আদালতে আপীল করে তাহারদের আপীলের দরখাস্তের সঙ্গে ঐ ডিক্রীর নকল এক্ষণে আর দাখিল করিবার আবশ্যক নাই।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫০। ২৭ ডিসেম্বর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট।

ডেপুটী রেজিষ্টরের দফ্তরের ভারপ্রাপ্ত।

---

৩০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

শেষ চার্টরের আইন হওনের পর ভারতবর্ষের সম্পর্কীয় যেং আক্ট পার্লিমেণ্ট হইয়াছে কিন্তু ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কোন আইনের দ্বারা প্রচার হয় নাই সেইং আক্ট পার্লিমেণ্ট অনুসারে কোম্পানি বাহাদুরের আদালতসম্পর্কীয় কর্ম্মকারকের কার্য্য করণের বিষয়ে শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মতের এক নকল সদর আদালত সকল লোকের বিজ্ঞাপনের নিমিত্তে প্রকাশ করিতেছেন।

জিজ্ঞাসা।

১৮২৭ সালের ২৩ ফেব্রুআরি তারিখে সদর দেওয়ানী আদালতের রিপোর্টের ৪ বালমের ২২৫ পৃষ্ঠায় যে মোকদ্দমায় ডিসুজা সাহেব ফরিয়াদী এবং লেপ্টেনেণ্ট রটন সাহেব আসামী সেই মোকদ্দমার নজিরের এবং ১৮২৫ সালের ২০ আইনের কথার উপলক্ষে এই জিজ্ঞাসা হইতেছে যে কোম্পানি বাহাদুরের চাকরীতে নিযুক্ত ইউরোপীয় গোরারদের স্থানে যাহারা পোশাকপ্রভৃতি ক্রয় করে তাহারদের দণ্ডের বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার তৃতীয় ও চতুর্থ বৎসরীয় ৩৭ অধ্যায়ের আইনের ৩৬ ধারার বিধানানুসারে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতে নিযুক্ত মাজিষ্ট্রেট সাহেবেরদের কার্য্য করিতে হইবেক কি না যেহেতুক উক্ত আক্ট পার্লিমেণ্টের বিষয়ে এবং তাহা প্রচার করণার্থে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল কোন আইন জারী করেন নাই।

মত।

আমার বোধ আছে যে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার তৃতীয় ও চতুর্থ বৎসরীয় ৩৭ অধ্যায়ের আইনের ৩৬ ধারা প্রচার করণার্থে যদ্যপি ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে কোন আইন জারী হয় নাই তথাপি ঐ আক্ট পার্লিমেণ্ট অনুযায়ি সকল ফৌজদারী আদালতের মাজিষ্ট্রেট সাহেবেরদের অবশ্য কার্য্য করিতে হইবেক।

By the present Charter 3d and 4th William IV. Chap. LXXXV. a Subordinate Legislature was created, and it was expressly provided that the Governor General in Council should have power to make and alter laws, save and except "any Laws or "Regulations which shall in any way repeal, vary, "suspend, or affect any of the provisions of this "Act, or any of the provisions of the Act for punishing mutiny or desertion of Officers and Soldiers, whether in the service of Her Majesty, or "the said Company, or any provision of any Act "hereafter to be passed in any wise affecting the "said Company, or the said territories, or the inhabitants thereof." Since the passing of this Act, the Imperial Legislature has often passed mutiny and other Acts applicable to India and its inhabitants, which have never been promulgated by any Act of the Local Legislature and which nevertheless have been without question enforced in this country. I would refer to the Mutiny and Insolvent Acts as examples which have never been promulgated by any Act of the Indian Legislature. If such promulgation were necessary, the Charter Act would contain some enactment to that effect; but the Charter Act contains a provision that the Indian Legislature shall not have power to suspend any Act of the British Legislature (passed since the Charter Act) applicable to this country. Now, if it be true that Acts of the British Parliament are not in force here until promulgated by the Indian Legislature, then it must follow that such British Acts have no force in this country of themselves, and are suspended until the Indian Legislature chooses to promulgate them, a state of things which the 43d Section of the Charter Act was expressly framed to prevent.

I am also of opinion, upon the construction of the whole of the Section 36 of 3d and 4th Vict. 3 Chap. XXXVII. that the offence is one cognizable by the Criminal Courts, and that a Magistrate has power to enforce the penalty.

The 3d and 4th Vict. Chapter XXXVII. was a Mutiny Act for the Company's European Forces, and although a great many of its provisions have been recently superceded by a new Mutiny Act (12 and 13 Vict. Chapter XLIII.) yet the Act 3 and 4 Vict. has not been entirely repealed, and the 36th Section still remains in force.

I am at a loss to understand the principle upon which the case of D'Souza *versus* Wroughton, 4 Sudder Dewanny Reports, was decided, but as that case occurred before the passing of the late Charter Act, it seems unnecessary to consider it more particularly."

(Signed) R. STUART,
In Charge Deputy Register's Office.
Fort William, the 20th December, 1850.

[*Government Gazette, 4th February,* 1851.]

বর্ত্তমান চার্টর অর্থাৎ মৃত চতুর্থ উলিয়মের তৃতীয় ও চতুর্থ বৎসরীয় ৮৫ অধ্যায়ের আইনের দ্বারা এক অধীন ব্যবস্থাপক কৌন্সেল নিযুক্ত হইয়াছিলেন এবং ঐ আক্টে এই বিশেষ হুকুম ছিল যে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে আইন করিতে এবং তাহা মতান্তর করিতে ক্ষমতা থাকিবেক। কিন্তু "এই চার্টরের "আইনের কোন বিধি অথবা শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা "উক্ত কোম্পানি বাহাদুরের চাকরীতে নিযুক্ত সেনাপতি "ও সৈন্যেরদের আজ্ঞানধীনতা অথবা পলায়নের দণ্ড "করণের আইনের কোন বিধি অথবা উক্ত কোম্পানি "বাহাদুর অথবা উক্ত রাজ্য কি তাহার নিবাসিরদের "সম্পর্কীয় উত্তর কালে যে কোন আক্ট পার্লিমেণ্ট হয় "তাহার কোন বিধি রহিত কি মতান্তর বা স্থগিত কিম্বা "তাহার শক্তির ব্যাঘাত যাহাতে হইতে পারে এমত কোন "আইন অথবা নিয়ম করিতে পারেন না।" ঐ চার্টরের আক্ট জারী হওন অবধি পার্লিমেণ্ট বারম্বার ভারতবর্ষ ও তাহার নিবাসি ব্যক্তিরদের সম্পর্কীয় সৈন্যেরদের আজ্ঞানধীনতাবিষয়ক আক্ট ও অন্য২ নানা আক্ট করিয়াছেন এবং তাহা ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কোন আইনের দ্বারা কখন প্রচার হয় নাই তথাপি সেই সকল আক্ট বিনাওজরে এদেশের মধ্যে প্রবল হইয়াছে। আমি সৈন্যেরদের আজ্ঞানধীনতার বিষয়ের ও ইনসালবেণ্টের আক্টের উদাহরণ দিতেছি ঐ দুই আক্ট ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কোন আইনের দ্বারা কখন প্রচার হয় নাই। যদ্যপি সেইরূপে তাহা প্রচার করা আবশ্যক হইত তবে চার্টরের আক্টের মধ্যে অবশ্য সেই বিষয়ের কোন বিধান থাকিত। কিন্তু সেই চার্টরের আক্টের মধ্যে এই এক বিশেষ বিধান আছে যে ঐ চার্টরের আক্ট জারী হওনের পর পার্লিমেণ্ট এদেশের সম্পর্কে যে কোন আক্ট করেন তাহা ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল স্থগিত করিতে পারিবেন না। যদ্যপি এমত হয় যে ইঙ্গলণ্ড দেশের পার্লিমেণ্টের আক্ট যাবৎ ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের দ্বারা প্রচার না হয় তাবৎ তাহা এ দেশে প্রবল নহে তবে সুতরাং এই উপলব্ধি হইবেক যে পার্লিমেণ্টের ঐ আক্টের স্বভাবত এ দেশের মধ্যে কোন শক্তি নাই এবং যাবৎ ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল স্বেচ্ছাপূর্ব্বক তাহা প্রচার না করেন তাবৎ ঐ আইন স্থগিত আছে। কিন্তু চার্টরের আক্টের ৪৩ ধারা এই বিষয় নিবারণার্থে বিশেষরূপে করা গিয়াছিল।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার তৃতীয় ও চতুর্থ বৎসরীয় ৩৭ অধ্যায়ের আইনের ৩৬ ধারার সমুদয়ের অর্থ বিনা আমার আরো বোধ আছে যে ঐ অপরাধ ফৌজদারী আদালতের শুনানির যোগ্য এবং সেই দণ্ড করিতে মাজিষ্ট্রেট সাহেবের অবশ্য ক্ষমতা আছে।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার তৃতীয় ও চতুর্থ বৎসরীয় ৩৭ অধ্যায়ের আইন কোম্পানি বাহাদুরের ইউরোপীয় গোরারদের আজ্ঞানধীনতা দণ্ডের বিষয়ের আইন এবং যদ্যপি তাহার অনেক বিধান এক্ষণে নূতন আজ্ঞানধীনতার আইন অর্থাৎ শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার বারো ও তের বৎসরীয় ৪৩ অধ্যায়ের আইনের দ্বারা সম্পূর্ণ রহিত হইয়াছে তথাপি ঐ তৃতীয় ও চতুর্থ বৎসরীয় আইন সম্যকপ্রকারে রদ হয় নাই এবং তাহার ৩৬ ধারা অদ্যাপি বলবৎ আছে।

সদর দেওয়ানী আদালতের রিপোর্টের চতুর্থ বালমের লিখিত ডিসুজা ফরিয়াদী রটন আসামী এই মোকদ্দমার যে নিয়মানুসারে ডিক্রী হইয়াছিল তাহা আমার বোধগম্য নহে কিন্তু গত চার্টরের আইন জারী হওনের পূর্ব্বে সেই মোকদ্দমার বিচার হইয়াছিল অতএব তাহার বিষয়ের আর বিশেষরূপে বিবেচনা করার আবশ্যক নাই।

আর ষ্টুআর্ট।
ডেপুটী রেজিষ্টরের দফ্তরের ভারপ্রাপ্ত।
ফোর্ট উলিয়ম। ১৮৩০। ২০ ডিসেম্বর।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No 23.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces

In pursuance of the orders of Government contained in the letter from the Under Secretary to Government, dated 25th ultimo, No 1553, the Court publish, for general information, the following Extract from a Despatch from the Honourable the Court of Directors, No. 27, of the 10th July, 1850.

[19.] "We consider it so injurious to the service that men who have been dismissed for misconduct from one Department, should be considered eligible for re-employment in any other Department that we must entirely discountenance such a practice. It is a wholesome check upon negligence and dishonesty, for the servants of Government clearly to understand, that probity and diligence are the only means of retaining employment under Government"

W KIRKPATRICK *Deputy Register*

Fort William, the 22d November, 1850

No 24

To the Civil and Session Judges in the Lower Provinces

Considerable delay having occurred in past years in the receipt of some of the annual zillah statements and reports on the administration of Civil and Criminal Justice, your attention is now especially called to the subject with a view to prevent similar delay at the close of the current year

2. The Court are aware that the delay generally arises from the fact that the statements are often not received from the subordinate authorities so as to admit of their being submitted within the time prescribed by the Circular Orders of the 21st December, 1838, Sudder Dewanny Adawlut, (paragraphs 4 and 5,) and that of the 27th June, 1842, Nizamut Adawlut, (rules 5 and 87, of the Magistrate's statements,) or that they arrive in an imperfect state, and it is found necessary to return them for correction

3. You are requested therefore to call the attention of your subordinates to the subject and to direct them to commence the preparation and revision of their statements in December, so as to have them as far advanced as possible before the end of the year. The addition of the December returns to them will then be a work of comparatively little trouble, and their reports may be completed and sent in by the 15th of January, so as to enable you to submit your own by the 1st of February.

4. You will also impress on your subordinates, the necessity of careful revision of the statements in order to ensure their correctness, and to avoid the necessity of their being returned, and will

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ৪ ফেব্রুআরি।]

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

২৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত নানা দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের গত মাসের ২৫ তারিখের ১৫৫৩ নম্বরী পত্রে গবর্ণমেণ্টের যে হুকুম লেখা ছিল তাহার অনুযায়ি সদর আদালত শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৫০ সালের ১০ জুলাই তারিখের ২৭ নম্বরী পত্রের পশ্চাৎ লিখিত চুম্বক সর্ব্ব সাধারণ লোকেরদের বিজ্ঞাপনের নিমিত্তে প্রকাশ করিতেছেন।

১৯ দফা। যদি কোন ব্যক্তি মন্দাচরণপ্রযুক্ত সিবিলশ্রাত হইতে তগীর হইলে পর অন্য কোন সিবিলশ্রাতে কর্ম্ম পাইবার যোগ্য বোধ হয় তবে ইহাতে সরকারী কর্ম্মের অতিশয় বিঘ্ন জন্মিবেক জ্ঞান করিয়া আমরা সেই প্রকার ব্যবহার সম্পূর্ণরূপে নিষেধ করিতেছি। সরকারী কার্য্যকারকেরা যদি স্পষ্টরূপে বুঝেন যে সদাচরণ ও কর্ম্মাবিষ্টতা ভিন্ন সরকারের কর্ম্ম রাখার অন্য উপায় নাই তবে শৈথিল্যের ও অন্যায়াচরণের উপযুক্ত নিবারণ হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর

ফোর্ট উলিয়ম। ১৮৫০। ২২ নবেম্বর।

২৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু

দেওয়ানী ও ফৌজদারী আদালতের কার্য্যের নিয়ম জিলার যে বার্ষিক কৈফিয়ৎ এবং রিপোর্ট হয় তাহার মধ্যের কএকখান পাইতে বিলম্ব হইয়াছে অতএব এই বৎসরের শেষে এইরূপে বিলম্ব না হয় এনিমিত্তে সেই বিষয়ে তোমাকে বিশেষ মনোযোগ করিতে হুকুম দেওয়া যাইতেছে।

২। সদর আদালতের বোধ আছে যে এই বিলম্বের সামান্যতঃ কারণ এই যে তোমার অধীন কার্য্যকারকেরদের স্থানহইতে ঐ২ কৈফিয়ৎ এমত সময়ের মধ্যে তোমার নিকটে পঁহুছে না যে ১৮৩৮ সালের ২১ ডিসেম্বর তারিখের সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডরের ৪ এবং ৫ দফার এবং ১৮৪২ সালের ২৭ জুন তারিখের মাজিষ্ট্রেট সাহেবের কৈফিয়তের সম্পর্কীয় নিজামৎ আদালতের ৫ এবং ৮৭ বিধির নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে তাহা পাঠান যাইতে পারে। অথবা ঐ২ কৈফিয়ৎ এমত অশুদ্ধরূপে পাঠান যায় যে তাহা সংশোধন হইবার জন্যে ফিরিয়া পাঠাইতে হয়।

৩ অতএব তোমার অধীন কার্য্যকারকদিগকে এই বিষয়ে মনোযোগ করিতে আদেশ করিয়া এই হুকুম দিবা যে তাঁহারা আপন২ কৈফিয়ৎ ডিসেম্বর মাসে প্রস্তুত ও সংশোধন করিতে আরম্ভ করেন তাহা হইলে বৎসরের শেষ না হইতে২ ঐ কৈফিয়ৎ সাধ্যপর্য্যন্ত আগাইয়া থাকিবেক। তাহার পর ডিসেম্বর মাসের কৈফিয়ৎ প্রস্তুত করিতে বড় ক্লেশ হইবেক না এবং তাঁহারদের রিপোর্ট ১৫ জানুআরি তারিখে সমাপ্ত হইয়া পাঠান যাইতে পারে। এবং তুমি আপনার সমস্ত রিপোর্ট ১ ফেব্রুআরি তারিখে পাঠাইতে পারিবা।

৪। তোমার অধীন কার্য্যকারকদিগকে তুমি আরো বুঝাইবা যে তাহারদের কৈফিয়ৎ অশুদ্ধ হওনের এবং তাহা তাঁহারদের নিকটে ফিরিয়া পাঠাওনের আবশ্যক না হওনের জন্যে ঐ২ কৈফিয়ৎ তাঁহারদের

point out to them that the Court consider the punctual despatch of correct statements an important duty, the neglect of which will not be overlooked by the Court in the comparative estimate of their qualities as public officers.

5. You will consider these directions equally applicable to your own office; and will hold in mind that the utility of periodical reports is seriously impaired and often entirely destroyed by delay in the receipt of them.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 25th November, 1850.

অতিমনোযোগপূর্ব্বক সংশোধন করিতে হইবেক এবং তাঁহারদিগকে আরো জ্ঞাত করিবা যেনির্ভুল কৈফিয়ৎ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পাঠাওন সদর আদালত এক অত্যাবশ্যক কর্ম্ম জ্ঞান করেন এবং তাহার বিষয়ে তাঁহারা শৈথিল্য করিলে তাঁহারদের সরকারী কর্ম্মসম্পর্কীয় আমলার যোগ্যতার যে অনুমান সদর আদালত করিয়া থাকেন সেই অনুমান করণের সময়ে তাহা বিস্মৃত হইবেন না।

৫। এই২ নিয়ম তুল্যরূপে তোমার দপ্তরের বিষয়ে খাটে এমত বোধ করিবা এবং তুমি ইহা স্মরণে রাখিবা যে সাময়িক রিপোর্ট পঁহুছনেতে যদি বিলম্ব হয় তবে তাহার কর্ম্মণ্যতার অত্যন্ত ব্যাঘাত হইবেক এবং কখন২ তাহা নিতান্ত অকর্ম্মণ্য হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫০। ২৫ নবেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

রাজকর্ম্মে নিয়োগ।

১৮১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫০ সাল ২৮ ডিসেম্বর।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) সরকারী বিশেষ কর্ম্মোপলক্ষে ১৮২১ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে জিলা নদীয়ার ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৫১ সাল ১১ জানুআরি।

শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ আগনিউ সাহেবের (Lieutenant W. Agnew,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট জি এফ বিনসেণ্ট সাহেব (Lieutenant G. F. Vincent,) নওগাঁয়ে আসামের কমিশ্যনর সাহেবের দ্বিতীয় আসিস্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। এই নিয়োগ ১৮৫০ সালের ৪ জানুআরি তারিখঅবধি আমলে আসিবেক। ঐ তারিখে শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব (Captain E. A. Rowlatt,) ১৮৪৯ সালের ৬ আগষ্ট তারিখে যে ছুটী পান তাহাহইতে প্রত্যাগমন করেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট আগনিউ সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান ই এ রোলাট সাহেব (Captain E. A. Rowlatt,) কামরূপে আসামের কমিশ্যনর সাহেবের দ্বিতীয় আসিস্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে জাকসন সাহেবের (Mr. J. Jackson,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ শ্রীরামপুরের সদর আমীন ও মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

রাজশাহীর শ্রীযুত সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক সাহেব স্বীয় পদোপলক্ষে নাটোরের ঔষধালয়ের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৫১ সাল ১৩ জানুআরি।

দরঙ্গে আসামের কমিশ্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত সি এ ব্রুস সাহেব (Mr. C. A. Bruce,) ফৌজদারী সিবিশতায় মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন এবং আসামে দেওয়ানীর বিষয়ে যথার্থ বিচার নির্ব্বাহ করণার্থ বিধির ১ ধারার ২ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫১ সাল ২১ জানুআরি।

মেদিনীপুরের প্রধান সদর আমীন শ্রীযুত এ ডেবিডসন সাহেব (Mr. A. Davidson,) যে তারিখে আপন কর্ম্মের ভার ঐ জিলার সদর আমীনের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর একটিং অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে স্বীয় কর্ম্মোপলক্ষে এক দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৩ জানুআরি।

পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Mr. J. J. Ward,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত এচ রোজ সাহেবের (Mr. H. Rose) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে বিশ দিনের ছুটী পাইয়াছেন। তাহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত রোজ সাহেব (Mr. Rose,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫১ সাল ২৪ জানুআরি।

ঢাকার ডাকাধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেন্ট এচ বডাম সাহেব Lieutenant H. Boddam,) ডাকঘরের কর্ম্মের ভার শ্রীযুত এ ডি কোল সাহেবের (Mr. A. D. Coull,) প্রতি অর্পণ করিয়া গত মাসের ৮ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৫ জানুআরি।

ছিলটের একটিং কালেক্টর শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr M. A. G. Shawe,) যে তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত এ এল মেলবিল সাহেবের (Mr. A. L. Melville,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মেলবিল সাহেব (Mr. Melville,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীরামপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট শ্রীযুত সি এস বেলী সাহেব (Mr. C. S. Belli,) আগামি মাসের ৩ তারিখঅবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক স্থধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৭ জানুআরি।

মেদিনীপুরে গড়বেটা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright,) স্বীয় কর্ম্মোপলক্ষে ইঙ্গলণ্ডে গমনার্থে আগামি আপ্রিল মাসঅবধি এক বৎসরের ছুটী পাইয়াছেন।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌন সাহেব (Mr. J. C. Brown,) যে তারিখে আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক স্থধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ২৮ জানুআরি।

নওয়াখালীতে দক্ষিণ শাবাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত টি টুইডি সাহেব (Mr. T. Tweddie,) যে তারি-

যে আপন এলাকাখণ্ডহইতে প্রস্থান করেন সেই তারিখ অবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ২১ জানুআরি।

শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব নীচের লিখিত এগার গ্রাম বুদবুদ এলাকাখণ্ডহইতে খারিজ করিয়া মঙ্গলপুর এলাকাখণ্ডের উকেরা থানা ভুক্ত করিবার অনুমতি দিয়াছেন। এবং রূপগঞ্জ ও বসিওপা দুই গ্রাম মঙ্গলপুর এলাকাখণ্ডহইতে খারিজ করিয়া বুদবুদ এলাকা খণ্ডে ভুক্ত করিবার অনুমতি দিয়াছেন। উক্ত এগার গ্রামের নাম এই।

কালীগঞ্জ।
তোতিকাল।
মামরা।
পার্দুলাই।
তাবর।
দুর্শগঞ্জ।
জেমুআ।
গেওন গর।
হরিবাজার।
ফুলঝড়ি।
গন্ডাঙ্গা।

পিলা ফরিদপুরের অন্তঃপাতি পদ্মানদীতে যে মহলাপাড়া গুদারা আছে তাহা ১৮১৯ সালের ৬ আইনের বিধানমতে সরকারী গুদারা প্রকাশ হইয়াছে।

১৮৫১ সাল ২৫ জানুআরি।

সিবিলসম্পর্কীয় সিবিশ্তার শ্রীযুত এচ স্কট সাহেব (Mr H. Scott,) দ্বিতীয় শ্রেণীর নিয়মিত ছুটী লইয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইঙ্গলণ্ডে গমন করিবার অনুমতি পাইয়াছেন।

সারণের মাজিষ্ট্রেট শ্রীযুত জে ই এস লিলি সাহেব (Mr. J E. S Lillie) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর এচ রসেল সাহেবের (Mr R H Russell,) প্রতি অর্পণ করেন।

মরশিদাবাদের সিবল ও সেশন জজ শ্রীযুত আর ই কনলিফ সাহেব (Mr R. E Cunliffe,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপন কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত নরহরি শিরোমনির প্রতি অর্পণ করেন।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) সরকারী কর্ম্মোপলক্ষে জিলার মফঃসলে গমনার্থে বর্ত্তমান মাসের ১০ তারিখে আদালতের ও রেবিনিউ সিবিশ্তার চলিত কর্ম্মের ভার ও খাজানাখানার ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট সি এ নিকলসন সাহেবের (Lieutenant C. A. Nicolson,) প্রতি অর্পণ করেন।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি এচ এম রিকেট্স সাহেব (Mr. G. H. M. Ricketts,) বর্ত্তমান মাসের ২২ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

শ্রীযুত জি এস জজ সাহেব (Mr. G. S Judge,) বর্ত্তমান মাসের ২১ তারিখে ছোট আদালতে ক্লার্কের কর্ম্মের ভার গ্রহণ করেন।

শ্রীযুত এচ এফ জেম্স সাহেব (Mr. H. F. James,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে বীরভূমের সিবিল ও সেশন জজের সিবিশ্তার কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নজমুল হকের স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এচ সি হামিল্টন সাহেব (Mr. H. C. Hamilton,) বর্ত্তমান মাসের ২৫ তারিখে নিমকের এজেন্টী ও তমলুকের নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্টী কর্ম্মের ভার শ্রীযুত জে বি ফর্বস সাহেবের (Mr J. V. Forbes,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত পাদরি টি উড সাহেব (Rev. T. Wood,) "আর্জিনকোর্ট" নামক জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৫ তারিখে আউকাটি সাহেব সমুদ্র ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

---

১১১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২১ জানুআরি।

ত্রিপুটের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত টি পি লার্কিন্স সাহেব (Mr. T P. Larkins,) এ জিলাতে ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫১ সাল ২৩ জানুআরি।

১৮৩৩ সালের ৯ আইন অনুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদবচন্দ্র চাটুর্য্যা চব্বিশপরগনাহইতে বর্দ্ধমানে নিযুক্ত হইয়াছেন।

চব্বিশপরগনার আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দত্ত ঐ জিলায় ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু আনন্দচন্দ্র মিত্র যাবৎ রেইলওয়ে কমিস্যনর সাহেবের অধীন কর্ম্ম করেন তাবৎ কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু জয়চন্দ্র মজুমদার ১৮৩৩ সালের ৯ আইনানুসারে হুগলীর ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫১ সাল ২৫ জানুআরি।

দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি টি বক্লাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) জিলা হুগলীর শ্রীরামপুর এলাকাখণ্ডের ভার প্রাপ্ত হইয়াছেন।

১৮৫১ সাল ২৮ জানুআরি।

শ্রীযুত সি চাপমান সাহেবের (Mr. C. Chapman,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr C. S. Belli,) পাটনার জরীপের সুপরিন্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত বেলাই সাহেব (Mr. Belli,) জিলা ময়মনসিংহ ও শ্রীহট্ট ও পাবনা ও ঢাকা ও ফরিদপুর ও ছিলট ও ত্রিপুরা ও নলুয়া ও বাকরগঞ্জ ও রঙ্গপুর ও রাজশাহীতে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫১ সাল ২৪ জানুআরি।

রঙ্গপুরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত বি এচ কুপর সাহেব (Mr. B. H. Cooper,) গত নবেম্বর মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ফেব্রুআরি মাসে বাষ্পীয় জাহাজের না গমনপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ৪ ফেব্রুআরি]

[Government Gazette, 4th February, 1851.]

NOTIFICATION

The following Return of Meritorious Students for 1850-51 furnished by the Council of Education in pursuance of the Resolution of Government, dated the 10th October, 1844, is published for general information.

Names of Candidates	Age	Residence	Institution at which educated	Extent of acquirement	Character and abilities	Class attained and honorary distinctions acquired.	Remarks.
Cally Prosunno Dutt, ...	25	Calcutta ...	Hindoo College,	Senior Scholarship Standard, ...	Very good.	Senior Scholarship for four years, . ..	First Class.
Ramsunker Sen,	22	Manikgunge, Zillah Dacca, ...	Dacca College,	In Literature extremely good. In Mathematics fair, ...	Excellent,	Senior Scholarship for three years,	Second Class.
Omachurn Banerjee ...	22	Morapoor, Zillah Dacca, ...	Dacca College,	In Literature and Mathematics very good	Very good,	Senior Scholarship for two years, . ..	Ditto.
Coomar Harendra Krishna Deb,	22	Seba Bazar, in Calcutta	Hindoo College	Senior Scholarship Standard, ..	Good,	Senior Scholarship gained at the last general examination, ...	Ditto.
Krishna Chunder Dutt, ...	21	Khar Kola, ..	Dacca College,	In Literature fair In Mathematics middling,	Fair,	Senior Scholarship for two years, ...	Ditto.
Jadoonath Ghose, ...	2[illegible]	Bansbariah, Hooghly ..	Zillah Branch School and Hooghly College,	Creditable, ...	Good,	Free Senior Scholarship in 1849-50. Gained a Silver Medal for Bengalee Essay in 1848	Ditto.

Fort William, 20th January 1851.

J. P. GRANT, *Secy. to the Govt. of Bengal*

বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা গবর্ণমেন্টের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণক্রমে ১৮৫০। ৫১ সালের পরীক্ষোত্তীর্ণ ছাত্রেরদের নীচে লিখিত যে ফর্দ পাঠাইয়াছেন তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

পদাকাঙ্ক্ষির নাম	বয়ঃক্রম	বাসস্থান	যে বিদ্যালয়ে শিক্ষা করেন	যেপর্য্যন্ত পারগতা প্রকাশ করেন	গুণ ও নৈপুণ্য	য শ্রেণীপর্য্যন্ত উঠিয়াছেন ও সম্ভ্রমসূচক যাহ পান	মন্তব্য কথা
কালীপ্রসন্ন দত্ত ..	২১	কলিকাতা . .	হিন্দু কালেজ .	প্রথম শ্রেণীর বৃত্তিভোগের তুল্য	উত্তম .	চারি বৎসর প্রথম শ্রেণীর বৃত্তিভোগী হন ..	প্রথম শ্রেণী।
রামশঙ্কর সেন	১৯	মাণিকগঞ্জ জিলা ঢাকা ..	ঢাকার কালেজ ..	গ্রন্থ বিদ্যাতে অত্যুত্তম ভূমি পরিমাপকাদি বিদ্যাতে ভাল। ...	অত্যুত্তম ..	তিন বৎসর প্রথম শ্রেণীর বৃত্তিভোগী হন .	দ্বিতীয় শ্রেণী।
উমাচরণ বাঁড়ুয্যা	২২	যোবাপুরা জিলা ঢাকা .	ঢাকার কালেজ ...	গ্রন্থ বিদ্যাতে ও পরিমাণকাদি বিদ্যাতে উত্তম	উত্তম ...	দুই বৎসর প্রথম শ্রেণীর বৃত্তিভোগী হন ..	ঐ
কুমার হরেন্দ্রকৃষ্ণ দেব	১৯	কলিকাতার শোভাবাজার	হিন্দু কালেজ .	প্রথম শ্রেণীর বৃত্তিভোগির তুল্য	ভাল ..	গত বৎসরে সাধারণের গোচরে পরীক্ষায় প্রথম শ্রেণীর বৃত্তি পান ..	ঐ
কৃষ্ণচন্দ্র দত্ত	২৪	খাণ্ডু কোল	ঢাকার কালেজ ...	গ্রন্থ বিদ্যাতে ভাল। ভূমিপরিমাপকাদি বিদ্যাতে মধ্যম	মধ্যম ...	দুই বৎসর প্রথম শ্রেণীর বৃত্তিভোগী হন ...	ঐ
যদুনাথ ঘোষ	২০॥	বাশবাড়ির জিলা হুগলী	পাঠশালা বিদ্যালয়ে ও হুগলীর কালেজে	প্রশংসনীয়রূপে	ভাল ..	১৮৪৯। ১৮৫০ সালে তিনবারে প্রথম শ্রেণীর বৃত্তিভোগীর শিক্ষা পান ১৮৪৮ সালে বাঙ্গলা প্রবন্ধের জন্যে রৌপ্য মুদ্রা পান	ঐ

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২০ জানুআরি

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[Government Gazette, 4th February, 1851.]

GOVERNMENT ADVERTISEMENTS.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফীন।

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫১ সাল তারিখ ১০ ফেব্রুআরি সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৪৯। ৫০ সালের পয়দাবশী আফিমের তৃতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৮৭০ সিন্দূক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দাবশী আফিম	...	...	১৯৮০
বানারসের পয়দাবশী আফিম	...	...	৮৯০
জুমলা সিন্দূক	...	...	২৮৭০

২ দফা। উপরের লিখিত বেহারের পয়দাবশী আফিমের অন্দরে ৩৫ সিন্দূক আফিম ফরাসিস গবর্ণমেণ্টের নিমিত্তে মৌজুদ রাখা গেল।

৩ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫০ সালের ১৭ সেপ্টেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৪ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫১ সালের ১২ এবং ২৫ ফেব্রুআরি এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সরব্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫১ সালের ১২ ফেব্রুআরি বুধবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবরে কিম্মতের পূরা টাকার দরুন কোন ত্রেজুরী রসিদ সন ১৮৫১ সালের ২৫ ফেব্রুআরি মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর লওয়া যাইবেক না ইতি।

৫ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার সন ১৮৪৯। ৫০ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

								বেহারের সিন্দূক	বানারসের সিন্দূক	জুমলা সিন্দূক
সন ১৮৫১ সালের	১০	মার্চ	সোমবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ		১৯৮০	৮৯০	২৮৭০
ঐ	৭	আপ্রেল	ঐ	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ		১৯৮০	৮৯০	২৮৭০
ঐ	৫	মে	ঐ	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ		১৯৮০	৮৯০	২৮৭০
ঐ	২	জুন	ঐ	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ		১৯৮০	৮৯০	২৮৭০
ঐ	৭	জুলাই	ঐ	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ		১৯৮০	৮৯০	২৮৭০
ঐ	৪	আগষ্ট	ঐ	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ		১৯৮০	৮৯০	২৮৭০
ঐ	১	সেপ্টেম্বর	ঐ	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ		১৯৮০	৮৯০	২৮৭০
ঐ	১৭	অক্টোবর	ঐ	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ		১৯৮০	৮৯০	২৮৭০
ঐ	১৪	নবেম্বর	ঐ	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ		১৯৭৪	৮৭৩	২৮৪৭
								১৭৮১	৭৯৯৩	২৫৮০৭

ফিমেঞ্জীর হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম সন ১৮৫১ সাল তারিখ ২৭ জানুআরি।

এ সি বিডুয়েল। এক্টিং সেক্রেটারী।

SALT. নিমক।

ইস্তহার নমক চালানী জেলা কটকের কিশমত জনুবিহইতে শরকারি গোলা শালিকা।

ইস্তহার দেওয়া যাইতেছে যে কিশমত জনুবির নমক মহালের চিলকা এলাকার পাঙ্গা নমক কেবল কোম্পানি বাহাদুরের গোলা শালিকায় চালান হইবার কারণ শ্রীযুক্ত এজেন্ট সাহেবের কাছারীতে আগত মার্চ মাহার ১ এক তারিখে দিবা দুই প্রহরপর্য্যন্ত দরখাস্ত গ্রহণ করা যাইবেক উক্ত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা যাইবেক না।

১ দফা। সন ১৮৫১। ৫২ শালের মৌসুম আরম্ভ হইতে তিন বৎসর মেয়াদে নমক চালান করিবার কারণ দরখাস্তসকল গ্রহণ করা যাইবেক।

৩ দফা। চালানীর শরত ঠিক নক্শা প্রমাণ তৈয়ার হইবেক তাহা কটকের কিশমত জনুবির শ্রীযুক্ত এজেন্ট সাহেবের হজুরে দরখাস্ত করিলে দেওয়া যাইবেক এথান সম্পূর্ণ বিস্তারিত পাওয়া যাইবেক এবং স্পষ্টরূপে বুঝিবে যে যে কোন শরত উক্ত নক্শাহইতে বিভিন্ন হইবেক কিম্বা চালান হইবার নমকের অত্যল্পে এক তেহাই দরখাস্তে না থাকিলে গ্রাহ্য হইবেক না এবং চিলকা গোলাজাতহইতে শালিকা গোলায় নমক চালান করিতে কিশত মোনের মত নিরিখ হইবেক তাহা দরখাস্তে জানাইবেক

৪ দফা। চালানীর মৌসুম ইস্তক অকটোবর মাহার কোটাল জুয়ার সাংগাদি ফিবরেল মাহার ১০ বিংশতি দিবসপর্য্যন্ত ধার্য্য হয় ঐ তারিখের পর নমক চালান করণে বিপদ উপস্থিত হয় একারণ কাস্ত্রাক্টী সকল আগত অকটোবর মাহাহইতে হইবেক।

৫ দফা। দরখাস্তকরণিয়া ব্যক্তিগণের আবশ্যক যে নমক চালান করিবার কারণ তাহারদের নিজের কিম্বা কেরায়ার কিস্তী দ্বারা শ্রীযুক্ত এজেন্ট সাহেবকে সন্তোষ করিবেন এবং কিস্তীসকলের এবং তালিকা শ্রীযুক্ত এজেন্ট সাহেবের হজুরে পাঠাইবেন সেই তালিকায় প্রকৃতরূপে যতেক কিস্তী নিজের এবং যতেক কিস্তী কেরায়ার থাকে তাহা লিখিবেন।

৬ দফা। দরখাস্তকরণিয়া ব্যক্তিসকল আপন আপন কাস্ত্রাকটী নির্ব্বাহ করিবার কারণ কলিকাতাস্থ এজেন্সী হৌস কিম্বা কটকের জমীদারকে এজেন্ট সাহেবের মনোনীতমতে জামিন দিবেন।

৭ দফ। প্রতিবৎসরের মধ্যে যতেক নমক চালান করিবার প্রয়োজন হইবেক তাহার অনুমান তাদাদ জানিবার কারণ কটকের কিশমত জনুবির শ্রীযুক্ত এজেন্ট সাহেবের হজুরে দরখাস্ত করিতে হইবেক।

A. FORBES, *Salt Agent.*

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

NOTICE is hereby given, that the Pottah of the undermentioned Government Grant, situated in the limits of the Soonderbuns, in 24-Pergunnahs, will be put up for public sale at noon on Tuesday, the 4th February, 1851, corresponding with the 23d Maugh, 1257, B. S., at the Office of the Commissioner of the Soonderbuns, Alipore.

2d. The highest bidder will be entitled to it, and must immediately pay to the Commissioner of the Soonderbuns, the full amount of his purchase money. The Pottah will be drawn up in his name and made over to him with the confirmation of Government, and he will become the Grantee of the said Grant, under the condition prescribed in the Pottah.

3d. It is further notified, that intending purchasers, who may wish to see the map of the Grant, and desire to obtain any particulars connected with it, and its present state, can learn the same by attending either personally or through their Agent at the Office of the Commissioner These conditions and particulars will, moreover, be proclaimed at the time of sale.

Lot No. 9 of Captain Hodge's Map, containing an area of 9000 Beegahs, but less 4884½ Beegahs cleared and settled land.

(Signed) OOMAKANTH SAIN, *Commissioner.*

Soonderbun Commissioner's Office, Camp Gobindpore,
The 13th January, 1851.

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইশতিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা চব্বিশপরগনার সুন্দরবনের সীমাসরহদ্দের মধ্যে গবর্ণমেণ্টের জমীর নীচের লিখিত পাট্টা আলীপুরে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় ইঙ্গরেজী ১৮৫১ সালের ৪ ফেব্রুআরি মোতাবেক বাঙ্গলা ১২৫৭ সালের ২৩ মাঘ তারিখ মঙ্গলবার বেলা দুই প্রহরের সময়ে নীলাম হইবেক।

১ দফা। যে জন অতিউচ্চ মূল্য ডাকেন তিনি তাহা পাইবেন তৎক্ষণে তাঁহার খরীদের সমুদয় টাকা সুন্দরবনের কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাহার নামে করা যাইবেক এবং গবর্ণমেণ্টের মঞ্জুরীক্রমে তাঁহাকে দেওয়া যাইবেক এবং পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে তিনি ঐ ভূমির দখীলকার হইবেন।

৩ দফা। আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষি যে কেহ ঐ জমীর নক্শা দেখিতে চাহেন এবং তাহার বিষয়ে কোন বিশেষ বেওরা ও তাহার বর্ত্তমান অবস্থা জানিতে চাহেন তিনি আপনি অথবা মোখ্তারকারের দ্বারা কমিস্যনরের দফ্তরখানায় তাহা জানিতে পারেন। আরো উক্ত নিয়ম ও বিশেষ বেওরা নীলামের সময়ে প্রকাশ করা যাইবেক।

কাপ্তান হজ সাহেবের নক্শাতে ৯ নম্বরী লাট। কালি ৯০০০/ বিঘা কিন্তু ৪৮৮৪।০ বিঘা পরিষ্কার করা আবাদী জমী।

উমাকান্ত সেন। কমিস্যনর।

গোবিন্দপুরে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানা।
১৮৫১ সাল ৯ জানুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ৪ ফেব্রুআরি।]

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারামতে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫০ সালের ২৮ সেপ্টেম্বর তারিখে পাওনা বাকী রাজস্বের বাবৎ এবং অন্যান্য যে দাওবা চলিত আইন ও বিধানমতে বাকী রাজস্বের ন্যায় আদায় হয় তাহার বাবৎ জিলা পূরণিয়ার নীচের লিখিত এক মহাল ১৮৫১ সালের ১০ ফেব্রুআরি মোতাবেক বাঙ্গলা ১২৫৭ সালের ২৯ মাঘ তারিখ সোমবারে ঐ জিলার কালেক্টরী কাছারীতে পুনরায় নীলামে ধরা যাইবেক ও বিনা ওজরে বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	রেজিষ্টরী করা মালিক	সদর জমা	১৮৫০ সালের ৩১ আগষ্টপর্য্যন্ত বাকী	মন্তব্য কথা
বাঙ্গলা সন চলিত খণ্ড।							
১	১০০৲ টাকার অধিক জমার ইস্তমরারি বন্দোবস্তের মহাল	৪৩৩	মৌজা তুলসিয়া পরগনা ফতেপুর সিঙ্গিয়া	মুরলীধর নীলামী খরীদার	১১৮॥৵৬	১৯॥৵৮	প্রথম নীলামে খরীদারের ত্রুটিপ্রযুক্ত এই মহাল পুনরায় বিক্রয় হইবেক।

A. G. MACDONALD, *Offg Collector.*

মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত এতদ্দেশীয় ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠী সন ১৮৫০ সালের অক্টোবর মাহাতে জানেরেল পোষ্ট আফিসে রাখিত হইয়াছে তাহার ফর্দ্দ।

বিতারিখ ১ অক্টোবর ১৮৫০।

১ দুলমি এমদাদালি		ফেরত আগড়পাড়াহইতে
১ অন্নপ্রসাদ মুখোপাধ্যায়	,,	ঐ
১ মুনাস নজিবল্লাহ	,,	হুগলীহইতে
১ গোবিন্দচন্দ্র দাস	,,	এলাহাবাদহইতে

৪

বিতারিখ ২ অক্টোবর ১৮৫০।

মালিকানের নাম।		মালিকানের ধাম।
১ হরিমোহন গোস্বামী	কলিকাতা	বহুবাজার
১ চৈতন্যচরণ দে		বালিয়াঘাটা
১ দর্পনারায়ণ ঘোষ	,,	কালিয়াপাড়া
১ আনন্দচন্দ্র বসু		বরানগর
১ রামচাঁদ রায়জি	,,	শিমলা কাসারিপাড়া
১ হাজি আনাফ	,,	সাবু বাজার
১ ঈশ্বরচন্দ্র ঘটক	,,	হাতির বাগান
১ রাসবেহারী তেয়ারি	,,	বাঁশতলার গলি
১ নবকৃষ্ণ ঘোষ	,,	আমড়াতলার গলি
১ মনুব খাঁ পারসি	,,	ঐ
১ শিবচন্দ্র বন্দোপাধ্যায়	,,	বড়বাজার
১ মহেশচন্দ্র বসু	,,	শিমলা
১ কালিদাস মুখোপাধ্যায়	,,	ঐ
১ সেখ করিমবকস	,,	গোরাবাজার
১ মৌলবী মহিবদ্দিন	,,	মেচুয়াবাজার
১ রামরতন গুপ্ত	,,	তেলিপাড়া
১ মুনশি ছদরদ্দীন	,,	সলুটোলা
১ সুধারাম চট্টোপাধ্যায়	,,	সভাবাজার
১ পীতাম্বর দাস	,,	বটতলা
১ ঈশ্বরচন্দ্র রায়		ভবানীপুর
১ কৃষ্ণহরি বসু	,,	সভাবাজার
১ মোহন সরকার	,,	সদর দেওয়ানী
১ হারাটাঁদ রায়	,,	পটলডাঙ্গা
১ দ্বারকানাথ চট্টোপাধ্যায়	,,	জোড়াসাঁকো
১ বলরাম দাস	,,	বড়বাজার
১ অন্নাদি মালী	,,	বাহিরশিমলা
১ রাজকৃষ্ণ মাইতি	,,	কাঁমারডাঙ্গা
১ গোবিন্দ দাস	,,	মেচুয়াবাজার
১ কালীকৃষ্ণ		খিদিরপুর

২৯

মালিকানের নাম।		মালিকানের ধাম।
জের ১৯		
১ দেবনাথ দত্ত	কলিকাতা	কাঁসারিপটী
১ ভবানীচরণ সরকার		ভবানীপুর
১ ঈশ্বরচন্দ্র সরকার	,,	মাণিকতলা
১ রামতারক বন্দোপাধ্যায়	,,	জগন্নাথ ঘাট
১ মাধবরাম বসু	,,	আড়পুলি
১ গোপীকৃষ্ণ পালিত	,,	ডিঙ্গাভাঙ্গা
১ রঘুনাথ গোস্বামী		ভবানীপুর
১ মধুসূদন দে	,,	মেচোবাজার
১ প্যারীমোহন পালিত	,,	বাঁশতলার গলি
১ গোবিন্দচন্দ্র ঘোষ		চোরবাগান
১ দুর্গাচরণ	কলিকাতা	
১ মাধবচন্দ্র চক্রবর্ত্তী	,,	হাতিবাগান
১ হরি শাহা	,,	ভবানীপুর
১ হরকিশোর দত্ত		৺ কালীঘাট
১ রামচন্দ্র ঘোষ	কলিকাতা	
১ মাহামুদ মজাহের	,,	মাদরাসা
১ আবদুল্লা	,,	বাউন বাগান
১ মৌলবী আবদুল মালাম	,,	মাদরাসা
১ ভবসুন্দরী বৈষ্ণবী	,,	নারিকেলডাঙ্গা
১ উমাশঙ্কর সরকার		৺ কালীঘাট
১ ঐ ঐ		ঐ
১ সীতানাথ দত্ত	,,	জগন্নাথের ঘাট
১ ঈশ্বরচন্দ্র রায়		৺ কালীঘাট
১ মতিমদ্দিন	,,	পটলডাঙ্গা
১ সেক ধর্ম্মনদপ্তরি	,,	জুগলহাটী
১ হরচন্দ্র শাহা	,,	শামবাজার
১ মুক্তামহী দাসী	,,	শিমলা
১ উমাচরণ রায়	কলিকাতা	
১ বেচারাম মুখোপাধ্যায়	,,	
১ মৌলবী জর্জাদালি	কলিকাতা	মাদরাসা
১ জোনাব কাজউন পারসি	,,	মেন্দিবাগান
১ নমর্দ্দিন খানসামা	,,	কমানদানের বাগান
১ রামানন্দ রায়		ভবানীপুর
১ সিউদিনরাম নাগরি	কলিকাতা	
১ দবকি নাএক ঐ	,,	
১ মাহামদবাকর পারসি	,,	
১ মের্জামেনজান ঐ	,,	
১ ঐ ঐ	,,	
১ মেহেরবক্স সৌদাগর ঐ	,,	
১ নবিবক্স ঐ	,,	

৬৯

[*Government Gazette, 4th February,* 1851.]

মালিকানের নাম		মালিকানের ধাম।	
জেল ৬৯			
১ বরহান	পাবসি	কলিকাতা	
১ সেখ নুরাবতুল	ঐ	ঐ	
১ দুর্ক্তুশাম	ঐ	ঐ	জগন্নাথ ঘাট
১ হাজিঅাবদর	ঐ	ঐ	
১ রামপ্রসাদ চৌধুরী	ঐ	ঐ	
১ জমান	ঐ	ঐ	
১ ছলিম আলম	ঐ	ঐ	
১ সেখ হিরন	ঐ	ঐ	
১ কাশীনাথ আর ন পরাম জড়ি	ঐ	ঐ	
১ মাণিক গোলোক সরকার	ঐ	ঐ	
৮			

মালিকানের নাম		মাকিকানের ধাম।
জেল ৮০		
১ আবদুল	পারসি	কলিকাতা
১ গিরিধর	নাগরি	ঐ
১ শিবচরণ	ঐ	ঐ
১ শিবেশ্বর	ঐ	ঐ
১ করিম ও খোদাবকস	ঐ	ঐ
১ লক্ষ্মণ দাস	ঐ	ঐ
১ উমাকান্ত নায়েক	ঐ	ঐ
১ নন্দু মিশ্র	উড়ে	ঐ
১ মুহরর	নাগরি	ঐ
১ রামধন মণ্ডল		ঐ
১ জ্ঞান ম ঠাকুর		ঐ
১০		

হিসাব শেষ অ গামিক প্রকাশ হইবেক।

INSOLVENT COURT. — দেওলিয়াদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE MAY, lately carrying on business in Calcutta, in Copartnership with Charles Hampden Pickford under the style or firm of Saunders, May, Fordyce and Co Insolvents

On Saturday, the 4th day of January 1851, upon an application of the Assignee in this matter, it was ordered, that the said Assignee, do from and out of the sum of Co's Rs 45,416-2-0 in his hands, pay a dividend at the rate of Company's Rupee one per cent (which will amount to the sum of Co's Rs 24,000) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee

Notice whereof is hereby given

Assignee's Office, 28th January, 1851 (Signed JOHN COCHRANE, *Official Assignee*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

দেওলিয়া মাণ্ডস ও মে ও ফর্ডিস কোম্পানির নামে চালস হ ম্পডন পিকফর্ড সাহেবের সঙ্গে কলিকাতা নগরে যে ৺য় কর্ম্মকারী জর্জ মে সাহেবের বিষয়ে

আসিনী সাহেবের দরখাস্ত ক্রমে ১৮৫১ সালের ৪ জানুয়ারি তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত দেওলিয়ার তফসীলে মঞ্জুর হওয়া যে সকল দাওয়া উক্ত আসিনী সাহেবের খাতিরজমা মত উপযুক্ত প্রমাণ হয় সেই প্রত্যেক দাওয়ার প্রতি তাঁহার হাতে যে ৪৫৪১৬৶ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ১২ টাকার হিসাবে দেন অর্থাৎ সর্ব্বশুদ্ধ ২৪০০০ টাকা।

ইহার দ্বারা তদ্বিষয়ের সমাদ দেওয়া যায়। জন কাক্রেন। সরকারী আসিনী।

আসিনীর দফতরখানা ১৮৫১ সাল ২৮ জানুয়ারি।

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ইশতিহার

To be sold by Messrs Mackenzie Lyall and Co, at the Exchange Sale Rooms, on Thursday, the 20th February next by virtue of a Power of Sale contained in the Mortgage All that Talook commonly called or known by the name of Degulgram, situate in the district of Nuddeah and Twenty four Pergunnahs, in the Province of Bengal comprizing and consisting of six Mowzahs, or Villages, that is to say, Neez Degulgram, Aumunkandy, Sreepore, Barrasut, Khooroo and Singa.

For the conditions of Sale and particulars of Title apply to

11, Old Post Office Street DENMAN and ABBOTT, *Solicitors for the Mortgage*

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে বন্ধকী পত্রে লিখিত নীলাম করিবার ক্ষমতাক্রমে শ্রীযুত মাকেঞ্জি লায়ল কোম্পানি আগামি ফেব্রুআরি মাসের ২০ তারিখ বৃহস্পতিবারে এক্সচেঞ্জ নীলাম ঘরে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন। বিশেষতঃ বাঙ্গল দেশের নদীয়া ও চব্বিশপরগণা জিলার অন্তঃপাতি দিগলগ্রামে নামেতে খ্যাত তালুক। ঐ তালুকে ছয়খান মৌজা আছে অর্থাৎ নিজ দিগলগ্রাম ও আমনকান্দি ও শ্রীপুর ও বারাসৎ ও খুরু ও সিঙ্গা।

নীলামের নিয়ম ও স্বত্ব দলীলের বিশেষ বিবরণ যে কেহ জানিতে চাহেন তিনি নীচের লিখিত সাহেবের স্থানে জানিতে পারিবেন।

১১ নম্বর ওল্ড পোষ্ট আফিস ষ্ট্রিট। ডেনমান ও আবট। বন্ধকী বিষয়ের উকীল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে বিজ্ঞাপন করা যাইতেছে যে সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পত্তি সকল ১৮৫০ সালের জানুআরি মাসাবধি প্রত্যেক মাসে বঙ্গভাষায় প্রকাশ হইয়াছে মূল্য প্রত্যেক ১৬ পৃষ্ঠায় ॥০ আনা গ্রাহকের শহর কলিকাতার বোস্ত্রাবিও কোম্পানির পুস্তকালয়ে লিখিলে পাইতে পারিবেন। ১৭৯২ সালাবধি বর্ত্তমান কালপর্য্যন্ত সদরের নিষ্পত্তির বঙ্গভাষার সারসংগ্রহও শীঘ্র প্রকাশ হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ৪ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লাকমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 11, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ১১ ফেব্রুআরি।

ACT.

Act No. XLIII of 1850

An Act for the Regulation of Registered Joint Stock Companies

[Continued from page 77.]

XI When any share is held by two or more persons the name, addition, and place of abode of every such person shall be separately entered in every such memorial, and each of such persons shall be considered as jointly and separately liable for the engagements of the Company on account of such share, unless when such share belongs to any other Registered Company, in which case the name of such Company shall be entered in the memorial instead of the names of the partners thereof

XII The several memorials shall be signed by two or more of the Directors of the Company, and verified by affidavit of one of them before the Master of the Supreme Court or a Commissioner by the said Court appointed

XIII An office copy of any such registered deed, or copy thereof filed as aforesaid, or memorial or of any part thereof, issued under the seal of the Court, shall be received in evidence before all Courts, as proof of the contents thereof, and no proof shall be required that the persons by whom any such memorial purports to be verified were Directors of Company

XIV The Keeper of the Records of the Supreme Court shall allow all persons, at reasonable times, to inspect any such deed, copy, or memorial, and shall furnish office copies of any such deed, copy, or memorial, or any part thereof, under the seal of the Court, to all persons applying for the same.

আইন।

ইঙ্গরেজী ১৮৫০ সাল ৪৩ আইন।

রেজিষ্টরীহওয়া জাইণ্ট ষ্টক কোম্পানি অর্থাৎ যে কোম্পানি সাধারণ মূল ধন লইয়া ব্যবসায় করেন সেই মূল ধনের কোম্পানির নিয়ম নির্দ্ধারণের আইন।

[৭৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

১১ ধারা। যখন কোন অংশ দুই বা ততোধিক ব্যক্তির হয় তখন ঐ প্রকার প্রত্যেক ব্যক্তির নাম ও পদবী ও বাসস্থান ঐরূপ প্রত্যেক নিদর্শনপত্রে স্বতন্ত্র করিয়া লেখা থাকিবেক এবং ঐরূপ প্রত্যেক ব্যক্তি ঐ অংশের বাবৎ কোম্পানির বন্দোবস্তের বিষয়ে সাধারণে ও একেকদা দায়ী জ্ঞান হইবেন। কিন্তু যখন ঐ অংশ রেজিষ্টরীহওয়া অন্য কোন কোম্পানির হয় তখন ঐ কোম্পানির অংশির আলাহিদা নাম নিদর্শনপত্রে না লিখিয়া ঐ কোম্পানির নাম তাহাতে লেখা থাকিবেক ইতি।

১২ ধারা। কোম্পানির দুই বা ততোধিক অধ্যক্ষ ঐ নানা নিদর্শনপত্রে সহী করিবেন এবং তাঁহারদের মধ্যের কোন এক জন সুপ্রিম কোর্টের মাষ্টর সাহেবের অথবা ঐ কোর্ট যে কমিসানরকে নিযুক্ত করেন তাঁহার সম্মুখে তাহার সত্যতার বিষয়ে স্বীকৃতি করিবেন ইতি।

১৩ ধারা। রেজিষ্টরীহওয়া ঐরূপ কোন অংশিপত্র অথবা পূর্ব্বোক্তমতে দাখিল করা তাহার নকল কি নিদর্শনপত্র অথবা তাহার কোন ভাগের যে নকলে ঐ আদালতের মোহর দেওয়া যায় তাহা ঐ অংশিপত্রপ্রভৃতির মর্ম্মের প্রমাণস্বরূপ সকল আদালতে গ্রাহ্য হইবেক। এবং যে ব্যক্তির দ্বারা নিদর্শনপত্রের সত্যতার বিষয়ে স্বীকৃতি হইয়াছিল কথিত হয় সেই ব্যক্তি নিতান্ত ঐ কোম্পানির অধ্যক্ষ ছিলেন এই বিষয়ে আর কোন প্রমাণের আবশ্যক হইবেক না ইতি।

১৪ ধারা। যে সাহেবের জিম্মায় সুপ্রিম কোর্টের রিকার্ড আছে তিনি উপযুক্ত সময়ে সকল ব্যক্তিকে ঐ অংশিপত্র কিম্বা তাহার নকল বা নিদর্শনপত্র দেখিতে দিবেন এবং ঐরূপ অংশিপত্র কিম্বা তাহার নকল অথবা নিদর্শনপত্র অথবা তাহার কোন ভাগের তাহার দফ্তরখানায় প্রস্তুতকরা নকল আদালতের মোহরযুক্তক্রমে যত ব্যক্তি তাহার বিষয়ের দরখাস্ত করেন তাঁহারদিগকে দিবেন ইতি।

XV. Such fees shall be paid for registering every such deed and memorial, and for allowing inspection and furnishing copies thereof, or of any part thereof, as the Judges of the Supreme Court, with the approval of the Governor or Governor in Council, from time to time, shall establish.

XVI. Subject to the provisions of the deed of partnership, every Shareholder in any such Registered Company may sell and transfer all or any of his shares therein by a deed according to the form in the Schedule annexed to this Act, or to the like effect, and the same, when duly executed, shall be delivered to a Registered Officer, who shall make an entry thereof in a book to be called the Register of Transfers, and shall endorse such entry on the deed of transfer, and deliver an acknowledgment of the receipt thereof to the purchaser, for which entry and endorsement the Company shall be entitled to have a fee not exceeding One Rupee ; and until such transfer is so entered and endorsed the purchaser of the share shall not be entitled to receive any share of the profits of the business, or to vote in respect of such share.

XVII. No Shareholder shall be entitled to transfer any share until he has paid all calls at that time due on every share held by him.

XVIII. On the transfer of any share in a Registered Company being executed and notified in the manner required by the Deed of the Company and this Act, the party making or the party accepting such transfer may require a memorial thereof to be made forthwith, and filed with the memorial of the names of Shareholders of the Company ; and in case such memorial shall not be made and filed within one month after such requisition, the Supreme Court shall on the petition of either of the said parties, and on notice being given to the Directors of the Company, order such memorial to be made and filed, in case the Court shall be satisfied of the validity of such transfer ; and every such memorial of transfer shall be taken thenceforth as part of the last general memorial.

XIX. No transfer shall be deemed complete, nor shall any Shareholder be discharged from any liability by the transfer of any share, until the memorial of such transfer shall have been filed as aforesaid, or until the purchaser has been substituted as a partner instead of the seller in one of the general half yearly memorials, in respect of the share or shares so transferred ; and no person shall be liable as a Shareholder by reason merely of having accepted such transfer, until such memorial of the transfer shall be filed, or until he is entered as a partner in one of the general half yearly memorials.

১৫ ধারা। ঐরূপ অংশিপত্র এবং নিদর্শনপত্র রেজিষ্টরী করণের এবং তাহা দেখনের অনুমতি দেওনের এবং তাহার বা তাহার কোন ভাগের নকল দেওনের বিষয়ে সুপ্রিম কোর্টের শ্রীযুত জজ সাহেবেরা শ্রীযুত গবরনর সাহেবের অথবা শ্রীযুত গবরনর সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিক্রমে সময়েং যে রসুম নির্দ্দিষ্ট করেন সেই রসুম দেওয়া যাইবেক ইতি।

১৬ ধারা। ঐ অংশিপত্রের বিধানবিধায় রেজিষ্টরীহওয়া ঐরূপ কোন কোম্পানির প্রত্যেক অংশী এই আইনের শেষের লিখিত তফসীলে যে পাঠ আছে তাহার অনুযায়ি এক দলীল অথবা তাহার সদৃশ এক দলীলের দ্বারা আপনার সকল অংশ বা কোন অংশ বিক্রয় এবং হস্তান্তর করিতে পারেন। এবং ঐ দলীলে রীতিমতে দস্তখৎ হইলে তাহা ঐ কোম্পানির রেজিষ্টরীহওয়া কোন এক আমলাকে দেওয়া যাইবেক এবং তিনি হস্তান্তরের রেজিষ্টর এই নামে খ্যাত এক বহীতে তাহা লিখিবেন এবং তাহা ঐ বহীতে লিখিত হওনের কথা হস্তান্তরের দলীলের পৃষ্ঠে লিখিবেন এবং ঐ অংশের খরীদারকে ঐ প্রকার দলীল পাওনের এক রসীদ দিবেন। এবং ঐ বহীর মধ্যে তাহা লিখন এবং দলীলের পৃষ্ঠে দস্তখৎ করণের নিমিত্তে ঐ কোম্পানি এক টাকার অনধিক রসুম পাইতে পারিবেন। এবং যাবৎ ঐ হস্তান্তরের কর্ম্ম সেইরূপ বহীর মধ্যে এবং দলীলের পৃষ্ঠে না লেখা যায় তাবৎ ঐ অংশের খরীদার ঐ ব্যবসায়ের লাভের কোন অংশ পাইতে পারিবেন না অথবা ঐ অংশের বাবৎ আপনার বোট দিতে পারিবেন না ইতি।

১৭ ধারা। কোন অংশের উপর তৎসময়ে যে সকল টাকার কিস্তির তলব হইয়াছিল সেই সকল কিস্তির টাকা যাবৎ কোন অংশী না দেন তাবৎ তিনি ঐ অংশ হস্তান্তর করিতে পারিবেন না ইতি।

১৮ ধারা। রেজিষ্টরীহওয়া কোন কোম্পানির অংশের হস্তান্তরের কর্ম্ম ঐ কোম্পানির অংশিপত্র এবং এই আইনের নির্দ্দিষ্টমতে সম্পন্ন হইলে এবং তাহার বিষয়ের এত্তেলা দেওয়া গেলে যে ব্যক্তি ঐ হস্তান্তর করিয়াছেন বা যে ব্যক্তি ঐ হস্তান্তরকরা অংশ গ্রহণ করিয়াছেন তিনি এমত দাওয়া করিতে পারেন যে ঐ হস্তান্তরের এক নিদর্শনপত্র তৎক্ষণাৎ করা যায় এবং কোম্পানির অংশিরদের নামের নিদর্শনপত্রের সঙ্গে রাখা যায়। এবং ঐ দাওয়া হওনের পর এক মাসের মধ্যে যদি ঐ নিদর্শনপত্র না করা যায় এবং দাখিল না করা যায় তবে হস্তান্তরকরনিয়া ও লওনিয়া অন্যতরের দরখাস্ত সুপ্রিম কোর্টে দেওয়া গেলে এবং ঐ কোম্পানির অধ্যক্ষকে তাহার এত্তেলা দেওয়া গেলে ঐ সুপ্রিম কোর্ট ঐ হস্তান্তরের সাব্যস্তের বিষয়ে সন্তোষ হইলে সেইরূপ নিদর্শনপত্র করিতে এবং তাহা দাখিল করিতে হুকুম করিতে পারেন। এবং ঐরূপ হস্তান্তরের প্রত্যেক নিদর্শনপত্র তাহার পূর্ব্বে দাখিলহওয়া শেষ সাধারণ নিদর্শনপত্রের ভাগের ন্যায় জ্ঞান হইবেক ইতি।

১৯ ধারা। ঐ হস্তান্তরের নিদর্শনপত্র যাবৎ পূর্ব্বোক্তমতে দাখিল না করা যায় অথবা যাবৎ ছয়২ মাসের সাধারণ কোন এক নিদর্শনপত্রে ঐ অংশের খরীদারকে সেইরূপ হস্তান্তর করা এক বা ততোধিক শ্যারের বিষয়ে অংশিস্বরূপ বিক্রেতার স্থলাভিষিক্ত না করা যায় তাবৎ কোন হস্তান্তরের কর্ম্ম সিদ্ধ জ্ঞান হইবেক না এবং কোন অংশী আপনার অংশ হস্তান্তর করণের দ্বারা কোন দায়হইতে মুক্ত হইবেন না। এবং যাবৎ ঐ হস্তান্তরের নিদর্শনপত্র দাখিল না করা যায় অথবা যাবৎ কোন খরীদারের নাম কোন এক ছয় মাসের সাধারণ নিদর্শনপত্রে অংশিস্বরূপ না লেখা যায় তাবৎ কোন ব্যক্তি ঐ অংশের হস্তান্তর স্বীকারমাত্র করণপ্রযুক্ত অংশিস্বরূপ দায়ী হইবেন না ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ১১ ফেব্রুআরি।]

XX. The Supreme Court in which any Company is registered may, on petition and on notice being given to the Directors, and to every other person to whom it shall appear to the Court that notice ought to be given, order any memorial filed under this Act to be corrected, in case of any material error of omission or otherwise, either in the lists of Shareholders or any other respect whatever.

XXI. The Directors may close the Register of Transfers for a time not exceeding fourteen days before the payment of any dividend, and may fix a day for closing the same, of which seven days' notice shall be given in the *Government Gazette.*

XXII. The Company shall not be bound to see to the execution of any trust, whether express, implied, or constructive, to which any share is subject; and the receipt of the person in whose name any share stands in the books of the Company, or in the case of a minor, idiot, or lunatic, the receipt of the guardian or committee, or where the share stands in more than one name, the receipt of the person, whose name stands first, shall be a sufficient discharge to the Company for any dividend or other sum of money payable on account of such share, whether or not the Company had notice of any such trust; and the Company shall not be bound to see to the application of any money paid on such receipt.

XXIII. Every such Registered Company shall sue and be sued by the registered name of the Company, as if it were an incorporated Company, and in no other manner; and service of any writ, order, or other process or notice on a Registered Officer of the said Company, at one of their usual places of business, or, if he cannot be found, in such manner as the Supreme Court in which such Company is registered shall order and direct, shall be good service on such Company.

XXIV. In any indictment or information for any theft or embezzlement of the monies or goods, of any such Registered Company, or for any other offence committed against them or their property, or with intent to defraud or injure them, and in any proceeding in which it may be necessary to name them, they may be described by the registered name of the Company.

XXV. In any suit brought or proceeded with in the name of any such Registered Company, the plaintiffs shall be liable to be nonsuited unless it is proved on their part that the suit is brought or proceeded with by direction of one or more of the partners appointed at a general meeting to be Directors of the Company, or by the direction of some person or persons having authority from the Directors to bring suits on behalf of the Company;

২০ ধারা। যে সুপ্রিম কোর্টে কোন কোম্পানি রেজিষ্টরী হন সেই কোর্ট দরখাস্ত পাইলে এবং অধ্যক্ষেরদিগকে অথবা অন্য যে প্রত্যেক ব্যক্তিকে ঐ কোর্টের বিবেচনায় এত্তেলা দেওয়া উচিত বোধ হয় সেই ব্যক্তিকে এত্তেলা দিলে পর এই আইনানুসারের দাখিলহওয়া কোন নিদর্শনপত্রে অংশিরদের নামের ফর্দ্দের বিষয়ে অথবা বিষয়ান্তরে যদি কোন ভারি ত্রুটি কি চুক হইয়া থাকে তবে তাহা সংশোধিত করিতে হুকুম দিতে পারেন ইতি।

২১ ধারা। ঐ কোম্পানির অধ্যক্ষেরা কোন ডিবিডেণ্ড দেওনের পূর্ব্বে অনধিক চৌদ্দ দিনপর্য্যন্ত ঐ হস্তান্তরের রেজিষ্টর বন্দ করিতে পারেন এবং তাহা বন্দ করণার্থে এক দিন নিরূপণ করিতে পারেন এবং সেই বন্দের বিষয়ের এত্তেলা সাত দিন পূর্ব্বে গবর্ণমেণ্ট গেজেটে দিতে হইবেক ইতি।

১১ ধারা। যদি কোন অংশের বিষয়ে কোন দায় থাকে তবে সেই দায় বিশেষরূপে নির্দ্দিষ্ট থাকিলে কিম্বা অনুভব বা অর্থক্রমে নির্দ্দিষ্ট হইলে সেই দায় নিষ্পত্তি করিতে ঐ কোম্পানি বদ্ধ হইবেন না এবং ঐ কোম্পানি সেই দায়ের বিষয়ে এত্তেলা পাইয়া থাকুন কি না থাকুন ঐ কোম্পানির বহীতে কোন অংশ যে ব্যক্তির নামে লেখা থাকে সেই ব্যক্তির রসীদ অথবা নাবালগ কি উন্মাদ কিম্বা বাতুল হইলে তাহার সংসারাধ্যক্ষ কিম্বা কমিটির রসীদ অথবা ঐ অংশ একের অধিক ব্যক্তিরদের নামে থাকিলে যে ব্যক্তির নাম প্রথম লেখা থাকে তাঁহার রসীদ ঐ অংশের বাবৎ কোন ডিবিডেণ্ড অথবা অন্য যে কোন টাকা দেন হয় তাহার বিষয়ে ঐ কোম্পানির সম্পূর্ণ ফারখতের ন্যায় জ্ঞান হইবেক। এবং ঐ রসীদক্রমে যে কোন টাকা দেওয়া যায় তাহা ব্যয় করণের বিষয়ে ঐ কোম্পানির হাত দেওনের কোন আবশ্যক হইবেক না ইতি।

২৩ ধারা। এইরূপ রেজিষ্টরীহওয়া প্রত্যেক কোম্পানি চার্টরপ্রাপ্ত কোম্পানি হইলে যেরূপ হইত সেইরূপে আপনার রেজিষ্টরীর নাম ধরিয়া নালিশ করিতে পারেন এবং সেই নামে তাঁহারদের উপর নালিশ হইতে পারে এবং অন্য প্রকারে উভয় পক্ষে নালিশ হইতে পারে না। এবং ঐ কোম্পানির সামান্য এক ব্যবসার কুঠীতে উক্ত কোম্পানির রেজিষ্টরীহওয়া কোন আমলার উপর কোন রিট বা হুকুম কি পরওয়ানা বা এত্তেলা জারী হইলে অথবা সেই ব্যক্তিকে না পাওয়া গেলে যে সুপ্রিম কোর্টে ঐ কোম্পানি রেজিষ্টরী হইয়াছেন সেই কোর্ট যেরূপ হুকুম ও নির্দ্দিষ্ট করেন সেইরূপে ঐ রিটপ্রভৃতি জারী হইলে তাহা কোম্পানির উপর রীতিমত জারী হইয়াছে এমত জ্ঞান করা যাইবেক ইতি।

১৪ ধারা। উক্ত রেজিষ্টরীহওয়া কোন কোম্পানির কোন টাকা কি কোন জিনিস চুরী কি তসরূফের বাবৎ অথবা তাঁহারদের কি তাঁহারদের সম্পত্তির বিরুদ্ধে অন্য কোন অপরাধের বাবৎ কি তাঁহারদিগের বিষয় অপহরণে বা ক্ষতি করণে যে অপরাধ হয় তাহার বাবৎ কোন মোকদ্দমা বা নালিশ হইলে তাহাতে এবং যে কোন কার্য্যে ঐ কোম্পানির নাম লিখিতে হয় সেই কার্য্যে ঐ কোম্পানির রেজিষ্টরীহওয়া নাম ধরিয়া তাহারদের বর্ণনা করিলে কর্ম্ম সিদ্ধ হইবেক ইতি।

১৫ধারা। ঐরূপ রেজিষ্টরীহওয়া কোম্পানির নামে কোন নালিশ হইলে বা নালিশ নির্ব্বাহ হইলে যদি ফরিয়াদীরা এমত প্রমাণ না করিতে পারেন যে ঐ কোম্পানির অধ্যক্ষেরদের এক সাধারণ বৈঠকে নিযুক্ত এক বা ততোধিক অংশির হুকুমক্রমে অথবা ঐ কোম্পানির পক্ষে নালিশ করিতে এক বা ততোধিক যে ব্যক্তি অধ্যক্ষেরদের স্থানে ক্ষমতা পাইয়াছেন এমত ব্যক্তি বা ব্যক্তিরদের হুকুমক্রমে ঐ নালিশ হইয়াছে অথবা তাহার নির্ব্বাহ হইয়াছে তবে ফরিয়াদীরা ননসুট হওনের যোগ্য হইবেন। এবং

and such proof may be given either by filing a warrant to sue signed by such Director or person, and supported by affidavit, or in such other manner as shall be consistent with the practice of the Court.

XXVI. No such suit, indictment, information, or other proceeding shall abate or be prejudiced by any change of the persons constituting the partnership, or of the Directors, or of the person having such authority.

XXVII. No suit by or against the Company shall be in any wise affected by the defendant or plaintiff therein being or having been a Shareholder of the Company: but any such Shareholder, either alone or jointly with any other person or persons as against the Company, or the Company as against any such Shareholder, either alone or jointly with any other person or persons, shall have the same right of action, remedy, and execution, in respect of any claim whatever, as the Shareholder or Company would have had, if the Shareholder had been a stranger.

XXVIII. All unpaid capital, or money due on account of the Capital Stock of the Company, shall be deemed a debt due to the Company, and shall be recoverable as such by the description of money due by the defendant, on account of a share in the business of the Company.

XXIX. A Registered Company, which shall commit any act which is hereby deemed an act of forfeiture, shall be liable to the jurisdiction of the Court for Relief of Insolvent Debtors, and a petition to the said Court in the case of such Company shall be prosecuted in the same manner as petitions in the case of Insolvent Debtors: and in case of an adjudication of forfeiture the law and practice of the said Court, with such alterations of the practice as, from time to time, shall seem to the Court necessary, shall be extended to the case of such Company, as in the case of an adjudication of insolvency in the case of an Insolvent Debtor.

XXX. An adjudication of forfeiture against any such Company shall not be deemed an act of insolvency of the individual members of such Company.

XXXI. An adjudication of forfeiture against such Company shall convey to the Assignee or Assignees appointed the whole of the real and personal property of the said Company, and all debts, causes of suit, and possibilities of interest, with the like power to sue either at Law or in Equity, as fully and effectually as an adjudication of insolvency against any individual could convey the same by any of the laws now in force or hereafter to be in force affecting insolvents.

XXXII. Whenever an adjudication of forfeiture shall have issued against any such Company, the Assignee or Assignees from time to time may

ঐ হুকুমের প্রমাণ ঐ অধ্যক্ষ অথবা ঐ ব্যক্তির দস্তখৎকরা এবং সুকৃতিকরা নালিশের ওয়ারণ্ট দাখিল করণের দ্বারা দেওনা যাইতে পারে অথবা অন্য যে কোন প্রকার ঐ আদালতের ব্যবহারের অনুযায়ী হয় সেই প্রকারে দেওয়া যাইতে পারে ইতি।

২৬ ধারা। ঐ অংশিত্ব অথবা অধ্যক্ষেরদের কিম্বা সেইরূপ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির বদলী হইলে ঐ প্রকার কোন নালিশ বা মোকদ্দমা বা এজহার কি অন্য কার্য্য রহিত হইবেক না অথবা তাহার কোন ব্যাঘাত হইবেক না ইতি।

২৭ ধারা। কোম্পানির পক্ষে বা কোম্পানির বিরুদ্ধে কোন নালিশ হইলে সেই নালিশের আসামী বা ফরিয়াদী ঐ কোম্পানির অংশী আছেন বা ছিলেন বলিয়া ঐ নালিশের কিছু ব্যাঘাত হইবেক না। কিন্তু এরূপ কোন অংশী একলা অথবা কোন ব্যক্তি বা ব্যক্তিরদের সংযোগে কোম্পানির বিরুদ্ধে নালিশ করিতে চাহিলে অথবা কোম্পানি ঐরূপ কোন অংশির নামে একলা বা অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিরদের সংযোগে নালিশ করিতে চাহিলে কোম্পানির অসম্পর্কীয় ব্যক্তির উপর দাওয়া হইলে ঐ অংশী অথবা কোম্পানির যেরূপ হইত সেইরূপে কোন প্রকার দাওয়ার জন্যে সেই প্রকার নালিশ করণের ও প্রতিকার পাওনের ও ডিক্রীজারীর স্বত্ব থাকিবেক ইতি।

২৮ ধারা। কোম্পানির যে সকল মূল ধন দাখিল হয় নাই তাহা অথবা কোম্পানির মূল ধনের বাবৎ যে টাকা পাওনা আছে তাহা কোম্পানির পাওনা টাকার ন্যায় জ্ঞান হইবেক এবং কোম্পানির ব্যবসায়ের অংশের বাবৎ আসামীর স্থানে পাওনা টাকা বলিয়া তাহার স্থানে তাহা আদায় হইতে পারিবেক ইতি।

২৯ ধারা। যে কর্ম্ম এই আইনের মধ্যে জব্দের কর্ম্ম জ্ঞান হয় সেই কর্ম্ম যখন রেজিষ্টরীকৃত কোন কোম্পানি করেন তখন সেই কোম্পানি দেউলিয়ারদের উপকারার্থ আদালতের এলাকা হওনের যোগ্য হইবেন। এবং দেউলিয়ারদের বিষয়ে ঐ আদালতে দরখাস্ত হইলে যেরূপ কার্য্য হইত ঐ কোম্পানির বিষয়ে ঐ আদালতে দরখাস্ত দেওয়া গেলে তাহার বিষয়েও সেইরূপ কার্য্য হইবেক। এবং যদি এই মত নিরূপণ হয় যে ঐ কোম্পানি জব্দের কর্ম্ম করিয়াছেন তবে কোন দেউলিয়ার বিষয়ে ঐ দেউলিয়াগি ধার্য্য হইলে যেরূপ কার্য্য হইত সেইরূপে ঐ আদালতের চলিত আইন ও ব্যবহার সময়ক্রমে ঐ আদালত যেরূপ মতান্তর করা আবশ্যক বোধ করেন সেইরূপে মতান্তর হইয়া ঐ কোম্পানির বিষয়ে খাটান যাইবেক ইতি।

৩০ ধারা। উক্ত কোন কোম্পানির বিরুদ্ধে জব্দ ধার্য্য হইলে তাহার দ্বারা এমত বোধ হইবেক না যে ঐ কোম্পানির এক২ জন অংশী দেউলিয়া হইয়াছেন ইতি।

৩১ ধারা। ঐ কোম্পানির বিরুদ্ধে জব্দ ধার্য্য হইলে তাহার দ্বারা ঐ কোম্পানির সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি এবং সকল কর্জ্জ ও মোকদ্দমার কারণ ও সুদের সম্ভাবনা যে আসৈনি বা আসৈনিরা নিযুক্ত হন তাঁহারদের প্রতি অর্পণ হইবেক। এবং দেউলিয়ারদের সম্পর্কে যে সকল আইন এক্ষণে চলন আছে বা উত্তর কালে চলন হয় সেই২ আইনের দ্বারা কোন ব্যক্তির দেউলিয়া হওয়া নির্দ্ধার্য্য হইলে যেরূপ হইত সেইরূপে ঐ জব্দ ধার্য্য হওয়াতে ঐ আসৈনির প্রতি আইনানুসারে বা একুটির পক্ষে নালিশ করিতে সম্পূর্ণ ও ফলজনক ক্ষমতা দেওয়া যাইবেক ইতি।

৩২ ধারা। যখন কোন কোম্পানির বিরুদ্ধে এইরূপ জব্দ ধার্য্য হইয়াছে তখন ঐ আসৈনি বা আসৈনিরা সময়ক্রমে ঐ কোম্পানির যে কর্জ্জ বা দাওয়া পাওনা থাকে তাহা

compromise any debts or claims belonging to the said Company, and may grant discharges to the parties to such compromises.

XXXIII. Whenever the Directors of any Registered Company shall be unable to meet the engagements of the Company, they shall at a special meeting of the Directors convene for that purpose, and by such a number and majority of them as would be sufficient for any ordinary business of the Company, declare such inability by a resolution, which being signed by the Directors by whose votes it has been carried, shall be forthwith published in the *Government Gazette* of the Presidency; and for two calendar months after the publication of such resolution, but not later, such resolution shall be deemed an act of forfeiture of their privileges for the sole purpose, nevertheless, of supporting a petition to the Court for Relief of Insolvent Debtors in case a petition shall be filed within two months after the date of the publication thereof as aforesaid, but not afterwards.

XXXIV. Any Registered Company which shall not, within two months after judgment and the issue of a writ of execution thereof, satisfy such judgment, shall be deemed to have committed an act of forfeiture, and thereupon the execution creditor, or any creditor to whom such Company shall be indebted to the amount of Company's Rupees Five Hundred, or any two creditors to whom such Company shall be indebted to the amount of Company's Rupees Seven Hundred, or any three or more creditors to whom such Company shall be indebted to the amount of Company's Rupees One Thousand, may present a petition to the Court for the Relief of Insolvent Debtors at the Presidency within which such Company is registered, stating the amount due to such creditor or creditors, and the registry and act of forfeiture of such Company, and praying such Court would proceed as if such Company or the Shareholders thereof had petitioned such Court for relief under the laws in force for Relief of Insolvent Debtors; whereupon the Court shall enquire into the truth of such petition, and if such Court shall be satisfied thereof, such Court shall adjudge the same to be true, and that such Company has committed an act of forfeiture, and proceed thereon pursuant to the provisions of the Act for the Relief of Insolvent Debtors in India, and of this Act.

XXXV. Upon the filing of any petition to the Court for Relief of Insolvent Debtors in the case of any Registered Company, whether by a Shareholder or by a Creditor, the Court shall make the like vesting order for the purpose of vesting all the real and personal estate of the Company in the Official Assignee, and such other orders ancillary thereto as the Court might make in case of an individual insolvent debtor, and all the powers and authorities of the said Court, and all the laws relating to insolvent debtors shall, so far as the cir-

[*Government Gazette*, 11*th February*, 1851.]

রফা করিতে পারেন এবং যাঁহারদের সঙ্গে সেইরূপ রফা হয় তাঁহারদিগকে ফারখৎ দিতে পারেন ইতি।

৩৩ ধারা। যখন রেজিষ্টরীহওয়া কোন কোম্পানির অধ্যক্ষেরা কোম্পানির দেনা টাকা দিতে অপারগ হন তখন তাঁহারা সেই বিষয়ে অধ্যক্ষেরদের এক বিশেষ বৈঠক করিবেন এবং ঐ প্রকার বৈঠকে যে সংখ্যা এবং যে অধিকাংশ ব্যক্তিরদের দ্বারা ঐ কোম্পানির সাধারণ কার্য্য সম্পন্ন হইতে পারিত সেই সংখ্যা এবং সেই অধিকাংশ ব্যক্তি এই নির্দ্ধারণ করিবেন যে ঐ কোম্পানি দেনা পরিশোধ করিতে অক্ষম এবং অধ্যক্ষেরদের মধ্যে যাঁহারদের সম্মতিক্রমে ঐ নির্দ্ধারণ ধার্য্য হইয়াছিল তাঁহারা তাহাতে দস্তখৎ করিবেন এবং তাহা তৎক্ষণাৎ ঐ রাজধানীর গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবেক। এবং নির্দ্ধারণ প্রকাশ হইলে পর দুই মাসপর্য্যন্ত কিন্তু তাহার পর নহে ঐ নির্দ্ধারণ ঐ কোম্পানির প্রাপ্ত বিশেষ২ ক্ষমতা জব্দ হওন কার্য্য জ্ঞান হইবেক। কিন্তু সেই জব্দের এইমাত্র অভিপ্রায় যে পূর্ব্বোক্তমতে ঐ নির্দ্ধারণ প্রকাশ হওনের তারিখের পর দুই মাসের মধ্যে দেউলিয়ারদের উপকারার্থ আদালতে দরখাস্তের পোষকতা করা যায় কিন্তু তাহার পর নহে ইতি।

৩৪ ধারা। রেজিষ্টরীহওয়া যে কোন কোম্পানির বিরুদ্ধে কোন ডিক্রী হয় সেই ডিক্রী এবং তাহা জারীর পরওয়ানা বাহির হওনের পর যদি দুই মাসের মধ্যে ঐ কোম্পানি ঐ ডিক্রীর টাকা না দেন তবে ঐ কোম্পানি জব্দের কর্ম্ম করিয়াছেন এইমত বোধ হইবেক। এবং তাহা হইলে যে কোন মহাজন ডিক্রী জারীর পরওয়ানা পাইয়াছিলেন সেই মহাজন অথবা যে কোন মহাজনের ঐ কোম্পানি পাঁচ শত টাকা ধারেন তিনি অথবা যে কোন দুই জন মহাজনের ঐ কোম্পানি সাত শত টাকা ধারেন তাঁহারা অথবা যে কোন তিন বা ততোধিক জন মহাজনের ঐ কোম্পানি এক হাজার টাকা ধারেন তাঁহারা যে রাজধানীর মধ্যে ঐ কোম্পানি রেজিষ্টরী হইয়াছেন সেই রাজধানীর মধ্যে দেউলিয়ারদের উপকারার্থ আদালতে এক দরখাস্ত দিতে পারেন এবং তাহার মধ্যে ঐ মহাজন বা মহাজনেরদের যত টাকা ঐ কোম্পানি ধারেন তাহা এবং কোম্পানির রেজিষ্টরী হওন এবং জব্দ হওন লেখা থাকিবেক। এবং দরখাস্তে এই প্রার্থনা হইবেক যে ঐ কোম্পানি অথবা তাঁহার অংশিরা দেউলিয়ারদের উপকারার্থে যে আইন চলন আছে সেই আইনানুসারে ঐ আদালতের উপকার প্রার্থনা করিলে আদালত যেরূপ করিতেন সেইরূপ কর্ম্ম করেন। এবং তাহাতে ঐ আদালত দরখাস্তের সত্যাসত্য বিষয়ের তজবীজ করিবেন এবং যদি ঐ সত্যতার বিষয়ে আদালতের সন্তোষ হয় তবে ঐ আদালত ইহা ধার্য্য করিবেন যে ঐ দরখাস্ত সত্য এবং ঐ কোম্পানি জব্দের কর্ম্ম করিয়াছেন এবং তৎপরে ভারতবর্ষের দেউলিয়ারদের উপকারার্থ আইনের এবং এই আইনের বিধির অনুসারে কার্য্য করিবেন ইতি।

৩৫ ধারা। রেজিষ্টরীহওয়া কোন কোম্পানির অংশী অথবা মহাজন দেউলিয়ারদের উপকারার্থ আদালতে কোন দরখাস্ত দাখিল করিলে ঐ আদালত কোন এক জন দেউলিয়ার মোকদ্দমায় যেরূপ হুকুম করিতে পারেন সেইরূপে ঐ কোম্পানির সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি সরকারী আসৈনিসাহেবের হাতে অর্পণ করণের বিষয়ে হুকুম দিবেন এবং সেই হুকুমসম্পর্কীয় অন্য যে২ হুকুমের আবশ্যক হয় তাহা দিবেন। এবং উক্ত আদালতের সকল শক্তি ও ক্ষমতা এবং দেউলিয়ারদের সম্পর্কীয় সকল আইন বিষয় বিশেষে যেপর্য্যন্ত খাটিতে পারে

cumstances of the case admit, be extended to all such Registered Companies.

XXXVI. Whenever there shall be an adjudication of forfeiture against any Registered Company, the Directors of such Company at the time of filing the petition shall be subject to the orders of the said Court for the Relief of Insolvent Debtors, and it shall be their duty individually or collectively to prepare such balance sheet and other accounts as the Court may deem necessary, and to assist the Official Assignee in the examination of and closing all the affairs of the Company; and every Director and person who shall at any time have been a Director of the Company shall be liable to be examined upon oath, and to make full and true discovery of the estate and effects, past and present, and business, affairs, and interests of the Company, either orally or upon written interrogatories, as the Court may order.

XXXVII. Upon the adjudication of forfeiture against any Registered Company, the claims of any creditor of the Company against the Shareholders shall not be enforced otherwise than under this Act, except in respect of any special contract, or any debt or liability contracted by any Shareholder in his individual capacity, otherwise than by taking a share in the business of the Company.

XXXVIII. As soon after an adjudication of forfeiture against any Company as the Official Assignee can make an approximate estimate of the amount of the debts and other claims against the Company, or of any certain portion thereof, the said Court, on the application of the Official Assignee, shall order such sum to be raised by contribution of the Shareholders as may appear to the said Court necessary for the satisfaction of such debts and claims; and may from time to time order such further sum to be raised in like manner as may appear necessary: and upon obtaining such order the Official Assignee shall assess the said sum ratably amongst the Shareholders according to the number of shares held by them respectively, and immediately proceed to collect the same; and monthly or oftener shall report defaulters to the said Court, together with the amounts at which they were assessed respectively, and thereupon the said Court, if satisfied that the said assessment is just, shall order the payment of such assessment within such time and upon such notice or demand by advertisements or otherwise, as the Court may see fit; and non-payment thereof within the time ordered by the Court shall be an act of insolvency of the defaulting Shareholders; and the said Assignee, or any person being a creditor of the said Company to the amount of Company's Rupees Five Hundred, or any two creditors to whom such Company shall be indebted to the amount of Com-

সেইপর্য্যন্ত ঐ প্রকার রেজষ্টরীহওয়া সকল কোম্পানির বিষয়ে খাটিবেক ইতি।

৩৬ ধারা। যখন রেজিষ্টরীহওয়া কোন কোম্পানির জব্দহওয়া ধার্য্য হয় তখন দরখাস্ত দাখিল করণের সময়ে যাঁহারা ঐ কোম্পানির অধ্যক্ষ থাকেন তাঁহারা দেউ-লিয়ারদের উপকারার্থ আদালতের হুকুমের অধীন হইবেন এবং তাঁহারদের উচিত হইবেক যে তাঁহারা একে২ অথবা সাধারণে যে জমাওয়াসিল বাকীর ফর্দ্দ এবং অন্য হিসাব ঐ আদালত আবশ্যক বোধ করেন তাহা প্রস্তুত করেন এবং ঐ কোম্পানির সকল ব্যা-পারের তহকীক করণেতে এবং নিষ্পত্তি করণেতে সরকারী আসৈনি সাহেবের সাহায্য করেন। এবং প্রত্যেক জন অধ্যক্ষ এবং যে কোন ব্যক্তি কোন সময়ে ঐ কোম্পানির অধ্যক্ষতা পদে নিযুক্ত ছিলেন তিনি শপথপূর্ব্বক জোবানবন্দী দিবার যোগ্য হইবেন এবং আরো আদালত যেরূপ হুকুম করেন সেইরূপে জোবা-নীতে কিম্বা লিখিত জিজ্ঞাসাক্রমে ঐ কোম্পানির ইহার পূর্ব্বে যে সম্পত্তি ও জায়দাদ ছিল ও এক্ষণে যে জায়দাদ আছে তাহা এবং কোম্পানির ব্যাপার ও কার্য্য ও লাভনোকসানের সম্পূর্ণ ও সত্য বৃত্তান্ত প্রকাশ করণের যোগ্য হইবেন ইতি।

৩৭ ধারা। রেজিষ্টরীহওয়া কোন কোম্পানির বিরুদ্ধে জব্দ ধার্য্য হইলে তাহার অংশির বিরুদ্ধে ঐ কোম্পা-নির মহাজনের যে দাওয়া থাকে তাহার বিষয়ে এই আইনের রীতিভিন্ন অন্য কোনপ্রকারে কার্য্য হইবেক না কিন্তু যদি কোন বিশেষ বন্দোবস্ত থাকে অথবা যদি কোন অংশী কোম্পানির ব্যবসায়েতে অংশ লওনের দ্বারা ভিন্ন আপনার নিজের লাভের নিমিত্তে কোন কর্জ্জ করি-য়াছিলেন বা কোন প্রকারে দায়ী হইয়াছিলেন তবে তাহার বিষয়ে এই আইনছাড়া অন্য প্রকারে কার্য্য হইতে পারে ইতি।

৩৮ ধারা। কোন কোম্পানির বিরুদ্ধে জব্দ ধার্য্য হইলে পর সরকারী আসৈনি ঐ কোম্পানির বিরুদ্ধে যে সকল কর্জ্জ বা অন্য দাওয়া থাকে তাহার সংখ্যা অথবা তাহার কোন নির্দ্দিষ্ট ভাগের সংখ্যার সাধ্য-পর্য্যন্ত অনুমান করিলে পর ঐ আদালত সরকারী আসৈনির দরখাস্তক্রমে ঐ কর্জ্জ ও দেনা পরিশোধার্থে যে টাকা ঐ আদালত আবশ্যক বোধ করেন সেই টাকা অংশিরদের স্থানে অংশমতে আদায় করিবার হুকুম দিবেন এবং সময়ক্রমে আর যে টাকার আবশ্যক হয় তাহা উক্তমতে আদায় করিতে হুকুম দিতে পারেন। এবং সরকারী আসৈনি সেই হুকুম পাইলে পর অং-শিরদের এক২ জনের যে অংশ ছিল সেই অংশের সং-খ্যার অনুসারে ঐ টাকা তাঁহারদের দিতে ধার্য্য করিবেন এবং তৎক্ষণাৎ তাঁহারদের স্থানে সেই টাকা আদায় করিবেন এবং যাঁহারা ঐ টাকা না দেন এমত বাকীদা-রেরদের নাম এবং যে টাকা তাঁহারদের দিবার ধার্য্য হইয়াছিল তাহার সংখ্যার মাসে২ বা তাহাহইতে অল্প মিয়াদের মধ্যে রিপোর্ট করিবেন। এবং তাহাতে যদি ঐ আদালতের এমত হৃদ্বোধ হয় যে ঐ ধার্য্যহওয়া টাকা যথার্থরূপে হইয়াছে তবে ঐ আদালত যে সময় উচিত বোধ করেন সেই সময়ে এবং ইশ্‌তিহার বা প্রকারান্তরে দেওয়া যে এত্তেলা বা দাওয়া উচিত বোধ হয় তৎক্রমে ঐ ধার্য্যহওয়া টাকা দিবার হুকুম করিবেন। এবং আ-দালতের হুকুমকরা মিয়াদের মধ্যে যদি ঐ টাকা না দেও-য়া যায় তবে তাহা না দেওয়াতে ঐ বাকীদার অংশী দেউ-লিয়া জ্ঞান হইবেন। এবং ঐ আসৈনি অথবা যে কোন এক মহাজনের ঐ কোম্পানি পাঁচ শত টাকা ধারেন তিনি অথবা যে কোন দুই জন মহাজনের ঐ কোম্পানি সাত শত টাকা ধারেন তাঁহারা অথবা যে কোন তিন বা ততোধিক মহাজনের ঐ কোম্পানি এক হাজার টাকা ধারেন তাঁহারা

pany's Rupees Seven Hundred, or any three or more creditors to whom such Company shall be indebted to the amount of Company's Rupees One Thousand, may present a petition to the Court for the Relief of Insolvent Debtors of the Presidency within which the said Company is registered, stating such act of insolvency, and praying that such defaulting Shareholder may be adjudged to have committed an act of insolvency, and upon such petition being duly verified, the Court shall be empowered to adjudge that such defaulting Shareholder has committed an act of insolvency, and the Court for the Relief of Insolvent Debtors in the Presidency in which the defaulter is resident may proceed thereon according to the provisions of the Act for the Relief of Insolvent Debtors in India.

XXXIX. The Shareholders of untransferred shares whose names are in the last general memorial, including those (if any) who have been subsequently returned as Shareholders of the Company, shall be liable and be called upon in the first instance to satisfy the debts of the Company ; but in case it shall appear to the said Court that full satisfaction cannot, within such time as may appear reasonable to the Court, be otherwise obtained, such other persons as at any time within three years next before the adjudication of forfeiture shall have been returned in any memorial as Shareholders of the Company shall be liable to contribute to such amount collectively as the Court may order ; and, upon every order for contribution from former Shareholders, the Official Assignee shall proceed as hereinbefore prescribed in the case of present Shareholders.

XL. In fixing the sum to be raised from time to time by assessment of the Shareholders it shall be in the discretion of the Court to make such allowance for unrealized assets of the said Company, as the Court may deem just.

XLI. No such assessment shall be deemed erroneous or set aside merely by reason of its being in excess of other assessments ratably considered, if the same be needed for satisfaction of any creditor of the said Company, and any such assessment may be reduced, when expedient, by order of the Court.

XLII. If on realizing the assets of the Company a balance shall remain, after payment of the debts and other claims against the Company, the said Court may order the repayment out of such balance, first, of such sums or ratable parts thereof as have been paid by any Shareholders not liable in the first instance to satisfy the debts of the Company ; and secondly, of such sums or ratable parts thereof as have been paid by any other Shareholders in excess of their ratable liability, according to the number of their shares, regard being had to the number of other assessed Shareholders ; and lastly, if such a balance shall not thereby be exhausted, the said Court may order the distribution

যে রাজধানীর মধ্যে ঐ কোম্পানি রেজিষ্টরী হইয়াছিলেন সেই রাজধানীর দেউলিয়ারদের উপকারার্থ আদালতে এই দরখাস্ত দিতে পারেন যে ঐ ব্যক্তি দেউলিয়ার কর্ম্ম করিয়াছেন। এবং দরখাস্তে এই প্রার্থনা থাকিবেক যে ঐ বাকীদার অংশী দেউলিয়ার কর্ম্ম করিয়াছেন ইহা আদালতে ধার্য্য হয়। এবং ঐ দরখাস্তের সত্যতার নির্ণয় হইলে ঐ আদালতের ইহা ধার্য্য করণের ক্ষমতা হইবেক যে বাকীদার অংশী দেউলিয়ার কর্ম্ম করিয়াছেন এবং যে রাজধানীর মধ্যে ঐ বাকীদার বাস করেন সেই রাজধানীর দেউলিয়ারদের উপকারার্থ আদালত ভারতবর্ষের দেউলিয়ারদের উপকারার্থ আইনের বিধির অনুসারে কার্য্য করিতে পারেন ইতি।

৩৯ ধারা। খারিজ দাখিল না হওয়া অংশের যে অংশিরদের নাম শেষ সাধারণ নিদর্শনপত্রের মধ্যে লেখা ছিল তাঁহারা এবং তৎপরে যদি অন্য কোন ব্যক্তিরদের নাম কোম্পানির অংশিস্বরূপ দাখিল হইয়াছিল তাঁহারা কোম্পানির দেনা পরিশোধ করণার্থে প্রথমে দায়ী হইবেন এবং সেই টাকা দিতে তাঁহারদের প্রতি প্রথমতঃ হুকুম হইবেক। কিন্তু যদি ঐ আদালতের এইমত বোধ হয় যে ঐ আদালত যে মিয়াদ উপযুক্ত বোধ করেন সেই মিয়াদের মধ্যে এইরূপে ঐ কোম্পানির দেনার সম্পূর্ণ পরিশোধ হইতে পারে না তবে অন্য যে২ ব্যক্তিরা কোম্পানি জব্দ ধার্য্য হওনের পূর্ব্বে তিন বৎসরের মধ্যে কোন সময়ে কোম্পানির অংশী বলিয়া কোন নিদর্শনপত্রে লেখা গিয়াছিল তাঁহারা সমুদয়ে আদালত যত টাকা উচিত বোধ করেন তত টাকা দিবার দায়ী হইবেন। এবং সাবেক অংশিরদের টাকা দিবার হুকুম হইলে বর্ত্তমান অংশিরদের বিষয়ে যেরূপ উপরে নির্দ্দিষ্ট আছে সরকারী আসৈনি সেইরূপ কার্য্য করিবেন ইতি।

৪০ ধারা। অংশিরদের স্থানে যে২ টাকা সময়ক্রমে আদায় হইবেক তাহার সংখ্যা নির্ণয় করণেতে ঐ আদালতের এই ক্ষমতা থাকিবেক যে ঐ আদালতের যেমত যথার্থ বোধ হয় সেইমত ঐ কোম্পানির যে টাকা পাওনা আছে সেই টাকা বুঝিয়া হুকুম করেন ইতি।

৪১ ধারা। যদি উক্ত কোম্পানির কোন মহাজনের পাওনা টাকা দিবার জন্যে ঐরূপ ধার্য্যহওয়া টাকার আবশ্যক হয় তবে তাহা কেবল এই বিষয়ে অযথার্থ বোধ হইবেক না অথবা অন্যথা হইবেক না যে অংশাংশমতে বিবেচনা করিয়া তাহা ধার্য্যহওয়া অন্য অংশিরদের টাকাঅপেক্ষা অধিকআছে। এবং ঐ ধার্য্যহওয়া টাকা কমকরা উপযুক্ত বোধ হইলে ঐ আদালতের হুকুমক্রমে তাহা কমান যাইতে পারে ইতি।

৪২ ধারা। ঐ কোম্পানির পাওনা টাকা উশুল হইলে যদি তাহা লইয়া ঐ কোম্পানির দেনা বা তাহার উপর অন্য দাওয়া পরিশোধ করণের পর কিছু বাঁচে তবে সেই অবশিষ্ট টাকাহইতে যে অংশিরা কোম্পানির কর্জ পরিশোধ করিতে প্রথমতঃ দায়ী ছিলেন না এইমত কোন অংশী যে২ টাকা দিয়াছিলেন তাহা বা তাহার অংশাংশমত কোন ভাগ ফিরিয়া দিতে ঐ আদালত হুকুম করিতে পারেন। এবং দ্বিতীয়তঃ অন্য অংশিরদের মধ্যে যাঁহারা আপনারদের অংশের সংখ্যানুসারে আপনারদের অংশাংশের দায়ের অধিক যে টাকা দিয়াছিলেন সেই টাকা বা তাহার অংশাংশ ভাগ দিবেন কিন্তু যে অন্যান্য অংশিরদের টাকা দেওয়া ধার্য্য হইয়াছিল তাঁহারদের সংখ্যা বুঝিয়া ঐ আদালত হুকুম করিবেন এবং পরিশেষে যদি অবশিষ্ট টাকা তাহাতে না

of the remainder thereof among the Shareholders by the Official Assignee upon a scheme or plan to be submitted to and approved by the said Court, or may order the same to be paid to the Accountant General of the said Court to the credit of the said Company, to abide such proceedings as any parties interested therein may take at Law or in Equity : and any order of the said Court for the disbursement of money shall be a sufficient authority to the said Official Assignee to protect him against all claims in respect of such disbursement by any Shareholder or Creditor.

XLIII. If any Registered Company which carried on its business before registration shall incur an adjudication of forfeiture before it has been registered for three years such persons as are not registered Shareholders but were Copartners or Shareholders thereof at any time before the registration of the Company, but within three years before the filing of the petition for relief, shall be liable to contribute to the debts of the Company in like manner as if they were on the first memorial of the Shareholders of the Company.

XLIV. Whenever it shall appear to the Court for Relief of Insolvent Debtors that the aid of a Court of Equity will be necessary for closing the affairs of any Registered Company, against which an adjudication of forfeiture has been made, the said Court may order the Official or other Assignees to take proceedings in the Supreme Court in Equity, by bill, or by petition for the like relief as might be had by bill, and the said Supreme Court shall have power on such petition to make such original and subsequent orders as upon a bill filed, and such orders shall have the same effect and be executed in the same manner as decretal orders.

XLV. The said Supreme Court may likewise on petition of any Shareholder having any claim against any other Shareholder, in respect of the affairs of the Company, make such order as it may deem just for settling such claim between such Shareholders.

XLVI. Whenever any Shareholder in a Registered Company, which shall have been adjudged to have incurred forfeiture, shall be adjudged an insolvent, either on his own petition, or under the provisions aforesaid, or otherwise, the Assignee or Assignees of such Registered Company, shall be entitled, from time to time, to rank as a creditor on the estate of such insolvent, for such ratable contributions, as the Court for the Relief of Insolvent Debtors shall, from time to time, appoint to be paid by such insolvent Shareholder.

XLVII. After the affairs of any such Registered Company against which there has been an adjudication of forfeiture are closed under this

ফুরায় তবে যে এক পাণ্ডুলেখ্য বা নিয়ম ঐ আদালতে দরপেশ হয় এবং ঐ আদালতের দ্বারা মঞ্জুর হয় সেই পাণ্ডুলেখ্যানুসারে অবশিষ্ট টাকা অংশিরদের মধ্যে বিতরণ করিতে ঐ আদালত সরকারী আসৈনিকে হুকুম করিতে পারেন। অথবা ঐ আদালত আপনার আকোণ্টেণ্ট জেনরল সাহেবের হাতে সেই টাকা দিতে হুকুম করিতে পারেন এবং তাহা উক্ত কোম্পানির নামে জমা হইবেক এবং সেই টাকার বিষয়ে যে ব্যক্তিরদের লাভালাভ আছে তাঁহারা আইনানুসারে অথবা একুটি পক্ষে যে সকল কার্য্য করেন সেই কার্য্যের অপেক্ষায় ঐ টাকা ন্যস্ত থাকিবেক। এবং ঐ টাকা বিতরণ করিতে উক্ত আদালত যে হুকুম করেন সেই হুকুমের দ্বারা ঐ সরকারী আসৈনিকে সম্পূর্ণ ক্ষমতা দেওয়া যাইবেক এবং ঐ বিতরণের বিষয়ে কোন অংশী বা মহাজন কোন দাওয়া করিলে সেই দাওয়াহইতে ঐ আসৈনি রক্ষা পাইবেন ইতি।

৪৩ ধারা। রেজিষ্টরীহওয়া যে কোম্পানি রেজিষ্টরী হওনের পূর্ব্বে ব্যবসা করিতেছিলেন এমত কোন কোম্পানি যদি রেজিষ্টরী হওনের পর তিন বৎসর অতীত না হইতে২ জব্দ ধার্য্য হয় তবে যে২ ব্যক্তিরা তাহার রেজিষ্টরীহওয়া অংশী নহেন কিন্তু কোম্পানির রেজিষ্টরী হওনের পূর্ব্বে কোন সময়ে দেউলিয়ারদের উপকারার্থ আদালতে দরখাস্ত দাখিল করণের পূর্ব্বে তিন বৎসরের মধ্যে শরীক অথবা অংশী ছিলেন তাঁহারদের নাম ঐ কোম্পানির অংশির প্রথম নিদর্শনপত্রে থাকিলে যেরূপ হইত সেইরূপে তাঁহারা ঐ কোম্পানির দেনা পরিশোধার্থ টাকা দিবার দায়ী হইবেন ইতি।

৪৪ ধারা। যখন দেউলিয়ারদের উপকারার্থ আদালতের এমত বোধ হয় যে রেজিষ্টরীহওয়া যে কোন কোম্পানির প্রতিকূলে জব্দহওনের হুকুম হইয়াছে সেই কোম্পানির ব্যাপার শেষ করণার্থে কোন একুটি আদালতের সাহায্যের আবশ্যক হইবেক তখন ঐ দেউলিয়ার উপকারার্থ আদালত সরকারী আসৈনি বা অন্য আসৈনিরদিগকে বিলের দ্বারা অথবা বিলের দ্বারা যেরূপ উপকার হয় সেইরূপ উপকারের দরখাস্তের দ্বারা সুপ্রিম কোর্টে মোকদ্দমা করিতে হুকুম করিতে পারেন। এবং ঐ সুপ্রিম কোর্ট সেইরূপ দরখাস্ত পাইলে বিল ফাইল হইলে যে আদৌ এবং তৎপরে হুকুম দিয়া থাকেন সেইরূপ হুকুম দিতে পারিবেন এবং ঐ সুপ্রিম কোর্টের ডিক্রীর যে ফল হয় এবং তাহা যেরূপে জারী হয় সেই২ হুকুমের সেইরূপ ফল হইবেক এবং তাহা সেই২রূপে জারী হইবেক ইতি।

৪৫ ধারা। ঐ কোম্পানির ব্যাপারের সম্পর্কে যে কোন অংশির অন্য কোন অংশির প্রতি দাওয়া থাকে সেই অংশী সুপ্রিম কোর্টে দরখাস্ত করিলে ঐ কোর্ট ঐ অংশিরদের মধ্যে সেই দাওয়া নিষ্পত্তি করণের জন্যে যে হুকুম উচিত বোধ করেন সেই হুকুম করিতে পারেন ইতি।

৪৬ ধারা। রেজিষ্টরীহওয়া যে কোম্পানির প্রতি এইরূপ জব্দ হওনের হুকুম হইয়াছে সেই কোম্পানির কোন অংশী যখন আপনার দরখাস্তক্রমে কিম্বা পূর্ব্বোক্ত বিধানানুসারে বা প্রকারান্তরে দেউলিয়ারূপে ধার্য্য হইয়াছেন তখন ঐ রেজিষ্টরীহওয়া কোম্পানির আসৈনি বা আসৈনিরা দেউলিয়ার উপকারার্থ আদালত সময়ক্রমে ঐ দেউলিয়া অংশির অংশাংশমত যে টাকা দিবার হুকুম করেন সেই টাকা পাইবার জন্যে ঐ দেউলিয়ার ইষ্টেটের মহাজনের ন্যায় গণ্য হইতে পারেন ইতি।

৪৭ ধারা। এইরূপ রেজিষ্টরীহওয়া যে কোম্পানির প্রতি জব্দ হওনের হুকুম হইয়াছে সেই কোম্পানির ব্যাপার এই আইনানুসারে সম্পন্ন হইলে ঐ কোম্পানি এই আইনানু-

Act, the Company shall forfeit all its privileges under this Act, and the partnership shall be dissolved.

SCHEDULE.

I ——— of ——— in consideration of ——— paid to me by ——— of ——— do hereby transfer to the said ——— the share (or shares) numbered ——— in the business called The ———, to hold unto the said ——— [his or her] Executors, Administrators and Assigns, subject to the Conditions of the Partnership Deed of the ——— Company, registered in the Supreme Court of Judicature at ———, and the other Conditions in which I held the same: And I the said ——— do hereby agree to take the said share (or shares) subject to the same Conditions: As witness our hands and Seals, the ——— day of ——— in the year ———

Witness

A. B. (L. S.)

C. D. (L. S.)

W. GREY,
Offg. Secy. to the Govt. of India.

ERRATUM.

The following amended translation of Act XII. 1850, Section 4, is published by order of the Sudder Board of Revenue.

The person or persons at the head of the office to which any Public Accountant belongs may proceed against any such Public Accountant and his Sureties, for any loss or defalcation in his accounts, as if the amount thereof were an arrear of land Revenue due to Government.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 31st January, 1851.

Baboo Bissessur Sein, (who has obtained a diploma) to be Acting Moonsiff of Mendigunge, Zillah Backergunge, until further orders.

Moulvee Sujat Ali, (Mahomedan Law Officer) to be Acting Additional Moonsiff of Dinagepore.

Baboo Gooroopershaud Sein, (who has obtained a diploma,) to be Acting Moonsiff of Chowgong, Zillah Rajshahye, until further orders.

The 5th February, 1851.

Moulvee Mahomed Mahmood, Moonsiff of Nubbeegunge, Zillah Sylhet, to be Moonsiff of Borobaree, Zillah Rungpore.

সারে যেং ক্ষমতা পাইয়াছিলেন তাহা নিবৃত্ত হইবেক এবং তাহার অংশিত্ব রহিত হইবেক ইতি।

তফসীল।

আমি অমুক স্থানের অমুক অমুক স্থানের অমুক ব্যক্তির নিকটে এত টাকা পাইয়া ইহার দ্বারা অমুক নামে বিখ্যাত ব্যবসার অমুকং নম্বরী অংশ অমুক ব্যক্তিকে অথবা তাঁহার টশি বা আডমিনিষ্ট্রেটর কি আসৈনকে অমুক স্থানে সুপ্রিম কোর্টে রেজিষ্টরীহওয়া অমুক কোম্পানির অংশিপত্রের নিয়মানুসারে এবং অন্যান্য যে নিয়মক্রমে আমি ঐ অংশ ধার্য্য করি তদনুসারে অর্পণ করিয়াছি। এবং আমি অমুক সেইং নিয়মানুসারে উক্ত অংশ বা অংশসকল লইতে অঙ্গীকার করিলাম। অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে আমরা এই পত্রে দস্তখৎ ও মোহর করিলাম।

সাক্ষী

অমুক (মোহর)

অমুক (মোহর)

ডবলিউ গ্রে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

অশুদ্ধ শোধন।

১৮৫০ সালের ১২ আইনের ৪ ধারার পশ্চাৎ লিখিত সংশোধিত তরজমা সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে প্রকাশ হইতেছে।

যে সিরিশ্তার কোন সরকারী হিসাবী থাকেন সেই সিরিশ্তার অধ্যক্ষ বা অধ্যক্ষেরা ঐ সরকারী হিসাবীর হিসাবে কোন ক্ষতি বা তসরুফ দৃষ্ট হইলে ঐ ক্ষতি বা তসরুফহওয়া টাকা সরকারী ভূমির রাজস্বের বাকী হইলে যেরূপ কার্য্য হইত সেইরূপে ঐ সরকারী হিসাবীর বা তাঁহার জামিনেরদের প্রতি কার্য্য করিতে পারেন ইতি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম

নিয়োগ।

১৮৫১ সাল ৩১ জানুআরি।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু বিশ্বেশ্বর সেন অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা বাকরগঞ্জের মেন্দিগঞ্জের একটিং মুনসেফ হইবেন।

ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী সুজাত আলী দিনাজপুরের একটিং অতিরিক্ত মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা রাজশাহীর চৌগাঁয়ের একটিং মুনসেফ হইবেন।

১৮৫১ সাল ৫ ফেব্রুআরি।

জিলা ছিলটের নবিগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মাহমুদ জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফ হইবেন।

Syud Itrut Hossein, Moonsiff of Borobaree, Zillah Rungpore, to be Moonsiff of Nubbeegunge, Zillah Sylhet.

LEAVES OF ABSENCE.

The 31st January, 1851.

Moonshee Mafizooddeen Mahomed, Moonsiff of Mendigunge, Zillah Backergunge, for one month, from the 18th instant.

Baboo Koonjalaul Bonnerjee, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, for one month, from the 16th proximo.

E. A. SAMUELLS, *Offg. Register.*

জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফ শ্রীযুত সৈয়দ ইত্রৎ হুসেন জিলা ছিলটের নবিগঞ্জের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫১ সাল ৩১ জানুআরি।

জিলা বাকরগঞ্জের মেন্দিগঞ্জের মুনসেফ শ্রীযুত মুনশী মাফিজুদ্দীন মহম্মদ বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা আগামি মাসের ১৬ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

ই এ সামুএল্‌স। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২২১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫১ সাল ২৭ জানুআরি।

ঢাকার কালেক্টর শ্রীযুত সি টটনহাম সাহেব (Mr. C. Tottenham,) বর্ত্তমান মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক স্বধরা বিধির ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের সিবিল চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ কীন সাহেব (Dr. A. Kean,) যে তারিখে ঐ মোকামে চিকিৎসকতা কর্ম্মের ভার এদেশীয় পদাতিক ৫৯ পল্টনের চিকিৎসক শ্রীযুত উডবর্ণ সাহেবের (Mr. Woodburn,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ২৯ জানুআরি।

দিনাজপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে জোএট সাহেব (Mr. J. Jowett,) যে তারিখে মোকাম হইতে প্রস্থান করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ৩০ জানুআরি।

17th. The claims of Khood Kasht and Kudeemee Ryots should be carefully respected. Should cultivators of this class be found holding lands at lower rates than other Ryots occupying lands of a similar description, their rents should not be raised without considering their right to continued occupation at the rent heretofore paid. Some of these Ryots, being the descendants of those who originally broke up the land, have held at the Jumma now paid since 12 years previous to the decennial settlement. They have a lien on the soil beyond wages of labour and profits of stock. By prescription they have a proprietary interest; to raise their rents is to deprive them of that proprietary interest. They are entitled to a full investigation of their rights under the resumption laws before being subjected to any enhancement.

[*Government Gazette, 18th March*, 1851.]

এবং বিশেষ২ বৃত্তান্ত দৃষ্টে যদি আবশ্যক হয় তবে তাহারদের ঐ খাজানা কমী বা বেশী হইবেক।

১৫। যে আমলারদের প্রতি এই কর্ম্মের ভার দেওয়া যায় তাহারদের উচিত যে প্রথম জমাবন্দীর মধ্যে যত ভূমি লেখা থাকে তাহা রাইয়তের প্রকৃত দখলে থাকা ভূমির সঙ্গে পরিমাণ ও রকমের বিষয়ে মোকাবিলা করেন এবং আবশ্যক হইলে ভূমি জরিপ করেন। যদি ভূমির পরিমাণের বিষয়ে কোন বিবাদ হয় তবে তাহা সুতরাং জরিপের দ্বারা নিষ্পত্তি হইবেক যদি ভূমির রকম অথবা গুণের বিষয়ে কোন বিবাদ হয় তবে নিকটবর্ত্তি যে কোন তিন জন চাসির সেই বিষয়ে লাভ লোকসান নাই তাহারদের সালিসের দ্বারা সেই বিষয়ের নিষ্পত্তি হইবেক ঐ সালিসেরদিগকে রাইয়ত এবং সরকারী আমলা নিযুক্ত করিবেন এবং তাহারদের ফয়সলা চূড়ান্ত হইবেক। যদি কোন বিশেষ অপকারপ্রযুক্ত খাজানা কমাওনের কোন দাওয়া হয় অথবা সামান্য হারঅপেক্ষা অধিক খাজানার দাওয়ার বিষয়ে যদি রাইয়ত আপত্তি করে তবে তাহারো সেইরূপে নিষ্পত্তি হইবেক। যথা প্রথম। এক জন রাইয়তের দ্বিতীয় রকম ভূমি আছে এবং সে ব্যক্তি দ্বিতীয় রকম ভূমির সামান্য হারহইতে কম খাজানা ইহা বলিয়া দিতে চাহে যে আমার ভূমি সরকারী রাস্তার ধারে অতএব তাহার বেড়া দিতে অনেক খরচ হইবেক কিম্বা ভ্রমণকারি বলদ ফসলের কিছু ক্ষতি না করে এ নিমিত্তে নিরন্ত চৌকী দিতে হইবেক। দ্বিতীয়। প্রথম রকম ভূমির যে খাজানা নির্দ্দিষ্ট আছে তাহাহইতে অধিক খাজানার ইহা বলিয়া সরকারী আমলা দাওয়া করে যে সাবেক জমীদারের অনেক কালঅবধি ঐ স্থানে বলদপ্রভৃতির খোঁআড়ি ছিল এইপ্রযুক্ত সেই ভূমির উর্ব্বরাত্বের অনেক বৃদ্ধি হইয়াছে। এইপ্রকার সকল বিষয় সালিসের দ্বারা নিষ্পত্তি করিতে হইবেক। এবং পুলবন্দীর খরচের ও নরদমা ও জলসেচনপ্রভৃতির বিষয়ে যে দাওয়া হয় তাহাও সেইরূপে নিষ্পত্তি করিতে হইবেক। যদি এই সকল তহকীক প্রজারদের সাক্ষাতে হয় এবং যদি আপত্তি সকল সমস্ত লোকের সাক্ষাতে বিবেচনা করা যায় তবে যে আমলার সামান্য বুদ্ধি আছে এমত আমলা প্রায় কখন অধিক খাজানার দাওয়া করিবেক না এবং তাঁহার উপরে প্রায় কখনও কোন প্রতারণা হইতে পারিবেক না।

১৬। রাইয়তেরদের পাট্টা দেশের নানা স্থানে এমত ভিন্ন২ প্রকার আছে যে জমাবন্দী করণের নিমিত্তে কোন নিশ্চিত বিধান করিলে তাহাতে উপকার না হইয়া বরং বিঘ্ন হইবেক কিন্তু পশ্চাৎ লিখিত সাধারণ নিয়মের প্রতি দৃষ্টি রাখিতে হইবেক।

১৭। খোদকস্তা এবং কদিমী রাইয়তেরদের দাওয়া আতিমান্য করিতে হইবেক। যদি দৃষ্ট হয় যে অন্য রাইয়তেরা যে খাজানায় যেপ্রকার ভূমির দখল করিতেছে ঐ খোদকস্তা রাইয়ত সেই প্রকার ভূমি তাহাহইতে কম খাজানায় দখল করিতেছে তবে যে খাজানা তাহারা দিয়া আসিতেছে সেই খাজানা দিয়া দখল করিতে তাহারদের যে স্বত্ব আছে তাহা বিবেচনা না করিয়া তাহারদের ঐ খাজানা বৃদ্ধি করিতে হইবেক না। এই২ রাইয়তেরদের মধ্যে কেহ২ যে রাইয়তেরা প্রথম ভূমির চাস করিয়াছিল তাহারদের সন্তান ও দশসনী বন্দোবস্ত হওনের পূর্ব্ব বারো বৎসরঅবধি তাহারা সেই জমাতে সেই ভূমি দখল করিয়া আসিতেছে। অতএব তাহারদের পরিশ্রমের বেতন এবং তাহারদের বাণের লাভাপেক্ষা ভূমির উপর তাহারদের অধিক স্বত্ব আছে। ন্যায়োপাত্ত ব্যবহারের দ্বারা তাহারদের সেই ভূমিতে মালিকী স্বত্ব আছে এবং তাহারদের খাজানার বৃদ্ধি করিলে তাহারদের ঐ মালিকী স্বত্বের হানি হইবেক। তাহারদের খাজানা বৃদ্ধি করণের পূর্ব্বে বাজেয়াপ্তী আইনের দ্বারা তাহারদের স্বত্বের সম্পূর্ণ তহকীক করিতে হইবেক।

18th. In like manner, Talookdars will be found holding Talooks, of which a portion is tilled by themselves, and a portion by cultivators holding under them, or the whole of which is in the occupation of under tenants, and of which the rent paid by the Talookdars is less than the current rents of the neighbourhood. Some of these Talookdars may originally have been merely Khood Kasht Ryots, their position being altered by their letting a part or the whole of their lands instead of employing themselves in cultivation. They also, if they have held since 1781, or have by purchase, gift or otherwise, become the representatives of those who were in possession at that period, if a fixed rent has always been paid for the Talook, are entitled to a full investigation of their claims before any increased demand is made on them.

19th. Other Talookdars and Ryots are liable to assessment at the market rate, that is, at the rate current in the neighbourhood, but if the rent paid for three years previous to the possession of the Government can be ascertained, and it should not appear that such rent has been without cause reduced below the market rate, then, under the orders of Government, dated 28th November 1837, circulated on the 23rd January 1838, a lease should be granted to each Ryot at such rent for 3, 5 or 20 years as may be deemed desirable, with a distinct engagement, that, during the term of the lease, he will not be required to pay any addition to the specified rent whatever kind of produce he may cultivate. It is to be borne in mind, that if they have hitherto held at rates below the market rate and increase is to be levied, it is necessary, that notice of the increased demand be served on or before the month of Jeyt, under Section 9, Regulation V. of 1812.

20th. It has not been an unusual practice to oust a Ryot, who, on this notice being served, failed to enter into an engagement to pay the enhanced Jumma ; but dispossession of the tenant is not justified by the law. Having been served with the notice under the law alluded to, if he remain in possession of the land, he must pay the enhanced rent demanded. Though such enhanced rent would not be recoverable under Section 10, Regulation VIII. of 1831, in a summary suit, it is recoverable (subject of course to a regular suit in the Dewanny Adawlut) by an Officer of Government having the immediate management of a Mehal, under Section 25, Regulation VII. of 1799. Collectors should be most careful how they enhance the rent of Ryots, and issue notice under Section 9, Regulation V. of 1812, as the authority vested in them under Section 25, Regulation VII. of 1799, for enforcing payment of such enhanced rents after notice served, is a judicial trust. The most careful enquiry should always precede issue of notice.

১৮। সেইরূপে কোন২ তালুকদারেরা যে তালুক দখল করিতেছে তাহার কোন২ অংশ আপনারা আবাদ করিতেছে এবং কোন অংশ তাহারা রাইয়তের দ্বারা আবাদ করাইতেছে অথবা সমুদয় তালুক রাইয়তেরদের দখলে আছে এবং তালুকদারেরা সেই ভূমির যে খাজানা দেয় তাহা নিকটবর্ত্তি ভূমির চলন খাজানাঅপেক্ষা কম। এইমত হইতে পারে যে ইহারদের মধ্যে কোন২ তালুকদার আদৌ খোদকস্তা রাইয়তমাত্র ছিল কিন্তু তাহারদের ভূমির কতক অংশ বা সমুদয় আপনারাই কৃষি না করিয়া রাইয়তেরদিগকে দিয়াছে সেইপ্রযুক্ত তালুকদার হইয়াছে। যদিও তাহারা সেই ভূমি ১৭৮১ সালঅবধি দখল করিতেছে অথবা সেই সময়ে যাহারদের দখলে ভূমি ছিল যদি ঐ তালুকদারেরা খরীদ বা দানের দ্বারা কিম্বা প্রকারান্তরে তাহারদের স্থলাভিষিক্ত হইয়াছে এবং যদি সেই তালুকের জন্যে তাহারা মোকররী খাজানা নিয়ত দিতেছে তবে তাহারদের উপর কোন বেশী দাওয়া করণের পূর্ব্বে তাহারদের দাওয়ার সম্পূর্ণ তহকীক করিতে হইবেক।

১৯। অন্য তালুকদার ও রাইয়তেরা বাজার ভাও অর্থাৎ আশপাশে যে খাজানার হার চলন আছে সেই খাজানা দেওনের যোগ্য। কিন্তু সেই মহাল সরকারের দখলে আইসনের পূর্ব্বে যে খাজানা তিন বৎসরপর্য্যন্ত দেওয়া গিয়াছিল তাহা যদি নির্ণয় হইতে পারে এবং যদি এমত দৃষ্ট না হয় যে ঐ খাজানা বিনাকারণে বাজার ভাও অপেক্ষা কম করা গিয়াছে তবে গবর্ণমেণ্টের ১৮৩৭ সালের ২৮ নবেম্বর তারিখের যে হুকুম ১৮৩৮ সালের ২৩ জানুআরি তারিখে প্রকাশ হইয়াছিল তদনুসারে তিন অথবা পাঁচ কিম্বা কুড়ি বৎসরের জন্যে যেমত উচিত বোধ হয় সেই মতে সেই খাজানার জন্যে প্রত্যেক রাইয়তকে এক২ পাট্টা দিতে হইবেক। এবং তাহার সঙ্গে এই বিশেষ বন্দোবস্ত করিতে হইবেক যে ঐ পাট্টার মিয়াদপর্য্যন্ত সে ব্যক্তি যেপ্রকার শস্যের চাস করুক সেই নির্দ্দিষ্ট খাজানাহইতে তাহার অধিক দিতে হইবেক না। কিন্তু ইহা স্মরণে রাখিতে হইবেক যে যদি এইপর্য্যন্ত তাহারা বাজার ভাও অপেক্ষা কম খাজানা দিয়া ভূমি দখল করিয়া আসিতেছে এবং সেই খাজানার বেশী করিবার মানস হয় তবে ১৮১২ সালের ৫ আইনের ৯ ধারানুসারে ঐ বেশী দাওয়ার এত্তেলা জ্যৈষ্ঠ মাসে বা তাহার পূর্ব্বে তাহারদিগকে দিতে হইবেক।

২০। কোন২ স্থানে এমত ব্যবহার হইতেছে যে এই এত্তেলা পাইলে পর যে রাইয়ত বেশী জমা দিতে বন্দোবস্ত না করে তাহাকে বেদখল করা যায় কিন্তু রাইয়তকে বেদখল করার কোন হুকুম আইনে নাই। যখন উক্ত আইনানুসারে রাইয়তকে সেইরূপ এত্তেলা দেওয়া গিয়াছে তখন যদি সে রাইয়ত সেই ভূমি আপন দখলে রাখে তবে যে বেশী জমার দাওয়া হইয়াছিল সেই জমা তাহার দিতেই হইবেক। যদ্যপি সেই বেশী জমা সরাসরী নালিশের দ্বারা ১৮৩১ সালের ৮ আইনের ১০ ধারানুসারে আদায় হইতে পারে না তথাপি সরকারের যে আমলা কোন মহালের সরবরাহ কার্য্যে নিযুক্ত আছেন তিনি ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারানুসারে সেই খাজানা আদায় করিতে পারেন কিন্তু সুতরাং তাহার বিষয়ে দেওয়ানী আদালতে নম্বরী মোকদ্দমা হইতে পারে। কিন্তু রাইয়তেরদের খাজানা বেশী করিবার বিষয়ে কালেক্টর সাহেবেরা অত্যন্ত সাবধান হইয়া কার্য্য করিবেন এবং ১৮১২ সালের ৫ আইনের ৯ ধারানুসারে এত্তেলা দিবেন যেহেতুক ঐ এত্তেলা দেওনের পর বেশী খাজানা বলপূর্ব্বক আদায় করণের জন্যে ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারাক্রমে তাঁহারদিগকে যে ক্ষমতা দেওয়া গিয়াছে তাহা তাঁহারদের বিচারসম্পর্কীয় কর্ম্মের ন্যায় জ্ঞান করিতে হইবেক। এত্তেলা দেওনের পূর্ব্বে অতিমনোযোগপূর্ব্বক তদারক করিতে হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ১৮ মার্চ।]

21st. When such enhanced Jummas are entered in a Jummabundee, great care is necessary respecting preservation of proof of the notice having been served under Section 9. Regulation V. of 1812, for, in the event of a suit in Court to contest the legality of the demand, production of this proof will be necessary to substantiate its regularity.

[To be continued.]

২১। যখন ঐ বেশী জমা জমাবন্দীর মধ্যে লেখা গিয়াছে তখন ১৮১২ সালের ৫ আইনের ৯ ধারানুসারে এত্তেলা দেওনের প্রমাণ রাখা অত্যাবশ্যক যেহেতুক ঐ দাওয়ার ন্যায্যতার বিষয়ে যদি আদালতে নালিশ হয় তবে সেই প্রমাণ দাখিল না করিলে সেই দাওয়া সিদ্ধ হইবেক না।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE.

The 7th March, 1851.

Baboo Nobin Chunder Mitter, Moonsiff of Rajapore, Zillah Hooghly, for four days, from the 16th instant.

The 14th March, 1851.

Baboo Jadooram Deka Burrowah, Moonsiff of Golaghat, in Seebsaugur, for fifteen days, from the 2d instant.

Baboo Srinath Bhooya, Moonsiff of Bughree, Zillah Midnapore, for one week, in extension of the leave granted on the 28th ultimo.

Baboo Russick Lall Bose, Moonsiff of Nemal, Zillah Midnapore, for fifteen days, in extension of the leave granted on the 10th ultimo.

Mr. R. Finney, Moonsiff of Bhutteearree, Zillah Chittagong, for one week, from the 3d instant.

Baboo Balindur Narain Koonr, Moonsiff of Tezpoor, in Durrung, for twenty days.

Mr. A. DeLemas, Moonsiff of Shahzadpore, Zillah Rajshahye, for six days, from the 16th instant.

E. A. SAMUELLS, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫১ সাল ৭ মার্চ।

জিলা হুগলীর রাজাপুরের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র মিত্র বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি চারি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৪ মার্চ।

শিবসাগরে গোলাঘাটের মুনসেফ শ্রীযুত বাবু যদুরাম ডেকা বরুয়া বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

জিলা মেদিনীপুরের বঘরীর মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ ভূঞা গত মাসের ২৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা মেদিনীপুরের নিমালের মুনসেফ শ্রীযুত বাবু রসিকলাল বসু গত মাসের ১০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁর ভটিয়ারির মুনসেফ শ্রীযুত আর ফিনি সাহেব বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

দরঙ্গে তেজপুরের মুনসেফ শ্রীযুত বাবু বলেন্দ্রনারায়ণ কুঁড় কুড়ি দিনের ছুটী পাইয়াছেন।

জিলা রাজশাহির শাহজাদপুরের মুনসেফ শ্রীযুত এ ডিলীমাস সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি ছয় দিনের ছুটী পাইয়াছেন।

ই এ সামুএল্‌স। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৪৬১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন

১৮৫১ সাল ২৫ ফেব্রুয়ারি।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব ইউরোপীয় ফুসিলিয়র ১ পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত ই সেন্টজর্জ সাহেবকে (Lieut. E. St. George,) উর্দ্দু ভাষায় নৈপুণ্যপ্রযুক্ত সম্ভ্রমসূচক পদবি প্রদান করিয়াছেন।

১৮৫১ সাল ১ মর্চ।

শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব (Mr. F. Skipwith,) গত মাসের ১ তারিখে ছিলটের সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেবের (Mr. H. Stainforth,) স্থানে গ্রহণ করেন।

আসামের কমিসনর সাহেবের লক্ষ্মীপুরে নিযুক্ত প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এচ বেচ সাহেব (Captain H. Vetch,) গত মাসের ৫ তারিখে আপনার খাজানাখানার ভার শ্রীযুত লেপ্টেনেন্ট এফ জি ইডন সাহেবের (Lieutenant F. G. Eden,) প্রতি অর্পণ করেন।

খাশিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেন্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট জি এন কেব সাহেব (Lieutenant G. N. Cave,) গত মাসের ১৭ তারিখে মফঃসলহইতে প্রত্যাগমন করিয়া ঐ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) গত মাসের ২২ তারিখে আপনার মোকামে পঁহুছেন।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) গত মাসের ২২ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর ও হেউড সাহেবের (Mr. R. O. Heywood,) প্রতি অর্পণ করেন।

কটকের কালেক্টর শ্রীযুত আর বি গারেট সাহেব (Mr. R. B. Garrett,) গত মাসের ২২ তারিখে আপনার খাজানাখানার ভার শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের (Mr. H. L. Dampier,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এ হোপ সাহেব (Mr. A. Hope,) গত মাসের ১৪ তারিখে নদীয়ার মাজিষ্ট্রেটীর ভার শ্রীযুত সি এফ মন্ট্রেসর সাহেবের (Mr. C. F. Montressor,) স্থানে গ্রহণ করেন।

মুরশিদাবাদ চক্রে ঠগী ও ডাকাইতী নিবারণার্থে আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্টেনেন্ট সি এচ কীলি সাহেব (Lieutenant C. H. Keighly,) গত মাসের ২৬

[*Government Gazette, 18th March*, 1851.]

তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত বি এচ শক সাহেবের (Mr. V. H. Schalch) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫০৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২৭ ফেব্রুআরি।

শ্রীযুত এফ কার্ডিউ সাহেব (Mr. F. Cardew,) যশোহরের সিবিল ও সেশন জজ হয়েন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বারাসতের আফিসের এজেন্টী ও নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত টি ব্রুস সাহেব (Mr. T. Bruce,) হুগলীর সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেব (Mr. H. Stainforth,) ত্রিপুরার সিবিল ও সেশন জজ হইবেন।

সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ এচ কুপার সাহেব (Mr. F. H. Cooper,) পঞ্জাবে কর্ম্মপ্রাপণার্থে বিদেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু পেয়ারীমোহন বাঁড়ুয্যার অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু কৈলাশচন্দ্র দে যশোহরের সদর আমীনী এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫১ সাল ৩ মার্চ।

শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেবের (Mr. W. B. Jackson,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier,) হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন। গত জানুআরি মাসের ২২ তারিখের যে হুকুমমতে শ্রীযুত ডাম্পিয়র সাহেব (Mr. Dampier, পাটনা জিলার নিযুক্ত হন তাহা রদ হইয়াছে।

ছুটী।

১৮৫১ সাল ২৭ ফেব্রুআরি।

ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) ছুটীবিষয়ক স্থধরা বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হাজারীবাগে নিযুক্ত এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি সিমসন সাহেব (Captain T. Simson,) গত নবেম্বর মাসের ১ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন মোকামে পুনর্গমন করেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট জে সি হটন সাহেবের Lieut. J. C. Haughton,) রাজধানীতে গমনোপলক্ষে অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত এজেণ্ট সাহেবের যে কিঞ্চিৎ কালের নিয়মমতে শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এস ডেবিস সাহেব (Lieut. J. S. Davies,) হাজারীবাগ এলাকার কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হন তাহা মঞ্জুর হইয়াছে।

আসামের কমিসানর সাহেবের নওগাঁয়ে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট শ্রীযুত সি আর ষ্ট্রং সাহেব (Mr. C. R. Strong,) গত অক্টোবর মাসের ১৯ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি রহিত হইয়াছে। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ৪ মার্চ।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের সিংহভূমে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জে সি হটন সাহেবের (Lieutenant J. C. Haughton,) যে ছুটী লওনের অনুমতি গত মাসের ১৭ তারিখের হুকুমক্রমে হয় তাহা তিনি গত জানুআরি মাসের ৩০ তারিখে লন এবং গত মাসের ১৮ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

চব্বিশপরগণার মাজিষ্ট্রেট এবং আলিপুরের জেলখানার তত্ত্বাবধারক শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব (Mr. W. H. Elliott,) গত মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত জে এস টরেন্স সাহেবের (Mr. J. S. Torrens,) স্থানে গ্রহণ করেন।

হুগলীর সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ কার্ডিউ সাহেব (Mr. F. Cardew,) গত মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসুর প্রতি অর্পণ করেন।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌন সাহেব (Mr. J. C. Brown,) গত মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত বাবু রামলোচন ঘোষের স্থানে পুনর্গ্রহণ করেন। শ্রীযুত ব্রৌন সাহেব গত জানুআরি মাসের ১৭ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

মহিশুর রাজকুমারেরদের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ও কাবিনা সাহেব (Lieutenant O. Cavenagh,) গত মাসের ২৮ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫৩১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২৭ ফেব্রুআরি।

শ্রীযুত জেমস কুপার সাহেব (Mr. James Coopar,) সিংহপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫১ সাল ১ মার্চ।

শাহাবাদের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি সি হাচিনসন সাহেব Mr. T. C. Hutchinson,) মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫১ সাল ৬ মার্চ।

শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) ১৮ সংখ্যক অর্থাৎ যশোহর এলাকার রাজস্বের কমিস্যনর হইবেন।

শ্রীযুত আর এচ মিটন সাহেব (Mr. R. H. Mytton,) ১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার রাজস্বের কমিস্যনর হইবেন।

শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr. A. Sconce,) চাটিগাঁর সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এস বৌরিং সাহেব (Mr. S. Bowring,) চাটিগাঁর অতিরিক্ত সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ জে আলেন সাহেব (Mr. W. J. Allen,)

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট হইবেন।

শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব (Mr. C. T. Davidson,) চাটিগাঁর কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঢাকার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) ত্রিহুতের কালেক্টর হইবেন।

শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr. R. P. Harrison,) বগুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R. H. Russell,) সারণের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) রঙ্গপুরে দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

হুগলীর কালেক্টর শ্রীযুত এ রীড সাহেব (Mr. A. Reid,) মেদিনীপুরের কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত কালকাতা এলাকার আবকারীর কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

নদীয়ার কালেক্টর শ্রীযুত সি ষ্টির সাহেব (Mr. C. Steer,) হুগলীর কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত যশোহরের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

পূরণিয়ার কালেক্টর শ্রীযুত জি ডবলিউ বাটি সাহেব (Mr. G. W. Battye,) নদীয়ার কালেক্টর হইবেন।

যশোহরের কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেব (Mr. C. D. Russell,) পূরণিয়ার কালেক্টর হইবেন।

শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) যশোহরের কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওন পর্য্যন্ত ঢাকা এলাকার আবকারীর কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ই এ সামুএলস সাহেব (Mr. E. A. Samuells,) বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত সি ষ্টির সাহেবের (Mr. C. Steer,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর এন ফারকরসন সাহেব (Mr. R. N. Farquharson,) হুগলীর কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেবের (Mr. W. S. Alexander,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth,) ভাগলপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ লৌথ সাহেবের (Mr. F. Lowth,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr. W. Travers,) বেহারের অতিরিক্ত জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত শাহাবাদের কালেক্টরীর ভারপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব (Mr. E. S. Pearson,) জিলা মেদিনীপুরে দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। গত জানুআরি মাসের ২১ তারিখের যে হুকুমক্রমে শ্রীযুত পিয়র্সন সাহেব (Mr. Pearson,) কটকে নিযুক্ত হন তাহা রদ হইয়াছে।

শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) জিলা কটকে দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। গত ডিসেম্বর মাসের ১০ তারিখের যে হুকুমক্রমে শ্রীযুত বোফর্ট সাহেব (Mr. Beaufort,) পুরীতে নিযুক্ত হন তাহা রদ হইয়াছে।

ছুটী।

১৮৫১ সাল ৩ মার্চ।

নদীয়াতে মলনাথের ঔষধালয়ের ভারপ্রাপ্ত সব আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু দিননাথ ধর যে তারিখে মোকামহইতে প্রস্থান করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ৬ মার্চ।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) ছুটী বিষয়ক সুধরা বিধির ১১ ধারানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেব (Mr H. Stainforth,) ছুটী বিষয়ক সুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ৭ মার্চ।

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার কালেক্টর শ্রীযুত আর এম স্কিনর সাহেব (Mr. R. M. Skinner,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ টি টকর সাহেবের (Mr. W. T. Tucker,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত টকর সাহেব (Mr. Tucker,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছিলটের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এ গাষ্টিন সাহেবকে (Reverend A. Garstin,) গত মাসের ৯ তারিখে যে পাঁচ দিনের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

ময়মুনসিংহের জরীপী কর্ম্মের এক্টিং সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এস বেলাই সাহেবকে (Mr. C. S. Belli,) গত জানুআরি মাসের ২৫ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ৭ মার্চ।

আসামের কমিস্যনর সাহেবের শিবসাগরে নিযুক্ত প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান টি ব্রোডি সাহেব (Captain T. Brodie,) গত মাসের ১৪ তারিখে আদালতের ও রাজস্বের সিরিশ্তার ভার সব-আসিষ্টান্ট শ্রীযুত জে থর্ণটন সাহেবের (Mr. J. Thornton,) স্থানে ও রাজস্বের খাজানাখানার ভার সিবিল চিকিৎসক শ্রীযুত ডবলিউ জে লং সাহেবের (Mr. W. J. Long,) স্থানে পুনর্গ্রহণ করেন।

ময়মুনসিংহের সিবিল ও সেশন জজ শ্রীযুত আর ই কনলিফ সাহেব (Mr. R. E. Cunliffe,) গত মাসের ১৬ তারিখে আপন কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত নরহরি শিরোমণির স্থানে গ্রহণ করেন। ঐ মাসের ১১ তারিখের হুকুমক্রমে শ্রীযুত কনলিফ সাহেব যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

সারণের কালেক্টর শ্রীযুত সি বি কুিণ্টিন সাহেব (Mr. C. B. Quintin,) বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত আর এচ রসেল সাহেবের (Mr. R. H. Russell,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত জে এচ ইয়ং সাহেব (Mr. J. H. Young,) বর্ত্তমান মাসের ৩ তারিখে চতুর্দ্দিগের ও পূর্ব্ব দিগের খালের মাসুল আদায়ের কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান সি এস

গথ্রি সাহেবের (Captain C. S. Guthrie,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫৫৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ৭ মার্চ।

শ্রীযুত টি ব্রুস সাহেব (Mr. T. Bruce,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮ সংখ্যক অর্থাৎ যশোহর এলাকার রাজস্বের কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি ব্রুস সাহেবের (Mr. T. Bruce,) না পঁহুছন পর্য্যন্ত শ্রীযুত বি জে কলবিন সাহেব (Mr. B. J. Colvin,) যশোহর এলাকার রাজস্বের কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মেদিনীপুরে দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই এস পিরর্সন সাহেব (Mr. E. S. Pearson,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার কালেক্টরীর ভার প্রাপ্ত হইবেন।

১৮৫১ সাল ১১ মার্চ।

শ্রীযুত এ আর ইয়ং সাহেব (Mr. A. R. Young,) বর্ত্তমান মাসের ৩ তারিখে ভাগলপুরের জরীপা কর্ম্মের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৫১ সাল ৮ মার্চ।

বালেশ্বরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সি বি চালমর্স সাহেব (Mr. C. B. Chalmers,) আগামি আপ্রিল মাসের ১ তারিখঅবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১০ মার্চ।

নদীয়ার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ মণ্ট্রেসর সাহেব (Mr. C. F. Montressor,) গত মাসের ২৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে কুড়ি দিনের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের সিবিল চিকিৎসক শ্রীযুত এ কীন সাহেব (Mr. A. Kean,) গত জানুআরি মাসের ২৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১১ মার্চ।

বাঁকুড়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেবের (Mr. A. W. Russell,) প্রতি অর্পণ করিয়া ছুটী বিষয়ক শুধরা বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

ছিলটের একটিং কালেক্টর শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr. M. A. G. Shawe,) গত জানুআরি মাসের ২৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ১১ মার্চ।

শ্রীযুত বাবু আনন্দরাম ফুকন গত মাসের ২১ তারিখে গওয়ালপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের সরআসিষ্টাণ্টের কর্ম্মের ভার গ্রহণ করেন।

শ্রীযুত ডবলিউ সি স্পেন্সর সাহেব ও শ্রীযুত পি মালকম সাহেব ও শ্রীযুত ডবলিউ এচ লো সাহেব ও শ্রীযুত আর মাণ্ডরসন সাহেব (Messrs. W. C. Spencer, P. Malcolm, W. H. Lowe and R. Manderson,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিল সম্পর্কীয় শিরিশ্‌তার মেম্বরী পদে নিযুক্ত হইয়া "ফাডিংটন" নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৫ তারিখে কলিকাতায় পঁহুছে।

শ্রীযুত জে এম লৌইস সাহেব (Mr. J. M. Lowis, বর্ত্তমান মাসের ৬ তারিখে চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্টের ভার গ্রহণ করেন।

১৮ সংখ্যক অর্থাৎ যশোহর এলাকার রাজস্বের কমিস্যনর শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) বর্ত্তমান মাসের ৮ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত বি জে কলবিন সাহেবের (Mr. B. J. Colvin,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ঘোষণাপত্র আদালতে ফৌজদারি জেলা পশ্চিমাংশ বর্দ্ধমান মোকাম বাকুড়ার বেটক শ্রীযুত টিঃ বিঃ মেকটীয়র সাহেব জাইণ্ট মাজিষ্ট্রেট সন ১৮৫১। ৫ মার্চ।

অত্র জেলার অধীনস্থ ২৩১ টা বড় ও ২৬ টা ছোট একুনে ৩০৭ টা সেগুয়ান বৃক্ষ বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীলশ্রীযুত ডিপুটী গবরনর জেনরল সাহেব বাহাদুরের আজ্ঞাক্রমে বর্ত্তমান সন ১৮৫১ সালের ৮ আপ্রিল মঙ্গলবার দিবসে এ স্থলের ফৌজদারী কাছারিতে নীলাম বিক্রয় হইবেক সেমতে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে এই এস্তাহার প্রচার করা যাইতেছে।

২ দফা। উক্ত বৃক্ষসকল ইং ১৮০৬ সালে রোপণ হইয়াছিল ঐ বড় রকম বৃক্ষসকলের মূলভাগ অর্থাৎ গুড়ির পরিমাণ গড়ে লম্বা ১০। ৫ ইঞ্চী ও বেড় অর্থাৎ মোটা ৩। ১০ ইঞ্চী।

৩ দফা। প্রকাশ করা যাইতেছে যে যেকেহ ঐ বৃক্ষ ক্রয়মানসে ফৌজদারী আদালতে দরখাস্ত করিবেক তাহারা ঐ বৃক্ষসকলের বিস্তারিত বিবরণ নিম্নের স্বাক্ষরকারি ব্যক্তি দ্বারা জ্ঞাত হইতে পারিবেক ঐ বৃক্ষসকল দ্বারিকাশ্বর ও গন্ধেশ্বরী নদীর তটেতে আছে বর্ষার কালে ঐ বৃক্ষআদি নৌকাযোগে কলিকাতা লইয়া যাইতে পারে বিক্রয়ের নিয়ম। প্রথম ঐ নীলামের দিবসে শতকরা ১৫৲ টাকা দাখিল করিতে হইবেক যদ্যপি নীলামের সমুদয় টাকা নিম্নের নির্দ্ধারিত নিয়ম মধ্যে দাখিল না করে তবে ঐ ১৫৲ টাকা সরকারে জব্দ হইবেক। দ্বিতীয় বৃক্ষের সমুদয় মূল্য সন ১৮৫১ সালের ৭ মেই তারিখের সূর্য্যাস্তের পূর্ব্বে না দিলে ছানি নীলাম হইবেক। তৃতীয় সন ১৮৫১ সালের ৭ মেই তারিখের পূর্ব্বে খরিদারগণ খরিদ করা বৃক্ষ কাটিয়া লইবেক তাহা না করিলে ঐ বিষয়ে যে টাকা দাখিল করিয়াছিল তাহা সরকারে জব্দ হইবেক। চতুর্থ ঐ বৃক্ষ সমস্ত এমতরূপে ছেদন করিয়া লইতে হইবেক যে পশ্চাৎ ছেদিত বৃক্ষের শিকড় উপাড়িয়া নদীর ধার না ভাঙ্গে ইতি।

শ্রীরামকৃষ্ণ মুখোপাধ্যায় নাজির। T. B. MACTIER, *Offg. Joint Magistrate.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ১৮ মার্চ।]

LAND ADVERTISEMENTS. | কৃষিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মহকুমা পাবনা।

এস্তেলানামা কাছারী ডিপুটী কালেক্টরী মহকুমা পাবনা।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাত চলিত সনের কিস্তি অগ্রহায়ণপর্য্যন্ত বাকী মালগুজারীর নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারীর ন্যায় আদায় করণের হুকুম আছে তদনুসারে সন ১৮৫১ সালের ২৫ মার্চ মোতাবেক সন ১২৫৭ সালের ১৩ চৈত্র মঙ্গলবার অত্র কালেক্টরীতে নীলামে ধরা যাইবেক এবং নিতান্তই বিক্রী হইবেক ইতি সন ১৮৫১ সাল তারিখ ৩ মার্চ মোতাবেক সন ১২৫৭ সাল তারিখ ২০ ফাল্গুণ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির মহালের রেজিষ্টরির নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালীকের নাম	সদর জমা সালিয়ানা	বাকী লাগাএদ অগ্রহায়ণ	মন্তব্য কথা।
১	এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৬৯৮	কিঃ খোর্দ মাহলীয়া পং নশরত সাহি	শম্ভুচন্দ্র রায়	১০৭৬	৫॥০	এই মহাল গত ২৭ জানুআরি নীলাম হইয়া ফিশ দাখিল হয় ঐ নীলামের ত্রিশ দিবসে খরিদার বক্রী মুল্য দাখিল না করাতে প্রকাশিত কানুনের ১৬ ধারা মোতাবেক পুনর্নীলামের দিবস নির্দ্দিষ্ট হইল ইতি।
১	ঐ	৯৬১	চর পাতুরিয়া পরগনে সিন্দুরী	কৃপানাথ রাজনাথ ভৈরবনাথ গোপীনাথ কেশবনাথ রামকুমার দীননাথ রায় দয়াময়ী দেব্যা তমিজদ্দীন খোন্দকার সেখ সোণাউল্লা মহিমাচন্দ্র রায়	৩৬ ।৶১১	১১ ।৶১১	ঐ

H. Ross, *Asst. Deputy Collector.*

জিলা চট্টগ্রাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা চট্টগ্রাম।

যেহেতুক সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের মর্মানুযায়ি নীচের লিখিত মহালাত বাকী খাজানা আদায়ের নিমিত্তে উক্ত আইনের ৬ দফামতে এস্তেহার দেওয়া যাইতেছে ঐ সকল মহাল ১৮৫১ ইঙ্গরেজীর ৩১ মার্চ মতাবেক সন ১২৫৭ বাঙ্গলা তারিখ ১৯ চৈত্র রোজ সোমবার জিলা মজকুরের কালেক্টরিতে নীলাম হইবেক ইতি সন ১৮৫১ ইঙ্গরেজী তারিখ ১০ মার্চ।

নম্বর রকম	মহালের রকম	মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদরজমা	বাকী খাজানা লাং ২৫ ফেব্রুআরি ১৮৫১ ইঙ্গরেজী	কৈফিয়ৎ
	কাএমি	১২৭	নীলাম বৈদ্যনাথ কানুনগো বাং তং ফরাদ হাএদর	বৈদ্যনাথ কানুনগো ও জাফর আলি সদাগর ...	১০৭৩৮/১	২৬৪॥/১	
		১২৮	নীলাম বৈদ্যনাথ কানুনগো বাং তং কানুরাম চৌধুরী কিংমরন	বৈদ্যনাথ কানুনগো	৭২০ ।১	৭২০ ।১	
		১৫৪	তং কার্ত্তিক রাম	ভৈরবচন্দ্র কর ও প্রতাপনারায়ণ	৫১১৬৶	১২৮৬৶	
		১৯১	তং ইনচ আইপ	দেওয়ানত আলী ও নওয়াজিস ও মনিরাম ও ফতেমাহাং ও মাহামুদ আপঝল ও আবুলহোচন ও ফতে আলী ও আমকর ও মাগণ ও ইধাগাজি ও আমরি ও গোলাম মোচন ও আবু ও মুজাফর ও আবদুল হামিদ ও সদারাম ও ছত্রনারায়ণ ও রামলোচন দাস ও রামপ্রসাদ দাস ও জয়গোপাল দত্ত ও এলাহ বক্স ও করিমবক্স ও ওারিস খাঁ ও এয়াস খাঁ ও আধু খাঁ ও আফঝল ও মলকা বিবি ও আনোয়ার খাঁ ও ফএজন্নেছা ও ছরফরাজ খাঁ ও টুনিরা বিবি ও হোচন বানু ও দৌলত বিবি ও মাহামুদ ছামেদ ও মাহামুদ আছাদ ও হাএদর আলী ও ছফর আলী ও আগবর আলী	১২৭২ ।/১	৩৩১ ।/০	
		৪০৫	তং মথুরানাথ	গুরুদাস পাল	১২৪ ।/৩	১০৮॥/১	
		৪৮৪	তং রাজকিশোর রায় চৌধুরী ...	শ্রীমতী আনন্দময়ী	৩৫২৸১	৮৮/১০	
		১১৯২	তং ফতে কান্দার	গৌরকিশোর	১৮॥৶০	১৪৲২	
	কায়মী	১৪৭৮	তং গোপালকৃষ্ণ	গোপালকৃষ্ণ	৪৪ ।/০	৩৩ ।১	
		১৭৪৪	তং ঝালামঘ	লালা প্রসন্নলাল	৩২॥৶৯	১২৸৯	
		১৭৭৬	তং কৃষ্ণরাধা	রামনারায়ণ	১৩॥৶৯	১১৸	
		১৯১০	তং মাহামুদ হাসিম	মাহামুদ হাসিম	৩১৸০	২৭॥১১	
		১৯৭৯	তং মহবুল্লা	লক্ষ্মীকান্ত দত্ত ও তিলকচন্দ্র	২৩৸৶৫	২৸৶১	
		২০০৩	তং মাহাং রাজা যোগীচান্দ	মাহাং রাজা যোগীচান্দ	১৩/৪	২৸০	

নম্বর রকম	মহালের রকম	মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী খাজানা লাং ২৪ ফেব্রুআরি ১৮৫১ ইঙ্গরেজী	কৈফিয়ৎ
		২১১৪	তং মজিদজাফর	লক্ষ্মীকান্ত	১০ ।/৬	২ ॥/২	
		২২৭৮	তালুক নওরোজির	আলিমদ্দীন	১১৩/৩	১২/৮	
		২৪১৩	তং রামপ্রসাদ রামলোচন	রামপ্রসাদ রামলোচন	৪০ ॥৯৩	১ ॥৮	
		২৪৯৯	তং রহমৎ পীছরে হাসিম	রহমত	১৬ ৷/০	১১৯৮	
		২৫৯০	তং রুমীদ মিয়ানী	মুজাফর ও মনু আবদুল মাহামুদ আলী ও ছিদালের	১২ ॥৯০	৩৲২	
		২৬৯৭	তং মাকিরজমা	বৈকুণ্ঠচরণ দাস	১১ ॥৯৩	৮ ।৯১০	
		১৬১	তালুক মাহামুদ নেওরাজ মুনশী ...	কাছিম আলী	১৪ ॥৯০	৭ ৷ ৬	
		১	তালুক শ্রীমতী লুচি দেবো আহালীএ কমলাকান্ত চক্রবর্ত্তী ও শ্রীমতী দুর্গা দেবো আহালীএ রাধাকান্ত	খোদেহ	১১৯/৩	২ ॥৶ ১	

E. LATOUR, *Offg. Collector.*

জিলা বেহার।

সংবাদ দেওয়া যাইতেছে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলা বেহারের নীচের লেখা ১২৫৮ সনের লাগাত কিস্তী কার্ত্তিক পাওন বাকী মালগুজারির নিমিত্তে ১৮৫১ সনের মার্চ মাসের ২৭ তারিখ মোতাবেক ১০ চৈত্র ১২৫৮ সন ফসলি রোজ বৃহস্পতিবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে ধরা গিয়া বিক্রয় হইবেক ইতি সন ১৮৫১ সাল তারিখ ১০ মার্চ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লেখা মালিক	সদর জমা	সন ১২৫৮ সনের লাগাদ কিস্তী ২৮ ডিসেম্বর ১৮৫০।	কৈফিয়ৎ।
১	চিরস্থ বন্দবস্তী মহাল	৫৯	কপসিয়া উরফ হরগাঁয়া পরগনে গোহ ...	রামনাথ শাহ ...	১৫০ ।৮৫	৯ ।৶৩	এ মহাল তারিখ ২৭ জানের তারিখে বিক্রয় হয় পরন্তু খরিদার নীলাম জর নীলামী টাকা না দেওয়াপ্রযুক্ত পুনরায় নীলাম হইবেক।

J. BROWN, *Deputy Collector in charge.*

NOTICE TO THE POTTAHDARS OF PUNCHANOGRAM.

Several complaints having been made to the Collector of holdings in Punchanogram, having been sold for arrears which have never been demanded from their occupants, the attention of the Pottahdars in general is called to the following Notification :

I. The Pottahdaree tenure under the Government Construction of the Law, brings the Holder under the Class of dependant Talookdars, who are bound under the provisions of Clause 8, Section 15, Regulation VII. of 1799, to register in the Cutcheree of the 24-Pergunnahs' Collectorate, all transfers of their holdings or of portions of them, by sale, gift or otherwise.

II. Inattention to this rule on the part of the Pottahdars, has caused the retention on the Collector's registers of the names of former holders, in whose names indeed in some cases the holdings have been sold for arrears.

III. All Holdings in arrear are liable to sale at the close of the year under Section 2, Regulation VIII. of 1835, and Section 25, Regulation VII. of 1799, on a 10 days' notice by advertisement at the Cutcherry of the Zillah Court, and that of the Collector. *No local advertisement is necessary.*

IV. The Tehsildar and Etmamdars of Punchanogram, have received strict orders to return their ground Rent Bills to the Collector, after one presentation, the date of the presentation and its result being certified on the back.

The Collector publishes this Notification with a view to showing absent and non-resident Pottahdars the risks attending disregard on their part to the registration law and neglect on that of their tenants to the discharge of their ground rents.

Collector's Cutcherry, 24-Pergunnahs, the 5th February, 1851. A. GROTE, *Offg. Collector.*

বিজ্ঞাপন।

যেহেতু পঞ্চান্ন গ্রামের মধ্যগত কএক হোলডিং অর্থাৎ ভূমি বাকী খাজানার নিমিত্তে নীলাম হওয়ায় তদ্বিষয়ে শ্রীযুক্ত কালেক্টর সাহেবের হুজুরে অনেক আপত্তি উপস্থিত হইয়াছে যে ঐ বাকী খাজানা ভূমির দখীলকার ব্যক্তির নিকট কেহ কখন চাহে নাই অতএব পঞ্চান্ন গ্রামের সমস্ত পাট্টাদারদিগের জ্ঞাতার্থে নীচের লিখিত বিষয় প্রচার করা যাইতেছে।

১ দফা। গবর্ণমেণ্ট কৃত আইনের ব্যাখ্যানুসারে পঞ্চান্ন গ্রামের পাট্টাদারগণ মফঃসলি তালুকদারের শ্রেণীভুক্ত হইয়াছে সুতরাং তাহারা আপন২ দখলি সমুদায় হোলডিং কিম্বা তাহার কিয়দংশ বিক্রয় অথবা দানইত্যাদি দ্বারা হস্তান্তর করিলে নূতন দখীলকার ব্যক্তির নাম সন ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৮ প্রকরণের বিধিক্রমে জেলা ২৪ পরগনার কালেক্টরী কাছারিতে রেজিষ্টরী করাইতে হইবেক।

২ দফা। উল্লিখিত নিয়মের পক্ষে পাট্টাদারদিগের অনবধানতাপ্রযুক্ত সাবেক দখীলকারাণের নাম কালেক্টরীর বহীতে এপর্য্যন্ত জারী আছে এবং কোন২ হোলডিং ঐ সাবেক নামেতে বাকী খাজানার নিমিত্তে নীলাম হইয়াছে।

৩ দফা। যে সনে যে কোন হোলডিঙ্গের খাজানা বাকী পড়িবেক সেই সনের সমাপ্তিতে উক্ত হোলডিং সন ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারা ও সন ১৮৩৫ সালের ৮ আইনের ২ ধারার বিধিমতে কালেক্টরী ও দেওয়ানী আদালতের কাছারীতে ১০ দিনের মেয়াদে ইশ্‌তাহার জারীপূর্ব্বক নীলাম হওনের যোগ্য হইবেক তাহাতে সরেজমিনে ইশ্‌তেহার দেওনের আবশ্যকতা নাই।

৪ দফা। পঞ্চান্ন গ্রামের তহশীলদার ও এতমামদারদিগের প্রতি এই দৃঢ় আদেশ করা গিয়াছে যে তাহারা ভূমির দখীলকার ব্যক্তির নিকট একবারমাত্র বিল দেখাইয়া খাজানা চাহিবেক তাহাতে বিলের টাকা না দিলে তদ্বিবরণ বিল দেখাওনের তারিখসুদ্ধে বিলের পৃষ্ঠে লিখিয়া কালেক্টর সাহেবের হুজুরে ফেরত পাঠাইবেক।

যে সকল পাট্টাদার অনুপস্থিত কিম্বা যাহারদিগের ভিন্ন স্থানে বাস তাহারা আপন২ নাম জারী করাওণপক্ষে তাচ্ছল্য ও তাহারদিগের অধীনস্থ প্রজাগণ খাজানা আদায় বিষয়ে গাফীলি করিলে কত ঝুঁকী আছে তাহা ঐ পাট্টাদারগণকে জ্ঞাত করণাভিপ্রায়ে কালেক্টর সাহেব এই বিজ্ঞাপন প্রকাশ করিলেন।

এ গ্রোট। একটিং কালেক্টর।

চব্বিশপরগনা। কালেক্টর সাহেবের কাছারী। ১৮৫১ সাল ৫ ফেব্রুআরি।

NOTICE.

It being in contemplation to translate into Ooryah, the Civil Guide, all the Legislative Enactments, Drafts of Acts, Construction of Laws by the Sudder Courts, Circular Orders of the Sudder Courts, and of the Board of Revenue, and generally of such other official documents as are at present published in the *Bengalee Gazette*, and may be required to be published in an *Ooryah Gazette*. Notice is hereby given, that tenders for the printing of the above in the Ooryah language, for a period of not less than one year, will be received at the office of the Commissioner of the 19th Division at Cuttack, up to the 1st April next, after which date, no tenders will be received.

Full information respecting the number of copies that will be required, and the general quantity of work, to be done, can be obtained on application to the Commissioner at Cuttack.

F. GOULDSBURY, *Commissioner.*

Office of Commissioner, 19th Division, the 17th February, 1851.

ইশ্‌তিহার।

সিবিল গাইড অর্থাৎ দেওয়ানী আইনের সংগ্রহ ও ব্যবস্থাপক কৌন্সেলের সকল আইন ও আইনের মুসাবিদা ও সদর আদালতের করা আইনের অর্থ ও সদর আদালতের ও সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডরপ্রভৃতি সরকারী যে সকল কাগজপত্র এইক্ষণে বাঙ্গলা গেজেটে হয় এবং উড়িয়া গেজেটে প্রকাশ করা আবশ্যক তাহা উড়িয়া ভাষায় তরজমা করণের কল্পনা আছে। অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যাঁহারা এক বৎসরের কম না হয় এমত কালপর্য্যন্ত উড়িয়া ভাষায় উক্ত সকল বিষয়ের ছাপা করণকার্য্য করিতে চাহেন তাঁহারদের প্রস্তাবপত্র আগামি আপ্রিল মাসের ১ তারিখপর্য্যন্ত কটকে ১৯ সংখ্যক এলাকার কমিস্যনর সাহেবের দপ্তরখানায় পাঠাইতে হইবেক। ঐ তারিখের পর কোন প্রস্তাবপত্র গ্রাহ্য হইবেক না।

যত কেতা ছাপাইতে হইবেক ও সাধারণমতে যেপর্য্যন্ত কার্য্য করিতে হইবেক তাহার বিস্তারিত সম্বাদ কটকের কমিস্যনর সাহেবের নিকটে দরখাস্ত হইলে জানা যাইতে পারিবেক।

এফ গুলস্‌বরি। কমিস্যনর

১৯ সংখ্যক এলাকার কমিস্যনরের দপ্তরখানা। ১৮৫১ সাল ১৭ ফেব্রুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ১৮ মার্চ।]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN LYALL the Elder and others, Insolvents.

On Saturday, the 1st day of March instant, upon an application of the Assignee in this matter, it was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 1,22,568-8-9, in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. Two and Four Annas per cent, (which will amount to the sum of Co.'s Rs. 89,534-14-9,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Assignee's Office, 12th March, 1851.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন জ্যেষ্ঠ জান লাইয়ল ও অন্যেরদের বিষয়ে

আসৈনী সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনী সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে ১,২২,৫৬৮॥৯ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপরে শতকরা ২৷ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বশুদ্ধ ৮৯,৫৩৪৸৴৯ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

আসৈনীর দফ্তরখানা।

১৮৫১ সাল ১২ মার্চ।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্তিহার।

রিসিবর আফিস।

মৃত মহারাজ রাজকৃষ্ণ বাহাদুরের ইস্টেটের জমীদারীদিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ২২ মার্চ শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিসফিট জেরেও সণ্ডস সাহেব তাঁহার আফিসে উপরোক্ত ইস্টেটের নীচের লিখিত জমীদারীদিগর ৪ খণ্ড করিয়া ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

১ খণ্ড।

জিলা ত্রিপুরা পরগনে গঙ্গামণ্ডল ওগয়রহ।

২ খণ্ড।

জিলা ২৪ পরগনার পরগনে মুড়াগাছা ও পরগনে হাতিয়াগড়দিগর মায় পনা ও রঘুনাথপুরের লাখেরাজ জমী ইস্তক বেহালা লাগাএত কুলপির রাস্তার দুই ধারের মহত্রাণ জমী মায় জলকর ও মৌজে পানিহাটী আগড়পাড়া ভবানীপুর ও নাটাগড় ও নাটাগড়ের বাগান ও আগড়পাড়ার হাট ও বাগান।

৩ খণ্ড।

জিলা ২৪ পরগনার কিসমত বারবাকপুরদিগর মায় গুর্দী মহল ও কিসমত বাজে শ্রীরামপুর ও জিলা হুগলির কিসমত বাঁশাই সম্যপাড়া মাহেন্দ্রপুর ও কিসমত বেণীপুর।

৪ খণ্ড।

শহর কলিকাতার তালুক সুতানুটি বাজার সুতানুটি মায় রাইয়তি জমী ও বাঁশতলাহাটার জমী চারলশ বাজার শ্যামবাজারের ও বাগবাজারের জায়গা ও কুলিমহল ধর্ম্মতলার ফিচেলওয়ালা জায়গা চাঁদনির জায়গা যোড়াসাঁকোর জায়গা ও শোভাবাজারে বৈঠকখানা মহলের জমী ও মনোহর মুখোপাধ্যায়ের মহলের বাটী ও জমী ও মাতা গোস্বামির জমী ও কাশীশঙ্কর নেউগির জমী ও রাধাবাজারের জায়গা ও তুলাবাজারের রাণীওয়ালা বাটী ও যোড়াবাগানের জমী ও হোগলকুড়্যার গোপীবাগানদিগরের জমী মায় জলকর ও ইটালির ও সিন্দুরেপটীর জায়গাদিগরের ও জিলা ২৪ পরগনার বরাহনগরের ও দক্ষিণেশ্বরের বাগান মায় রাইয়তি জমী ও মৌজে সিতি ও মৌজে চরপুর ও সাতগাছির ও দক্ষিণ রাড়ির জায়গা ও জিলা কৃষ্ণনগরের কাচড়াপাড়ার সন্নিকট মল্লিক বাগনামক জমী।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা সুপ্রিম কোর্ট হৌস তাং ২৫ ফেব্রুআরি ১৮৫১ সাল।

দারোগার কর্ম্মপ্রদর্শক গ্রন্থ।

শ্রী জান সি মার্শমন সাহেবকর্তৃক সংগৃহীত হইয়া বাঙ্গলা ভাষাতে প্রস্তুত হইয়াছে তাহাতে পোলীস সম্পর্কে স্বত্বাধিকারিরদের যাহা কর্ত্তব্য তাহাও প্রকাশ হইয়াছে। মূল্য ৮২ আট টাকা মাত্র।

[Government Gazette, 18th March, 1851.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 25, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ২৫ মার্চ।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 31ST JANUARY, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 31st of January 1851.

ACT NO. —— OF 1851.

To amend Act XX. 1841, for the administration of personal Estate of deceased persons.

For amendment and extension of the power to grant Certificates of Administration of the personal Estate of deceased persons under Act XX. 1841, It is enacted as follows :

I. In the case of disputes among persons, jointly entitled to be proprietors of any Securities of the British Indian Government, as the representatives of any deceased person, the District or Zillah Judge, whenever sufficient cause shall be shewn to him by any such persons, and on the request of such person, may grant a Certificate of Administration of the personal Estate of the deceased, so far as concerns the said Securities, according to Act XX. 1841, to such person as shall be from time to time appointed by the Governor of Bengal, and Governors of Madras and Bombay in Council respectively, to act as Trustee under this Act ; and shall specify in such Certificate the several persons appearing to him to be such proprietors ; and the said Trustee by virtue of such Certificate shall be entitled to receive and give discharges for the interest accruing due on such Securities, and shall account for and pay the sum to the several persons specified in the Certificate to be thereunto entitled, and shall be empowered to act in all other respects concerning the said Securities as Agent for such

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ৩১ জানুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ১৮৫১ সালের ৩১ জানুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

মৃত ব্যক্তিরদের অস্থাবর সম্পত্তির সরবরাহ করণার্থ ১৮৪১ সালের ২০ আইন সংশোধনের আইন।

১৮৪১ সালের ২০ আইনানুসারে মৃত ব্যক্তিরদের অস্থাবর সম্পত্তির সরবরাহের নিমিত্তে সর্টিফিকট দেওনের ক্ষমতার নিয়ম শুধরিবার ও বিস্তারিত করিবার জন্যে নীচের লিখিত মতে হুকুম হইল।

১ ধারা। কোন মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হওনপ্রযুক্ত যে ব্যক্তিরদের ভারতবর্ষের গবর্ণমেণ্টের সিকিউরিটি অর্থাৎ কোম্পানির কাগজের মালিক হইতে এজমালির স্বত্ব আছে এমত ব্যক্তিরদের মধ্যে বিরোধ হইলে এবং তাহারা জিলার জজ সাহেবকে উপযুক্ত কারণ দর্শাইয়া তাঁহার নিকটে দরখাস্ত করিলে যে ব্যক্তিকে ১৮৪১ সালের ২০ আইনানুসারে ট্রষ্টি হওনের জন্যে বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব এবং মান্দ্রাজের ও বোম্বাইর শ্রীযুত গবর্নর সাহেব হজুর কৌন্সেলে সময়ক্রমে নিযুক্ত করেন সেই ব্যক্তিকে ঐ জজ সাহেব ঐ কোম্পানির কাগজের সম্পর্কে মৃত ব্যক্তির অস্থাবর সম্পত্তির সরবরাহের সর্টিফিকট ঐ ১৮৪১ সালের ২০ আইনানুসারে দিতে পারেন। এবং যে নানা ব্যক্তি ঐ জজ সাহেবের বিবেচনায় ঐ কাগজের মালিক বোধ হয় তাহারদের নাম ঐ সর্টিফিকটের মধ্যে লিখিবেন। এবং ঐ ট্রষ্টি ঐ সর্টিফিকটের ক্ষমতানুসারে ঐ কোম্পানির কাগজের উপরে যে সুদ জমে তাহা লইতে এবং তাহার রসীদ দিতে পারিবেন এবং যে২ ব্যক্তির সেই সুদ পাওনের বিষয়ে ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট থাকে সেই নানা ব্যক্তিরদিগকে ঐ ট্রষ্টি সেই টাকার হিসাব বুঝাইয়া দিয়া তাহার টাকা দিবেন এবং উক্ত কোম্পানির কাগজের বিষয়ে অন্য সকল প্রকারে ঐ২ ব্যক্তিরদের জন্যে এজেণ্ট

persons ; and shall be entitled to the same rate of Commission upon all such transactions as is allowed to the Government Agent for the time being on the like transactions, as Agent of the public creditors of Government, by any regulations from time to time made by the Governor General of India in Council. Provided nevertheless that the right of any other person to recover the whole or any part of the monies so paid, by regular suit against all or any of the persons to whom the same have been paid, shall not be affected by this Act.

II. Every such Certificate, granted to the Trustee appointed under this Act, shall be taken to supersede and annul any previous Certificate given of a half or any other share in the said personal Estate, so far as concerns the said Securities.

III. A Certificate of Administration to personal Estate, granted by the highest Judicial Court in any Foreign State, or any district to which Act XX. 1841 does not extend and countersigned by the British Representative accredited to that State, or by the British Officer exercising the highest executive authority in such district, shall have the same effect, as regards Securities of the British Indian Government, as a Certificate granted to a native subject of the British Indian Government under the provisions of Act XX. 1841, as amended by this Act.

IV. This Act shall be construed with and as part of Act XX. 1841.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 30th day of April next.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of India.

অর্থাৎ মোখ্তারের ন্যায় কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইবেন। এবং সময়ক্রমে যিনি গবর্ণমেন্টের এজেন্ট হন তাঁহাকে সরকারের মহাজনের এজেন্টস্বরূপ ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সময়ক্রমে নির্দ্দিষ্ট কোন নিয়মের দ্বারা সেই প্রকার কার্য্যে যে কমিসান দেওয়া যায় ঐ ট্রষ্টি সেই প্রকার সকল কার্য্যের উপর সেই নিরিখমতে কমিসান পাইতে পারিবেন। কিন্তু* জানা কর্ত্তব্য যে যে সকল ব্যক্তি বা যে কোন ব্যক্তিকে ঐ টাকা দেওয়া গিয়াছে তাহারদের স্থানে সেইরূপ দেওয়া সমস্ত অথবা তাহার কিয়দংশ টাকা নম্বরী মোকদ্দমাক্রমে ফিরিয়া পাইতে অন্য যে কোন ব্যক্তির স্বত্ব থাকে তাহা এই আইনের দ্বারা হানি হইবেক না ইতি।

২ ধারা। উক্ত কোম্পানির কাগজের সম্পর্কে উক্ত অস্থাবর সম্পত্তির অর্দ্ধাংশ অথবা অন্য কোন অংশের জন্য পূর্ব্বে যে কোন সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহা এই আইনানুসারে নিযুক্ত ট্রষ্টিকে যে সর্টিফিকট দেওয়া যায় তাহার দ্বারা রদ ও বাতিল হইবেক ইতি।

৩ ধারা। ভিন্ন রাজার অধিকারের মধ্যে অথবা ১৮৪১ সালের ২০ আইন যে জিলার মধ্যে খাটে না সেই জিলার মধ্যে সর্ব্বাপেক্ষা উচ্চ আদালতের দ্বারা যদি অস্থাবর সম্পত্তির সরবরাহের সর্টিফিকট দেওয়া যায় এবং তাহা সেই রাজার দরবারে নিযুক্ত গবর্ণমেন্টের প্রতিনিধির দ্বারা অথবা ঐ জিলার মধ্যে গবর্ণমেন্টের যে সর্ব্বাপেক্ষা উচ্চ কার্য্যকারক থাকেন তাঁহার দ্বারা দস্তখৎ হয় তবে এই আইনের দ্বারা সংশোধিত ১৮৪১ সালের ২০ আইনের বিধির অনুসারে ব্রিটনীয় গবর্ণমেন্টের এতদ্দেশীয় প্রজাকে দেওয়া সর্টিফিকটের যে ফল হয় সেই ফল ভারতবর্ষের ব্রিটনীয় গবর্ণমেন্টের কোম্পানির কাগজের বিষয়ে হইবেক ইতি।

৪ ধারা। এই আইন ১৮৪১ সালের ২০ আইনের সঙ্গে এবং তাহার এক ভাগস্বরূপ অর্থ করিতে হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩০ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

No. 772.

To the Post Masters of the Bengal Presidency.

I have the honor to request that in bringing to account Fees that may be received by you for the special registration of letters,* recently sanctioned by Government, you will have the goodness to afford credit for the same under the head "Charges General of the General Department."

(Signed) W. MAPLES,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 28th February, 1851.

* See General Post Office Notice, dated 27th December, 1850, published in the *Calcutta Gazette.*

আক্কোটেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৭৭২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ডাকের অধ্যক্ষ সাহেব বরাবরেষু।

তোমাকে আদেশ করিতেছি যে গবর্ণমেন্ট সম্প্রতি যেরূপ চিঠীর বিশেষ রেজিষ্টরী * করণের অনুমতি দিয়াছেন সেই রেজিষ্টরীর জন্যে তোমার নিকটে যে রসুম পঁহুছে তাহা তুমি "সাধারণ সিরিশ্তার সাধারণ খরচ" এই খাতায় জমা করহ।

ডবলিউ মেপল্স।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট আক্কোন্টেন্ট।

ফোর্ট উলিয়ম আক্কোন্টেন্ট সাহেবের
দফতরখানা। জুডিসিয়ল ডিপার্টমেন্ট।
১৮৫১ সাল ২৮ ফেব্রুআরি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

* কলিকাতার গবর্ণমেন্ট গেজেটে প্রকাশিত ১৮৫০ সালের ২৭ ডিসেম্বর তারিখের জেনরল পোষ্ট আপিসের বিজ্ঞাপন দেখ।

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE.

[Continued from page 175.]

22nd. When the Jummabundee has been completed, Pottahs should be offered to the Ryots for a term suited to the circumstances of the Mehal, and subject to revision when a settlement may be made under Regulation VII. of 1822. Under peculiar circumstances, demanding consideration, leases may be given not liable to annulment by a detailed settlement. Thus, to a Ryot desirous of improving his tenure at his own cost, a lease should be given for such a term as will give the Ryot the full benefit of his outlay; should the preparation of the Jummabundee be in the hands of an inferior Officer, he must of course take the orders of his superior in such cases.

23rd. The Ryots' Pottahs, besides shewing the land and Jumma, should mention the instalments in which the rents are to be paid. The instalments should be regulated by the means and character of the Ryots, and the period of the chief harvests—being few, where the Ryots are men of substance, many, where they are poor; as a rule they should not be less than four, nor more than eight. When the cultivators are errant pykasht Ryots the crops must be held responsible for the rent. As enforcement of payment is unavoidable, it is better to enforce it by retaining the lien on the crop, than to imprison the Ryot after he has been allowed to take it away.

24th. Under favourable circumstances, the following Kistbundee is appropriate: The August or Srabun Kist, 3 annas, to be considered an arrear on the 1st September. The November or Kartick Kist, 4 annas, to be considered an arrear on the 1st December. The January or Pous Kist, 5 annas, to be considered an arrear on 1st February. The March or Phalgoon Kist, 4 annas, to be considered an arrear on 1st April; but a considerable discretion must be left to Collectors; for, not only is a Kistbundee suitable in one District inapplicable to another, but a Kistbundee convenient to the grower of one sort of crop is inconvenient to the grower of another sort.

25th. The Jummabundee being completed, the Officer should then ascertain the nature and quantity of the lands left unassessed, and, should they have been at any former period under cultivation, endeavour to ascertain why they were abandoned.

26th. Should there be any Village head-man of substance, it is desirable that an arrangement should be made with him for the collection of the Village rents, allowing him a percentage and the use of the waste lands for a period corresponding

সদর বোর্ড রেবিনিউর সরকুলর আর্ডর।

[১৭৫ পৃষ্ঠা হইতে চলিতেছে।]

২২। যখন জমাবন্দী সমাপ্ত হইয়াছে তখন মহালের অবস্থা বুঝিয়া যে মিয়াদ উপযুক্ত বোধ হয় সেই মিয়াদের জন্যে রাইয়তেরদিগকে পাট্টা দিবার প্রস্তাব করিতে হইবেক কিন্তু যখন ১৮২২ সালের ৭ আইনক্রমে বন্দোবস্ত করা যায় তখন ঐ পাট্টার সংশোধন হইতে পারিবেক। বিশেষ২ গতিকে এমত পাট্টা দেওয়া যাইতে পারে যে তাহা বিশেষ বন্দোবস্তের দ্বারা রদ হওনের যোগ্য হইবেক না কিন্তু তাহার বিষয়ে বিবেচনা করিতে হইবেক। যথা যদি রাইয়ত আপনার খরচেতে আপনার জুমি উত্তম করিতে চাহে তবে তাহাকে এমত দীর্ঘ মিয়াদের পাট্টা দিতে হইবেক যে ঐ রাইয়ত আপনার ব্যয়করা টাকার সম্পূর্ণ লাভ ভোগ করিতে পারিবেক। যদি জমাবন্দী প্রস্তুত করণের ভার কোন অধীন আমলার প্রতি অর্পণ হয় তবে তিনি সুতরাং এমত গতিকে যাঁহার অধীনে কর্ম্ম করিতেছেন তাঁহার স্থানে ঐ বিষয়ে হুকুম লইবেন।

২৩। রাইয়তেরদের পাট্টার মধ্যে জুমির পরিমাণ ও জমার সংখ্যা লিখিতে হইবেক এবং তদতিরিক্ত যে২ কিস্তীতে খাজানা দিতে হইবেক তাহাও নির্দ্দিষ্ট থাকিবেক। ঐ কিস্তী রাইয়তের সংস্থান ও আচার ব্যবহার ও প্রধান ফসলের সময় বুঝিয়া নিরূপণ করিতে হইবেক। যেখানে রাইয়ত যোত্রাপন্ন হয় সেই স্থলে কিস্তী অল্প যে স্থলে রাইয়ত নিস্ব সেই স্থলে কিস্তী অধিক করিতে হইবেক। সাধারণ এই নিয়ম করা উচিত যে চারি কিস্তীর কম না হয় আট কিস্তার অধিক না হয়। যখন কৃষকেরা ভ্রমণকারী পাইকস্তা রাইয়ত হয় তখন তাহারদের খাজানার জন্যে তাহারদের ফসল দায়ী জ্ঞান করিতে হইবেক। তাহারদের স্থানে প্রায় বলপূর্ব্বক খাজানা আদায় করিতে হইবেক অতএব রাইয়তকে সেই ফসল উঠাইয়া লইতে দেওয়া এবং তৎপরে তাহাকে কয়েদ করা অপেক্ষা ফসলের উপরে স্বত্ব রাখণের দ্বারা তাহার খাজানা আদায় করা শ্রেয় বোধ হয়।

২৪। সকল বিষয় শুভ হইলে এই২ কিস্তিবন্দী করা উচিত বোধ হয়। আগষ্ট অর্থাৎ শ্রাবণ মাসের কিস্তী ৩ আনা এবং তাহা ১ সেপ্টেম্বর তারিখে বাকী জ্ঞান হইবেক। নবেম্বর অর্থাৎ কার্ত্তিক মাসের কিস্তী ৪ আনা তাহা ১ ডিসেম্বর তারিখে বাকী জ্ঞান হইবেক। জানুআরি অর্থাৎ পৌষ মাসের কিস্তী ৫ আনা তাহা ১ ফেব্রুআরি তারিখে বাকী জ্ঞান হইবেক। মার্চ মাস অর্থাৎ ফাল্গুণ মাসের কিস্তী ৪ আনা তাহা আপ্রিল মাসের ১ তারিখে বাকী জ্ঞান হইবেক। কিন্তু কালেক্টর সাহেবেরদিগকে আপনারদের বিবেচনা মতে এই বিষয়ের ফেরফার করিতে অনেক ক্ষমতা দিতে হইবেক যেহেতুক যে প্রকার কিস্তিবন্দী এক জিলার জন্যে অতি উপযুক্ত তাহা অন্য জিলায় অতি অনুপযুক্ত হইবেক এবং যে প্রকার কিস্তিবন্দী এক প্রকার ফসলের সম্পর্কে উপযুক্ত তাহা অন্য প্রকার ফসলের কৃষকেরদের অতি অনিষ্ট হইবেক।

২৫। জমাবন্দী সমাপ্ত হইলে কর্ম্মকারকের উচিত যে যে ভূমির উপর কোন কর ধার্য্য হয় নাই তাহার রকম ও পরিমাণ নির্ণয় করেন এবং যদি ইহার পূর্ব্বে তাহাতে কোন কৃষি হইয়াছিল তবে কি নিমিত্তে তাহা ত্যাগ হইল তাহা নিশ্চয়রূপে অবগত হন।

২৬। যদ্যপি গ্রামের মধ্যে যোত্রাপন্ন কোন প্রধান ব্যক্তি থাকেন তবে ঐ গ্রামের খাজানা আদায় করণের বিষয়ে তাঁহার সঙ্গে কোন বন্দোবস্ত করা বাঞ্ছনীয়। তাহা হইলে তাঁহাকে ঐ খাজানার উপর শতকরা কমিসান দিতে হইবেক এবং রাইয়তেরদিগকে যে মিয়াদে পাট্টা দেওয়া

with the period of lease granted to the Ryots. Such an arrangement is usually very agreeable to the cultivators, and rents are, for the most part, procured with much greater punctuality in this way than through the instrumentality of Tehsildars. The percentage to be allowed to the head-man must depend on the character and means of the Ryots and the size of the tenures. If the Ryots are poor and each holds but little land, 20 per cent. may not be more than sufficient to cover the expense and risks in making collections; should the Ryots be persons of substance 2 per cent. may suffice. Should the head-man take the waste lands, a written bargain must be entered into with him regarding them. He should be allowed to hold the whole rent-free for a term, with an engagement, that on the expiration of the term, cultivation shall be measured and assessed at a rate agreed upon. Rules cannot be laid down suitable to all cases; but it should be always borne in mind, that in such arrangements the element most necessary is certainty a most careful record of liabilities—without which it is vain to hope that any one will enter upon improvements.

গিয়াছে সেই মিয়াদ অনুসারে তাঁহাকে পতিত ভূমির দখল করিতে অনুমতি দিতে হইবেক। এই প্রকার নিয়মেতে কৃষকেরা সামান্যতঃ অতিসন্তুষ্ট হয় এবং এই প্রকারে খাজানা নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে যেরূপ আদায় হয় সেইরূপে তহসীলদারের দ্বারা আদায় হইতে পারে না। গ্রামের প্রধান ব্যক্তিকে শতকরা যে টাকা দিতে হয় তাহা রাইয়তেরদের আচারব্যবহার ও যোত্র এবং ভূমির পরিমাণ দৃষ্টে নির্ণয় করিতে হইবেক। যদি রাইয়তেরা দরিদ্র হয় এবং প্রত্যেক জনের দখলে অল্প ভূমি থাকে তবে শতকরা ২০ টাকা করিয়া দিলে তাহারদের খরচ ও আদায় করণের ঝুঁকী অপেক্ষা অধিক হইবেক না। যদি রাইয়তেরা যোত্রাপন্ন হয় তবে শতকরা ২ টাকা দিলেও প্রচুর হইবেক। যদি গ্রামের প্রধান ব্যক্তি পতিত ভূমি লন তবে তাঁহার সঙ্গে তদ্বিষয়ে এক লিখিত বন্দোবস্ত করিতে হইবেক। তাঁহাকে সেই সমস্ত ভূমি নির্দ্দিষ্ট মিয়াদপর্য্যন্ত নিষ্করৰূপে দখল করিতে অনুমতি দিতে হইবেক কিন্তু তাঁহার সঙ্গে এমত করার থাকিবেক যে ঐ মিয়াদ পূর্ণ হইলে যত ভূমির কৃষি হইয়াছে তাহার জরীপ হইবেক এবং নির্দ্দিষ্ট হার অনুসারে তাহার কর ধার্য্য হইবেক। যে বিধি সমস্ত গতিকে খাটিবেক এমত বিধি নির্দ্দিষ্ট করা সাধ্য নহে কিন্তু ইহা সর্ব্বদা মনে রাখিতে হইবেক যে এই প্রকার যে সকল বন্দোবস্ত হয় তাহার প্রধান গুণ এই যে তাহা নিশ্চিত থাকে অর্থাৎ রাইয়তেরদের উপর যে ঝুঁকী আইসে তাহা অতি মনোযোগপূর্ব্বক লিখিয়া রাখা যায়। ইহা না হইলে এমত ভরসা হইতে পারে না যে কোন ব্যক্তি আপনার ভূমি উর্ব্বরা করিতে চেষ্টা করিবেক।

27th. In some Districts it may be necessary to take security from head-men thus entrusted with the management of a Village; in such case neighbouring head-men should be accepted as sureties. By this means three parties, all neighbours, are interested in each Village; they become so interwoven one with the other, that a Farmer cannot injure his neighbour without indirectly injuring himself. Such a system is a great check upon extravagant habits and misappropriation of rents. A Collector is certain to receive warning should a head man pursue a course likely to lead to embarrassment or injurious to the interests of the Village.

২৭। কোন২ জিলার মধ্যে গ্রামের যে প্রধান ব্যক্তির দিগকে গ্রামের এইরূপ সরবরাহ কার্য্য দেওয়া যায় তাঁহারদের স্থানে জামিন লইবার আবশ্যক হইবেক। এমত হইলে নিকটবর্ত্তি গ্রামস্থ প্রধান ব্যক্তিরদিগকে জামিন লওয়া উচিত। ইহা হইলে প্রত্যেক গ্রামের লাভ লোকশানের বিষয়ে পরস্পর প্রতিবাসী তিন জন লিপ্ত হইবেক এবং তাহারা এইরূপে পরস্পর সকলই সংলগ্ন হয় যে ইজারদার যদি আপনার প্রতিবাসির ক্ষতি করে তবে তাহাতে কাযে২ আপনার ক্ষতি হইবেক। এইরূপ নিয়মেতে অপরিমিত ব্যয়ের ব্যবহার এবং খাজানা তসরুফের অতি প্রতিবন্ধক হইবেক। যদি কোন প্রধান ব্যক্তি এমত কার্য্যেতে প্রবিষ্ট হন যে তাহাতে সকল গ্রামের বিঘ্ন অথবা ক্ষতি হইবার সম্ভাবনা আছে তবে তাহার বিষয়ে কালেক্টর সাহেবকে অবশ্য দিন থাকিতে সম্বাদ দেওয়া যাইবেক।

28th. When a Village may be thus taken in farm by a head-man, no further interference can be necessary during the term of his lease. There will be no occasion to demand any papers from him. The Pottahs given to the Ryots will be their defence against any extortion.

২৮। যখন কোন গ্রাম এইরূপে গ্রামস্থ কোন প্রধান ব্যক্তিকে ইজারা করিয়া দেওয়া যায় তখন তাঁহার ইজারার মিয়াদপর্য্যন্ত সেই বিষয়ে আর কোন হস্তক্ষেপণের আবশ্যক হইবেক না। তাঁহার স্থানে কোন কাগজপত্রের দাওয়া করিবার প্রয়োজন নাই। রাইয়তেরদিগকে যে পাট্টা দেওয়া গিয়াছে তাহাতে ঐ প্রধান ব্যক্তির অন্যায়রূপে তাহারদের স্থানে টাকা লওনের বিলক্ষণ বাধা হইবেক।

• 29th. On a Ryot leaving the Village, or dying without heirs, the farming head-man will be at liberty to make such arrangement for the land, subject to revision by the Collector on the expiration of his lease, as he may consider most conducive to his own interests. The farming head men should be bound to deliver to the Collector, on the expiration of their leases, a statement, shewing

২৯। যখন কোন রাইয়ত গ্রাম ত্যাগ করিয়া যায় বা উত্তরাধিকারি না রাখিয়া মরিয়া যান তখন যে প্রধান ব্যক্তি ইজারা লইয়াছেন তিনি যাহাতে আপনার উপকার বোধ হয় এমতে সেই ভূমির বিষয়ে কোন বন্দোবস্ত করিতে পারিবেন। কিন্তু তাঁহার ইজারার শেষ হইলে কালেক্টর সাহেব সেই বন্দোবস্ত শুধরাইতে পারিবেন। যে প্রধান ব্যক্তিরদিগকে ইজারা দেওয়া গিয়াছে তাঁহারদের প্রতি এই নিয়ম থাকিবেক যে তাঁহারদের ইজারার শেষ হইলে তাঁহারা কালেক্টর সাহেবকে এক কৈফিয়ৎ দিবেন এবং তাহার মধ্যে আপনারদের ইজারার শেষ হওনের

the alterations in the Jummabundees as they stood when their leases expired.

30th. It is to be understood, that an arrangement of this sort is not to be forced on the people if they appear to be opposed to it. If, as has been found to be the case in some localities, payment direct to the Collector is regarded as a valuable privilege, it is not desirable to oppose the Ryots' wishes for two good reasons. They have a right to ask for consideration of reasonable prejudices, and a new system, introduced in opposition to their wishes would, in all probability, fail. The arrangements with the head-men should be such as to leave the Settlement Officer who may hereafter conduct a detailed settlement under Regulation VII. of 1822, at liberty to introduce any system of management he may think proper, but as, when there are no prejudices against farming by Villages, it has been found conducive to the well being of the cultivators and to the increase of cultivation, its adoption by the Settlement Officer is desirable.

31st. In Villages actually held Hustabood, a revision of the Jummabundee will be necessary each year, and as Ryots oftentimes cultivate more than they have engaged to hold, annual adjustments of the Jummabundee for the *year past* are in some parts necessary. These operations may well be conducted simultaneously in the months of Phalgoon and Jeyt. Separate papers must be prepared, one showing Ryotwarree, the land and Jumma of the Ryot's engagement, the land he actually tilled and the Jumma demandable from him, the other showing the land each Ryot engages to till for the ensuing year and the Jumma he engages to pay ; when the Jummabundee remains unaltered, of course no new engagements are necessary, but when alterations are allowed, whether for increase or decrease, new engagements should be interchanged.

32nd. Successful Hustabood management depends entirely on the timely and correct preparation of these papers. They should be provided regularly on or before the 15th Bysack of each year ; earlier, if it be found practicable. The accuracy of these returns should occasionally be very carefully tested, and measurements be resorted to, • should there be reason to suppose imposition has been practised or attempted. Where Khas management is extensive, however confident the Collector may be of the correctness of the papers furnished by his subordinate Officers, each year two or three Mehals should be selected, and the correctness of the papers ascertained by a strict scrutiny on the ground. When Mehals, which have been measured and assessed under Regulation VII. of 1822, may come under Khas management, the papers of the settlement will of course be made the foundation of the Khas rental, but even in such cases, though two or three years only may

• [*Government Gazette*, 25*th March*, 1851.]

সময়ে জমাবন্দীর যে ফেরফার হইয়াছিল তাহা লেখা থাকিবেক।

৩০। কিন্তু ইহা জ্ঞান করিতে হইবেক যে এই প্রকার নিয়মে যদি প্রজারা সন্তুষ্ট নহে দৃষ্ট হয় তবে বলপূর্ব্বক তাহারদের প্রতি এই প্রকার নিয়ম করিতে হইবেক না। কোন২ স্থানে দৃষ্ট হইয়াছে যে খাজানা একেবারে কালেক্টর সাহেবের নিকটে দাখিল করণ প্রজারা অত্যন্ত অনুগ্রহের ন্যায় জ্ঞান করে যদ্যপি এমত হয় তবে রাইয়তেরদের ঐ ইচ্ছার বিরুদ্ধে কর্ম্ম না করণের দুই উত্তম কারণ আছে। তাহারদের যুক্তিসহ যে আপত্তি থাকে তাহা অবশ্য বিবেচনা করিতে হইবেক এবং তাহারদের অনিচ্ছায় কোন নূতন নিয়ম স্থাপন করিলে তাহা নিষ্ফল হইবার সম্ভাবনা আছে। গ্রামের প্রধান২ ব্যক্তিরদের সঙ্গে এমত নিয়ম করিতে হইবেক যে ১৮২২ সালের ৭ আইনানুসারে বন্দোবস্তকারী আমলা তৎপরে যে বিশেষ বন্দোবস্ত করেন সে আমলা যে কোন প্রকার নিয়মে সরবরাহ উচিত বোধ করেন তাহা নির্দ্দিষ্ট করিতে পারেন। কিন্তু যখন গ্রাম২ ইজারা করিয়া দেওন বিষয়ে কোন আপত্তি নাই তখন দৃষ্ট হইয়াছে যে সেই প্রকার নিয়মেতে যেমন কৃষকেরদের মঙ্গল আছে তেমনি চাস কর্ম্মেরও বৃদ্ধি হয় অতএব গবর্ণমেণ্টের ইচ্ছা আছে যে বন্দোবস্তকারী আমলা সেই প্রকার কর্ম্ম করেন।

৩১। যে২ মৌজায় হস্তবুদের নিয়ম ধার্য্য আছে সেই২ মৌজায় প্রতি বৎসরে জমাবন্দীর সংশোধন করণের আবশ্যক হইবেক এবং রাইয়তেরা যে জমী দখল করিতে বন্দোবস্ত করিয়াছে কখন২ তদপেক্ষা অধিক জমীর কৃষি করে অতএব কোন২ স্থানে পূর্ব্ব বৎসরের জমাবন্দীর বার্ষিক মোকাবিলা করিতে হইবেক। এই২ কার্য্য একিকালে ফাল্গুণ ও জ্যৈষ্ঠ মাসে নির্ব্বাহ করিলে ভাল হয়। স্বতন্ত্র২ কাগজপত্র প্রস্তুত করিতে হইবেক। এক কাগজে রাইয়তওয়ারীরূপে রাইয়তেরদের বন্দোবস্তেতে কত জমী ও কত জমা লেখা ছিল এবং সেই ব্যক্তি কত ভূমি নিতান্ত কৃষি করিল এবং তাহার স্থানে কত জমার দাওয়া হইতে পারে এই সকল লেখা থাকিবেক। অপর কাগজে আগামি বৎসরের জন্যে প্রত্যেক রাইয়ত কত ভূমি কৃষি করিতে এবং কত জমা দিতে অঙ্গীকার করে তাহা লেখা থাকিবেক। যখন জমাবন্দীতে কোন ফেরফার না হয় তখন সুতরাং কোন নূতন বন্দোবস্তের আবশ্যক নাই। কিন্তু যখন কোন ফেরফার হয় এবং তাহার জমার কিঞ্চিৎ বেশী বা কম হয় তখন তাহাকে নূতন পাট্টা দিতে হইবেক ও তাহার স্থানহইতে নূতন কবুলিয়ৎ লইতে হইবেক।

৩২। এই সকল কাগজ পত্র সময়মতে এবং ঠিকরূপে প্রস্তুত না করিলে হস্তবুদের নিয়মেতে সরবরাহ কার্য্যের কোন ফল হইবেক না। প্রতিবৎসরে ১৫ বৈশাখ তারিখে বা তাহার পূর্ব্বে ঐ কাগজপত্র নিয়মমত প্রস্তুত করিতে হইবেক এবং সাধ্য হইলে তাহা অপেক্ষা শীঘ্র প্রস্তুত করিতে হইবেক। মধ্যে২ ঐ সকল কৈফিয়ৎ যথার্থ কি না ইহা অতি মনোযোগপূর্ব্বক পরীক্ষা করিতে হইবেক এবং যদ্যপি এমত বোধ হয় যে কোন প্রতারণা করা গিয়াছে বা করণের উদ্যোগ হইয়াছে তখন ভূমির জরীপ করিতে হইবেক। যেখানে অনেক মহাল খাস তহসীলে আছে সেই স্থানে কালেক্টর সাহেব যদ্যপি আপনার অধীন আমলারদের প্রস্তুত করা কাগজের যথার্থতা বিষয়ে কোন সন্দেহ না করেন তথাপি প্রতিবৎসরে দুই অথবা তিন মহাল বাচনি করিয়া সরে জমীনে অতি শক্ত তদারক করণের দ্বারা ঐ কাগজের যথার্থতা বিষয়ের নির্ণয় করিতে হইবেক। যে মহাল ১৮২২ সালের ৭ আইনানুসারে জরীপ হইয়াছে ও তাহার খাজানা ধার্য্য হইয়াছে সেই মহাল যখন খাস তহসীলে আইসে তখন বন্দোবস্তের কাগজপত্র সুতরাং খাসের জমার মূল জ্ঞান হইবেক কিন্তু এমত গতিকেও

have intervened since the settlement, so rapid are oftentimes the changes, enquiry Village by Village will be for the most part necessary, in order to the adjustment of each Ryot's responsibility. No measurements or investigations respecting rates will be necessary ; simply the changes will be traced and engagements interchange in conformity thereto.

33rd. It is provided in Section 23 of these Rules, that the Pottahs of the tenants shall mention the kists or instalments in which the rent is to be paid. Rent not paid on or before the day on which the instalment is due, is an arrear of Revenue. It is usual, and it is desirable, when the Ryots are persons of any substance, to allow a few days for payment before having recourse to compulsion. As a rule 10 days should be allowed before process to compel payment is issued.

34th. Compulsory process being resolved on, it is open to the Collector to proceed by summary suit under Section 15, Regulation VII. of 1799, by distraint under Regulation XVII. of 1793, or by requisition, attachment of tenure and arrest of the person of the defaulter, under Section 25, Regulation VII. of 1799.

35th. The most approved system is to issue a written demand by a peon, but instead of deputing a peon with a demand on each defaulter, one peon should be deputed to a Village with a list of the names of those in balance, and his subsistence money should be levied ratably on all with reference to the amount of balance due from each.

36th. Should the tenants in arrear not liquidate the balances within the period allowed in the requisition, Dustucks for the apprehension of the defaulters should be issued, and it is competent to the Collector at the same time to attach their tenures, but that is a proceeding to be avoided ; it very seldom is of much avail in procuring liquidation of the balance, and oftentimes is productive of embarrassing litigation. In dealing with mere Ryots, it is desirable not to interfere with their possession, till it becomes necessary to displace them.

37th. It is not unusual for Collectors, should the arrear not be liquidated by means of Dustucks, issued under Section 25, Regulation VII. of 1799, to cause their Nazirs to attach and sell the personal property of defaulting Ryots at all times, but there is no authority in law for this proceeding. When a Collector has made election of process under Section 25, Regulation VII. of 1799, in *preference to distraint,* he must adhere to the rules of Section 23 therein referred to, as modified by later enactments. That is to say, he will bring a defaulter's land to sale, under Act I. of 1845, at any quarterly sale, with due observance of the rules

যদ্যপি বন্দোবস্ত হওনের পর কেবল দুই বা তিন বৎসর গত হইয়াছে তথাপি এমত শীঘ্র তাবৎ বিষয়ের পরিবর্ত্তন হইয়া থাকে যে প্রত্যেক জন রাইয়তের উপর খাজানার কি ঝুঁকী আছে তাহা নির্দ্ধার্য্য করণের জন্যে প্রায় মৌজাওয়ারী নূতন তদারক করিতে হইবেক। তাহা হইলে কোন নূতন জরীপ বা জমার হারের বিষয়ে কোন তদারক করণের আবশ্যক হইবেক না। কেবল যেং ফেরফার হইয়াছে তাহার অনুসন্ধান করিতে হইবেক এবং তদনুসারে নূতন পাট্টা দিতে ও কবুলিয়ৎ লইতে হইবেক।

৩৩। এই২ বিধানের ২৩ ধারাতে হুকুম আছে যে খাজানা যেং কিস্তীতে দেওয়া যাইবেক তাহা রাইয়তেরদের পাট্টাতে লিখিতে হইবেক। যে দিবসে কোন কিস্তী দেয় হয় সেই দিবসে বা তাহার পূর্ব্বে ঐ খাজানা না দেওয়া গেলে তাহা রাজস্বের বাকীর ন্যায় জ্ঞান হইবে। যখন রাইয়তেরদের কিছু সংস্থান থাকে তখন বলপূর্ব্বক খাজানা আদায় করণের পূর্ব্বে তাহারদিগকে টাকা দাখিল করিবার অনুগ্রহ করিয়া অধিক কএক দিবস মিয়াদ দিবার ব্যবহার আছে এবং তাহা শ্রেয়। সামান্যতঃ বলপূর্ব্বক খাজানা আদায় করণের পূর্ব্বে দশ দিন মিয়াদ তাহারদিগকে দেওয়া বিহিত।

৩৪। যখন বলপূর্ব্বক খাজানা আদায় করা স্থির হইয়াছে তখন কালেক্টর সাহেব আপনার ইচ্ছামতে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারানুসারে সরাসরী নালিশ করিতে পারেন অথবা ১৭৯৩ সালের ১৭ আইনানুসারে ক্রোক করিতে পারেন অথবা ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারানুসারে খাজানা তলব করিতে ও ভূমি ক্রোক করিতে এবং বাকীদারকে কয়েদ করিতে পারেন।

৩৫। সর্ব্বাপেক্ষা উপযুক্ত নিয়ম এই যে একখান দাওয়ার লিপি এক পেয়াদার দ্বারা জারী করা যায় কিন্তু প্রত্যেক বাকীদারের উপরে এক পেয়াদার দ্বারা একং দাওয়া জারী না করিয়া বরং ইহা উচিত হয় যে এক জনমাত্র পেয়াদাকে গ্রামের মধ্যে পাঠান যায় এবং বাকীদারেরদের নামের এক ফর্দ্দ ঐ পেয়াদাকে দেওয়া যায় এবং প্রত্যেক ব্যক্তির স্থানে যত খাজানা বাকী আছে তাহার অনুসারে অংশাংশমতে ঐ পেয়াদার খরচ বাকীদারেরদের স্থানে আদায় করা যায়।

৩৬। ঐ দাওয়াতে যে মিয়াদ নির্দ্দিষ্ট আছে সেই মিয়াদের মধ্যে যদি রাইয়তেরা আপনং বাকী টাকা পরিশোধ না করে তবে ঐ বাকীদারেরদের গ্রেফ্তার করণার্থে দস্তক জারী করিতে হইবেক এবং কালেক্টর সাহেবের ক্ষমতা আছে যে তৎসমকালে তাহারদের ভূমি ক্রোক করেন কিন্তু এমত না করা ভাল। প্রায় কখন ক্রোক করণেতে বাকী টাকা পরিশোধ হয় না এবং কখনং তাহাতে অতিবিরক্তিজনক বিবাদ ঘটে। যাহারা শুদ্ধ রাইয়ত তাহারদের সঙ্গে কর্ম্ম করিতে হইলে এই শ্রেষ্ঠ নিয়ম বোধ হয় যে তাহারদিগকে যাবৎ বেদখল করণের আবশ্যক দৃষ্ট না হয় তাবৎ তাহারদের দখলের বিষয়ে হস্তক্ষেপ না করা যায়।

৩৭। ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারার দ্বারা জারীহওয়া দস্তকের দ্বারা যখন বাকী টাকা আদায় না হয় তখন কোনং কালেক্টরেরা বাকীদার রাইয়তেরদের অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিতে নাজিরেরদিগকে সকল সময়ে হুকুম দেন কিন্তু এমত কার্য্য করিতে আইনে কোন হুকুম নাই। যখন কালেক্টর সাহেব ক্রোক না করিয়া ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারানুসারে কার্য্য করিতে স্থির করেন তখন তাহার মধ্যে যে ২৩ ধারার বিধানের বিষয় উল্লেখ হইয়াছে সেই বিধান ও তৎপরের আইনের দ্বারা সেই বিধানের যেরূপ মতান্তর হইয়াছে ঠিক তদনুসারে তাঁহার কার্য্য করিতে হইবেক অর্থাৎ ১৮৪৫ সালের ১ আইনানুসারে কোন ত্রৈমাসিক নীলামের সময়ে বাকীদারের ভূমির

of that law, and he will sell his shikmee tenures, or other personal property, and his chattels, observing the Rules of Act VIII. of 1835.

38th. Should an arrear remain due at the close of the year, if the defaulter be a mere Ryot having no transferable interest in the soil, he may be summarily ousted and his lands given to another; but if he have a transferable interest, that interest should be brought to sale under Act VIII. of 1835.

39th. The above Rules respecting Ryots are also applicable to Talookdars and Renters of other denominations. Under Section 25, Regulation VII. of 1799, the same process is applicable to Ryots, Jotedars, dependant Talookdars, under-farmers or other descriptions of under-tenants. As with Ryots care must be taken to observe the necessary distinction between those who have and those who have not an interest transferable by sale. If recovery of arrear by distraint, under Regulation XVII. of 1793, instead of by the process above detailed, is considered more suitable to the condition of the under-tenants, and it certainly is more suitable when Ryots are paupers having little if any thing besides their crops, due authority to that end must be given to the Tuhseeldars or other Officer entrusted with the duty of collection. It is not unusual for Collectors to authorize Tuhseeldars and Nazirs to distrain and to sell the distrained property themselves, and the practice of many years may be held to have given the sanction of law to the system, but it is more regular that the Nazir, Tuhseeldar or other Agent, duly authorized under Section 19, Regulation VII. of 1799, having distrained with observance of the Rules of Regulations XVII. of 1793 and VII. of 1799, should apply for sale to the Sale Commissioner of the Pergunnah appointed under Act I. of 1839.

40th. The foregoing Rules will not be considered applicable to Talookdars holding Putnee Tenures of the nature described in Regulation VIII. of 1819. No other process should be resorted to for the realization of the rents of such tenants than sale, twice a year, under the Regulation above mentioned, and it behoves the Collector to observe strictly the proceeding prescribed by the law, as any irregularity, or the least deviation from the Rules laid down, renders the sale liable to reversal by the Courts. Though process against Putnee Talookdars, under Regulation VII. of 1799 is legal, the simple and certain process of Regulation VIII. of 1819 is far preferable.

41st. Finally, all Officers engaged in the management of Mehals held Khas, should bear in mind the necessity of never allowing an arrear to

[*Government Gazette, 25th March,* 1851.]

নীলাম করিবেন এবং সেই আইমের বিধি উপযুক্তমতে প্রতিপালন করিবেন এবং ১৮৩৫ সালের ৮ আইনের বিধিতে দৃষ্টি রাখিনা রাইয়তের সিকমী ভূমি অথবা অন্য অস্থাবর সম্পত্তি ও মাল নীলাম করিবেন।

৩৮। যদি বৎসরের শেষে কোন খাজানা বাকী থাকে এবং যদি বাকীদার সুদ্ধ রাইয়ত হয় এবং যদি ভূমিতে তাহার কোন হস্তান্তর হওন যোগ্য স্বত্ব না থাকে তবে তাহাকে সরাসরী মতে বেদখল করা যাইতে পারে ও তাহার ভূমি অন্যকে দেওয়া যাইতে পারে। কিন্তু যদি সেই ভূমিতে তাহার হস্তান্তর করণের যোগ্য কোন স্বত্ব থাকে তবে সেই স্বত্ব ১৮৩৫ সালের ৮ আইনানুসারে নীলাম করিতে হইবেক।

৩৯। রাইয়তেরদের বিষয়ে উক্ত বিধান তালুকদার এবং অন্যান্য প্রকার খাজানা দেওনিয়ারদের বিষয়ে খাটে। ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারানুসারে রাইয়ত ও যোতদার ও মফস্বলী তালুকদার বা ইজারদার বা অন্যান্য প্রকার রাইয়তেরদের বিষয়ে একই প্রকার হুকুম খাটে। রাইয়তেরদের বিষয়ে যেরূপ সাবধান হইতে হইবেক সেইরূপ তালুকদারপ্রভৃতির বিষয়েও হইতে হইবেক অর্থাৎ ঐ ভূমিতে যে স্বত্ব নীলামের দ্বারা হস্তান্তর হইতে পারে এমত স্বত্ব যাহার আছে ও যাহার নাই এই উভয় প্রকার ব্যক্তিরদের যথোচিত প্রভেদ করিতে হইবেক। যদি রাইয়তেরদের অবস্থা বিবেচনায় পূর্ব্বোক্ত মতে কার্য্য না করিয়া বরং ১৭৯৩ সালের ১৭ আইনানুসারে ক্রোকের দ্বারা বাকী টাকা আদায় করা শ্রেয় বোধ হয় তবে এতদর্থ তহসীলদারকে অথবা অন্য যে আমলার প্রতি খাজানা আদায় করণের ভার আছে তাহারদিগকে রীতিমত ক্ষমতা দিতে হইবেক। এবং যে রাইয়তেরা নিস্ব এবং যাহারদের আপন২ ফসল বিনা আর কিছু বিষয় নাই তাহারদের প্রতি ক্রোকের দ্বারা বাকী আদায় করা অবশ্য শ্রেয় বোধ হয়। কোন২ কালেক্টর সাহেবেরা তহসীলদার ও নাজিরেরদিগকে ক্রোক করিতে এবং ক্রোকী মাল তাহারদিগকেই নীলাম করিতে ক্ষমতা দিয়া থাকেন এবং এই ব্যবহার অনেক বৎসরাবধি চলিয়া আসিতেছে অতএব তাহা এক প্রকার আইন সিদ্ধ বোধ হইতে পারে। কিন্তু তদপেক্ষা ধারাবাহিক ব্যবহার এই যে নাজির অথবা তহসীলদার অথবা অন্য যে ব্যক্তি ১৭৯৯ সালের ৭ আইনের ১৯ ধারানুসারে রীতিমতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তিনি ১৭৯৩ সালের ১৭ আইন এবং ১৭৯৯ সালের ৭ আইনের বিধানমতে মাল ক্রোক করিলে পর ১৮৩৯ সালের ১ আইনানুসারে নিযুক্ত পরগনার ফরোস আমীনের নিকটে তাহার নীলাম করণের দরখাস্ত করিবেন।

৪০। যে তালুকদারেরা ১৮১৯ সালের ৮ আইনের নির্দ্দিষ্ট প্রকার পত্তনি তালুক দখল করিতেছেন তাঁহারদের বিষয়ে পূর্ব্বোক্ত বিধান খাটিবেক না। এমত পত্তনিদারেরদের স্থানে খাজানা আদায় করণের জন্যে উক্ত আইনানুসারে বৎসরের মধ্যে দুইবার পত্তনি তালুক নীলাম করণ ভিন্ন আর কোন নিয়মানুসারে কার্য্য করিতে হইবেক না। এবং কালেক্টর সাহেবের উচিত যে ঐ আইনের নির্দ্দিষ্ট বিধানানুসারে অবিকল কার্য্য করেন যেহেতুক ঐ আইনের নির্দ্দিষ্ট বিধানের কিঞ্চিৎ মাত্র ব্যতিক্রম হইলে দেওয়ানী আদালতে ঐ নীলাম অসিদ্ধ হওনের যোগ্য হয়। যদ্যপি ১৭৯৯ সালের ৭ আইনানুযায়ি পত্তনি তালুকদারের বিরুদ্ধে হুকুম জারী করা আইন সিদ্ধ বটে তথাপি ১৮১৯ সালের ৮ আইনের অতি সহজ ও নিশ্চিত হুকুমানুসারে কার্য্য করা অধিক শ্রেয়।

৪১। পরিশেষে খাস মহালের সরবরাহকার সকল আমলারদের ইহা স্মরণে রাখিতে হইবেক যে যে তারিখঅবধি কোন বাকী টাকা দেয় হইল সেই তারিখঅবধি

remain outstanding more than one complete year from the date on which it became due, as such balances cannot be recovered by any summary process whatever ; for the realization of such arrears recourse must be had to the Civil Courts. Thus the rents of one year cannot be allowed to remain oustanding till the close of the succeeding year, but each kist for 12 months only. Thus, should the Bysack kist of 1256 be outstanding on the 1st Jeyt 1257, and should no process for its recovery have been actually commenced, it could be procured only by means of a suit in Court.

42nd. It is to be understood that it is not intended by these rules to countenance Khas management or to supersede the orders, which have from time to time been issued, inculcating the completion of farming arrangements for Estates the property of Government, but, as it is found impracticable to dispense entirely with Khas management, it is deemed desirable that the same principles of management should be observed in all the Districts under the Board, as far as local peculiarities will admit of uniformity, and, to that end, this Manual has been prepared.

43rd. These rules are prescribed for Khas Mehals, the property of Government, the same principles of management will be observed in other Mehals that may come under Khas management so far as they may be applicable.

44th. Neither is it intended by these rules to discountenance summary settlement, pending settlement under Regulation VII. of 1822, but unless there are peculiar circumstances which justify a different course, it is always desirable to ascertain the resources of a Mehal by the preparation of a Jummabundee before giving it in farm.

45th. When there is a party having a right of settlement, a summary settlement should never be made by offering the Mehal to public competition. It cannot be just to place a party having a title to settlement on the same footing with parties having no title.

46th. In conducting the summary settlement of a Mehal in which there are two or more sharers, the provisions of Clauses 3 to 6, Section 10, Regulation VII. of 1822, should be observed.

47th. At summary settlement, proprietors, entitled to a half jumma settlement, should be allowed 50 per cent. on the Jummabundee ; others, entitled to settlement, but not to half jumma, should receive 30 per cent. ; and farmers 20 per cent.

48th. The sale of a Mehal summarily settled, though legal, should never take place if it be avoidable. Should a sale be inevitable, only the interests of such of the sharers, as may have engaged, can be sold. The interests of the non-engaging partners cannot be held answerable for the default of the Sudder Malgoozars.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ২৫ মার্চ।]

এক বৎসরের অধিক তাহা বাকী থাকিতে কখন না দেন যেহেতুক ঐ প্রকার বাকী তৎপরে কোন সরাসরী কার্য্যের দ্বারা আদায় হইতে পারে না। সেই প্রকার বাকী আদায় করণের জন্যে দেওয়ানী আদালতে নালিশ করিতে হইবেক। এইরূপে এক বৎসরের খাজানা আগামি বৎসরের শেষপর্য্যন্ত বাকী থাকিতে দিতে হইবেক না কিন্তু প্রত্যেক কিস্তী কেবল বারো মাসের নিমিত্তে বাকী থাকিতে দেওয়া যাইতে পারে। যথা যদি ১২৫৬ সালের বৈশাখের কিস্তী ১২৫৭ সালের ১ জ্যৈষ্ঠেতে বাকী থাকে এবং যদি তাহা আদায় করণের জন্যে কোন কর্ম্ম প্রকৃত প্রস্তাব মতে আরম্ভ না হইয়া থাকে তবে তাহা কেবল দেওয়ানী আদালতে নালিশের দ্বারা আদায় হইতে পারে।

৪২। কিন্তু এমত বোধ করিতে হইবেক না যে এই বিধানের অভিপ্রায় এই যে মহাল খাসে রাখার নিয়মের পোষকতা হয় অথবা সরকারী মহালের ইজারা দেওনের নিয়ম সম্পূর্ণ করণার্থ সময়ক্রমে যেং হুকুম দেওয়া গিয়াছে সেইং হুকুম অন্যথা হয়। কিন্তু দেখা যাইতেছে যে মহাল খাসে রাখণের নিয়ম একেবারে উঠিয়া দেওয়া অসাধ্য অতএব বিষয়বিশেষে একই নিয়ম করা যেপর্য্যন্ত সাধ্য সেইপর্য্যন্ত বোর্ডের অধীন সমস্ত জিলাতে সরবরাহ একই নিয়মে করা ইষ্ট বোধ হইয়াছে এবং তজ্জন্যে এই সকল নিয়মের এই পদ্ধতি হইয়াছে।

৪৩। যে খাস মহাল সরকারের সম্পত্তি তাহার জন্যে এইং নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে কিন্তু অন্যান্য যে মহাল খাস তহসীলে আইসে সেই মহালে সরবরাহের বিষয়ে এইং নিয়ম যেপর্য্যন্ত খাটান যাইতে পারে সেইপর্য্যন্ত খাটান যাইবেক।

৪৪। এবং এইং বিধানের এমত অভিপ্রায় নহে যে ১৮২২ সালের ৭ আইনানুসারে বন্দোবস্ত করণের প্রতীক্ষায় সরাসরী বন্দোবস্ত করণ নিবারণ হয়। কিন্তু যদি বিশেষং বৃত্তান্ত দৃষ্টে অন্য প্রকারে কার্য্য করা অবিহিত বোধ না হয় তবে কোন মহাল ইজারা দেওনের পূর্ব্বে জমাবন্দী প্রস্তুত করণের দ্বারা তাহার খাজানা নির্ণয় করা সর্ব্বদা বাঞ্ছনীয় আছে।

৪৫। যে ব্যক্তির বন্দোবস্ত পাইবার স্বত্ব আছে এমত ব্যক্তি থাকিলে মহালের বিষয়ে প্রতিযোগিতা করণের দ্বারা সরাসরী বন্দোবস্ত কখন করিতে হইবেক না। যে ব্যক্তির বন্দোবস্ত পাওনের স্বত্ব আছে এবং যাহারদের সেই প্রকার কোন স্বত্ব নাই এই দুই প্রকার ব্যক্তিরদের তুল্য জ্ঞান করা যথার্থ হইতে পারে না।

৪৬। যে মহালের দুই বা ততোধিক শরীক আছে সেই মহালের সরাসরী বন্দোবস্ত করণেতে ১৮২২ সালের ৭ আইনের ১০ ধারার ৩অবধি ৬ পর্য্যন্ত প্রকরণের বিধি প্রতিপালন করিতে হইবেক।

৪৭। সরাসরী বন্দোবস্ত করণেতে যে ভূম্যধিকারিরদের অর্দ্ধেক জমার বন্দোবস্ত পাওনের স্বত্ব আছে তাহারদের প্রতি জমাবন্দীর উপরে শতকরা ৫০৲ টাকা বাদ দিতে হইবেক। অন্য যে ব্যক্তিরদের বন্দোবস্ত পাইবার স্বত্ব আছে কিন্তু অর্দ্ধেক জমায় নাই তাহারদিগের শতকরা ৩০ টাকা বাদ দিতে হইবেক এবং ইজারদারেরদিগের ২০৲ টাকা করিয়া বাদ দিতে হইবেক।

৪৮। যে মহালের সরাসরী বন্দোবস্ত হইয়াছে তাহার নীলাম যদ্যপি আইনসিদ্ধ তথাপি সাধ্য হইলে তাহা কখন নীলাম করিতে হইবেক না। যদি নীলাম না করিলে নয় তবে যে অংশিরা বন্দোবস্ত করিয়াছে কেবল তাহারদের স্বত্ব নীলাম হইতে পারে। যে অংশিরা বন্দোবস্ত করে নাই তাহারদের স্বত্ব সদর মালগুজারের কসুর বিষয়ে দায়ী হইতে পারে না।

49th. It should never be stipulated in a summary settlement, that if the Jumma of the detailed settlement eventually to be made, should exceed the Jumma of the summary settlement, the difference shall be made good. Neither in the event of the Jumma of the detailed settlement falling short of the Jumma of the summary settlement should any refund be allowed.

50th. Security should not be demanded from parties entitled to settlement, nor from Farmers whose substance is undoubted. It is distasteful to a person of probity and means, to be called upon for security.

(Signed) G. PLOWDEN,
Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 19th November, 1850.

৪৯। সরাসরী বন্দোবস্তেতে এই নিয়ম কখন লিখিতে হইবেক না যে পরিশেষে যে বিশেষ বন্দোবস্ত হয় তাহার জমা যদি সরাসরী বন্দোবস্তের জমা অপেক্ষা অধিক হয় তবে ঐ অধিক টাকা বন্দোবস্তকারি ব্যক্তির দিতে হইবেক। এবং যদি বিশেষ বন্দোবস্তের জমা সরাসরী বন্দোবস্তের জমা অপেক্ষা কম হয় তবে কোন টাকা ফিরিয়া দিতে হইবেক।

৫০। যে ব্যক্তিরদের বন্দোবস্ত পাওনের স্বত্ব আছে এবং যে ইজারদারেরদের সংস্থানের বিষয়ে কোন সন্দেহ নাই তাহারদের স্থানে জামিনের দাওয়া করিতে হইবেক না। বিশ্বস্ত ও যোত্রাপন্ন ব্যক্তিরদের স্থানে জামিন তলব করাতে তাহারদের অত্যন্ত অনিষ্ট হয়।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫০। ১৯ নবেম্বর।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

রাজকর্ম্মে নিয়োগ।

৫৮১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২২ ফেব্রুআরি।

শ্রীযুত এ মনি সাহেবের (Mr. A. Money,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এচ প্রাট সাহেব (Mr. H. Pratt,) মুঙ্গেরের জরীপী কর্ম্মের সুপরিন্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং মুঙ্গের ও বীরভূম ও পূর্ব্ব ও পশ্চিম বর্দ্ধমান ও নদীয়া ও মুরশিদাবাদ ও ভাগলপুর ও পূরণিয়া ও রঙ্গপুর ও বগুড়া ও রাজশাহী ও মালদহ জিলাতে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইন অনুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫১ সাল ২৭ ফেব্রুআরি।

শ্রীযুত জেমস কৌপার সাহেব (Mr. James Cowpar,) সিংহপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

১৮৫১ সাল ৯ মার্চ।

শ্রীযুত মুনশী দবীরুদ্দীন ১৮৪৩ সালের ১৫ আইন অনুসারে নদীয়ার ডেপুটী মাজিস্ট্রেট হইবেন।

১৮৫১ সাল ১২ মার্চ।

সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু দয়ালচাঁদ বসাক জিলা হুগলীর উত্তরপাড়ায় স্থাপিত ঔষধালয়ের চিকিৎসকতা ভার প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫১ সাল ১১ মার্চ।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের একটিং জজ শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সার্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৩ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এফ সি ফর্বস সাহেব (Mr. F. C. Forbes,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের ঝিনিদহের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত ডবলিউ কোবর্ণ সাহেব (Mr. W. Cockburn,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ১১ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডরসন সাহেব ও শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব ও শ্রীযুত বি ডবলিউ কলবিন সাহেব (Messrs. W. H. Henderson, W. F. McDonell and B. W. Colvin,) এই দেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৫১ সাল ১৪ মার্চ।

আরাকাণের কমিস্যনর সাহেবের সান্দোএ স্থানে নিযুক্ত প্রধান আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এ ফিচ সাহেব (Lieutenant A. Fytche,) গত মাসের ১৪ তারিখে আপনার সিরিশ্তার ও খাজানাখার চলিত কর্ম্মের ভার ময়ুথুগয়ী শ্রীযুত আগাজীর স্থানে গ্রহণ করেন।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) বর্ত্তমান মাসের ৬ তারিখের হুকুমক্রমে যে ছুটীর অনুমতি পান তাহা গত মাসের ২৪ তারিখে লইয়া বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করেন। তাঁহার উক্ত ছুটীর অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore,) "কুইন" নামক জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

শাহাবাদের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত টি সি হচিনসন সাহেব (Mr. T. C. Hutchinson,) গত ডিসেম্বর মাসের ৫ তারিখের প্রাপ্ত ছুটীক্রমে দারজিলিঙ্গে গমনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার ঐ মোকামের এ দেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করেন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের একটিং জজ শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) বর্ত্তমান মাসের ৪ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এচ বানসিটার্ট সাহেব (Mr. H. Vansittart,) "আটালান্টা" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr. W. T. Trotter,) বর্ত্তমান মাসের ৫ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি ই লান্স সাহেবের (Mr C. E. Lance,) স্থানে পুনর্গ্রহণ করেন অতএব গত জানুআরি মাসের ১৩ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ

সাহেব (Mr. G. C. Cheap,) বর্ত্তমান মাসের ৬ তারিখে আপন কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলীর প্রতি অর্পণ করিয়া বর্ত্তমান মাসের ২৫ তারিখে যে ছুটী পান তাহা গ্রহণ করেন।

পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ মসপ্রাট সাহেব (Mr. H. Muspratt,) বর্ত্তমান মাসের ৮ তারিখে আপন মোকামে পঁহুছেন।

শ্রীযুত আর জে স্কট সাহেব (Mr. R. J. Scott,) গত মাসের ১৭ তারিখে দিনাজপুরের কালেক্টরীর ভার শ্রীযুত জি ইউ ইউল সাহেবের (Mr. G. U. Yule,) স্থানে গ্রহণ করেন।

শাহাবাদের কালেক্টর শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr. W. Travers,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেবের (Mr. R. J. Richardson,) স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত আর এন ফার্কিরসন সাহেব (Mr. R. N. Farquharson,) বর্ত্তমান মাসের ১১ তারিখে হুগলীর কালেক্টরীর ভার শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেবের (Mr. C. T. Buckland,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫১১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ১০ মার্চ।

শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেব (Mr. F. A. B. Glover,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন এবং ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫১ সাল ১৪ মার্চ।

শ্রীযুত আর ও হেউড সাহেব Mr. R. O. Heywood,) বাঢ় এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত হেউড সাহেব (Mr. Heywood,) পাটনা জিলায় জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন এবং তিনি সেই ক্ষমতামতে বাঢ় এলাকাখণ্ডের মধ্যে কার্য্য করিবেন।

১৮৫১ সাল ১৫ মার্চ।

শ্রীযুত এফ কার্ডিউ সাহেবের (Mr. F. Cardew,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর এম স্কিনর সাহেব (Mr. R. M. Skinner,) যশোহরের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) পাটনার কালেক্টরীর ভারপ্রাপ্ত হইবেন।

ছুটী।

১৮৫১ সাল ১৩ মার্চ।

মুরশিদাবাদের একটিং সদর আমীন শ্রীযুত মৌলবী মজীবর রহমান বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি অথবা যে তারিখে আপন মোকামহইতে প্রস্থান করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৪ মার্চ।

সারণের একটিং অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নিয়ামৎ আলী গত নবেম্বর মাসের ২৮ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি জুন মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ই ডবলিউ মলনি সাহেব (Mr. E. W. Molony,) আপন মোকামে পঁহুছিবার মেয়াদের অতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

পাটনা জিলার বাঢ় এলাকাখণ্ডে জাইন্ট মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টান্ট শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব (Mr. F. J. Cockburn,) গত মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৮ মার্চ।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এ এল মেলবিল সাহেব (Mr. A. L. Melville,) সমুদ্রে গমনের পূর্ব্বে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

পুরণিয়ার কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেব (Mr. C. D. Russell,) পুরণিয়াতে আপন কর্ম্মে উপস্থিত হওনের নিমিত্তে যে মেয়াদ দেওয়া যায় তদতিরিক্ত ছুটীবিষয়ক স্থধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ১৮ মার্চ।

গত মাসের ৭ তারিখে ফ্রান্সিয়েরদের অধীন চন্দননগরহইতে শ্রীযুত আরাটুন হীরাপিয়েট আরাটুন সাহেবকে (Mr. Arrathoon Herapiet Arrathoon,) বলপূর্ব্বক হরণ করিয়া লওয়া যায় অতএব সেই কর্ম্মের প্রবর্ত্তকের কিম্বা প্রবর্ত্তকেরদের দোষ সাব্যস্ত করণের উপযুক্ত সম্বাদ যে কেহ দিতে পারে তাহাকে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট ১০০০৲ টাকা পুরস্কার দিবেন। আরো উক্ত সাহেবের প্রতি যে ইউরোপীয় লোক আক্রমণ করিয়াছিল তাহার দোষ সাব্যস্ত করণের উপযুক্ত সম্বাদ যে কোন ব্যক্তি দিতে পারেন তাঁহাকে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক। এবং এতদ্দেশীয় যে ব্যক্তিরা ঐ দৌরাত্ম্য ব্যাপারে লিপ্ত ছিল তাহারদের দোষ সাব্যস্ত করণের উপযুক্ত সম্বাদ যে কেহ দিতে পারেন তাঁহাকে ১৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

শ্রীযুত টি ব্রুস সাহেব (Mr. T. Bruce,) বর্ত্তমান মাসের ১১ তারিখে ত্রিপুরার সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ আলীর প্রতি অর্পণ করেন।

শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব (Mr. E. S. Pearson,) বর্ত্তমান মাসের ১১ তারিখে মেদিনীপুরের কালেক্টরীর ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত রায় রাধানাথ গাঙ্গুলির স্থানে গ্রহণ করেন।

নদীয়ার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ মন্ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত এ হোপ সাহেবের (Mr. A. Hope,) স্থানে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ঘোষণাপত্র আদালতে ফৌজদারি জেলা পশ্চিমাংশ বর্দ্ধমান মোকাম বাকুণ্ডার বেটক শ্রীযুত টিঃ বিঃ মেকটীয়র সাহেব জাইন্ট মাজিষ্ট্রেট সন ১৮৫১। ৫ মার্চ।

অত্র জেলার অধীনস্থ ১৩১ টা বড় ও ২৬ টা ছোট একুনে ৩১৭ টা সেগুয়ান বৃক্ষ বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীল-শ্রীযুত ডিপুটী গবরনর জেনরল সাহেব বাহাদুরের আজ্ঞাক্রমে বর্ত্তমান সন ১৮৫১ সালের ৮ আপ্রিল মঙ্গলবার দিবসে এ স্থলের ফৌজদারী কাছারিতে নীলাম বিক্রয় হইবেক সেমতে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে এই এস্তাহার প্রচার করা যাইতেছে।

২ দফা। উক্ত বৃক্ষসকল ইং ১৮০৬ সালে রোপণ হইয়াছিল ঐ বড় রকম বৃক্ষসকলের মুলভাগ অর্থাৎ গুড়ির পরিমাণ গড়ে লম্বা ১০। ৫ ইঞ্চী ও বেড় অর্থাৎ মোটা ৩। ১০ ইঞ্চী।

৩ দফা। প্রকাশ করা যাইতেছে যে যেকেহ ঐ বৃক্ষ ক্রয়মানসে ফৌজদারী আদালতে দরখাস্ত করিবেক তাহারা ঐ বৃক্ষসকলের বিস্তারিত বিবরণ নিম্নের স্বাক্ষরকারি ব্যক্তি দ্বারা জ্ঞাত হইতে পারিবেক ঐ বৃক্ষসকল দ্বারিকাশ্বর ও গন্ধেশ্বরী নদীর তটেতে আছে বর্ষার কালে ঐ বৃক্ষআদি নৌকাযোগে কলিকাতা লইয়া যাইতে পারে বিক্রয়ের নিয়ম। প্রথম ঐ নীলামের দিবসে শতকরা ২৫৲ টাকা দাখিল করিতে হইবেক যদ্যপি নীলামের সমুদয় টাকা নিম্নের নির্দ্ধারিত নিয়ম মধ্যে দাখিল না করে তবে ঐ ২৫৲ টাকা সরকারে জব্দ হইবেক। দ্বিতীয় বৃক্ষের সমুদয় মুল্য সন ১৮৫১ সালের ৭ মেই তারিখের সুর্য্যাস্তের পূর্ব্ব না দিলে ছানি নীলাম হইবেক। তৃতীয় সন ১৮৫১ সালের ৭ মেই তারিখের পূর্ব্বে খরিদারগণ খরিদ করা বৃক্ষ কাটিয়া লইবেক তাহা না করিলে ঐ বিষয়ে যে টাকা দাখিল করিয়াছিল তাহা সরকারে জব্দ হইবেক। চতুর্থ ঐ বৃক্ষ সমস্ত এমতরূপে ছেদন করিয়া লইতে হইবেক যে পশ্চাৎ ছেদিত বৃক্ষের শিকড় উপাড়িয়া নদীর ধার না ভাঙ্গে ইতি।

শ্রীরামকৃষ্ণ মুখোপাধ্যায় নাজির। T. B. MACTIER, *Offg. Joint Magistrate.*

NOTICE.

It being in contemplation to translate into Ooryah, the Civil Guide, all the Legislative Enactments, Drafts of Acts, Construction of Laws by the Sudder Courts, Circular Orders of the Sudder Courts, and of the Board of Revenue, and generally all such other official documents as are at present published in the *Bengalee Gazette,* and may be required to be published in an *Ooryah Gazette.* Notice is hereby given, that tenders for the printing of the above in the Ooryah language, for a period of not less than one year, will be received at the office of the Commissioner of the 19th Division at Cuttack, up to the 1st April next, after which date, no tenders will be received.

Full information respecting the number of copies that will be required, and the general quantity of work, to be done, can be obtained on application to the Commissioner at Cuttack.

F. GOULDSBURY, *Commissioner.*

Office of Commissioner, 19th Division, the 17th February, 1851.

ইশ্‌তিহার।

সিবিল গাইড অর্থাৎ দেওয়ানী আইনের সংগ্রহ ও ব্যবস্থাপক কৌন্সেলের সকল আইন ও আইনের মুসাবিদা ও সদর আদালতের করা আইনের অর্থ ও সদর আদালতের ও সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডরপ্রভৃতি সরকারী যে সকল কাগজপত্র এইক্ষণে বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় এবং উড়িয়া গেজেটে প্রকাশ করা আবশ্যক তাহা উড়িয়া ভাষায় তরজমা করণের কল্পনা আছে। অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যাঁহারা এক বৎসরের কম না হয় এমত কালপর্য্যন্ত উড়িয়া ভাষায় উক্ত সকল বিষয়ের ছাপা করণকার্য্য করিতে চাহেন তাঁহারদের প্রস্তাবপত্র আগামি আপ্রিল মাসের ১ তারিখপর্য্যন্ত কটকে ১৯ সংখ্যক এলাকার কমিসানর সাহেবের দপ্তরখানায় পাঠাইতে হইবেক। ঐ তারিখের পর কোন প্রস্তাবপত্র গ্রাহ্য হইবেক না।

যত কেতা ছাপাইতে হইবেক ও সাধারণমতে যেপর্য্যন্ত কার্য্য করিতে হইবেক তাহার বিস্তারিত সম্বাদ কটকের কমিসানর সাহেবের নিকটে দরখাস্ত হইলে জানা যাইতে পারিবেক।

এফ গুলসবরি। কমিসানর

১৯ সংখ্যক এলাকার কমিসানরের দপ্তরখানা। ১৮৫১ সাল ১৭ ফেব্রুআরি।

মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত বঙ্গ ও এতদ্দেশীয় ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠি সন ১৮৫০ সালের নবেম্বর মাহাতে কলিকাতার জানেরেল পোষ্টাফিসে রাখিত হইয়াছে তাহার ফর্দ্দ।

বিতারিখ ১ নবেম্বর ১৮৫০ সাল।

চিঠীর মালিকানের নাম	মালিকানের ধাম
শীবচন্দ্র মিত্র	কলিকাতা
১ দেবীদাস	ঐ
১ আনন্দচন্দ্র দত্ত	ঐ

———

৩

বিতারিখ ২ নবেম্বর ১৮৫০ সাল।

১ পরউয়াল (পারসি) কলিকাতা

———

১

বিতারিখ ৩ নবেম্বর ১৮৫০ সাল।

১ গোলোকচন্দ্র মুখোপাধ্যায় কলিকাতা

———

১

বিতারিখ ৪ নবেম্বর ১৮৫০ সাল।

১ নেজামদ্দীন পারসি কলিকাতা
১ চন্দ্রকুমার সেন ঐ
১ রাজচন্দ্র মিত্র ঐ আইরি লোটা ফিরত মোং কাশীধাম

বিতারিখ ৬ নবেম্বর ১৮৫০ সাল।

১ অভয়কুমার দত্ত কলিকাতা ভবানীপুর
১ নীলকণ্ঠ সাহা ঐ
১ রামগোপাল বসু ঐ শামবাজার

———

৬

মালিকানের নাম — মালিকানের ধাম

জের ৬

১ রামকণ্ঠ মুখোপাধ্যায় কলিকাতা মেন্দীবাগান
১ রঘুনাথপ্রসাদ দে ঐ শীমলা
১ সেখ তিনকড়ি ঐ শামবাজার
১ ঈশ্বরচন্দ্র মুখোপাধ্যায় ঐ বাগবাজার
১ সেখ আবদুল খেজমতগার ঐ
১ রসোল খানসামা ঐ
১ নবকিশোর ভট্টাচার্য্য ঐ বেনিয়াটুলি
১ হরিশ্চন্দ্র ঘোষ ঐ কুমারটুলি
১ হরেকৃষ্ণ সিংহ ঐ বড়বাজার
১ মেং ওখান সাহেব ঐ
১ চন্দ্রকুমার ঐ বাগবাজার
১ রামনাথ ঐ হাটখোলা
১ বৈদ্যনাথ সিং ঐ বাগবাজার
১ অর্ণ ও যম ঐ
১ বিং রহিনীয়া ঐ
১ মুন্সী গোলাম আলী ঐ
১ রামদাস ঐ চিতপুর
১ বৈদ্যনাথ ভট্টাচার্য্য ঐ জানবাজার
১ রামরতন রায় ঐ
১ ঠাকুরদাস সেট ঐ ডোমটুলী
১ গোবিন্দগির গোস্বামী ঐ নারকেলডাঙ্গা
১ গোলোকচন্দ্র বিশ্বাস ঐ
১ আবদুল হিমাদ পারসি ঐ
১ হাফেজ ঐ ঐ কলুটোলা
১ গুহি জুবরগর ঐ ঐ চিতপুর
১ সেখ পিরু ঐ ঐ
১ মণিন্দর দাস নাগরি ঐ
১ ভানথ বেহারা ঐ ঐ
১ আহামদ আলী পারসি ঐ
১ গোবর্দ্ধন ঐ ঐ
১ জিতন মুনশী ঐ ঐ
১ রহিমন ঐ ঐ
১ হোছেন ঐ ঐ
১ ঘনছর মাতা হাবেসম ঐ ঐ
১ মৌলবী আবদুল ঐ ঐ
১ হরিশচন্দ্র সরকার ঐ ঐ
১ আনন্দ খাঁ ঐ ঐ
১ মোনু ওস্তাগর ঐ চৌরঙ্গী
১ দিন মহামদ ঐ নূতন চীনাবাজার
১ চণ্ডীচরণ রায় ঐ বেলে ঘাটা
১ মীক জোএচ ঐ
১ মুনসী রোফিউদ্দিন ঐ
১ ভৈরব মুখোপাধ্যায় কলিকাতা হাটখোলা
১ মেণ্ডাই ভিস্তী ঐ
১ জারচিন ইসকীনগর কোং ঐ
১ মার্ব্বরু মারওয়ার
১ নচরু সেখ ঐ ঐ শিয়ালদহ
১ সবা উল্লা পারসি ঐ
১ আমীর উল্লা ঐ ঐ
১ সাকের খাঁ ঐ ঐ
১ নচমোন ঐ ঐ
১ বিংবোল ঐ ঐ
১ রাধিকানাথ বন্দ্যোপাধ্যায় ঐ ফিরত মোং দাএমোন হারবার

——

৫৯

মালিকানের নাম — মালিকানের ধাম

বিতারিখ ৭ নবেম্বর ১৮৫০ সাল।

১ ব্রজোলাল কলিকাতা
১ মাধবচন্দ্র ঐ বড়বাজার
১ মদনমোহন বন্দ্যোপাধ্যায় ঐ
১ মোহনচাঁদ মাহাফাষ ঐ পাথুরিয়াঘাটা
১ হরপ্রসাদ শাহা ঐ ফিরত
১ নবকুমার দাস ঐ জোড়াবাগান
১ আন্তনী গোমেজ ঐ কলুটোলা
১ বাবু খাঁ ঐ
১ কাশীনাথ পালিত ঐ টেকসাল
১ নবীনকৃষ্ণ বসু ঐ
১ রাজনারায়ণ ঐ
১ কালীদাস সিংহ ঐ চেতলা
১ রামলোচন বন্দ্যোপাধ্যায় ঐ বড়বাজার
১ রামহৃদয় গোস্বামী ঐ নেবু বাগান
১ রামধন শাহা ঐ
১ গোবর্দ্ধন দত্ত ঐ সুতানুটী হাটখোলা
১ শিবচন্দ্র সেন ঐ পাথুরিয়া ঘাটা
১ শ্রীমতী আঞ্জুসট ঐ
১ পরশুরাম ঐ কলিকাতা
১ বিবি গএরন ঐ বাগবাজার
১ বিধুভূষণ মুখোপাধ্যায় ঐ গরানটানা
১ নীলকমল মুখোপাধ্যায় ঐ ইটালি
১ শশিমান দাসী ঐ টাকশাল
১ মহাদেব সরকার ঐ প্যায়রাটুলির গলী
১ যদুনাথ চক্রবর্ত্তী ঐ বড়বাজার
১ উমেশচন্দ্র মুখোপাধ্যায় ঐ গরানহাটা
১ রামগতি বিশ্বাস ঐ
১ রাজকুমার গঙ্গোপাধ্যায় ঐ
১ সেখ আছীব উদ্দিন জমাদার ঐ জীরাট
১ সাগরচন্দ্র দাস ঐ হাটখোলা
১ রাজনারায়ণ পাল ঐ জোড়াবাগান
১ মাথু মিস্তিরি ঐ লালবাজার
১ রায়াল খাঁ ঐ
১ গৌরহরি পাল ঐ মেছোবাজার
১ নীলকমল বন্দ্যোপাধ্যায় ঐ পাথুরিয়া ঘাটা
১ ক্ষেত্রনাথ বিশ্বাস ঐ ইটালি
১ গোলোকচন্দ্র দত্ত ঐ
১ সুকময় মিস্ত্রিরি ঐ
১ গোপালচন্দ্র মিত্র ঐ
১ মাধবচন্দ্র চট্টোপাধ্যায় ঐ
১ কং.শানচন্দ্র ঐ
১ এম জেমস ঐ
১ দীনদয়াল সিং ঐ
১ ভরত সিংহ ঐ বড়বাজার
১ আসেক মাল ঐ পাবনা
১ নউবেতরাম ঐ নাগরি
১ মনোহর দাস ঐ
১ ভাগবত ঐ
১ মারণনিব খাঁ ঐ ঐ
১ গণেশরাম ঐ ঐ
১ পার্ব্বতীরাম ঐ ঐ
১ আহগার ঘাটমাজী ঐ ঐ
১ গুপীকাকী ঐ ঐ
১ ডোমন সিংহ ঐ ঐ
১ কাকরাতি পারসি ঐ ঐ
১ মোনুতর খাঁ ঐ ঐ বেলেঘাটা
১ লীলাধর ঐ ঐ

৫৭

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ২৫ মার্চ।]

মালিকানের নাম মালিকানের ধাম

জের ৫৭

১ চৈতন্য পাত্র ঐ কলিকাতা
১ জানকী ঐ ঐ
১ উজীর ঐ ঐ
১ তোফানি ঐ ঐ
১ মাখন ঐ ঐ
১ গুরুদয়াল শা ঐ ঐ
১ গোপাল খাঁ ঐ ঐ
১ দামরি শাহা ঐ ঐ
১ হেমরায় সহিস ঐ ঐ
১ রামকিশোর ঐ ঐ
১ রামলাল ঐ ঐ
১ রসোমন ঐ ঐ
১ রামরাম ঐ ঐ
১ ভিনক ঐ ঐ
১ মোনসনাথ ঐ ঐ
১ গোলাম সর্দ্দার ঐ ঐ
১ মিয়াজান পারসি ঐ
১ মুক্তানাথ ঐ ঐ
১ দীননাথ ঐ ফিরোজ আলেক বার
১ লাল মাহমুদ নাগরি ঐ
১ বিশ্বেশ্বর সর্টা ফিরো ঐ
১ কেরে নাজী নাগাড়ে ঐ
১ সুবেরা ঐ ঐ
১ সবতদাস ঐ ঐ
১ খেমা সিং ঐ ঐ
১ রউছি মাতোঅর ঐ

৮৩

বিতারিখ ৮ নবেম্বর ১৮৫০ সাল।

১ নবীনচন্দ্র মুখোপাধ্যায় কলিকাতা
১ বীরচন্দ্র দে ঐ
১ আবুদুল আলি ঐ
১ শিবচন্দ্র কুওর ঐ চিৎপুর
১ দরশোন ঐ সালটবোর্ড
১ মধুসূদন ঘোষ ঐ সভাবাজার
১ বিপ্রদাস মিশ্রী ঐ
১ কিশোর মোল্লা পারসি ঐ বড়বাজার
১ শ্রীমতী আরলু দাই ঐ ফেরত
১ মানুজ খানসামা ঐ রাণীগঞ্জ
১ আবুদুল পারসি ঐ
১ ভোলানাথ ঐ
১ তুতিমিয়া নাগরি ঐ
১ সেখ বুদু ঐ ঐ
১ মথুরমোহন রায় ঐ
১ ভুবনমোহন মুখোপাধ্যায় ঐ
১ তারাচাঁদ ঘোষ ঐ
১ দয়াময়ী সেটানী ঐ
১ গোস্বামিচরণ ঐ ফেরত
১ সেখ নিকোড়ে ঐ ঐ
১ এমামদী নাগরি ঐ
১ ভৈরবচন্দ্র মিত্র ঐ চিনাবাজার
১ জগবন্ধু ঐ সভাবাজার
১ রাম পাল নাগরি ঐ
১ দেবীচরণ মিত্র কলিকাতা
১ গৌরমোহন সরকার ঐ
১ মদনমোহন ঐ
১ তারাচাঁদ ঐ শামপুখরিয়া
১ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ঐ ভবানীপুর
১ যদুনাথ রায় ঐ

৩০

[*Government Gazette, 25th March,* 1851.]

মালিকানের নাম মালিকানের ধাম

বিতারিখ ৯ নবেম্বর ১৮৫০ সাল।

১ রঘুদাস সরদ্দার (উড়িয়া বাদাম তলি
১ ত্রৈলোক্যনাথ চট্টোপাধ্যায় বহুবাজার
১ দুদু খাঁ কোচআন কলিকাতা
১ মোহন সিং পদ্মপুখুরিয়া
১ নবীনকৃষ্ণ চট্টোপাধ্যায় চিনাবাজার
১ তারাচরণ মিত্র শাহাবাজার
১ হরিনারায়ণ গোস্বামী বারিসীমলা
১ তারাকান্ত বিদ্যাসাগর বহুবাজার
১ শ্রীমন্তদাস কলিকাতা
১ শেখ মুরাদ বক্শ দরমা হাটা
১ জমির খানশামা ধরমতলা
১ কালু খাঁ কলিকাতা
১ বকিম ঐ
১ মোহামুদ আলী ঐ
১ কল্যাণ জমাদর পারসি ঐ
১ সরে আলী ঐ ঐ
১ লোটন সর্দ্দার নাসরি ঐ
১ ভবানীদীন ঐ ঐ
১ বেনিরাউত পারসি ঐ
১ হরদেও দাস বলদেব দাস নাগরী ঐ
১ ঠাকুরদাস মাজী ঐ ঐ
১ গোপালচরণ চিনাবাজার
১ গোপাল খানশামা রাধাবাজার
১ হেরি সারত মলাই কলিকাতা
১ মদনমোহন সরকার চেতল
১ গুরুদাস চক্রবর্ত্তী পুরাণ চীনাবাজার
১ জয়রন খাঁ কলিকাতা
১ রেশন ঐ
১ মেহের আলী ঐ
১ শুভারুতা নাগরি ঐ

৩০

বিতারিখ ১২ নবেম্বর ১৮৫০ সাল।

১ মেং সিই ডিবর্ন পাদরি সাহেব কলিকাতার বারোইপুর
১ ভোলানাথ ঘোষ ঐ বটতলা
১ খয়রাতি খানসামা ঐ
১ মধুসূদন চক্রবর্ত্তী ঐ ভবানীপুর
১ দ্বারকানাথ ঐ পাতরঘাটা
১ টনিসেন সাহেব ঐ
১ সিউলাল ঐ বামোনবস্তী
১ নবকৃষ্ণ ঘোষ ঐ
১ হরসীক দোবে ঐ
১ পণমণি দেব্যা ঐ পাথরঘাটা
১ গোবিন্দপ্রসাদ ঐ ২৪ পরগনা
১ আনন্দচন্দ্র দাস ঐ খিদিরপুর
১ মাদার বক্শ সেখ ঐ
১ স্বরূপচন্দ্র ঐ
১ শম্ভুচন্দ্র ঘোষ ঐ
১ বলবৎ খাঁ ঐ
১ রামলাল ঐ
১ পীতাম্বর ঐ
১ সেখ গোলাম মোনহক ঐ
১ রূপলাল লাহুড়ি ঐ ভবানীপুর

২০

মালিকানের নাম		মালিকানের ধাম	
ক্ষের ২০			
১ দেবনাথ দত্ত		ঐ	
১ রামেশ্বর চট্টোপাধ্যায়		ঐ	
১ রাজনারায়ণ পাল		ঐ	
১ শ্রীনাথ মুখোপাধ্যায়		ঐ	
১ রামচাঁদ চৌধুরী		ঐ	
১ রামযাদু সরকার		ঐ	ধর্ম্মতলা
১ বিশ্বম্ভর দত্ত		ঐ	নতুনবাজার
১ সেখ গাস্তির		ঐ	
১ মায়ালাল	নাগরি	ঐ	
১ উদয়চাঁদ	ঐ	ঐ	
১ রামনারায়ণ	ঐ	ঐ	
১ বিশ্বনাথ	ঐ	ঐ	
১ রামসহায় রায়	ঐ	ঐ	
১ দেউকরণ	ঐ	ঐ	
১ দেবীদাস	ঐ	ঐ	
১ শীতল	ঐ	ঐ	
১ পিতিরাম	ঐ	ঐ	
১ জানকী	ঐ	ঐ	
১ দিওপ্রসাদ	ঐ	ঐ	
১ রামপ্রসাদ	ঐ	ঐ	
১ তিরালাল	ঐ	ঐ	
১ সেখ কালু	ঐ	ঐ	
১ পুরাণ চাঁমার	ঐ	ঐ	
১ বজলালবন্দ	ঐ	ঐ	
১ উমেদি বৈষ্ণবী	ঐ	ঐ	
১ আনন্জন দাস	ঐ	ঐ	
১ মোহনলাল	ঐ	ঐ	
৪৭			

মালিকানের নাম		মালিকানের ধাম	
জের ৪৭			
১ জোরাবর সিং	পারসি	ঐ	
১ লালমহামুদ	ঐ	ঐ	গেট সাহেবেরকুঠিতে
১ মিরমহম্মদ হাতিয়া	ঐ	ঐ	
১ মহম্মদ হাবলদার	ঐ	ঐ	
১ জকামু	ঐ	ঐ	
১ মঙ্গুনু মেথোয়ার	ঐ	ঐ	
১ আলেম আলি	ঐ	ঐ	
১ দৌলন মাটমাঝি	ঐ	ঐ	
১ টকুপ্রসাদ	ঐ	ঐ	
১ জেহাদ আলী	ঐ	ঐ	
১ আবদুল আলি	ঐ	ঐ	
১ আবদুল রহিমান	ঐ	ঐ	
১ টার গেবলাল	ঐ	ঐ	
১ আপনু আমির	ঐ	ঐ	
১ আলাপ্রীটা	ঐ	ঐ	
১ দেবের সিং	ঐ	ঐ	
১ আপউ	ঐ	ঐ	
১ রফিউদ্দিন	পারসি	ঐ	
১ নজক আলি	ঐ	ঐ	
১ তারপন সেপর্দ্দ	ঐ	ঐ	
১ বৈকুণ্ঠ		ঐ	
১ আমদু	নাগরী	ঐ	
১ লালা গঙ্গাপ্রসাদ	ঐ	ঐ	
১ মসাল সিম	ঐ	ঐ	
১ গোবিন্দা	নাগরি	ঐ	
১ বুনাট	ঐ	ঐ	
ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত বিষয়ে বর্ত্তমান আপ্রিল মাসের ৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইয়াছিল যে আগামি মে মাসের ৩ তারিখ শনিবারে যদি বিপরীত কারণ দর্শান না যায় তবে শ্রীযুত উলিয়ম ওয়াইল্‌ডমান কেটলওএল সাহেব উক্ত দেউলিয়ানেরদের মাল ও সম্পত্তির আসৈনী কর্ম্মহইতে মুক্ত হন। এবং চতুর্থ জর্জ রাজার নবম বর্ষের ৭৩ অধ্যায়ের ৩০ ধারামতে ১৮৪৮ সালের ৬ মে তারিখের যে নিয়োগ ও হস্তার্পণ পত্র দ্বারা উক্ত দেউলিয়ানেরদের মাল ও সম্পত্তি উক্ত উলিয়ম ওয়াইল্‌ডমান কেটলওএল সাহেবের প্রতি অর্পণ করা যায় তাহা বাতিল হইয়াছে এমত প্রকাশ হয় কিন্তু উক্ত হুকুম হওনের পূর্ব্বে উক্ত উলিয়ম ওয়াইল্‌ডমান কেটলওএল সাহেব যে সকল কার্য্য করেন তাহার কোন কার্য্য বাতিল কিম্বা অন্যথা হইবেক না।

আলেন ও তামস। উকীল।

কলিকাতা। ১৮৫১ সাল ১০ আপ্রিল।

MISCELLANEOUS ADVERTISEMENT. — সাধারণ ইশ্‌তিহার।

ইশ্‌তিহার।

সর্ব্ব সাধারণকে জানান যাইতেছে আগামি মে মাসের ৩ তারিখঅবধি সত্যপ্রদীপ সম্বাদপত্রের পরিবর্ত্তে সমাচার দর্পণ নামক সম্বাদ পত্র ইংরেজী ও বাঙ্গলা ভাষাতে প্রকাশ হইবেক। তাহার বার্ষিক মুল্য অগ্রিম ৮৲ টাকা মাত্র। যাঁহারা ঐ পত্রগ্রহণেচ্ছা করেন তাঁহারা উক্ত মূল্য সমেত নামধামাদি জ্ঞাপক পত্র শ্রীরামপুরে সমাচার দর্পণ সম্পাদকেরদের নিকটে পাঠাইলে নিয়মমতে উক্ত পত্র তাঁহারদের নিকটে পাঠান যাইবেক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ১৫ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 22, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ২২ আপ্রিল।

ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 11TH April, 1851.

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council on the 11th April, 1851, with the assent of the Most Noble the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. II. OF 1851.

To amend Regulation XIII 1810, of the Bengal Code, for the trial of Appeals.

Whereas the Sudder Dewanny Adawlut of the North-Western Provinces, of the Presidency of Fort William in Bengal, as now constituted, comprises three Judges only, and appeals cannot therefore be entertained according to Regulation XIII 1810, of the Bengal Code, and Act II. 1843, where the judgment appealed from was passed by one of the said Judges, and it is therefore expedient that the said Regulation be amended, It is enacted as follows :

1. No Judge, of either of the Courts of Sudder Dewanny of the Presidency of Fort William in Bengal, shall be disqualified from being one of three Judges sitting for the hearing and decision of an appeal, by reason of his having passed the decision in the Lower Court, against which the appeal is made.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of India.

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ১১ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫১ সালের ১১ আপ্রিল তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫১ সাল ২ আইন।

আপীলী মোকদ্দমার বিচার করণের বিষয়ে বাঙ্গলা দেশের চলিত ১৮১০ সালের ১৩ আইন সংশোধনের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর উত্তর পশ্চিম প্রদেশের সদর দেওয়ানী আদালত সংস্থাপনের বর্ত্তমান নিয়মক্রমে ঐ আদালতে কেবল তিন জন জজ সাহেব আছেন এবং উক্ত জজ সাহেবেরদের মধ্যে এক জন যে ডিক্রী পূর্ব্বে করিয়াছিলেন সেই ডিক্রীর উপর যদি আপীল হয় তবে বাঙ্গলা দেশের চলিত ১৮১০ সালের ১৩ আইন ও ১৮৪৩ সালের ২ আইন অনুসারে সেই আপীল গ্রাহ্য হইতে পারে না এবং তৎপ্রযুক্ত উক্ত আইন সংশোধন করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতি উভয় সদর দেওয়ানী আদালতের কোন জজ সাহেব যদি অধস্থ আদালতে বৈঠক করণ সময়ে কোন মোকদ্দমা নিষ্পত্তি করিয়াছিলেন ও তাহার উপর আপীল হয় তবে সেই নিষ্পত্তি করাপ্রযুক্ত তিনি আপীলের সময়ে ঐ মোকদ্দমার শুনানি ও নিষ্পত্তি করণার্থে বৈঠককারি তিন জন জজ সাহেবের মধ্যে এক জন হইবার অযোগ্য হইবেন না ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 11TH APRIL, 1851.

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council on the 11th April, 1851, with the assent of the Most Noble the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. III. OF 1851.

An Act to amend Regulation X. 1819, and Act XXIX. 1838, for preventing the unlawful manufacture and transportation of Salt.

Whereas the Laws in force for prevention of the unlawful manufacture and transportation of Salt in the Provinces of Bengal, Behar and Orissa are defective, It is enacted as follows :

I. Any Salt Agent or Superintendent of Salt Chokies, and also any Assistant to a Salt Agent or Superintendent, or head Officer of any Salt Chokee or Aurung, to whom information shall be given that salt is unlawfully manufactured in any warehouse, dwelling house or other enclosed place within his jurisdiction, may act upon such information in the same manner as in Act XXIX. 1838 he is authorized to act, upon information given him of salt exceeding one maund in quantity being in store in a house, warehouse or other place ; and all freshly manufactured contraband salt found by such Officer shall be liable to seizure, together with the implements of manufacture, and the provisions of Sections II. to X. of Act XXIX. 1838, as to the receipt of information and the manner of search and seizure, and of Section XXIII. of the same Act, as to the penalty for false and malicious information, shall be applicable to information given, and search and seizure made under this Act.

II. In modification of Section XIV. Act XXIX. 1838, any person who shall be found conveying salt, exceeding in quantity five seers of eighty tolahs to the seer, without protective document, within the tract of country in Bengal or Orissa wherein the transportation of salt, unless so protected, is prohibited, and also all persons found in gangs or companies carrying salt so unprotected, which in the whole quantity exceeds ten such seers, shall be subjected to the penalties prescribed by Regulation X. 1819, of the Bengal Code, and Act XXIX. 1838, for the illegal possession and transportation of salt.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of India.

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব্।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ১১ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫১ সালের ১১ আপ্রিল তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫১ সাল ৩ আইন।

বেআইনীমতে নিমক পোখ্তানীর ও রফ্তানীর নিবারণার্থে ১৮১৯ সালের ১০ আইন এবং ১৮৩৮ সালের ২৯ আইন শুধরিবার আইন।

যেহেতুক বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশে বেআইনীমতে নিমক পোখ্তানীর ও রফ্তানীর নিবারণার্থে যে আইন চলন আছে তাহার তাদৃশ ফল হয় নাই অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। নিমকের যে কোন এজেণ্ট কিম্বা নিমকচৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে এবং নিমকের এজেণ্ট কিম্বা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কোন আসিষ্টাণ্ট সাহেবকে কিম্বা কোন নিমকচৌকীর কিম্বা আড়ঙ্গের প্রধান কর্ম্মকারককে এমত সম্বাদ দেওয়া যায় যে তাঁহার এলাকার মধ্যগত কোন গোলায় কিম্বা বসতবাটীতে কি অন্য কোন আবৃত স্থানে বেআইনীমতে নিমক পোখ্তানী হইতেছে সেই সাহেব কিম্বা সেই কর্ম্মকারক এক মোনের অধিক লবণ কোন ঘরে কিম্বা গোলায় কিম্বা অন্য কোন স্থানে ন্যস্ত থাকনের সম্বাদ পাইলে ১৮৩৮ সালের ২৯ আইনমতে যেরূপ কার্য্য করিতে ক্ষমতাপন্ন আছেন উপরের উক্ত সম্বাদ পাইলে সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারেন। এবং নূতন পোখ্তানী হওয়া যে সকল বিনানুমতির লবণ উক্ত কোন কর্ম্মকারক পান তাহা এবং পোখ্তানীর সকল সরঞ্জাম ক্রোক হইবার যোগ্য হইবেক। এবং সম্বাদ পাওনের ও খানাতালাশীর ও ক্রোক করণের প্রকারের বিষয়ে ১৮৩৮ সালের ২৯ আইনের ২ ধারাঅবধি ১০ ধারাপর্য্যন্তে যে বিধান আছে সেই বিধান এবং মিথ্যা ও দ্বেষপূর্ব্বক সম্বাদ দেওনের দণ্ড বিষয়ে ঐ আইনের ২৩ ধারায় যে বিধান আছে তাহা এই আইনানুসারে দেওয়া সম্বাদ ও খানাতালাশী ও ক্রোকের বিষয়ে খাটিবেক ইতি।

২ ধারা। ১৮৩৮ সালের ২৯ আইনের ১৪ ধারা মতান্তর হইয়াছে এবং বাঙ্গলা কিম্বা উড়িষ্যা দেশের যে কোন স্থানে ছাড়চিঠীবিনা নিমক রফ্তানীর নিষেধ আছে সেই স্থানের মধ্যে যে কোন ব্যক্তি ৮০ তোলা শেরের পাঁচ শেরের অধিক লবণ ছাড়চিঠীবিনা লইয়া যাইতে ধরা পড়ে সেই ব্যক্তি এবং যে সকল ব্যক্তি দলং হইয়া এমত ছাড়চিঠীবিনা দশ শেরের অধিক লবণ লইয়া যাওন কালে ধরা পড়ে সেই সকল ব্যক্তি বেআইনমতে লবণ আপনারদের নিকটে রাখনের ও রফ্তু করণের বিষয়ে বাঙ্গলা দেশের চলিত ১৮১৯ সালের ১০ আইন এবং ১৮৩৮ সালের ২৯ আইনের নির্দ্দিষ্ট দণ্ডের যোগ্য হইবেক ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ২২ আপ্রিল।]

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 21ST MARCH, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 21st of March, 1851.

ACT No. —— OF 1851.

For the Custody of Registers of Deeds in Bengal.

Whereas by Act XXX. 1838, provision was made for the establishment of offices for the Registry of Deeds at any civil stations, under the superintendence of any officer resident at such stations whom Government may nominate for that purpose, and whereas the deposit of such registers among the records of the Dewanny Adawlut as required by Regulation XXXVI. 1793 of the Bengal Code and other regulations cited in the said Act is inconvenient, It is enacted as follows:

I The Register Books of Offices established under Act XXX. 1838 shall be deposited among the Records of the Magistrates or Joint Magistrates of the Stations where such offices have been or shall be hereafter established

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India after the 21st day of May next.

F J HALLIDAY,
Secy to the Govt of India

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫১ সাল ২১ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ২১ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের দলীলদস্তাবেজের রেজিষ্টরী বহী রক্ষণের আইন।

যেহেতুক ১৮৩৮ সালের ৩০ আইনে দেওয়ানী মোকামনিবাসি যে কোন কার্য্যকারককে গবর্ণমেণ্ট রেজিস্টরী কর্ম্মের নিমিত্তে মনোনীত করেন সেই কার্য্যকারকের অধীনে কোন দেওয়ানী মোকামে দলীলদস্তাবেজের রেজিষ্টরীর দফ্তর স্থাপনের বিষয়ে নিয়ম হইয়াছিল এবং যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের ৩৬ আইনে এবং পূর্ব্বোক্ত ৩০ আইনের মধ্যের লিখিত অন্য আইনে হুকুম ছিল যে ঐ২ রেজিষ্টর দেওয়ানী আদালতের কাগজপত্রের সঙ্গে রাখা যায় এবং সেইরূপ করাতে ক্লেশ জন্মিয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৩৮ সালের ৩০ আইনক্রমে স্থাপিত দফ্তরের রেজিষ্টরী বহী ঐ২ দফ্তর যে মোকামে স্থাপন হইয়াছে অথবা উত্তর কালে হয় সেই মোকামের মাজিষ্ট্রেট অথবা জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবেরদের কাছারীর কাগজপত্রের সঙ্গে রাখা যাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২১ মে তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 4.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ——— Dated Fort William, the 28th January, 1851.

I am directed by the Board of Revenue to transmit, for the information and guidance of yourself and your subordinates, a copy of a letter from the Under Secretary to Government, dated the 20th instant, No. 75, authorizing the assignment to Covenanted Assistants in charge of sub divisions, of such Revenue duties within the limits of their respective sub divisions, as may be convenient.

(Signed) G PLOWDEN,
Secretary

Board of Revenue,

No 75.

From the Under Secretary to the Government of Bengal, to G. Plowden, Esquire, Secretary to the Board of Revenue. Dated Fort William, the 20th January, 1851

With reference to your letter No. 581, of the 6th ultimo, submitting a proposition from the Offi-

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৪ নম্বর।

অমুক এলাকার বাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২৮ জানুআরি।

তোমার এবং তোমার অধীন কর্ম্মকারকেরদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে সদর বোর্ডের আজ্ঞাক্রমে গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের এই মাসের ২০ তারিখের ৭৫ নম্বরী পত্রের নকল পাঠাইতেছি। তাহাতে এই হুকুম আছে যে চিহ্নিত যে আসিস্টান্ট সাহেবেরদের অধীন এলাকাখণ্ড আছে তাঁহারদের প্রতি সেই এলাকাখণ্ডের সীমার মধ্যে রাজস্বের যে২ কার্য্য অর্পণ করিলে সুবিধা হয় সেই২ কার্য্য অর্পণ করা যায়।

জি প্লোডন। সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ।

৭৫ নম্বর।

বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত জি প্লোডন সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২০ জানুআরি।

তোমার গত মাসের ৬ তারিখের ৫৮১ নম্বরী পত্রে তুমি ঢাকার এক্টিং কমিস্যনর সাহেবের এই প্রস্তাব জ্ঞাপন

ciating Commissioner of Dacca, for the employment of Magisterial Officers in charge of sub-divisions in Revenue duties, within their jurisdiction, or as Moonsiffs and Sudder Ameens, as might be found convenient, and recommending compliance with the former part of Mr. Mytton's suggestions, I am directed by the Deputy Governor of Bengal to forward the accompanying copy of a letter from the Superintendent of Police, No. 2451 of the 28th idem, whom His Honor consulted on the subject; and to state that His Honor will, for the present, restrict the extension of Revenue work to the cases of Covenanted Officers in charge of sub-divisions, to whom, in their subsequent career, any knowledge or experience gained in the Revenue department will obviously be most advantageous. His Honor, therefore, authorizes the Board to issue orders to their subordinate Revenue Authorities, to make over to Covenanted Assistants in charge of sub divisions such Revenue work within the limits of their respective sub-divisions as may be convenient. The Board must make arrangements for supplying Assistants, employed under the present sanction, with ministerial Officers from the present establishment of the Collectorates, if such are required

(Signed) W. SETON KARR,
Under Secy. to the Govt. of Bengal.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 28th January, 1851.

(True Copy,)
(Signed) G PLOWDEN,
Secretary.

No 6

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ——— Dated Fort William, the 4th March, 1851

I am directed by the Board of Revenue to transmit for the information and guidance of yourself and your subordinates the annexed copy of a letter from the Under Secretary to Government, No. 274, dated the 21st ultimo, prohibiting the erection of thatched buildings within the compounds of public offices and buildings without a reference to the Departmental Authorities under whose care the buildings may be

(Signed) G PLOWDEN,
Secretary.

No. 274.

From the Under Secretary to the Government of Bengal, to G Plowden, Esquire, Secretary to the Board of Revenue. Dated Fort William, the 21st February, 1851.

The Military Board having represented to the Deputy Governor that the erection of thatched Out Offices contiguous to Public Buildings is frequently attended with dangerous consequences to the buildings and records in the event of fire, as was

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ২২ আপ্রিল।]

করিয়াছ যে যে ম্যাজিষ্ট্রেটী কার্য্যকারক সাহেবেরদের অধীন এলাকাখণ্ড থাকে তাঁহারা আপন২ এলাকার মধ্যে সুবিধামতে রাজস্বের কার্য্যের ভারপ্রাপ্ত হন অথবা মুনসেফের ও সদর আমীনের কার্য্যে নিযুক্ত হন। এবং রাজস্বের ভার দেওন বিষয়ে শ্রীযুত মিটন সাহেবের ঐ প্রস্তাব গ্রহণ করিতে তুমি পরামর্শ দিয়াছ। তাহাতে বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর্ সাহেব পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শ চাহিলেন এবং ঐ শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ঐ মাসের ২৮ তারিখের ২৪৫১ নম্বরী পত্রের এক নকল তোমার নিকটে পাঠাইয়া জানাইতেছি যে এইক্ষণে এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত যে চিহ্নিত কার্য্যকারক সাহেবেরদের রাজস্বের সিরিশ্তার কার্য্যে প্রাপ্ত জ্ঞান অথবা অনুশীলনের দ্বারা তাঁহারদের উত্তর কালে সরকারী কার্য্যে উপকার হইবেক কেবল সেই২ কার্য্যকারকেরাদিগকে রাজস্বের কার্য্য অর্পণ করিতে শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেব স্থির করিয়াছেন। অতএব বোর্ডের সাহেবদিগকে শ্রীযুত এই ক্ষমতা দিতেছেন যে তাঁহারা আপনারদের অধীন রাজস্বের কার্য্যকারক সাহেবদিগকে এই হুকুম দেন যে এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত চিহ্নিত আসিষ্টাণ্ট সাহেবেরদিগকে আপন২ এলাকার সীমার মধ্যে যে রাজস্বের কার্য্য দেওয়া বিহিত বোধ হয় তাহা তাঁহারদের প্রতি অর্পণ করেন। এই অনুমতিক্রমে যে আসিষ্টাণ্ট সাহেবেরা নিযুক্ত হন তাঁহারদের যদি কোন আমলার প্রয়োজন হয় তবে কালেক্টরীতে এইক্ষণে যে সকল আমলা আছে তাহারদের মধ্যহইতে তাঁহারদের আমলা নিযুক্ত করণের বিষয়ে বোর্ডের সাহেবেরা নিয়ম করিবেন।

ডবলিউ সিটন কার।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২৮ জানুআরি।

(যথার্থ নকল।)
জি প্লৌডন। সেক্রেটারী।

৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১। ৪ মার্চ।

তোমার অধীন কর্ম্মকারকেরদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে বোর্ডের সাহেবেরদের হুকুমক্রমে গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের গত মাসের ২১ তারিখের ২৭৪ নম্বরী পত্রের এক নকল পাঠাইতেছি। তাহাতে গবর্ণমেণ্টের হুকুম আছে যে সরকারী দপ্তরখানা ও ইমারৎ যে সিরিশতার অধীন আছে সেই সিরিশতার সাহেবেরদের অনুমতি বিনা ঐ সরকারী দপ্তরখানা ও এমারতের উটনের মধ্যে কোন খড়ুয়া ঘর নির্ম্মাণ করিতে হইবেক না।

জি প্লৌডন। সেক্রেটারী।

২৭৪ নম্বর।

বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত জি প্লৌডন সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২১ ফেব্রুআরি।

মিলিটারী বোর্ডের সাহেবেরা শ্রীযুত ডেপুটী গবর্নর্ সাহেবকে জ্ঞাপন করিয়াছেন যে সরকারী এমারতের নিকটে খড়ুয়া ঘর নির্ম্মাণ করণেতে ঐ এমারতে এবং তাহার মধ্যে যে সকল কাগজপত্র থাকে তাহাতে অগ্নি লাগনের সম্ভাবনা হইতে পারে। সম্প্রতি আসাম দেশের

the case in a recent instance at Tezpore in Assam brought to the notice of His Honor, I am directed to request that the Board will issue a Circular to the Revenue and other Authorities subordinate to them, prohibiting the erection of any thatched buildings within the compound of Public Buildings and Offices without a reference to the Departmental Authorities under whose care the buildings may be.

(Signed) W. SETON-KARR,
Under Secretary to the Govt. of Bengal.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 4th March, 1851.

(True Copy,)
(Signed) G. PLOWDEN,
Secretary.

No. 6.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of———. Dated Fort William, the 14th March, 1851.

I am directed to transmit for your information and guidance and that of your subordinates, the annexed copy of a set of Rules passed by the Board of Revenue for the management of Estates held under attachment by order of the Civil and Criminal Courts.

(Signed) G. PLOWDEN,
Secretary.

Board of Revenue, Lower Provinces.

Rules for the management of Estates held under attachment by order of the Civil and Criminal Courts.

1. Under the Law, as interpreted by the Sudder Court,* it is necessary that a Surburakar or Manager should be appointed for the management of an Estate, ordered to be attached by a Civil Court under the provisions of Regulation V of 1827, the Court has ruled that a Collector cannot himself directly farm the attached Estate, but that a lease granted by the Surburakar, by direction of the Collector, would be a legal and valid engagement.

2. The Board being of opinion that, as a general rule, such attached Estates should be farmed, on orders being received from a Civil Court for the attachment of an Estate, the first step will be the nomination of a Manager ; the next, unless there are special circumstances rendering Khas management needful, the immediate completion of a farming arrangement through the Manager.

3. When there are several attached Estates in a district, a Manager General may be named for the whole, by whose instrumentality arrangements for the management of the Estates, whether by farming or otherwise, will be conducted.

4. Farms should be given for a period of 10

* *Vide* Board's Circular No. 16, dated the 19th of March, 1850.

[*Government Gazette, 22nd April,* 1851.]

তেজপুরেতে এইরূপে আগুন লাগিয়াছিল, এবং তাহা শ্রীযুক্তকে জ্ঞাত করা গিয়াছে। অতএব বোর্ডের সাহেবেরদিগকে শ্রীযুক্ত হুকুম করিতেছেন যে তাঁহারা আপনা২ অধীন রাজস্বের ও অন্যান্য কর্ম্মকারকেরদিগকে এই হুকুম দেন যে সরকারী এমারৎ ও দপ্তরখানা যে সিরিশ্তার অধীন থাকে সেই সিরিশ্তার সাহেবেরদের অনুমতিবিনা ঐ এমারতের উটনে কোন খড়ুয়া ঘর নির্ম্মাণ করিতে না দেন।

ডবলিউ সিটন-কার।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫১। ৪ মার্চ।

(যথার্থ নকল।)
জি প্লৌডন। সেক্রেটারী।

---

৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১। ১৪ মার্চ।

দেওয়ানী ও ফৌজদারী আদালতের হুকুমক্রমে যে মহাল ক্রোক হইয়াছে তাহার সরবরাহের নিমিত্তে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা যে২ বিধান করিয়াছেন তাহার পশ্চাৎ লিখিত নকল তোমার ও তোমার অধীন কর্ম্মকারকেরদের বিজ্ঞাপন ও উপদেশের জন্যে তোমার নিকটে পাঠাইতেছি।

জি প্লৌডন। সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের সদর বোর্ড রেবিনিউ।

দেওয়ানী ও ফৌজদারী আদালতের হুকুমক্রমে ক্রোকহওয়া মহালের সরবরাহের বিষয়ি বিধি।

১। সদর আদালতের সাহেবেরা* আইনের এই অর্থ করিয়াছেন যে ১৮২৭ সালের ৫ আইনের বিধির অনুসারে দেওয়ানী আদালত যে মহাল ক্রোক করিতে হুকুম দেন তাহার সরবরাহের জন্যে এক জন সরবরাহকার নিযুক্ত করণের আবশ্যক আছে। সদর আদালত বিধান করিয়াছেন যে কালেক্টর সাহেব আপনি ক্রোকহওয়া মহালের ইজারা দিতে পারেন না কিন্তু কালেক্টর সাহেবের হুকুমক্রমে সরবরাহকার যদি ইজারা দেন তবে তাহা ন্যায্য ও মাতবর বন্দোবস্ত জ্ঞান হইবেক।

২। বোর্ডের সাহেবেরদের এই মত আছে যে দেওয়ানী আদালত মহাল ক্রোক করণের হুকুম দিলে ঐ ক্রোকহওয়া মহাল ইজারা দিতে হয় এমত এক সাধারণ নিয়ম থাকা উচিত। অতএব এক জন সরবরাহকার নিযুক্ত করা প্রথম কার্য্য। তৎপরে যদি বিশেষ২ কারণপ্রযুক্ত ঐ মহাল খাস তহসীলে রাখণের আবশ্যক বোধ না হয় তবে সরবরাহকারের দ্বারা অবিলম্বে ইজারার বন্দোবস্ত করিতে হইবেক।

৩। যদি কোন এক জিলার মধ্যে ক্রোকহওয়া কএক মহাল থাকে তবে সেই সকল মহালের জন্যে এক সাধারণ সরবরাহকার নিযুক্ত করা যাইতে পারে এবং তিনি ঐ মহালের সরবরাহের সকল বন্দোবস্ত হয় ইজারার দ্বারা নতুবা প্রকারান্তরে নির্ব্বাহ করিবেন।

৪। দশ বৎসর মিয়াদে ইজারা দেওয়া উচিত কিন্তু

* সদর বোর্ডের ১৮৫০ সালের ১৯ মার্চের ১৬ নম্বরী সরকুলর অর্ডর দেখ।

years, with a proviso that the lease is to be relinquished should the Mehal be released from attachment before the expiration of the term.

5. If it be probable, as, it may be assumed, will generally be the case, that the full value will be obtained by offering the farm of the Mehal for competition, that method of procuring a suitable rent should be resorted to. But should the circumstances be such as to make it unlikely that parties will come forward in consequence of the assets being unknown or uncertain, the amount of assets should be ascertained by the formation of a Jummabundee.

6. A Jummabundee prepared with this object should be based on careful inquiry in the mofussil, without resort to measurement, indeed should be little more than a detailed estimate of the rental. Of course, no guarantee can be given to a Farmer that he will be able to realize the rents shewn in the estimate. It will be the business of an intending Farmer to scrutinize the Jummabundee and form his own opinion of it before making an offer to farm.

7. Should any special case occur in which Khas management may appear to be necessary, the Surburakar, whether he be the Manager General or a separate Manager for the individual Estate, must prepare a Jummabundee, having recourse to measurement should it be necessary. This Jummabundee should be revised each year and lodged with the Collector, and each year a Jumma Wassil Bakee, shewing the collections and balances on the Jummabundee, should be furnished to the Collector by the Surburakar, in the same manner as for a Khas Mahal.

8. When lands are ordered by the Civil Court to be attached and managed by the Collector under the provisions of Clause 2, Section 5, Regulation II. of 1806, the course indicated in the preceding para. must invariably be followed, inasmuch as in such cases with reference to the provisions of Section 6, Regulation V. of 1798, and those of Regulation XLV. of 1793, the lands cannot be farmed but must be managed Khas.

9. As regards Estates attached by the Criminal Courts, the Sudder Court being of opinion that farming would be contrary to the intention of the Laws,* which contemplate their remaining under the direct management of the Revenue Authorities, farms cannot be allowed. Such Estates must be managed Khas, under the superintendency of the Manager General, after the manner of other Khas Mehals.

10. No part of the expense of the management of attached Estates should fall on the Government, a sufficient percentage should be deducted from the proceeds of the Estates to cover all expenses,

* Sections 4, 5 and 6, Regulation XI. of 1796. Section 26, Regulation XX. of 1817. Regulation III. of 1818.

ঐ ইজারার এই নিয়ম থাকিবেক যে ঐ মিয়াদের পূর্ব্বে যদি ঐ মহালের ক্রোক খালাস হয় তবে ইজারা ত্যাগ করিতে হইবেক।

৫। এমত অনুভব হইতে পারে যে ঐ মহালের ইজারার বিষয়ে প্রতিযোগিতা হইলে তাহার সম্পূর্ণ মুল্য পাওয়া যাইতে পারিবেক যদি ইহার সম্ভাবনা হয় তবে মহালের যথার্থ খাজানা পাইবার জন্যে সেই প্রতিযোগিতার নিয়মানুসারে কার্য্য করিতে হইবেক। কিন্তু যদ্যপি সেই মহালের উপস্বত্ব জানা নাই অথবা অনিশ্চিত আছে এবং এইপ্রযুক্ত তাহার ইজারা লইতে লোকেরদের অগ্রসর হওনের সম্ভাবনা নাই তবে তাহার উপস্বত্ব নিশ্চয় করিবার জন্যে এক জমাবন্দী করা উচিত।

৬। এই অভিপ্রায়েতে যে জমাবন্দী প্রস্তুত করা যায় তাহা মফঃসলে অভিমনোযোগ করিয়া তদারকপূর্ব্বক করিতে হইবেক কিন্তু মহাল জরিপ করিবার আবশ্যক নাই। ফলতঃ ঐ জমাবন্দীতে তাহার খাজানার সবিশেষ অনুমান বিনা আর কিছু লিখিবার আবশ্যক নাই। সুতরাং ঐ অনুমানের ফর্দ্দে যে খাজানা লেখা থাকে তাহা ইজারদার নিতান্ত আদায় করিতে পারিবেন এমত কোন অঙ্গীকার তাঁহার নিকটে করা যাইতে পারে না। যে ব্যক্তি ইজারা লইতে মনস্থ করে তাহার উচিত যে ঐ জমাবন্দীর তজবীজ করে এবং মহালের ইজারার প্রস্তাব করিবার পূর্ব্বে তাহার বিষয়ে আপনি অনুভব করিয়া কার্য্য করে।

৭। যদি কোন বিশেষ গতিকে মহাল খাস তহসীলে রাখা আবশ্যক বোধ হয় তবে সরবরাহকার সাধারণ সরবরাহকার হউন বা ঐ মহালের স্বতন্ত্র সরবরাহকার হউন তাঁহার উচিত যে এক জমাবন্দী প্রস্তুত করেন এবং জরিপের আবশ্যক হইলে তাহা করেন। ঐ জমাবন্দী প্রতিবৎসরে সংশোধন করিতে হইবেক এবং তাহা কালেক্টর সাহেবের নিকটে রাখিতে হইবেক। এবং খাস মহালে যেরূপ হইয়া থাকে সেইরূপে সরবরাহকার প্রতিবৎসরে কালেক্টর সাহেবকে এক জমাওয়াসীল বাকী দিবেন তাহাতে জমাবন্দীক্রমে কত টাকা আদায় হইয়াছে ও কত টাকা বাকী আছে তাহা লেখা থাকিবেক।

৮। যখন দেওয়ানী আদালত ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারার ২ প্রকরণের বিধানক্রমে কালেক্টর সাহেবকে ভূমি ক্রোক করিতে ও তাহার সরবরাহ করিতে হুকুম করেন তখন পূর্ব্বোক্ত দফাতে যে নিয়ম নির্দ্দিষ্ট আছে তাহার অনুযায়ি নিয়ত কার্য্য করিতে হইবেক যেহেতুক এইং গতিকে ১৭৯৮ সালের ৫ আইনের ৬ ধারার এবং ১৭৯৩ সালের ৪৫ আইনের বিধির উপলক্ষে ঐ ভূমির ইজারা দেওয়া যাইতে পারে না কিন্তু তাহা খাস তহসীলে রাখিতে হইবেক।

৯। ফৌজদারী আদালতের হুকুমক্রমে যে মহাল ক্রোক হয় তাহার বিষয়ে সদর আদালতের মত এই যে তাহার ইজারা দেওয়া আইনের অভিপ্রায়ের বিরুদ্ধ। আইনের অভিপ্রায় যে ঐ মহালের সরবরাহ কার্য্য রাজস্বের কর্ম্মকারকেরদের নিজ খাসে থাকে এইপ্রযুক্ত তাহার ইজারা দেওয়া যাইতে পারে না। অতএব অন্যান্য খাস মহালে যেরূপ হয় সেইরূপে ঐ২ মহাল সাধারণ সরবরাহকারের কর্ত্তৃত্বে খাসে থাকিবেক।

১০। ক্রোকহওয়া মহালের সরবরাহের খরচের কোন অংশ সরকারের শিরে পড়িবেক না। যাহাতে সদর ও মফঃসলের সকল খরচ পোষায় এমত শতকরা উপযুক্ত টাকা ঐ মহালের উপস্বত্বহইতে বাদ দিতে হইবেক।

* ১৭৯৩ সালের ১১ আইনের ৪।৫ ধারা। ১৮১৭ সালের ২০ আইনের ২৬ ধারা। ১৮১৮ সালের ৩ আইন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ২২ আপ্রিল।]

sudder and mofussil, and the Accountant will be requested to arrange that the percentage should be brought to credit in the same manner as charges of Khas Mehals are now credited in the Collector's accounts.

11. Each year a sufficient Establishment should be submitted for the Commissioner's approval, liable of course to increase or decrease with the number of attached Mehals. It is not intended to except farmed Mehals from payment of a percentage sufficient to prevent the Government suffering from the attachment. It is not in the power of the Board to fix the percentage; but it is expected that, 1 or 2 per cent, or considerably less, should there be several large Estates farmed, may be found sufficient. The percentage levied on attached Estates, the collections of which are made by the Manager or Surburakar, must be sufficient to cover the expense of collection and the expense of sudder management; probably 12 or 13 per cent. to cover both may be found sufficient.

12. It is expected that the Annual Statement of attached Estates, made up to 30th April, furnished under Circular Order of 31st May, 1850, No. 31, will be submitted to the Board regularly on or before the 1st July in each year.

(Signed) G. PLOWDEN,
Secretary.

No. 7.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 18th March, 1851.

Under orders from the Government, bearing date the 30th January last, No. 138, I am directed by the Board of Revenue to request, that you will instruct your subordinates to submit all Bills for compensation paid to proprietors for rent of land appropriated for Military Cantonments, for adjustment within the period prescribed by the Military Regulations, viz. 3 months, dating from the final sanction to the compensation by competent authority

(Signed) G. PLOWDEN,
Secretary

No. 7.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 21st March, 1851

I am directed by the Board of Revenue to circulate, for the information and guidance of yourself and your subordinates, that it has been ruled by the Government, that, reading Sections 17 and 22 of Act No. I. of 1845 together, the most reasonable construction to be put upon them is, that they both refer to one and the same payment of interest, *in respect of the purchaser at the annulled sale,* which by Section 22 must be calculated at

[*Government Gazette,* 22*nd April,* 1851.]

এবং আক্কোমটেণ্ট সাহেবের প্রতি এই হুকুম হইবেক যে খাস মহালের খরচ এইক্ষণে যেরূপে কালেক্টরী হিসাবে জমা করা যাইতেছে সেইরূপে ঐ শতকরা টাকার জমা করণের বিষয়ে তিনি নিয়ম করেন।

১১। সরবরাহের প্রচুর আমলার এক ফর্দ প্রতিবৎসবে কমিস্যনর সাহেবের মঞ্জুরীর জন্যে দরপেশ করিতে হইবেক তাহা সুতরাং ক্রোকহওয়া মহালের সংখ্যা অনুসারে বেশী বা কমী হইতে পারিবেক। মহালহইতে শতকরা টাকা দেওয়াতে সরকারের কোন ক্ষতি হইবেক না এমত শতকরা টাকা ইজারা দেওয়া মহালহইতে না লওয়া বোর্ডের সাহেবেরদের অভিপ্রায় নহে শতকরা কত টাকা নিরূপণ করিতে হইবেক তাহা বোর্ডের সাহেবেরা ধার্য্য করিতে অক্ষম কিন্তু তাঁহারা বোধ করেন যে শতকরা এক অথবা দুই টাকা কিম্বা কএক ভারি জমীদারীর ইজারা দেওয়া গেলে তাহাহইতে কম টাকা হইলে প্রচুর হইবেক। ক্রোকহওয়া যে মহালের রাজস্ব সরবরাহকার আদায় করেন সেই মহালের উপর শতকরা এত টাকা লওয়া যাইবেক যে তাহাতে আদায় করণের খরচ ও সরবরাহকারের খরচ পোষায়। অনুমান হয় যে শতকরা ১২ অথবা ১৩ টাকা হইলে ঐ উভয় খরচ পোষাইবেক।

১২। বোর্ডের সাহেবেরদের অপেক্ষা আছে যে ১৮৫০ সালের ৩১ মে তারিখের ৩১ নম্বরী সরক্যলর অর্ডরক্রমে যে হুকুম হইয়াছিল সেই হুকুমমতে ক্রোকহওয়া মহালের বার্ষিক কৈফিয়ৎ ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত প্রস্তুত হইয়া নিয়মমতে প্রতিবৎসরের ১ জুলাই তারিখে বা তাহার পূর্ব্বে বোর্ডের সাহেবেরদের নিকটে পাঠান যায়।

জি প্লৌডন। সেক্রেটারী।

---

৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১। ১৮ মার্চ।

গবর্ণমেণ্টের গত ৩০ জানুআরি তারিখের ১৩৮ নম্বরী হুকুমক্রমে বোর্ড রেবিনিউর সাহেবেরা হুকুম করিতেছেন যে তুমি আপনার অধীন সমস্ত কর্ম্মকারককে এই হুকুম দেও যে সৈন্যসম্পর্কীয় ছাউনিতে যে ভূমি লওয়া যায় তাহার খাজানার বাবৎ ঐ ভূমির মালিককে যে টাকা দিতে হয় তাহার সমস্ত বিল সৈন্যসম্পর্কীয় নিয়মেতে যে মিয়াদ নির্দ্দিষ্ট আছে অর্থাৎ ক্ষতি পূরণের টাকা ক্ষমতাপ্রাপ্ত সাহেবেরদের দ্বারা চূড়ান্তরূপে মঞ্জুর হওনঅবধি তিন মাসের মধ্যে মোকাবিলার নিমিত্তে পাঠান যায়।

জি প্লৌডন। সেক্রেটারী।

---

৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২১ মার্চ।

তোমার ও তোমার অধীন কর্ম্মকারকেরদের বিজ্ঞাপন ও উপদেশের জন্যে বোর্ডের সাহেবেরদের হুকুমক্রমে তোমাকে জ্ঞাত করিতেছি যে গবর্ণমেণ্ট এমত বিধান করিয়াছেন যে ১৮৪৫ সালের ১ আইনের ১৭ এবং ২২ ধারা একত্র পাঠ করিলে ঐ উভয় ধারার সর্ব্বাপেক্ষা যুক্তিসিদ্ধ এই অর্থ করিতে হইবেক যে রদহওয়া নীলামের খরীদারের সম্পর্কে উভয় ধারাতে একি সুদের বিষয় লেখা আছে। ২২ ধারাতে হুকুম আছে যে ঐ সুদ কোম্পানির চলিত কাগজের সুদের সর্ব্বাপেক্ষা উচ্চ হারানুসারে হিসাব করা যাইবেক এবং তাহা সামান্যতঃ সর-

the highest rate of the current Public Securities, and is ordinarily payable by the Government ; but that by Section 17, when the sale has been occasioned by the neglect of the Proprietor, a part or the whole of that interest may be required to be made good by the Proprietor.

2nd. Ordinarily, a Proprietor must be held blameable when he was in arrear, and the sale is reversed only by reason of some flaw in the sale proceedings. Accordingly, in such a case he should be required to make good the interest.

(Signed) G. PLOWDEN,
Secretary.

Board of Revenue, Lower Provinces.

No. 8.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 21st March, 1851.

I am directed by the Board of Revenue to request that when reporting on Cases of refund, you will whenever there has been delay invariably sift the causes of it, and state the name of the Officer who is in your opinion responsible.

(Signed) G. PLOWDEN,
Secretary.

No. 9.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 28th March, 1851.

A fundamental alteration in the Resumption Laws of Procedure being under the consideration of the Government, I am directed by the Board of Revenue, with reference to their Circular Order of the 24th of March, 1846, No. 9, to inform you, that no new resumption suits are to be instituted for the present.

2d. You will understand therefore that application for permission to institute resumption suits is not to be made to the Board pending further orders.

(Signed) G. PLOWDEN,
Secretary.

কারহইতে দেওয়া যায় । কিন্তু ১৭ ধারাতে হুকুম আছে যে ঐ নীলাম যখন ভূম্যধিকারির কসুরপ্রযুক্ত হইয়াছে তখন সেই সুদের এক অংশ অথবা তাহার সমুদয় ঐ ভূম্যধিকারির দিতে হুকুম করা যাইতে পারিবেক ।

২। সামান্যতঃ যখন কোন ভূম্যধিকারির রাজস্ব বাকী ছিল এবং নীলামের কার্য্যে কিঞ্চিৎ চুকমাত্র হওয়াতে নীলাম অন্যথা করা যায় তখন ভূম্যধিকারিকে দোষী জ্ঞান করিতে হইবেক । অতএব এমত গতিকে ঐ ভূম্যধিকারির সুদ দিবার হুকুম দিতে হয় ।

জি প্লোডন । সেক্রেটারী ।

বাঙ্গলা দেশের সদর বোর্ড রেবিনিউ ।

---

৮ নম্বর ।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র । ফোর্ট উলিয়ম । ১৮৫১ । ২১ মার্চ ।

বোর্ডের সাহেবেরা হুকুম করিতেছেন যে যখন তোমার কোন টাকা ফিরিয়া দেওনের বিষয়ের রিপোর্ট করিতে হয় এবং সেই টাকার বিষয়ে কোন বিলম্ব হইয়াছে তখন তুমি নিয়ত ঐ বিলম্বের কারণ অনুসন্ধান কর এবং যে কর্ম্মকারক তাহার বিষয়ে দায়ী আছেন তোমার বোধ হয় তাঁহার নাম লিখিয়া পাঠাও ।

জি প্লোডন । সেক্রেটারী ।

---

৯ নম্বর ।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র । ফোর্ট উলিয়ম । ১৮৫১ । ২৮ মার্চ ।

১। বাজেআপ্তী কার্য্যের আইনের কোন মূল নিয়ম মতান্তর করণের বিষয়ে এইক্ষণে গবর্ণমেণ্ট বিবেচনা করিতেছেন অতএব ১৮৪৬ সালের ২৪ মার্চ তারিখের ৯ নম্বরী সরক্যুলর অর্ডরের উপলক্ষে তোমাকে জ্ঞাত করা যাইতেছে যে কোন নূতন বাজেয়াপ্তী মোকদ্দমা এইক্ষণে আর উপস্থিত করিতে হইবেক না ।

২। অতএব তোমাকে জ্ঞাত করা যাইতেছে যে অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত বাজেয়াপ্তী মোকদ্দমা উপস্থিত করণের অনুমতি বোর্ডের সাহেবেরদের নিকটে চাহিতে হইবেক না ।

জি প্লোডন । সেক্রেটারী ।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

EDUCATION NOTICE.

A special examination of candidates for admission to the Free and Stipendiary lists of the Medical College, will be held in that Institution, during the first week in June next.

2nd. There are several stipendiary vacancies of Eight Rupees per mensem each, tenable for five years. No candidate can be admitted under the full age of 16, or above that of 20 years, on any account whatever.

3rd. Every applicant for admission must bring a letter of recommendation from some respectable person, certifying that he is of good character,

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার ।

মেডিকাল কালেজের বৈতনিক ও অবৈতনিক সম্প্রদায়ের পদ প্রাপণাকাঙ্ক্ষিরদের বিশেষ ইমতিহান আগামি জুন মাসের প্রথম সপ্তাহে ঐ কালেজে হইবেক ।

২। বৈতনিক কএক পদ শূন্য আছে তাহার বেতন মাসিক ৮৲ টাকা এবং পাঁচ বৎসরপর্য্যন্ত তাহার ভোগ হইতে পারে । ষোল বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে কোনমতে নিযুক্ত করা যাইতে পারিবেক না ।

৩। ঐ পদাকাঙ্ক্ষি প্রত্যেক জনের আবশ্যক যে তিনি কোন সম্ভ্রান্ত লোকের স্থানহইতে এক সুপারিশপত্র আ-

and worthy of admission to the privilege of studying in the Medical College.

4th. The candidates must present themselves before the Secretary to the College, at least three days prior to the date of examination, with a view to their being identified as the persons really desiring admission.

5th. All candidates will be expected to possess such knowledge of English, so as to be able to read, write, and speak it with ease and fluency. They must be able to analyze a passage in Milton's Paradise Lost, Robertson's Histories, or works of a similar classical standard,—be acquainted with the elements of Arithmetic, Algebra, Geometry, and Natural Philosophy,—and bring Certificates from the Head Masters of the Schools in which they have studied, expressly, stating that they possess the information required, and are capable of undergoing the ordeal proposed. The preference in selection will always be given to those who possess the greatest amount of information in the abovementioned branches of Education.

6th. The course of instruction given in the Bengal Medical College is recognized by the University of London, the Royal College of Surgeons of England, and the Worshipful Society of Apothecaries of London—the Decree, Diploma, and License of which bodies, respectively, can be obtained by any pupil who has studied in Calcutta, provided he passes through the particular course and extent of study required by each—of which every particular may be ascertained on personal application to the Secretary, Medical College.

(By order,)

F. J. MOUAT, M. D.,

Secretary.

Council of Education, the 1st April, 1851.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS.

The 8th April, 1851.

Moulvee Uddeelooddeen Mahomed, Moonsiff of Burjorah, Zillah West Burdwan, to be Moonsiff of Khajoorah, Zillah Jessore.

Baboo Essanchunder Dutt, Moonsiff of Khajoorah, Zillah Jessore, to be Moonsiff of Burjorah, Zillah West Burdwan.

The 9th April, 1851.

Moulvee Soojat Alee, Law Officer, to be Additional Moonsiff of Zillah Dinagepore, vice Manick Chund Shome, deceased.

Pundit Muddun Mohun Turkolunkar, to be Acting Moonsiff of Lallbaugh, Moorshedabad.

Moulvee Mooteeoor Ruhman, (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Bhowanigunge, Zillah Rungpore, until further orders.

Moulvee Derasutoollah, (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Kassigunge, Midnapore.

নেন তাঁহাতে ইহা লেখা থাকিবেক যে তিনি সদাচারী এবং মেডিকাল কালেজে শিক্ষা করণের যোগ্য বটেন।

৪। যাঁহারা ঐ পদ পাইতে প্রার্থনা করেন তাঁহারদের অমন্যতা নিশ্চয় করণের নিমিত্তে তাঁহারদের আবশ্যক যে ইমতিহানের দিবসের তিন দিন পূর্ব্বে তাঁহারা কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হন।

৫। সকল পদাকাঙ্ক্ষির আবশ্যক যে তাঁহারা ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে জানেন ও শুদ্ধরূপে এবং সহজে তাহা পাঠ করিতে ও লিখিতে এবং কহিতে পারেন। আরো তাঁহারদের আবশ্যক যে মিল্টনের পারাডৈস লষ্ট কিম্বা রাবর্টসনের ইতিহাস পুস্তক কিম্বা তত্তুল্য উত্তম পুস্তকের কোন ভাগের অর্থ করিতে পারেন এবং অঙ্ক ও বীজগণিত বিদ্যা ও ভূমিপরিমাপক বিদ্যা ও পদার্থনির্ণায়ক বিদ্যার মূল নিয়ম জানেন এবং তাঁহারা যে বিদ্যালয়ে শিক্ষা করিয়াছেন তাহার প্রধান শিক্ষকের স্থানহইতে এক সর্টিফিকট আনেন তাহাতে লেখা থাকিবেক যে তাঁহারা আবশ্যক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন এবং প্রস্তাবিত ইমতিহান দিতে পারেন। যাঁহারা উপরের লিখিত বিদ্যাবিষয়ে অধিক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাই অগ্রে মনোনীত হইবেন।

৬। বাঙ্গলা দেশের মেডিকাল কালেজে যে বিষয়ের শিক্ষা হইতেছে তাহাতে লণ্ডন নগরের উনিবর্সিটির এবং ইঙ্গলণ্ড দেশের চিকিৎসকেরদের রাজকীয় কালেজের ও লণ্ডন নগরে ঔষধ প্রস্তুতকারিরদের অতিসম্ভ্রান্ত সভার সম্মতি আছে এবং কলিকাতায় যে ছাত্রেরা শিক্ষা করিয়াছেন তাঁহারা যদি ঐ প্রত্যেক বিদ্যালয়ের নিরূপিত বিশেষ বিদ্যাবলিতে বিজ্ঞ হন তবে তাঁহারা ঐ বিদ্যালয়ের উপাধি কিম্বা যোগ্যতার পত্র কি চিকিৎসা করণের অনুমতিপত্র পাইতে পারেন। তাহার বিশেষ বৃত্তান্ত যে কেহ জানিতে চাহেন তিনি স্বয়ং মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে দরখাস্ত করিলে জানিতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সোল। ১৮৫১। ১ আপ্রিল।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ৮ আপ্রিল।

জিলা পশ্চিম বর্দ্ধমানের বড়যোড়ার মুনসেফ শ্রীযুত মৌলবী আদীলউদ্দীন মহম্মদ জিলা যশোহরের খাজুরার মুনসেফ হইবেন।

জিলা যশোহরের খাজুরার মুনসেফ শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত জিলা পশ্চিম বর্দ্ধমানের বড়যোড়ার মুনসেফ হইবেন।

১৮৫১ সাল ৯ আপ্রিল।

মাণিকচাঁদ সোমের মৃত্যু হওয়াতে ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী সুজাত আলী জিলা দিনাজপুরের অতিরিক্ত মুনসেফ হইবেন।

শ্রীযুত পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার মুরশিদাবাদের লালবাগের এক্টিং মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মৌলবী মতিউররহমান অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা রঙ্গপুরের ভবানীগঞ্জের এক্টিং মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মৌলবী দেরাসৎ উল্লা মেদিনীপুরের কাশীগঞ্জের এক্টিং মুনসেফ হইবেন।

The 15th April, 1851.

Mr. H. C. Bell, (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Pertabpore, Zillah Midnapore, from the date on which he took charge of that office. This cancels the appointment, dated 21st March last, of Moulvee Menhazooddeen to that station.

LEAVES OF ABSENCE.

The 15th April, 1851.

Moonshee Mahomed Ackbar, Moonsiff of Rawojan, Zillah Chittagong, for three days, from the 10th instant.

Cazee Hamid Ally, Moonsiff of Radhanagore, Zillah West Burdwan, for five days, from the 10th instant.

Baboo Sreekunt Sing, Moonsiff of Samuntee, Zillah East Burdwan, for the 10th and 11th instant.

The 17th April, 1851.

Baboo Balindernarain Koor, Moonsiff of Tezpoor, in Durrung, for six weeks, from the 27th February last, in extension of the leave of absence granted on the 14th ultimo.

B. J. COLVIN, *Register.*

১৮৫১ সাল ১৫ আপ্রিল।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত এচ সি বেল সাহেব জিলা মেদিনীপুরে প্রতাপপুরের মুনসেফী কর্ম্মের ভার যে তারিখে গ্রহণ করেন সেই তারিখঅবধি ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন। গত মার্চ মাসের ২১ তারিখের যে হুকুমমতে ঐ স্থানের শ্রীযুত মৌলবী মেনহাজ উদ্দীন ঐ মোকামে নিযুক্ত হন্ তাহা রহিত হইল।

ছুটী।

১৮৫১ সাল ১৫ আপ্রিল।

চাটিগাঁর রাওজানের মুনসেফ শ্রীযুত মুনশী মহম্মদ আকবর বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

জিলা পশ্চিম বর্দ্ধমানের রাধানগরের মুনসেফ শ্রীযুত কাজী হামিদ আলী বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সামন্তির মুনসেফ শ্রীযুত শ্রীকণ্ঠ সিংহ বর্ত্তমান মাসের ১০। ১১ তারিখের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৭ আপ্রিল।

দরঙ্গে তেজপুরের মুনসেফ শ্রীযুত বাবু বলেন্দ্রনারায়ণ কুড় গত মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত গত ফেব্রুআরি মাসের ২৭ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৭১৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২৫ মার্চ।

শ্রীযুত ডাক্তর জে এসডেল সাহেবের (Doctor J. Esdaile,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এ উএব সাহেব (Mr. A. Webb,) জাহাজসম্পর্কীয় চিকিৎসক এবং শুকিয়া গলির ঔষধালয়ের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৫১ সাল ২৬ মার্চ।

শ্রীযুত টি ব্রাডেল সাহেব (Mr. T. Braddell,) ওএলেসলি প্রদেশের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৫১ সাল ১৮ মার্চ।

নওআখালীর সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে বেকর সাহেবের (Mr. J. Baker,) অনুপস্থানপর্য্যন্ত সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু বৈদ্যনাথ ব্রহ্ম নওআখালীর সদর স্থানের চিকিৎসকতা কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫১ সাল ২৫ মার্চ।

জাহাজসম্পর্কীয় চিকিৎসক ও শুকিয়া গলির ঔষধালয়ের চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে এসডেল সাহেব (Dr. J. Esdaile,) আগামি মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ২৬ মার্চ।

বাঁকুড়ার একটিংজাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier,) বর্ত্তমান মাসের ১১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইশ্তিহার।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার সুন্দরবনের সীমাসরহদ্দের মধ্যে কাপ্তান হাড্জিস সাহেব সরবিয়রের নক্শার লিখিত ১০৮ নং লাটের মোট ২৪৭০০/ বিঘা জমি অন্দরে আবাদি ও কাটি জঙ্গল ও লাএক পতিতগয়রহ ২০১৬।১ বিঘা জমি বাদ রাখিয়া অবশিষ্ট ২২৬৭৩॥১ কালী জঙ্গল জমির আবাদকারি পাট্টা সন ১৮৫১ সালের ৩০ আপরিল মোতাবেক সন ১২৫৮ সালের ১৮ বৈশাখ বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় মোকাম আলিপুর সুন্দরবনের কমিস্যনরি কাছারিতে নীলাম হইবেক। যে জন অতি উচ্চ মুল্য ডাকেন তিনি তাহা পাইবেন তৎক্ষণাৎ খরীদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাঁহার নামে তৈয়ার হইবেক এবং গবর্ণমেন্টের মঞ্জুরীক্রমে দেওয়া যাইবেক এবং পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে তিনি ঐ ভূমির দখিলকার হইবেন।

আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষি যে কেহ ঐ জমীর নক্শা দেখিতে চাহেন এবং তাহার বিষয়ে কোন বিশেষ বেওরা ও বর্ত্তমান অবস্থা জানিতে চাহেন তিনি আপনি অথবা মোক্তারকারের দ্বারা কমিস্যনরের দফ্তরখানায় তাহা জানিতে পারেন। আরো উক্ত নিয়ম ও বিশেষ বেওরা নীলামের সময়ে প্রকাশ করা যাইবেক ইতি সন ১৮৫১ সাল তারিখ ৮ আপরিল মোতাবেক সন ১২৫৭ সাল তারিখ ২৭ চৈত্র।

গমাকাম লাট ৫২ নং।

গমাকাল লাট ৫২ নং।

উমাকান্ত সেন। কমিস্যনর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ২২ আপ্রিল।]

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা পূরণিয়া।

১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারামতে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫১ সালের ফেব্রুআরি মাহার কিস্তির বাকী রাজস্বের বাবৎ কিম্বা বাকী রাজস্বের ন্যায় অন্যান্য যে দাওয়া আদায় হয় তাহার বাবৎ জিলা পূরণিয়ার অন্তঃপাতি নীচের লিখিত মহাল ইং ১৮৫১ সালের ২৯ আপ্রিল তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৫৮ সালের ১৭ বৈশাখ মোতাবেক ফসলী ১২৫৮ সালের ১৪ বৈশাখ মঙ্গলবারে ঐ জিলার কালেক্টরী সিরিশ্‌তায় নীলামে ধরা যাইবেক ও বিনা ওজরে বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের প্রকার	জিলার তৌজীতে কিম্বা রেজিষ্টরী বহীতে মহালের নম্বর	মহালের নাম।	রেজিষ্টরী করা মালিক।	সদর জমা	১৮৫১ সালের ফেব্রুআরি মাহার কিস্তীপর্য্যন্ত বাকী	মন্তব্য।
যে জিলার বাঙ্গলা সন চলে।							
১	১০০৲ শত টাকার অধিক জমার ফুরুয়ারি জমা ধার্য্য হওয়া মহাল	৯	তরফ শর্ম্মাবাদ পং কোতওয়ালী	... রাজা বিজয়গোবিন্দ সিংহ বাহাদুর	২৮৪৸৵৮	৯৯৶২	হাল।
		১০	আরাজী কিলাই চাঁদনিচক পং হাবেলী	ঐ	২৩৪ ॥৵৮	৭৭৸/১০	ঐ
		১২	মৌজা দেবীনগর পং ঐ	ঐ	৬৪০৲	২১৪ ৷৵৬	ঐ
		১৪	মীলিক বাজেয়াপ্তী মৌজা রঙ্গামা পং শ্রীপুর ও ফতেপুর সিংহিয়া	রামেশ্বর দাস	২৩১ ॥৵৮	৭২ ॥৵৭	ঐ
		১৭	মৌজা বেহারীপুর পং কোতোয়ালি	... বিজয়গোবিন্দ সিংহ	১১০৸৪	৫০৵১	ঐ
		২৯	পরগনা আসজা	... তীর্থানন্দ সিংহ	৫৭১৪৬৵৮	১৬২৫০৸/১১	ঐ
		২৪৩	মৌজা জীরণগাছ পং ফতেপুর সিংহিয়া ...	... বিজয়গোবিন্দ সিংহ ও রাজেন্দ্রনারায়ণ ও মহেন্দ্র নারায়ণ রায়	১৩২৸৶৪	২০৸৬	ঐ
		৫৩৭	মৌজা লোহাগড় পং ঐ	... বিজয়গোবিন্দ সিংহ	১১৭০ ৷/৪	৩৬৫ ॥৶৮	ঐ
		৭৪৫	মৌজা চান্দীপুর খাসখোল পং কাকজোল ...	... জীরা খাওয়াসীন	১৪৭৭/৯	৮২৬৵৫	ঐ
২	১০০৲ টাকার অনধিক জমার ফুরুয়ারি জমা ধার্য্য হওয়া মহাল	৭১	মীলিক বাজেয়াপ্তী আনন্দবিলাস পং হাবেলী...	... বিজয়গোবিন্দ সিংহ	১১৬৸২	৮/৭	ঐ
		৭২	মীলিক বাজেয়াপ্তী পূর্ণাশ পং শ্রীপুর	ঐ	১২৶৩	১০ ॥৵৮	ঐ
		৭৩	আরাজী সোহরাখানা পং হাবেলী	ঐ	৪৸৵১১	২৲৫	ঐ
		১৩০	মৌজা বুদবেল্লা পং শ্রীপুর	... ঝনরুল্লা মিশ্রওগয়রহ	৫৫৸/২	১৭৸৵৭	ঐ
		১৩৭	মৌজা মধাইল মহেশবথনা পং শ্রীপুর... ...	... বিজয়গোবিন্দ সিংহ	৮৩৸৪	২৭৸৵১০	ঐ
		২৬৫	মৌজা পরুরিয়া পং ফতেপুর সিংহিয়া	ঐ	২৯ ৷/১০	১৪ ॥৵১১	ঐ
		৪১৭	মৌজা ভিরবীরি ভোকস্তরি পং ঐ	ঐ	১৭ ৷১১	৮ ॥৵৫	ঐ
		৪৫৯	মৌজা শাঁদা বিষ্ণুপুর পং কদওয়া	... নাথ শাহি	৭২ ॥/১১	২৪৶৩	ঐ
		৫১০	মৌজা হাজিরগঞ্জ পং হাবেলী	... এল ই বরফোর্ড সাহেব	৩৪/২	১৭৲৫	ঐ
		৫৫৭	মৌজা পরুরিয়া পং ফতেপুর সিংহিয়া ...	... কিশোরী সিংহ	১১৸৭	৫৸৵৩	ঐ

শ্রেণীর নম্বর	মহালের প্রকার	জিলার তৌজীতে কিম্বা রেজিষ্টরী বহীতে মহালের নম্বর	মহালের নাম।	রেজিষ্টরী করা মালিক।	সদর জমা	১৮৫১ সালের ফেব্রুআরি মাহার কিস্তীপর্য্যন্ত বাকী	মন্তব্য।
যে জেলার বাঙ্গলা সন চলে।							
২	১০০১ টাকার অনধিক জমার ইস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল।	৬১৫	মৌজা নেক্রেল পং হাবেলী	বিজয়গোবিন্দ সিংহ ও রাজেন্দ্রনারায়ণ ও মহেন্দ্রনারায়ণ রায়	২৬৸/৪	১৩।৶৮	হাল।
		৬৪২	মৌজা ক্ষেমকোল পং সুলতানপুর	বিজয়গোবিন্দ সিংহ	৩৫৵৮	১৭॥/৪	ঐ
		৭১৫	মৌজা সাবরা পং ঐ	গোলাবচাঁদ	১২।৴১০	৬৶৪	ঐ
		৭৩৪	মৌজা বীরবীরি ভোকস্করী পং ফতেপুর সিংহিয়া	বিজয়গোবিন্দ সিংহ ও অন্যেরা	৬৩।৴৪	৫॥/০॥	ঐ
		৭৯৩	মৌজা মনঝোআ পং সুলতানপুর	বিজয়গোবিন্দ সিংহ	১১৹৮	৯॥/২	ঐ
		৮০৫	মৌজা ভুরকেলী বেলবাড়ী পং ঐ	ঐ	২২।১১	১১৶৫	ঐ
		৮১৬	মৌজা ধুমগড় পং শ্রীপুর	ভৈরব মণ্ডল	৩০৶০	১৫/৬	ঐ
		৮২৮	মৌজা চেমনা তালুক ওরলাহা পং ঐ	মসম্মৎ সীতাবতী ও রাধানাথ চৌধুরী ...	৩১॥৶৫	১৮।৴৮	ঐ
		৮৩৪	গড দড়িয়া ও মৌজা কদজেটা পং ফতেপুর সিংহিয়া	বল্লভীকণ্ঠ ও শ্রীরাম শর্ম্মা ও শিবচরণ যশী ...	৪০॥৶৯	২০।/৯	ঐ
		৯৩৫	মৌজা মালদ্বার গছ ভীমানন্দ শর্ম্মা পং শ্রীপুর ...	বিজয়গোবিন্দ সিংহ ও অন্যেরা	৬৮৸৶৬	৯।৶১১	ঐ
		৯৬৬	মৌজা মাহদীয়া তালুক পুপুরীয়া পং হাবেলী ...	ফজলউল নিসা বেগম	১৬৻১	৮৲	ঐ
		৯৭৫	মৌজা ভকরীপুর পং কুমারীপুর	বিজয়গোবিন্দ সিংহ ও অন্যেরা	৩১৸৶২	১৫৸৶৭	ঐ
		৯৮৬	মৌজা পলাশী তালুক চাহৎপুর পং শ্রীপুর ...	ঐ ঐ	২৭৸/৪	৬।০	ঐ
		১০০৮	মৌজা পদ্মপুর পং শ্রীপুর	ঐ ঐ	৪৫।৯	২২॥৶৩	ঐ
		১০৫১	মৌজা দেহীভাট পং ফতেপুর সিংহিয়া ...	মসম্মৎ মেহরজান ও নৌরঙ্গীলাল	৩১৸৵৯	১১৫৵৪	বকেয়া বাকী
৩	অল্পকালের বন্দোবস্তীকিম্বা ইজারা দেওয়া মহাল।	৫১২	মৌজা দেঙ্গরী পং সুলতানপুর	পোষণঝা এইক্ষণে বিজয়গোবিন্দ সিংহ ...	২৬৸৶৬	১৩৵৫	হাল।
		৫৩৮	মৌজা ঐ পং ঐ	শমিলালঝা ও অন্যেরা ঐ ঐ	১৪৩॥৶৯	৪৪৸৵৯	ঐ
		৫৯০	মৌজা সুরগাঁও তালুক বেলাই পং ঐ ...	বিজয়গোবিন্দ সিংহ	১১॥৶২	৫৸/৭	ঐ
		৬০৪	মৌজা পহসু মোহনী পং হাবেলী	ঐ	১৩॥৴	৬৸/০	ঐ
		৬২১	মৌজা কজরা পটীরা পং ঐ	বিজয়গোবিন্দ সিংহ ও শোভনাথ মিশ্র ...	১৬১॥৵৮	৫০॥৪	ঐ
		৬২২	মৌজা কজরা রঘুপুর পং ঐ	ঐ ওমরা ভারতী ও গৌরী শাহা	১৫০৸/৫	৪১॥৶২	ঐ
		৭৯২	মৌজা বঘারভল মাউকোল মিনিয়ারি পং কাকজোল	রামধন রায়	২৩॥৵১০	১১৸/৫	ঐ
		৯৮৫	মৌজা ফতেপুর পং মালদ্বার	জগবন্ধু চৌধুরী	১০।৮	৫৵৪	ঐ
		৯৯৫	মৌজা সুরগাঁও তালুক বালাই পং সুলতানপুর ...	বিজয়গোবিন্দ সিংহ	৪২॥০	২১৶৭	ঐ
		৯৯৮	মৌজা রহৎমীনা পং ঐ	ঐ	৫৩/১	১৭॥৶২	ঐ
		১০৩৩	মৌজা পশ্চিম সোহনী পং শ্রীপুর	ঐ	১১৸৵৩	৮।৶১	ঐ

শ্রেণীর নম্বর	মহালের প্রকার	জিলার তৌজীতে কিম্বা রেজিষ্টরী বহীতে মহালের নম্বর	মহালের নাম	রেজিষ্টরী করা মালিক	সদর জমা	১৮৫১ সালের ফেব্রুআরি মাহার কিস্তীপর্য্যন্ত বাকী	মন্তব্য।
	যে জিলায় ফসলী সন চলে।						
To the Magistrates of the Districts of Cachar, Sumbulpore, Singbhoom Dn, Lohardugga Dn., Maunbhoom Dn., Hazareebaugh Dn, Howrah, Noacolly, Durrung, Kamroop, Mymensing, Bograh, Luckimpore, Purneah, Sarun, Shahabad, Tipperah, Rungpore, Nowgong, Midnapore, Patna, Rajshahye, Backergunge, Gowalparah, Bancoorah, Pubnah, Tirhoot, Balasore, Maldah, Furreedpore, Jorehaut, Behar, Hooghly, Cuttack C. Dn, Cuttack S. Dn, Dinagepore, Bhaugulpore, Sylhet, Jessore, Baraset, Nuddeah, Monghyr, Chittagong, Moorshedabad, Dacca, Beerbhoom, Burdwan, Chumparun and 24-Pergunnahs.

Arrangements being now in progress for the exhibition of receipts and charges on account of Jail Manufactures in the Judicial Cash Accounts exclusively, I have the honour to request that, from the present month, you will have the goodness to submit separate bills for charges which may be incurred by you for the purchase of materials for manufactures, instead of including them in the general contingent bills of your office.

The bills for such charges should be debited in your Cash Accounts, under Audit, to the head "Produce of Work done by Convicts."

(Signed) W. MAPLES,
Asst. Acct. Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Judicial Department,
The 30th May, 1851.

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

১২২ নম্বর।

কাছাড় ও সম্বলপুর প্রদেশ ও সিংহভূম ও লোহারডগা ও মানভূম ও হাজারীবাগ এলাকা ও জিলা হাবড়া ও নওয়াখালী ও দরঙ্গ ও কামরূপ ও ময়মনসিংহ ও বগুড়া ও লক্ষ্মীপুর ও পূর্ণিয়া ও সারণ ও শাহাবাদ ও ত্রিপুরা ও রঙ্গপুর ও নওগাঁ ও মেদিনীপুর ও পাটনা ও রাজশাহী ও বাকরগঞ্জ ও গোআলপাড়া ও বাঁকুড়া ও পাবনা ও ত্রিহুত ও বালেশ্বর ও মালদহ ও ফরিদপুর ও জোরহাট ও বেহার ও হুগলী ও কটকের মধ্য অংশ ও দক্ষিণ অংশ ও দিনাজপুর ও ভাগলপুর ও ছিলট ও যশোহর ও বারাসত ও নদীয়া ও মুঙ্গের ও চাটিগাঁ ও মুরশিদাবাদ ও ঢাকা ও বীরভূম ও বর্দ্ধমান ও চম্পারণ ও চব্বিশপরগনার শ্রীযুত মাজিস্ট্রেট সাহেব বরাবরেষু।

জেলখানার বানান দ্রব্যের বাবৎ সকল জমাখরচ কেবল জজ সাহেবের সিরিশ্তার খাতাবহীতে লেখা যাইবার নিয়ম এক্ষণে করা যাইতেছে অতএব তোমাকে আদেশ করিতেছি যে বর্ত্তমান মাসঅবধি তুমি উক্ত দ্রব্য প্রস্তুত করণের নিমিত্তে যে সরঞ্জাম খরীদ কর তাহার খরচ তোমার সিরিশ্তার সাধারণ বাজেখরচের বিলের মধ্যে না লিখিয়া আলাহিদা২ বিলে লিখিয়া দাখিল করিবা।

তোমার নগদ টাকার খাতাবহী যখন আডিট হয় তখন ঐ প্রকার খরচের বিল "কয়েদীরদের কর্ম্মের উৎপন্ন" এই শিরনামার তাহার মধ্যে খরচ লিখিবা।

ডবলিউ মেপল্স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
জুডিসিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৫১।৩০ মে।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 15.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 30th May, 1851.

It having been brought to the notice of the Board, that certain Collectors have been called upon by Magistrates acting under Act IV. of 1840, to attach Estates, or portions of Estates, on account of disputes regarding the appropriation of rents of fractional portions of undivided Estates, I am directed by the Board of Revenue to circulate for general information the correspondence noted on the margin,* by which it will be seen that the Sudder Court have ruled that such disputes cannot be heard under Act IV. of 1840.

(Signed) A. C. BIDWELL,
Offg. Secretary.

Extract paras. 2 and 3 of a letter from the Sudder Court to the Judge of Patna, No 566, dated 25th May, 1849.

Para. 2nd. "The Court learn that the Collector objects to hold under attachment portions of joint undivided Estates, and quotes as his authority the Circular Order of the Sudder Board of Revenue No. 21, dated 3rd August, 1846. As the attachments were directed under Section 3, Act IV. of 1840, you were right in informing him that the Circular in question was irrelevant. But the Magistrate and your predecessor were nevertheless wrong in directing the attachments to be made, for claims to portions of joint undivided Estates cannot be heard under Act IV. of 1840, and by consequence, orders for their attachment under Section 3 of that Act are invalid.

3rd. "Another question is involved in the correspondence, viz., whether orders of attachment can issue in cases of complaint under Section 4. On this subject I am directed to reply that the authority granted by Section 3, is restricted to the class of cases mentioned in Section 2. A complaint of dispossession under Section 4, if not proved, must be dismissed, the defendant being left in possession, and the plaintiff referred to the Civil Court."

(Signed) B. J. COLVIN, *Register.*

* Extract paras. 2 and 3 of a letter from the Sudder Court to the Judge of Patna No. 566, dated 25th May, 1849.

Board to Register of Sudder Court No. 99, dated 27th July, 1849.

Register of Sudder Court to Board No. 1307, dated 24th August.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ১ জুলাই।]

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১ সাল ৩০ মে।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা জ্ঞাত হইয়াছেন যে অবিভক্ত জমীদারীর ক্ষুদ্র২ অংশের খাজানা বিতরণের বিষয়ি বিবাদপ্রযুক্ত মাজিস্ট্রেট সাহেবেরা ১৮৪০ সালের ৪ আইনানুসারে জমীদারী বা জমীদারীর অংশ ক্রোক করিতে কোন২ কালেক্টর সাহেবদিগকে হুকুম দিয়াছেন। অতএব বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে পশ্চাৎ লিখিত লিখনপঠন * সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে পাঠাইতেছি তাহাতে দৃষ্ট হইবেক যে সদর আদালতের সাহেবেরা এই বিধান করিয়াছেন যে ঐ প্রকার বিবাদ ১৮৪০ সালের ৪ আইনানুসারে গ্রাহ্য হইতে পারে না।

এ সি বিডউএল।
এক্টিং সেক্রেটারী।

সদর আদালত পাটনার জজ সাহেবের প্রতি ১৮৪৯ সালের ২৫ মে তারিখে ৫৬৬ নম্বরী যে পত্র লিখিলেন তাহার ২ ও ৩ দফার চুম্বক।

২ দফা। সদর আদালত অবগত হইয়াছেন যে কালেক্টর সাহেব সাধারণ অবিভক্ত জমীদারীর অংশাংশ ক্রোক করিতে আপত্তি করিয়া কহেন যে সদর বোর্ড রেবিনিউর ১৮৪৬ সালের ৩ আগষ্ট তারিখের ২১ নম্বরী সরকুলর অর্ডরে তাহার নিষেধ আছে। ঐ ক্রোক ১৮৪০ সালের ৪ আইনের ৩ ধারানুসারে করিবার হুকুম ছিল অতএব তুমি যখন কালেক্টর সাহেবকে জানাইলা যে ঐ সরকুলর অর্ডর সেই বিষয়ে খাটে না তখন তুমি যথার্থ জ্ঞাত করিয়াছ। তথাপি ঐ মাজিস্ট্রেট সাহেব এবং তোমার পূর্ব্বে জজ সাহেব যখন ঐ২ ক্রোক করিতে হুকুম দিলেন তখন তাঁহারা ভ্রম করিলেন যেহেতুক সাধারণ অবিভক্ত জমীদারীর অংশের বিষয়ি দাওয়ার ১৮৪০ সালের ৪ আইনানুসারে শুননি হইতে পারে না এবং সুতরাং ঐ আইনের ৩ ধারানুসারে তাহা ক্রোক করিবার যে হুকুম হইল তাহা অসিদ্ধ।

৩ দফা। এই লিখনপঠনের মধ্যে আরো এক জিজ্ঞাসা উপস্থিত হইতেছে তাহা এই যে ৪ ধারানুসারে নালিশ হইলে ক্রোকের হুকুম দেওয়া যাইতে পারে কি না। এই বিষয়ে এই উত্তর দিতে আমার প্রতি আদেশ হইয়াছে যে ৩ ধারায় যে ক্ষমতা দেওয়া গিয়াছে তাহা কেবল ২ ধারার নির্দ্দিষ্ট প্রকার মোকদ্দমার বিষয়ে খাটে। ৪ ধারানুসারে বেদখলের নালিশ হইলে যদি তাহার প্রমাণ না হয় তবে তাহা ডিসমিস করিতে হইবেক এবং আসামীর দখলে সেই ভূমি রাখিতে হইবেক ও ফরিয়াদীকে কহিতে হইবেক যে তিনি চাহিলে দেওয়ানী আদালতে নালিশ করিতে পারেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

* পাটনার জজ সাহেবের নিকটে সদর আদালতের ১৮৪৯ সালের ২৫ মে তারিখের ৫৬৬ নম্বরী পত্রের ২। ৩ দফা।

সদর আদালতের রেজিষ্টর সাহেবের প্রতি বোর্ডের ১৮৪৯ সালের ২৭ জুলাই তারিখের ৯৯ নম্বরী পত্র।

বোর্ডের প্রতি সদর আদালতের রেজিষ্টরের ২৪ আগষ্ট তারিখের ১৩০৭ নম্বরী পত্র।

No. 99.

From the Secretary to the Sudder Board of Revenue, to the Register of the Sudder Court ——— .
Dated Fort William, the 27th July, 1849.

The Sudder Board of Revenue have received from the Commissioner of the Patna Division an extract from a letter, No. 566, dated the 25th May last, addressed by the Sudder Court to the Judge of Patna, in the 2nd para. of which it is ruled, that, " claims to portions of joint undivided Estates cannot be heard under Act IV. of 1840, and by consequence, orders for their attachment under Section 3 of that Act are invalid."

2nd. The Board are desirous of circulating this construction, as one of great importance to the Revenue Department, but it appears to them, as worded, to be at variance with the Law, and they wish therefore to be first satisfied that they have rightly understood its meaning and intent.

3rd. The construction seems to rule that a portion of a joint undivided Estate cannot be attached at all under Act IV. of 1840, or it may be taken to mean that a complaint of forcible dispossession of a portion of a joint undivided Estate cannot be brought under Section 4 of that Act, and consequently such land cannot be attached under the Act.

4th. With respect to the first of the above significations, the Board observe, that, according to the provisions of Section 2, a Magistrate is competent to originate a case under the Act concerning *any* disputed land, and to attach the land, if he sees reason, under Section 3; he may, therefore, as it appears to the Board, originate a case concerning a specific portion of a joint undivided Estate, the possession of which might be disputed between the proprietors, or between the proprietors and other parties, and, if necessary, attach such specific portion—consequently, if this view be correct, a portion of a joint undivided Estate might be attached under the Act.

5th. In like manner, with respect to the second signification, it appears to the Board, that a sharer holding a specific portion of a joint undivided Estate, might certainly, if he had cause, bring a complaint of forcible dispossession against one or more of his coparceners, or against any party not being a sharer in the Estate, though of course no attachment of the land could take place on such complaint, because by Section 3 attachment is restricted, for obvious reasons, to the class of cases mentioned in Section 2.

6th. It seems scarcely necessary to notice that the term "joint undivided," when applied to an Estate, though it always implies the responsibility of the entire Estate, and of all the sharers, jointly and severally, for the Revenue, does not always imply that all the lands of the Estate are actually possessed by all the sharers in common, each collecting from every ryot his share of the whole rent.

৯৯ নম্বর।

সদর আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৪৯। ২৭ জুলাই।

সদর আদালত পাটনার জজ সাহেবের প্রতি গত ২৫ মে তারিখের ৫৬৬ নম্বরী যে পত্র লিখিলেন তাহার এক চুম্বক পাটনা এলাকার কমিস্যনর সাহেব সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের নিকটে পাঠাইয়াছেন তাহার ২ দফাতে এই বিধান হইয়াছে যে সাধারণ অবিভক্ত জমীদারীর অংশের বিষয়ের দাওয়া হইলে তাহা ১৮৪০ সালের ৪ আইনানুসারে শুনা যাইতে পারে না এবং সুতরাং ঐ আইনের ৩ ধারানুসারে তাহা ক্রোক করিবার হুকুম অসিদ্ধ।

২। এই আইনের অর্থ রেবিনিউর কর্ম্মকারকেরদের বিষয়ে অতিগুরুতর এবং সদর বোর্ডের সাহেবেরা তাহা সর্ব্বত্র জ্ঞাপন করিতে চাহেন কিন্তু তাঁহারদের বোধে এই আইনের অর্থের লিখিত কথা আইনের অনৈক্য অতএব ঐ আইনের অর্থের অভিপ্রায় ও মানে তাঁহারা যথার্থরূপে বুঝিয়াছেন কি না ইহা অগ্রে জানিতে তাঁহারদের ইচ্ছা আছে।

৩। ঐ আইনের অর্থে এই দুই বিধান হইতে পারে যে সাধারণ অবিভক্ত জমীদারীর অংশ ১৮৪০ সালের ৪ আইনানুসারে কোনক্রমেই ক্রোক হইতে পারে না অথবা তাহার এই বিধান হইতে পারে যে সাধারণ অবিভক্ত জমীদারীর অংশের বলপূর্ব্বক বেদখলের নালিশ ঐ আইনের ৪ ধারানুসারে গ্রাহ্য হইতে পারে না এবং সুতরাং ঐ আইনানুসারে ঐ ভূমি ক্রোক হইতে পারে না।

৪। উপরের প্রথম বিধানের বিষয়ে সদর বোর্ডের সাহেবেরা লেখেন যে ঐ আইনের ২ ধারার বিধির অনুসারে মাজিষ্ট্রেট সাহেব ঐ আইনক্রমে কোন প্রকার বিরোধি ভূমির বিষয়ে মোকদ্দমা করিতে পারেন এবং উপযুক্ত কারণ দেখিলে ৩ ধারানুসারে ঐ ভূমি ক্রোক করিতে পারেন। অতএব সদর বোর্ডের সাহেবেরা এই বোধ করেন যে যদি কোন সাধারণ অবিভক্ত জমীদারীর বিশেষ অংশের দখলের বিষয়ে দুই ভূম্যধিকারির মধ্যে অথবা ভূম্যধিকারিরদের এবং অন্যেরদের মধ্যে বিরোধ হয় তবে মাজিষ্ট্রেট সাহেব সেই বিষয়ের মোকদ্দমা করিতে পারেন এবং আবশ্যক হইলে ঐ বিশেষ অংশ ক্রোক করিতে পারেন। সুতরাং যদি আইনের এই অভিপ্রায় যথার্থ হয় তবে তিনি ঐ আইনানুসারে সাধারণ অবিভক্ত জমীদারীর এক অংশ ক্রোক করিতে পারেন।

৫। সেইরূপে দ্বিতীয় অর্থের বিষয়ে সদর বোর্ডের সাহেবেরদের এই বোধ আছে যে কোন অংশির যদি সাধারণ অবিভক্ত জমীদারীর বিশেষ অংশ থাকে তবে ঐ অংশী উপযুক্ত কারণ থাকিলে অন্য এক বা ততোধিক অংশির নামে অথবা যে ব্যক্তি ঐ জমীদারীর অংশী নহেন তাঁহার নামে বলপূর্ব্বক বেদখলের বিষয়ের নালিশ করিতে পারেন। কিন্তু সুতরাং ঐ প্রকার নালিশক্রমে ভূমি ক্রোক হইতে পারে না যেহেতুক অতিস্পষ্ট কারণপ্রযুক্ত ঐ আইনের কেবল ২ ধারার নির্দ্দিষ্ট প্রকার মোকদ্দমার ভূমি ৩ ধারানুসারে ক্রোক হইতে পারে।

৬। ইহা প্রায় জ্ঞাত করিবার আবশ্যক নাই যে যখন কোন জমীদারী "সাধারণ অবিভক্ত" কহা যায় তখন তাহার এই অর্থ হয় যে সরকারী রাজস্বের জন্যে ঐ সমুদয় জমীদারী এবং সকল অংশী একে২ ও সাধারণে দায়ী আছেন। ইহা সত্য বটে কিন্তু তাহাতে নিত্য এই অর্থ হয় না যে ঐ জমীদারীর সকল ভূমি সকল অংশির সাধারণের দখলে নিতান্ত আছে এবং প্রত্যেক জন অংশী প্রত্যেক রাইয়তের স্থানে সমুদয় খাজানার আপন২ যে

But even where the lands of an Estate are so held in common, there might arise cases of dispute concerning a specific portion of the Estate between all the sharers jointly and other parties, which would be cognizable under Section 3 of the Act, or all might concur in bringing a complaint of forcible dispossession of a portion of their Estate against some other party, which would be cognizable under Section 4.

7th. Upon these considerations, the Board are doubtful whether the Court intended to rule by their construction that a portion of a joint undivided Estate cannot, as their words would seem to convey, be attached under Act IV. of 1840, and desire to be certified that such is the Court's meaning and opinion, before they circulate the construction for the guidance of Collectors.

(Signed) G. PLOWDEN,
Secretary.

No. 1307.

To the Secretary to the Sudder Board of Revenue.

I am directed by the Court to acknowledge the receipt of your letter No. 99, dated the 27th ultimo, on the subject of the Court's letter to the Session Judge of Patna, No. 566, dated 25th May last, and to communicate, for the information of the Sudder Board of Revenue, that, in ruling "that claims to "portions of joint undivided Estates cannot be "heard under Act IV. of 1840," the Court referred to claims to the money rents of a fractional portion of an undivided Estate. Such claims can arise only among co-sharers, or the representatives of co-sharers; but when there may be a dispute about a distinct and defined portion of *land*, whether between the co-sharers in a village, or between the proprietors of adjoining villages, complaints for dispossession may of course be brought under the Act cited.

(Signed) B. J. COLVIN, *Register.*

Fort William, the 24th August, 1849.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 30th May, 1851.

(True extract and copies.)

(Signed) A. C. BIDWELL, *Offg. Secretary.*

No. 16.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 30th May, 1851.

As no Rules have been enacted by Law for conducting sales of under tenures, for the recovery of arrears of rent or revenue, held under Clause 7, Section XV. or Section XXV. Regulation VII. of 1799, and made conformably to the provisions of Act VIII. of 1835, and as it appears from the Returns to the Circular of the late Sudder Board of Revenue, dated the 23rd October, 1849, No. 44, that the practice is very different in different Districts, the

অংশ হয় তাহা বরং আদায় করিতেছেন। কিন্তু যে স্থলে জমীদারীর ভূমি এইরূপে সাধারণের দখলে থাকে সেই স্থলেও ঐ জমীদারীর বিশেষ অংশের বিষয়ে সাধারণ সকল অংশির এবং অন্য ব্যক্তিরদের মধ্যে বিরোধ উপস্থিত হইতে পারে এবং ঐ আইনের ৩ ধারানুসারে তাহার শুনানি হইতে পারে অথবা তাঁহারা সকলে মিলিয়া অন্য কোন ব্যক্তির নামে জমীদারীর এক অংশের বলপূর্ব্বক বেদখলের বিষয়ের নালিশ করিতে পারেন এবং তাহা ৪ ধারানুসারে গ্রাহ্য হইতে পারে।

৭। এই২ বিবেচনা দৃষ্টে সদর বোর্ডের সাহেবেরা লিখিতেছেন যে সদর আদালতের কথার এই অভিপ্রায় দৃষ্ট হয় যে ১৮৪০ সালের ৪ আইনানুসারে সাধারণ অবিভক্ত জমীদারীর অংশ ক্রোক হইতে পারে না কিন্তু ঐ সাহেবেরদের সন্দেহ হইতেছে যে ঐ আইনের অর্থের দ্বারা সদর আদালতের এইরূপ বিধান করিবার মানস ছিল কি না। অতএব ঐ আইনের অর্থ কালেক্টর সাহেবেরদের উপদেশের জন্যে সর্ব্বত্র পাঠাইবার পূর্ব্বে তাঁহারা নিশ্চয় জানিতে চাহেন যে সদর আদালতের ঐ আইনের অর্থের এমত অভিপ্রায় ও মানে আছে কি না।

জি প্লৌডন। সেক্রেটারী।

১৩০৭ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেব বরাবরেষু।

সদর আদালত গত ২৫ মে তারিখের ৫৬৬ নম্বরী যে পত্র পাটনার সেশন জজ সাহেবের নিকটে লিখিলেন তাহার বিষয়ি গত মাসের ২৭ তারিখের ৯৯ নম্বরী তোমার পত্র সদর আদালত প্রাপ্ত হইয়াছেন এবং সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের বিজ্ঞাপনার্থে এক্ষণে জানাইতেছি যে "সাধারণ অবিভক্ত জমীদারীর অংশের বিষয়ি দাওয়া ১৮৪০ সালের ৪ আইনানুসারে শুনা যাইতে পারে না" সদর আদালতের এই বিধান কেবল অবিভক্ত জমীদারীর ক্ষুদ্র২ অংশের খাজানার টাকার দাওয়ার বিষয়ে খাটে। এইমত দাওয়া কেবল অংশিরদের অথবা অংশিরদের প্রতিনিধিরদের মধ্যে উপস্থিত হইতে পারে। কিন্তু যখন কোন বিশেষ ও নির্দ্দিষ্ট খণ্ড ভূমির বিষয়ের বিরোধ হয় তাহা একি গ্রামের নানা অংশির মধ্যে হউক কি লাগাও গ্রামের ভূম্যধিকারিরদের মধ্যে হউক ঐ বেদখলের বিষয়ের নালিশ উক্ত আইনানুসারে গ্রাহ্য হইতে পারে।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ২৪ আগষ্ট।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ৩০ মে।

(যথার্থ চুম্বক ও নকল।)

এ সি বিডউএল।
একটিং সেক্রেটারী।

---

১৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১। ৩০ মে।

১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণ অথবা ২৫ ধারার অনুসারে খাজানা অথবা রাজস্বের বাকী আদায়ের জন্যে ভূমির যে নীলাম ১৮৩৫ সালের ৮ আইনের বিধির অনুসারে করা যায় তাহা নির্ব্বাহ করিবার বিষয়ে আইনের দ্বারা কোন নিরম নির্দ্দিষ্ট হয় নাই এবং সাবেক সদর বোর্ডের ১৮৪৯ সালের ২৩ অকটোবর তারিখের ৪৪ নম্বরী সরকুলর পত্রের যে নানা উত্তর পাওয়া গিয়াছে তাহাতে দৃষ্ট হইতেছে যে নানা জিলাতে ভিন্ন২ ব্যবহার হইতেছে অতএব সদর

Board of Revenue are pleased to direct, that Collectors be instructed to observe the following Rules in conducting such sales, and that on all occasions of such sales, immediately before the sale is commenced, the Collectors shall cause Rule 2, and the succeeding Rules, to be read aloud in the vernacular language, as conveying the conditions of the sale.

I. All sales of under tenures held under Clause 7, Section XV. or Section XXV. Regulation VII. of 1799, shall be public, and 10 days' notice shall be given of them by advertisement, stuck up at the Judge's Court, and the Collector's office, as provided by Section II. Act VIII. of 1835.

II. The party who may be declared the purchaser, at any such sale, shall be required, if the price bid does not exceed 200 Rupees, to pay down immediately, or as soon after the conclusion of the sale as the Collector may think necessary, the whole price; and in default of such payment, the lot shall forthwith be put up again and sold.

III. If the price bid exceeds 200 Rupees, the purchaser shall be required to deposit immediately, or as soon after the conclusion of the sale as the Collector may think necessary, either in cash, Bank of Bengal notes or post bills, or Government securities duly endorsed, 25 per cent. on the amount of his bid, and in default of such deposit, the lot shall forthwith be put up again and sold.

IV. In cases when a deposit is made conformably to the foregoing Rule, the full amount of the purchase money shall be made good by the purchaser before sunset of the fifteenth day from that on which the sale of the lot purchased by him took place, reckoning that day as one of the 15, or if the fifteenth day be a Sunday or other close holiday, then on the first office day after the fifteenth—and in default of payment within the prescribed period, as aforesaid, then and afterwards as often as such default shall occur, the deposit shall be forfeited to Government, the lot shall be re-sold, after 10 days' notice, as before, and the defaulting purchaser shall forfeit all claim to the lot, or to any part of the sum for which it may be subsequently sold; and in the event of the proceeds of the sale which may be eventually consummated being less than the price bid by the defaulting bidder aforesaid, he will be considered liable for the difference which, when recovered, shall be considered to belong to the defaulting owner of the lot sold, and if default of payment of purchase money shall have occurred more than once, the defaulting bidders shall be considered jointly and severally liable for such difference, to the extent of the amount of their respective bids.*

* Note.—This difference can only be recovered by process of Law. In sales under Act I. of

বোর্ড রেবিনিউর সাহেবেরা কালেক্টর সাহেবদিগকে হুকুম করিতেছেন যে ঐ প্রকার নীলাম তাঁহারা পশ্চাৎ লিখিত বিধির অনুসারে নির্ব্বাহ করেন এবং সেই প্রকার নীলাম আরম্ভ হওনের পূর্ব্বে তাঁহারা দ্বিতীয় বিধি ও তৎপশ্চাৎ বিধি দেশীয় ভাষায় অতি উচ্চস্বরে পাঠ করান্ যেহেতুক তাহাতে ঐ নীলামের নিয়ম আছে।

১। ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণ কিম্বা ২৫ ধারার অনুসারে যে সকল জুমির নীলাম হয় তাহা সকল লোকের গোচরে হইবেক এবং ১৮৩৫ সালের ৮ আইনের ২ ধারায় যেরূপ নির্দ্দিষ্ট আছে সেইরূপে জজ সাহেবের আদালতে ও কালেক্টর সাহেবের কাছারীতে এস্তেলা দেওনের দ্বারা তাহার দশ দিনের সম্বাদ দিতে হইবেক।

২। ঐ প্রকার নীলামেতে যে ব্যক্তি খরীদার প্রকাশ হয় যদি তাহার ডাক ২০০৲ টাকার অনধিক হয় তবে তাহাকে তৎক্ষণাৎ অথবা নীলাম সমাপনের পর কালেক্টর সাহেব যত শীঘ্র বোধ করেন তত শীঘ্র সমুদয় মুল্য দাখিল করিতে হুকুম দেওয়া যাইবেক এবং যদি টাকা সেই সময়ে না দেওয়া যায় তবে সেই লাট পুনর্ব্বার নীলামে ধরা যাইবেক এবং বিক্রয় হইবেক।

৩। যদি তাহার ডাক ২০০৲ টাকার অধিক হয় তবে তৎক্ষণাৎ অথবা নীলাম সমাপনের পর কালেক্টর সাহেব যত শীঘ্র আবশ্যক বোধ করেন তত শীঘ্র তাহার ডাকের চারি ভাগেরএক ভাগ নগদ টাকায় কিম্বা বাঙ্গালব্যাঙ্ক নোটে কি পোষ্টবিলে অথবা রীতিমত পৃষ্ঠে দস্তখৎকরা কোম্পানির কাগজে আমানৎ করিতে তাহাকে হুকুম দেওয়া যাইবেক। এবং সেই টাকা আমানৎ না হইলে ঐ লাট তৎক্ষণাৎ নীলামে ধরা যাইবেক এবং বিক্রয় হইবেক।

৪। যখন উক্ত বিধির অনুসারে টাকা আমানৎ করা গিয়াছে তখন খরীদহওয়া লাট যে দিবসে নীলাম হইল সেই দিবসঅবধি পনের দিনের সূর্য্যাস্তের পূর্ব্ব খরীদের সমুদয় টাকা খরীদারের দাখিল করিতে হইবেক এবং খরীদের দিবস ঐ পনের দিবসের এক দিন গণ্য হইবেক। অথবা যদি ঐ পঞ্চদশ দিবস রবিবার হয় অথবা অন্য কোন পর্ব্বপ্রযুক্ত বন্দের দিবস হয় তবে পঞ্চদশ দিবসের পর যে দিবসে কাছারী প্রথম খোলা যায় সেই দিবসে দাখিল করিতে হইবেক। এবং যদি ঐ নিরূপিত মিয়াদের মধ্যে পূর্ব্বোক্তমতে টাকা দাখিল না করা যায় তবে সেই সময়ে এবং তাহার পর যতবার সেইরূপ কসুর হয় ততবার ঐ আমানতী টাকা সরকারে জব্দ হইবেক এবং পূর্ব্বোক্তমতে দশ দিবসের এস্তেলা দেওনের পর ঐ লাট পুনর্ব্বার নীলাম হইবেক এবং বাকীদার খরীদার সেই লাটের বিষয়ে আর কোন দাওয়া করিতে পারিবেক না অথবা যত টাকায় সেই লাট তৎপরে বিক্রয় হইল সেই টাকার কোন অংশের বিষয়ে দাওয়া করিতে পারিবেক না এবং পরিশেষে যে নীলাম সিদ্ধ হয় সেই নীলামের উপস্বত্ব বাকীদার ডাকনিয়া ব্যক্তি যত টাকা ডাকিয়াছিল তাহাহইতে যদি কম হয় তবে সেই কম টাকার বিষয়ে সেই ব্যক্তি দায়ী জ্ঞান হইবেক। এবং তাহা আদায় হইলে তাহা নীলাম হওয়া লাটের বাকীদার মালিকের টাকা জ্ঞান হইবেক। এবং যদি খরীদের টাকা দেওনের বিষয়ে একের অধিকবার ত্রুটি হয় তবে ঐ কম টাকার বিষয়ে ঐ বাকীদার ডাকনিয়ারা একে২ ও সাধারণে আপন২ ডাকের সংখ্যার অনুসারে দায়ী জ্ঞান হইবেক।*

* মন্তব্য কথা। এই কম টাকা কেবল আইনের বিধির অনুসারে আদায় হইতে পারে। ১৮৪৫ সালের ১

V. It is to be understood, with reference to Rules 3 and 4, that the defaulting owner is not absolved from his responsibility, nor is the enforcement of the same to be stayed, by reason of any claim there may be, on his behalf, against a defaulting bidder, or defaulting bidders.*

(Signed) A. C. BIDWELL,
Offg. Secy.

Board of Revenue, Lower Provinces.

৫। ৩ এবং ৪ বিধির উপলক্ষে ইহা জ্ঞান করিতে হইবেক যে বাকীদার ডাকনিয়ার বা ডাকনিয়ারদের উপর বাকীদার মালিকের কোন দাওয়া থাকনপ্রযুক্ত সেই ব্যক্তি আপন দায়হইতে মুক্ত হয় না এবং তৎপ্রযুক্ত নীলাম স্থগিত হইতে পারে না।*

এ সি বিডউএল। একটিং সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 6.

To the Several Criminal Authorities in the Regulation and Extra Regulation Provinces.

I am directed by the Court to send you an extract (Paragraphs 8 and 9) from a letter from the Secretary to the Government of Bengal, No. 908, dated 28th Ultimo, directing the Session Judge to bring to the notice of the Court, for ultimate report to Government in serious instances, cases of palpable disregard of the forms of Law in the proceedings of a Magisterial Officer detected on appeal, or otherwise.

(Signed) B. J. COLVIN, *Register.*

Fort William, the 16th May, 1851.

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৬ নম্বর।

আইনের অধীন ও আইনবহির্ভূত দেশের শ্রীযুত নানা ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের গত মাসের ২৮ তারিখের ৯০৮ নম্বরী পত্রের ৮ ও ৯ দফার চুম্বক সদর আদালতের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইতেছি তাহাতে হুকুম আছে যে আপীলক্রমে অথবা প্রকারান্তরে কোন মাজিষ্ট্রেটী কার্য্যকারকের কার্য্যে আইনের নিয়মের অতিস্পষ্টতঃ ভারি উল্লঙ্ঘন দৃষ্ট হইলে তাহা পরিশেষে গবর্ণমেণ্টকে জানাইবার জন্যে এই আদালতে প্রেরণ করিতে হইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৫১। ১৬ মে।

(Copy.)

Extract (Paragraphs 8 and 9) from a letter from the Secretary to the Government of Bengal, No. 908, dated 28th April, 1851.

Para. 8. For this reason the Deputy Governor requests that the Court will issue orders to the Sessions Judges, directing them to report to the Nizamut Adawlut every case of palpable disregard of the forms of law in the proceedings of a Magisterial Officer, which may come to their notice on appeal, or otherwise. The Court will inform the

(নকল।)

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫১ সালের ২৮ আপ্রিল তারিখের ৯০৮ নম্বরী পত্রের চুম্বক। ৮ ও ৯ দফা।

৮ দফা। এই জন্যে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেব সেশন জজ সাহেবদিগকে এই হুকুম দিতে সদর আদালতকে আদেশ করিতেছেন যে আপীলক্রমে অথবা প্রকারান্তরে কোন মাজিষ্ট্রেটী কার্য্যকারকের কার্য্যে আইনের নিয়মের অতিস্পষ্টত উল্লঙ্ঘন তাঁহারদের দৃষ্টিগোচর হইলে তাঁহারা নিয়ত তাহার রিপোর্ট সদর নিজামৎ আদালতে করেন। সদর নিজা-

---

1845, it is leviable by any process authorized for realizing an arrear of public Revenue—See Sect. XVI. but the Revenue Authorities cannot of course vest themselves with this, or any other power, of enforcing the difference themselves. But the difference if not paid on the demand of the Collector, might be immediately recovered in the Civil Court, on proof being given that the party was liable under the conditions of the sale, though it might not often be expedient to resort to a suit for the purpose.

* NOTE.—It was contemplated that default to make good a bid should be held to be a contempt, punishable by a fine not exceeding 200 Rupees, commutable, if not paid, to one month's imprisonment in the Civil Jail, conformably to Sections 31 and 32, Act I. of 1845. This, however, cannot be done by Rules. It requires the force of Law.

আইনানুসারে যে নীলাম হয় তাহাতে ঐ কম টাকা সরকারী রাজস্বের বাকী আদায়ের জন্যে যে কোন নিয়ম আছে সেই নিয়মানুসারে আদায় হইতে পারে। ঐ আইনের ১৬ ধারা দেখ। কিন্তু রাজস্বের কর্ম্মকারকেরা সুতরাং ঐ কম টাকা আদায় করণের বিষয়ে আপনারদের হইতে সেই ক্ষমতা অথবা অন্য কোন ক্ষমতা গ্রহণ করিতে পারেন না। কিন্তু কালেক্টর সাহেব দাওয়া করিলে যদি সেই কম টাকা না দেওয়া যায় তবে যদ্যপি দেওয়ানী আদালতে তাহা আদায়ের জন্যে নালিশ করা কখনই বিহিত হয় না তথাপি নীলামের নিয়মক্রমে ঐ ব্যক্তির সেই টাকার দায়ী হওনের বিষয় প্রমাণ হইলে তাহা তৎক্ষণাৎ দেওয়ানী আদালতে নালিশক্রমে আদায় হইতে পারে।

* মন্তব্য কথা। প্রথমতঃ বোধ হইয়াছিল যে ডাকের টাকা দিবার কসুর হইলে তাহা আদালতের অবজ্ঞার ন্যায় বোধ হইয়া ১৮৪৫ সালের ১ আইনের ৩১ ও ৩২ ধারার অনুসারে ২০০ টাকার অনধিক জরীমানার দ্বারা এবং জরীমানা না দেওয়া গেলে এক মাস কয়েদের দ্বারা তাহার দণ্ড হইতে পারে। কিন্তু এই নিয়ম কেবল বিধির দ্বারা করা যাইতে পারে না। তাহার বিষয়ে আইন না হইলে হইতে পারে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ১ জুলাই।]

Judges that they will be held strictly responsible for the proper discharge of this duty.

Para. 9. When such a case is reported to the* Court, in this manner, the Court will take such notice of it as may seem to them proper. And the Court will always report to Government every serious instance in which any Magistrate is found by them to have made himself a second time justly liable to blame for disregard of the Forms of Law.

(True Extract.)

(Signed) B. J. COLVIN, *Register.*

(True Copy.)

(Signed) R. STUART,

In Charge Deputy Register's Office.

মৎ আদালত আরো জজ সাহেবদিগকে জ্ঞাত করিবেন যে এই কার্য্য উপযুক্তমতে নির্ব্বাহের বিষয়ে তাঁহারা অতি কঠিনরূপে দায়ী জ্ঞান হইবেন।

৯ দফা। যখন এই প্রকারে এইমত কোন বিষয় সদর নিজামৎ আদালতে জ্ঞাত করা যায় তখন ঐ আদালতের যেরূপ উপযুক্ত বোধ হয় সেইরূপ কার্য্য করিবেন। এবং যে কোন গতিকে দৃষ্ট হয় যে কোন মাজিষ্ট্রেট সাহেব আইনের নিয়মের ভারি উল্লঙ্ঘনের বিষয়ে দ্বিতীয়বার দোষী হন সেই গতিকে সদর নিজামৎ আদালত তদ্বিষয়ের গবর্ণমেণ্টের নিকটে সর্ব্বদা রিপোর্ট করিবেন।

(যথার্থ চুম্বক।)

বি জে কলবিন। রেজিষ্টর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট।

ডেপুটী রেজিষ্টরের দফ্তরের ভারপ্রাপ্ত।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

EDUCATION NOTICE.

The next Meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindu College, on Saturday, the 5th of July, 1851, at 10 A. M.

Detailed particulars of the nature and extent of the examination, the number of vacancies in the Department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education to all Candidates on personal application.

(By order,)

F. J. MOUAT, M. D.,

Secy. Council of Education.

17th June, 1851.

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৫১ সালের ৫ জুলাই তারিখ শনিবার বেলা দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাঁহার স্থানে অবগত হইতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

১৮৫১ সাল ১৭ জুন।

NOTICE.

Under orders from the Commissioner of Revenue for the 18th Division, the Collector of Calcutta calls the attention of the Public to the Government Notification published on the 29th October, 1839, and hereto annexed and invites announcements of works of public utility constructed by individuals within the Town during the past year.

No. 1727.

Fort William, Judicial and Revenue Department, The 29th October, 1839.

NOTIFICATION.

Commissioners of Revenue are hereby directed to furnish to the Military Board, in the following form, for the information of the Supreme Government and the Hon'ble Court of Directors, a return of all "Public Works of Utility" within their respective Divisions, which may have been executed at the cost of private individuals since the date of the returns on which the Schedule published in the 2d Supplement of the *Calcutta Gazette* of the 18th March, 1835, was founded.

বিজ্ঞাপন।

১৮ সংখ্যক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের হুকুমক্রমে কলিকাতার কালেক্টর সাহেব ১৮৩৯ সালের ২৯ অক্টোবর তারিখের প্রকাশিত নীচের লিখিত গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের বিষয়ে সর্ব্ব সাধারণ লোককে মনোযোগ করিতে হুকুম করিতেছেন এবং গত বৎসরে নগরের মধ্যে বিশেষ ব্যক্তিরা সাধারণের উপকারার্থ যে সকল কর্ম্ম প্রস্তুত করিয়াছেন তদ্বিষয় জ্ঞাপন করিতে আদেশ করিতেছেন।

১৭২৭ নম্বর।

ফোর্ট উলিয়ম। জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৩৯ সাল ২৯ অক্টোবর।

বিজ্ঞাপন।

রাজস্বের কমিস্যনর সাহেবদিগকে হুকুম করা যাইতেছে যে ১৮৩৫ সালের ১৮ মার্চ তারিখের কলিকাতা গেজেটের দ্বিতীয় ক্রোড়পত্রে যে তফসীল প্রকাশ হইয়াছিল তাহা যে রিটর্ণঅনুসারে প্রস্তুত করা গিয়াছিল সেই রিটর্ণে তারিখের পর তাঁহারদের এলাকার মধ্যে বিশেষ ব্যক্তিরা আপনারদের খরচে সর্ব্ব সাধারণের উপকারার্থ যে সকল বিষয় প্রস্তুত করিয়াছেন তাহার এক রিপোর্ট সুপ্রিম কোর্টের এবং কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নিকটে জানাইবার নিমিত্তে নীচের লিখিত পাঠানুসারে মিলিটারী বোর্ডে পাঠান্।

* [*Government Gazette*, 1*st July*, 1851.]

District.	Names of the Individuals by whom constructed.	Description of the works.	Place where constructed.	Cost. Rs. Ans. P.

(Signed) F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.
(Signed) A. GROTE, *Offg. Collector.*
Calcutta, Collector's Office,
The 27th June, 1851.

জিলা	যিনি প্রস্তুত করেন তাঁহার নাম	যে প্রকারের কর্ম্ম তাহা	যে স্থানে হয় তাহা	খরচ

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।
এ গ্রোট। এক্‌টিং কালেক্টর।
কলিকাতা। কালেক্টর সাহেবের দফ্তরখানা।
১৮৫১ সাল ২৭ জুন।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS.

The 20th June, 1851.

Moulvee Derosutoolla, Acting Moonsiff of Kassigunge, to be Moonsiff of Mohunpore, Zillah Midnapore, *vice* Gunganarain Mookerjee, pensioned.

Baboo Ramcomul Banerjee, (who has obtained a diploma,) to be Acting Moonsiff of Kassigunge, during the absence on deputation of Moulvee Kyrat Hossein.

The 26th June, 1851.

Baboo Greeschunder Mitter, (who has obtained a diploma,) to be Acting Moonsiff of Lubshaw, Zillah 24-Pergunnahs, until further orders.

Baboo Ramcoomar Roy, Acting Moonsiff, to be Moonsiff of Nubbeegunge, Zillah Sylhet, from 23d March last.

LEAVES OF ABSENCE.

The 17th June, 1851.

Baboo Koonjlaul Bannerjee, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, for ten days, from the date on which he may avail himself of the same.

The 18th June, 1851.

Baboo Hurishchunder Mitter, Moonsiff of Lubshaw, Zillah 24-Pergunnahs, for two weeks, from the 10th instant.

Baboo Sreekunt Sing, Moonsiff of Samuntee, Zillah East Burdwan, for the 8th and 9th instant.

The 26th June, 1851.

Baboo Nilmony Mitter, Moonsiff of Kuddumgachee, Zillah 24-Pergunnahs, for one week, from the 7th proximo.

Baboo Hurishchunder Mitter, Moonsiff of Lubshaw, in the same district, for twenty three days, from the 24th instant, in extension of the leave given on the 18th idem.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২০ জুন।

শ্রীযুত গঙ্গানারায়ণ মুখুয্যা পেনস্যন প্রাপ্ত হওয়াতে কাশীগঞ্জের এক্‌টিং মুনসেফ শ্রীযুত মৌলবী দেরাসৎউল্লা জিলা মেদিনীপুরের মোহনপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী খয়রাৎ হুসেন সরকারী কর্ম্মে অন্য স্থানে প্রেরিত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রামকমল বাঁড়ুয্যা কাশীগঞ্জের এক্‌টিং মুনসেফ হইবেন।

১৮৫১ সাল ২৬ জুন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গিরিশচন্দ্র মিত্র অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা চব্বিশপরগনার লবসার এক্‌টিং মুনসেফ হইবেন।

এক্‌টিং মুনসেফ শ্রীযুত বাবু রামকুমার রায় গত মার্চ মাসের ২৩ তারিখঅবধি জিলা ছিলটের নবিগঞ্জের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫১ সাল ১৭ জুন।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি দশ দিনের ছুটি পাইয়াছেন।

১৮৫১ সাল ১৮ জুন।

জিলা চব্বিশপরগনার লবসার মুনসেফ শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র মিত্র বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সামন্তির মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকণ্ঠ সিংহ বর্ত্তমান মাসের ৮। ৯ তারিখের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ২৬ জুন।

জিলা চব্বিশপরগনার কদমগাছির মুনসেফ শ্রীযুত বাবু নীলমণি মিত্র আগামি মাসের ৭ তারিখঅবধি এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ঐ জিলার লবসার মুনসেফ শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র মিত্র বর্ত্তমান মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ২৪ তারিখঅবধি তেইশ দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১১৮৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ১০ জুন।

পূর্ব্ব বর্দ্ধমানের একটিং কালেক্টর শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Hon'ble E. Drummond,) বর্ত্তমান মাসের ৮ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত এচ মসপ্রাট সাহেবের (Mr. H. Muspratt,) প্রতি অর্পণ করেন।

ময়মনসিংহের কালেক্টর শ্রীযুত এচ বি বেরেসফোর্ড সাহেব (Mr. H. B. Beresford,) বর্ত্তমান মাসের ৩ তারিখে আপনার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ আর পগসন সাহেবের (Mr. W. R. Pogson,) প্রতি অর্পণ করেন।

ভাগলপুরের কালেক্টর শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) বর্ত্তমান মাসের ৩ তারিখে ঐ জিলার জরিপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টী কর্ম্মের ভার শ্রীযুত এচ প্রাট সাহেবের (Mr. H. Pratt,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) বর্ত্তমান মাসের ৪ তারিখে যশোহরের সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্নের স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১০৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ৬ জুন।

শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব (Mr. H. A. R. Alexander,) সেরাজগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন। শ্রীযুত আলেকজাণ্ডর সাহেব (Mr. Alexander,) ময়মনসিংহ ও পাবনা ও বগুড়া জিলার মধ্যে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন সেই ক্ষমতামতে তিনি সেরাজগঞ্জ এলাকাখণ্ডের মধ্যে কার্য্য করিবেন।

শ্রীযুত টি টুইডি সাহেবের (Mr. T. Tweedie,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত এচ পর্টর সাহেব (Mr. H. Porter,) দক্ষিণ শাবাজপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন। শ্রীযুত পর্টর সাহেব (Mr. Porter,) নওয়াখালী জিলার মধ্যে মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ঐ ক্ষমতামতে তিনি দক্ষিণ শাবাজপুর এলাকাখণ্ডের মধ্যে কার্য্য করিবেন।

১৮৫১ সাল ৯ জুন।

ময়মনসিংহের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী আইজাজ আহমদ ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫১ সাল ১১ জুন।

শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেবের (Mr. E. F. Radcliffe,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেব (Mr. F. A. B. Glover,) পুরনিয়ার মাজিস্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫১ সাল ১২ জুন।

যশোহরের সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর সি পামর সাহেব (Dr. C. Palmer,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে বারো দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ১৪ জুন।

শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) বর্ত্তমান মাসের ৪ তারিখে ত্রিহুতে বহেরা এলাকাখণ্ডের ভার ঐ জিলার মাজিস্ট্রেট শ্রীযুত টি সি ট্রটর সাহেবের (Mr. T. C. Trotter,) স্থানে গ্রহণ করেন।

রঙ্গপুরের মাজিস্ট্রেট শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব (Mr. A. G. Macdonald,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি ই লান্স সাহেবের (Mr. C. E. Lance) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) বর্ত্তমান মাসের ৭ তারিখে বারাসতের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত জে আর মসপ্রাট সাহেবের (Mr. J. R. Muspratt,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৩৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ১১ জুন।

দিনাজপুরের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ কাম্বেল সাহেব (Mr. W. Campbell,) কামারারার ডাকাধ্যক্ষ হইবেন।

১৮৫১ সাল ১৩ জুন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) হুগলীতে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৫১ সাল ১৪ জুন।

শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) হাবড়াতে দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত আর বি চাপমান সাহেব (Mr. R. B. Chapman,) হুগলীর মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

গোআলপাড়ার সদর মুনসেফ শ্রীযুত কাজী গোলাম হকানী ঐ স্থানে সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫১ সাল ১২ জুন।

ফোর্ট উলিয়ম কালেজের ছাত্র শ্রীযুত এচ সি সাণ্ডর্স সাহেব (Mr. H. C. Saunders,) চিকিৎসকের সর্টিফিকট ক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চব্বিশপরগনায় নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৪ জুন।

ছিলটে এদেশীয় চিকিৎসক শ্রীযুত বাবু পীতাম্বর দাস স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সারণের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী ইশান আলি গত মাসের ৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ১৭ জুন।

শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) বর্ত্তমান মাসের ৯ তারিখে ভাগলপুরের মাজিষ্ট্রেটীর ভার ঐ জিলার কালেক্টর শ্রীযুত জি লক সাহেবের (Mr. G. Loch) প্রতি অর্পণ করেন।

সিংহপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে কোপার সাহেব (Mr. J. Cowpar,) গত আপ্রিল মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৭০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ৯ জুন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জে পি ব্রিগস সাহেব (Lieutenant J. P. Briggs,) পোলীসের মাজিষ্ট্রেটী কর্ম্মে অন্য স্থানে প্রেরিত হওয়াতে তাঁহার অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট আর ডি আর্ডাঘ সাহেব (Lieut. R. D. Ardagh,) ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিয়াও থনাসরিম প্রদেশের কমিসানর সাহেবের অতিরিক্ত আসিষ্টাণ্ট হইবেন। এবং

শ্রীযুত লেপ্টেনেণ্ট আর্ডাঘ সাহেবের (Lieutenant Ardagh,) পরিবর্ত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট ডি এ চেস সাহেব (Lieutenant D. A. Chase,) থনাসরিম প্রদেশে কমিসানর সাহেবের অতিরিক্ত আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫১ সাল ১৮ জুন।

শ্রীযুত এচ প্রাট সাহেব (Mr. H. Pratt,) ভাগলপুরে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫১ সাল ১৮ জুন।

ভাগলপুরের জরিপী কর্ম্মের একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) আপন মোকামে পঁহুছিবার মিয়াদের অতিরিক্ত ছুটীবিষয়ক সুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ২০ জুন।

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) গত মার্চ মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

নওয়াখালীতে দক্ষিণ শাবাজপুর এলাকাখণ্ডের কর্ম্মে নিযুক্ত মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এচ পর্টর সাহেব (Mr. H. Porter,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ১৯ জুন।

বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর পি জেনকিন্স সাহেব (Mr. R. P. Jenkins,) পঞ্জাবে কর্ম্মে নিযুক্ত হওনের নিমিত্তে বিদেশীয় সিরিশ্‌তায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫১ সাল ২০ জুন।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr. M. S. Gilmore.) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু তারাকান্ত বিদ্যাসাগরের স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত আর আর ষ্টর্ট সাহেব (Mr. R. R. Sturt,) বর্ত্তমান মাসের ১১ তারিখে ময়মনসিংহের কালেক্টরী কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ আর পগসন সাহেবের (Mr. W. R. Pogson,) স্থানে গ্রহণ করেন।

মুঙ্গেরের জরিপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) গত মাসের ২৩ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এচ প্রাট সাহেবের (Mr. H. Pratt.) স্থানে গ্রহণ করেন।

বর্দ্ধমানের একটিং কালেক্টর শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এচ মসপ্রাট সাহেবের (Mr. H. Muspratt,) স্থানে পুনর্গ্রহণ করেন।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী ও পুস্তকাধ্যক্ষ ও মেডিকাল কালেজের সেক্রেটারী শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব (Dr. F. J. Mouat,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত ডাক্তর ই গুডিব সাহেবের (Dr. E. Goodeve,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩১৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২৮ মে।

ঢাকার ফরিদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গিরিশচন্দ্র ঘোষ মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫১ সাল ৩১ মে।

কলিকাতার একটিং কালেক্টর শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) ১৮৪৭ সালের ১৫ আইনানুসারে স্বীয় পদোপলক্ষে সরবেয়রও হইবেন। এবং শ্রীযুত ডবলিউ হেসাম সাহেব (Mr. W. Heysham,) ঐ আইনানুসারে আসিষ্টাণ্ট সরবেয়র হইবেন।

১৮৫১ সাল ১৮ জুন।

শ্রীযুত বাবু রামপ্রসাদ দেব রঙ্গপুরের সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত পণ্ডিত দাতারাম মুরশিদাবাদের সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু রাধামোহন চৌধুরী মেদিনীপুরের সদর আমীন ও ঐ স্থানের সদর মোকামের মুনসেফ হইবেন। কিন্তু শ্রীযুত জে রাইলি সাহেবের (Mr. J. Reily,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত দিনাজপুরের প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

OPIUM.

আফিমের ইশ্‌তেহার।

আফিম।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫১ সাল তারিখ ৭ জুলাই সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৪৯। ৫০ সালের পয়দারশী আফিমের অষ্টম নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৮৭০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দারশী আফিম	১৯৮০
বানারসের পয়দারশী আফিম	৮৯০
জুমলা সিন্দুক	২৮৭০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫০ সালের ১৭ সেপ্টেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫১ সালের ১০ এবং ২২ জুলাই এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫১ সালের ১০ জুলাই বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবরে কিস্মতের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরী রসিদ সন ১৮৫১ সালের ২২ জুলাই মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৪৯। ৫০ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

		বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা। সিন্দুক
সন ১৮৫১ সালের ৪ আগষ্ট সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৯৮০	৮৯০	২৮৭০
ঐ ১ সেপ্টেম্বর ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৯৮০	৮৯০	২৮৭০
ঐ ২৭ অক্টোবর ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৯৮০	৮৯০	২৮৭০
ঐ ২৪ নবেম্বর ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৯৭৪	৮৭৩	২৮৪৭
		৭৯১৪	৩৫৪৩	১১৪৫৭

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫১ সাল তারিখ ১৮ জুন।

সি বিডন। ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা হুগলী।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা হুগলীর নীচের লিখিত মহালের সন ১৮৫১ সালের ১৮ মার্চ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারী আদায় নিমিত্তে সন ১৮৫১ সালের ১৯ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৫৮ সালের ৪ শ্রাবণ তারিখ শনিবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজর নীলামে ধারা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫১ সাল তারিখ ২৭ জুন।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৫১ সালের ২৮ মার্চের পাওনা বাকী	মন্তব্য কথা
১ নং	ইস্তমুরারি জমা ধার্য্য-হওয়া মহাল	১১৮৯	বৃন্দাবনপুর শামিল বাসুদেবপুর পং বালিয়া	মুক্তিরদ্দীন আহামুদ	৵৭	৵১	এই মহালের সাবেক খরিদার, বাকী সমনের টাকা দাখিল না করায় সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারানুসারে পুনর্নীলাম হইবেক।
	ঐ	১৭০৬	বামুনডাঙ্গা পং বালিয়া	নন্দগোপাল ঘোষ...	।০	।০	ঐ
	ঐ	১৮৫১	উদয়পুর পং বারড়া	দর্পনারায়ণ জানা	।২	।২	ঐ
	ঐ	১৮৮১	শারদা পং মণ্ডলঘাট	নন্দকুমার মল্লিক	॥৵৪	॥৵৪	ঐ
	ঐ	১৮৮২	ঐ পং ঐ	ঐ	॥৵১০	॥৵১০	ঐ
	ঐ	১৮৯৫	চিঙ্গড়াজোল মধ্যে শিবগোছ পং মণ্ডলঘাট...	নিধিরাম ডেরে	৸/১০	৸/১০	ঐ
	ঐ	১৯৪৮	চক জনার্দ্দন দীং মধ্যে খাল্লা পং বারড়া ...	মুক্তারদ্দীন ও মহমুদ তকী...	॥৮	॥৮	ঐ
	ঐ	২০১২	ডিহি ভুরশীট্ট পং ভুরশীট্ট	রামজী বন্দোপাধ্যায়	১৭ ।/৪	৯ ।/৫	ঐ
	ঐ	২২৪৫	বিবি চন্দ্রপুর পং ঐ	নিতাইচরণ দত্ত	॥/৮	॥/৮	ঐ
	ঐ	২২৪৬	ঐ	ঐ	॥/৮	॥/৮	ঐ

R. Houstoun, *Offg. Collector.*

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা যশর।

পং মামুদশাহির অন্তঃপাতি কিং রঘুনাথপুর ইত্যাদির লাখেরাজ বাজেআপ্তি জমির তালুকদার অভয়াচরণ রায় নাবালগের উক্ত মহাল ইং সন ১২৫৪। লাং সন ১২৫৯ সাল ৬ বৎসর মেয়াদে ৪৫০৲ টাকা ডৌল জমায় শিবচন্দ্র পাইনের ইজারা ছিল তাহাতে তাহার মৃত্যু হওয়া বিধায় ওয়ারেস হাজির জন্য এত্তেলানামা জারিতে কেহ হাজির হইলেক না এমতে ঐ মহাল বর্ত্তমান ইং সন ১২৫৮। লাং সন ১২৫৯ সাল ২ বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত করা আবশ্যক হইয়া সর্ব্ব সাধারণের অবগত জন্য এস্তাহার জারি করা যাইতেছে যে কেহ উক্ত মহাল ইজারা লওয়ার বাসনা রাখহ তাহারদিগের উচিত যে আপন নাম ও ধাম ও ইজারা লওয়ার নিরূপিত জমা ও জামিনদারের নাম জায়দাদের তপসীল সম্বলিত তাহার দরখাস্ত লেপাফা বন্দ করিয়া অদ্যহইতে ১৫ দিবস মধ্যে হুজুরে দাখিল করহ মেয়াদ গতে দাখিলী লেপাফা সকল খোলা হইয়া যে ব্যক্তির জমা বেশী ও মাতবর জামিন হয় তাহার সহিত ইজারার বন্দোবস্তের বিষয়ে মোনাসেফ হুকুম হইবেক মপস্বল উসুল তহসীলের কাগজাত দেখিবার বাসনা হইলে অত্র কাছারি আসিবামাত্র দেখিতে পাইবেক ইতি সন ১৮৫১। ১৯ জুন।

C. CHAPMAN, *Offg. Collector.*

জিলা নদীয়া।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা নদীয়া এই যে।

অষ্টাদশাংশের রাজস্বের মহামহিম শ্রীলশ্রীযুত কমিস্যনর সাহেবের সন হালের গত ২৫ আপ্রিল ও ২১ মে তারিখের রোবকারির আদেশানুসারে গোবরডাঙ্গা নিবাসি মৃত.কালীপ্রসন্ন মুখোপাধ্যায়ের স্ত্রী বিমলা দেব্যা ও শ্যামাসুন্দরী দেব্যা অছি জানবে শারদাপ্রসন্ন মুখোপাধ্যায় ও মৃত তারাপ্রসন্ন মুখোপাধ্যার ইষ্টেট কোর্ট অফ ওয়ার্ডসের অধীনে আসিবায় মহাল মজকুরের ১২৫৮ সালের প্রথমাবধি ৪ বৎসর মেয়াদে উপযুক্ত জমায় ইজারা বন্দোবস্ত করা আবশ্যক এমতে অদ্যকার রোবকারির হুকুমানুযায়ি এই এস্তেহারের দ্বারা সর্ব্ব সাধারণ লোকদিগকে জানান যাইতেছে যে নীচের লিখিত মহালাত এক কি ভিন্ন২ খণ্ডে যে কেহ ইজারা লইবার ইচ্ছুক থাকহ তাহার উচিত যে ঐ মহালের মপস্বলের অবস্থা তদন্তপূর্ব্বক সেওয়ায় সরঞ্জামি যত টাকা বার্ষিক জমায় ইজারা গ্রহণে সমর্থ হয় তৎপরিমাণ সংযুক্ত আগত ৩ জুলাই মোং ১২৫৮ সালের ২০ আষাঢ় তারিখের পূর্ব্ব অত্র কাছারীতে স্বয়ং কিম্বা মোক্তারের দ্বারা হজুরে আসিয়া দরখাস্ত দাখিলপূর্ব্বক ঐ ইজারার এক বৎসরের জমার পরিমাণে নগদ কিম্বা কোম্পানির কাগজ জামিনির পরিবর্ত্তে ডিপাজিট করণার্থে প্রস্তুত থাকিবা ইতি সন ১৮৫১ সাল তারিখ ১৯ জুন মোতাবেক সন ১২৫৮ সাল তারিখ ৬ আষাঢ়।

নম্বর	নাম মহাল	সদর জমা
২ নং	পঃ আমিরপুর	৮৯০৪/৩
১৬ নং	ডিহি আড়পাড়া	১১৪৮৩৶৯
৩০১ নং	আমিরপুরের খাটুরা	৫৩৭ ॥/৮
৩৩৫ নং	হুদা মকরধ্বজপুর	১২০৮৭ ।৶১১
৮১৮ নং	চর ভাতছালা	৩৫ ॥৶১১
৩৯৯। ৬২ নং	ডিহি রাজবল্লভপুর	২৯২৩ ।৶০
৩৯৯। ১০ নং	তাং চান্দা	২০০১ ।/১১
২০৪১ নং	বন্দোবস্তি মহাল চাঁদকুড়ি	।৶১০
৮ নং সেওয়ায় তৌজী	চর মিরপুর	॥১০
৩৯৯। ১১ নং	পত্তনি তালুক পঃ উখুড়া ডিহি ধর্ম্মপুর রকম ॥০ আনা সমেত বন্দোবস্তী মহাল জমিদারী মুনসি আবদুল করিম জিলা ২৪ পরগনার শামিল পত্তনি জমা	২৫০২৶৪
	তাং হাঁসপুর রমক ॥০ আনা পত্তনি তালুক জমিদার অন্নদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়দিগর ইহার আদালত ২৪ পরগনার পত্তনি জমা	৭৫১ ॥০
	তাং হাঁসপুরের রকম আট আনা জমিদার নকুড়মণি দেব্যা ও.কালিদাস বন্দ্যোপাধ্যায় পত্তনি তালুক মদনমোহন চৌধুরী দরপত্তনি মহাল ঐ ২৪ পঃ পত্তনি জমা	৭১১৲
	তাং চান্দা মালিকে জমিন বর্দ্ধমানের মহারাজা মকররি তালুক ইহার আদালত নদীয়া জেলার সামিল জমা	১৭৫১ ।৶৬
	পরগনে খোশদহার মৌজে মাণিক হীরা জমিদার মুনশী হবিবল হোসেন খরিদা গাঁতি জমা ইহার আদালত জেলা নদীয়া জমা	৫২১ ॥৮

G. W. BATTYE, *Collector.*

IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

In Equity.

Roy Bycauntnauth Chowdry, Roy Mothoornauth Chowdry, Roy Kissennauth Chowdry and Roy Preconauth Chowdry,

versus

Gourmoney Dossee, widow and sole Executrix of Nubkissen Sing, deceased, Sibnarain Ghose, (Duncan Stewart and Roy Hurrochunder Ghose, Executors,) and Tyluckmoheeney Dossee, Executrix of Nundololl Sing, deceased.

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALEXANDER COLVIN, and others, Insolvents.

On Saturday, the 5th day of July instant, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee, do from and out of the sum of Co.'s Rs. 37,572-12 2, in his hands, pay a dividend at the rate of Co.'s Annas Four per 100 Sa. Rs, (which will amount to the sum of Co.'s Rs. 27,610-0-0,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Assignee's Office, 23d July, 1851.

[*Government Gazette*, *29th July*, 1851.]

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

ঘোত্রহীন আলেকজাণ্ডর কলবিন সাহেব ও অন্যেরদের বিষয়ে।

বর্ত্তমান জুলাই মাসের ৫ তারিখ শনিবারে আসৈনী সাহেবের দরখাস্তমতে হুকুম হইয়াছিল যে উক্ত ঘোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনী সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে কোম্পানির যে ৩৭,৫৭২৸২ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর সিক্কা শত টাকা প্রতি কোম্পানির ।০ আনা ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২৭,৬১০৲ টাকা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

আসৈনির দফ্তরখানা। ১৮৫১ সাল ২৩ জুলাই।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশতিহার।

১৮৫১ সাল ৭ জুলাই।

নীচের লিখিত পুস্তক এইক্ষণে ছাপা হইতেছে ও বৎসরের শেষ হওনের পূর্ব্বে গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত হইবেক।

১৮৩৭ সালের আগষ্ট মাসাবধি ১৮৫০ সালের শেষপর্য্যন্ত সাবেক সদর বোর্ড রেবিনিউর যে সকল সরক্যুলর অর্ডর হইয়াছিল তাহা এবং ঐ বোর্ডের জারীকরা সকল নজির ও তাহার নির্ঘণ্ট ও আপেণ্ডিক্স। এই পুস্তক শ্রীযুত পিটর সাহেবের ক্রোড় গ্রন্থস্বরূপ হইবেক। যাঁহারা পুস্তক লইবার বাসনায় স্বাক্ষর করেন তাঁহারদের স্থানে ঐ পুস্তকের মূল্য ২৫৲ টাকামাত্র লওয়া যাইবেক।

যাঁহারা ঐ পুস্তক লইতে বাসনা করেন তাঁহারদের নাম কলিকাতার রেবিনিউ বোর্ডে ঐ পুস্তক সংগ্রহকর্ত্তা শ্রীযুত ডবলিউ এচ জোন্স সাহেব রেজিষ্টরী করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ১৯ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 5, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ৫ আগষ্ট।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 25TH JULY, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 25th July, 1851.

ACT No —— OF 1851.

For explanation of Act XIV.* 1839, *and Act* XV. 1842, *and for the better prevention of crimping.

For the better understanding of Act XIV. 1839, and Act XV. 1842, and for the better prevention of the offence hereinafter defined, It is declared and enacted as follows:

I. Whoever, by force or fraud, unlawfully detains any person any where, or decoys him any whither, with intent to force or prevail upon him to enter into any service, or contract for service into which he was not minded to enter, without such force or fraud, is a crimp, and is guilty of crimping, within the meaning of Act XV. 1842.

II. The departure of any person out of the Territories under the Government of the East India Company, by land or water, is Emigration from the said Territories within the meaning of Act XIV. 1839.

III. After the passing of this Act no person shall be liable to the penalties of Act XIV. 1839, as amended by Acts XV. 1842 and XXI. 1844 and XIII. 1847, for making, without crimping, any contract with any Native of India, for labour to be performed in any Foreign Settlement on the mainland of India, or for knowingly abetting or aiding any

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ২৫ জুলাই।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ২৫ জুলাই তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

১৮৩৯ সালের ১৪ আইন এবং ১৮৪২ সালের ১৫ আইন স্পষ্ট করণের এবং পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে ক্রিম্পের অর্থাৎ খালাসীর দালালীর অপরাধ নিবারণের আইন।

১৮৩৯ সালের ১৪ আইন এবং ১৮৪২ সালের ১৫ আইন পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে বুঝিবার জন্যে এবং পশ্চাৎ নির্দ্দিষ্ট অপরাধ পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে নিবারণের জন্যে নীচের লিখিতমতে নির্দ্দিষ্ট ও হুকুম হইল।

১ ধারা। যে ব্যক্তি বল বা ছল বিনা কোন চাকরীতে প্রবেশ করিতে অনিচ্ছুক আছে এমত ব্যক্তিকে সেই চাকরীতে প্রবেশ করিতে বা সেই চাকরীর বিষয়ের বন্দোবস্ত করিতে জোর করণের কিম্বা লওয়াইনের অভিপ্রায়ে সেই ব্যক্তিকে যে কেহ বেআইনীমতে কোন স্থানে বলে বা ছলে আটক করে কিম্বা তাহাকে ফুসলাইয়া কোন স্থানে আনে সেই ব্যক্তি ১৮৪২ সালের ১৫ আইনের অর্থের মধ্যে ক্রিম্প অর্থাৎ খালাসীর দালাল বোধ হইবেক এবং ক্রিম্পের অপরাধের দোষী জ্ঞান হইবেক ইতি।

২ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশহইতে কোন ব্যক্তির স্থলপথে কি জলপথে গমন ১৮৩৯ সালের ১৪ আইনের অর্থের মধ্যে ঐ দেশহইতে প্রস্থান করা জ্ঞান হইবেক ইতি।

৩ ধারা। এই আইন জারী হওনের পর যে ব্যক্তি ক্রিম্পের অপরাধ বিনা ভারতবর্ষের ভূমিতে স্থিত কোন বিদেশি রাজার বসতিতে খাটিবার জন্যে এদেশীয় কোন ব্যক্তির সঙ্গে কোন বন্দোবস্ত করে অথবা কোম্পানি বাহাদুরের রাজ্যহইতে ঐ বিদেশি রাজার বসতিতে গমন করণার্থে জানিয়াশুনিয়া এদেশনিবাসি কোন ব্যক্তিকে প্রবৃত্তি দেয় বা তাহার সাহায্য করে এমত কোন ব্যক্তি

Native of India in emigrating from the said Territories to any such Foreign Settlement: but the burden of proof of the nature of the contract and emigration shall lie on the person making any such contract or abetting such emigration in order to exempt him from the penalties of Act XIV. 1839, amended as aforesaid.

IV. Every crimp is liable on conviction before a Magistrate to be imprisoned for a term not exceeding six months, and to fine not exceeding five hundred rupees.

V. Every person who by crimping has forced or decoyed any Natives of India out of the Territories under the Government of the East India Company, is liable to be imprisoned for a term not exceeding seven years.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 25th day of October next.

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of India.

১৮৪২ সালের ১৫ আইন এবং ১৮৪৪ সালের ২১ আইন এবং ১৮৪৭ সালের ১৩ আইনের দ্বারা সংশোধিত ১৮৩৯ সালের ১৪ আইনের লিখিত দণ্ডের যোগ্য হইবেক না। কিন্তু যে ব্যক্তি দেশান্তর গমনের বন্দোবস্ত করে অথবা প্রবৃত্তি দেয় সেই ব্যক্তির পূর্ব্বোক্তমতে সংশোধিত ১৮৩৯ সালের ১৪ আইনের লিখিত দণ্ডহইতে ক্ষমা হওনের নিমিত্তে ঐ বন্দোবস্ত এবং ঐ দেশান্তরে প্রস্থান করণের কি ভাব ছিল তাহার প্রমাণ দিবার ঝুঁকী তাহার উপর থাকিবেক ইতি।

৪ ধারা। প্রত্যেক ক্রিম্পের অপরাধ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি ছয় মাসের অনূর্দ্ধ মিয়াদে কয়েদ এবং পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

৫ ধারা। যে ব্যক্তি ক্রিম্প অপরাধের দ্বারা কোম্পানি বাহাদুরের শাসিত দেশহইতে এদেশীয় কোন ব্যক্তিরদিগকে বলপূর্ব্বক কি ফাকি দিয়া বাহির করিয়াছে সেই ব্যক্তি সাত বৎসরের অনধিক কাল মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৫ অক্টোবর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

REPORT OF A SUMMARY CASE DETERMINED BY THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

The 24th April, 1851.

It is irregular to file a petition of special appeal against a party named, and others who are only mentioned by the general term "*oghyra*," nor can the names of the others be allowed to be inserted by a petition given in after the expiry of the period for the admission of an appeal. But the special appeal case should be prepared as against the one party named as a respondent, and it will be for the bench which tries the special appeal, to decide, whether any decree can pass in the appeal with only that respondent before it. This order, passed with reference to the spirit and intent of Section 10, Regulation VI. of 1793, which governs the Circular Order No. 211, of July 1st, 1842.

Miscellaneous case regarding a Special Appeal from a decision passed by the Judge of Patna, under date the 19th October, 1849, affirming a decree of the Principal Sudder Ameen of that district, under date the 26th December, 1848.

Himmut-oon-nissa,—Appellant,

versus

Meer Ultaf Ali and others,—Respondents.

Wukeel of Appellant, Moonshee Ubbas Ali Khan.

Wukeel of Respondents, Moonshee Ameer Ali.

This is a case in which a Special Appeal having been admitted for trial on certificate by a Judge of this Court, Mr. W. Jackson, and the papers having

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৫১ সাল ২৪ আপ্রিল।

নানা ব্যক্তির বিরুদ্ধ খাস আপীলের যে দরখাস্তে কেবল এক জনের নাম লেখা যায় এবং অন্যেরদের নাম না লিখিয়া ওগয়রহ এই কথা লেখা যায় সেই দরখাস্ত বেদাঁড়া এবং আপীল গ্রাহ্য হওনের যে মিয়াদ নিরূপণ আছে তাহা অতীত হইলেপর দাখিলহওয়া এক দরখাস্তক্রমে অন্য ব্যক্তিরদের বিশেষ নাম ঐ প্রথম দরখাস্তে লিখিতে অনুমতি দেওয়া যাইতে পারে না। কিন্তু খাস আপীলের মোকদ্দমায় যে এক ব্যক্তির নাম রেস্পাণ্ডেণ্টস্বরূপ লেখা গিয়াছিল তাহার বিরুদ্ধে ঐ মোকদ্দমা প্রস্তুত হইতে পারে এবং সেই এক রেস্পাণ্ডেণ্টমাত্র আদালতে উপস্থিত হইলে ঐ আপীলে কোন ডিক্রী হইতে পারে কি না ইহা খাস আপীল বিচারকরণিয়া জজ সাহেবেরা নিষ্পত্তি করিবেন। এই হুকুম ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধারার ভাব ও অভিপ্রায় সম্পর্কে করা গিয়াছে ঐ ১০ ধারার দ্বারা ১৮৪২ সালের ১ জুলাই তারিখের ২১১ নম্বরী সরক্যুলর অর্ডরের অর্থ করিতে হইবেক।

১৮৪৮ সালের ২৬ ডিসেম্বর তারিখে পাটনার প্রধান সদর আমীন যে ডিক্রী করিলেন তাহা পাটনার জজ সাহেব ১৮৪৯ সালের ১৯ অক্টোবর তারিখে মঞ্জুর করিলেন। পাটনার জজ সাহেবের ঐ নিষ্পত্তির উপর খাস আপীল হইল তাহার বিষয়ি এই মুৎফরক্কা মোকদ্দমা।

হিম্মতুন্নেছা—আপেলাণ্ট।

মীর অলতাফ আলী ও অন্যেরা—রেস্পাণ্ডেণ্ট।

আপেলাণ্টের উকীল মুনশী আব্বাস আলী খাঁ।

রেস্পাণ্ডেণ্টেরদের উকীল মুনশী আমীর আলী।

সদর আদালতের এক জন জজ শ্রীযুত ওএলবি জাকসন সাহেবের সর্টিফিকটক্রমে যে এক খাস আপীল বিচার হওনার্থে গ্রাহ্য হইল তাহা এই মোকদ্দমা। পরে আ-

been sent to the native deputy register for the preparation of the appeal for hearing, questions arose before the last named officer as to the regularity and sufficiency of the papers of the special appeal application. The points are explained in the following translation of a proceeding by the officiating register of February 22nd, 1851.

"Moonshee Ubbas Ali Khan, pleader of the appellant, and Moonshee Ameer Ali, pleader of one of the respondents, in attendance. A roobakaree of the native deputy register of this Court, dated the 4th February of the present year, stating that the petition for special appeal filed by the appellant does not contain the names of the respondents, that in the body of the petition it is only written that the petitioner sued in the Civil Court of the city, Meer Ultaf Ali *oghyrah* (*and others*) defendants opposite party; that this is opposed to the Circular Order of the 1st July, 1842; besides that, in the vakalutnamah on the part of the appellant, it is not specified that the pleader, Moonshee Ubbas Ali, has been appointed to act till the final issue of the case, and that this is also contrary to the resolution of this Court, dated the 25th November, 1842, and a petition of *the appellant* containing the names of all the respondents, and praying for the amendment of the mistake, and to be excused for it, filed on the 13th February of the present year, were this day, according to the resolution of the 12th December, 1850, brought for hearing before me and duly perused. As the appellant's mentioning the names of the respondents with the word oghyrah is contrary to the Circular Order, dated the 1st July, 1842, and as the appellant's petition mentioning the names of all the respondents, and praying for the amendment of the error, has been presented after the expiry of the prescribed period for appeal, I am of opinion that, in conformity with the provisions of the Circular Order above cited, this case ought to be struck off the file. It is accordingly ordered that the papers of the case be laid before the Judge in charge of the miscellaneous department, for his order to strike off the case from the file."

The case thus coming before the Judge in charge of the miscellaneous department for March 1851, was referred for the order of the full bench.

After argument by the pleaders, the subjoined opinions were recorded, and notice was ordered to be issued to the one respondent, Meer Ultaf Ali, according to the directions of the majority of the Court.

Messrs. Colvin and Dunbar. In this case the application for special appeal was originally presented as against Meer Ultaf Ali *oghyrah*. The names of the other respondents were not set forth. A Judge of this Court admitted the application and recorded a certificate of points for trial. When the case went down to the deputy register's office for the issue of notice to the respondents, that officer very properly stated that no such notice could issue where there

পীল শুননির জন্যে প্রস্তুত করণার্থে কাগজপত্র এদেশীয় ডেপুটী রেজিষ্টরের নিকটে পাঠান গেলে ঐ খাস আপীলের দরখাস্তের কাগজপত্র রীতিমত ও প্রচুরমতে হইয়াছে কি না এই বিষয়ে ঐ ডেপুটী রেজিষ্টরের কিছু সন্দেহ হইতে লাগিল। ১৮৫১ সালের ২২ ফেব্রুআরি তারিখে একটিং রেজিষ্টর সাহেবের রুবকারীর পশ্চাৎ লিখিত তরজমাতে সেই২ বিষয় সপষ্ট লেখা আছে।

"আপেলান্টের উকীল মুনশী আব্বাস আলী খাঁ এবং রেসপাণ্ডেন্টেরদের মধ্যে এক জনের উকীল মুনশী আমীর আলী হাজির আছেন। এই আদালতের এদেশীয় ডেপুটী রেজিষ্টর এই বৎসরের ৪ ফেব্রুআরি তারিখে এইমত এক রুবকারী লিখিলেন যে আপেলান্ট খাস আপীলের যে দরখাস্ত দিল তাহাতে রেসপাণ্ডেন্টেরদের নাম লেখা নাই দরখাস্তের মধ্যে এইমাত্র লেখা আছে যে দরখাস্তকারী শহরের দেওয়ানী আদালতে বিপক্ষ আসামী মীর অলতাফ আলী ওগয়রহের নামে নালিশ করিল। ইহা ১৮৪২ সালের ১ জুলাই তারিখের সরক্যুলর অর্ডরের বিরুদ্ধ। পুনশ্চ আপেলান্টের পক্ষে যে ওকালৎনামা দেওয়া গেল তাহাতে এইমত নির্দ্দিষ্ট নাই যে উকীল মুনশী আব্বাস আলী মোকদ্দমা চূড়ান্তরূপে নিষ্পত্তি হওনপর্য্যন্ত কার্য্য করিতে নিযুক্ত হইয়াছেন এবং ইহা এই আদালতের ১৮৪২ সালের ২৫ নবেম্বর তারিখের নির্দ্ধারণের বিরুদ্ধ। এবং আপেলান্ট এই বৎসরের ১৩ ফেব্রুআরি তারিখে এক দরখাস্ত দাখিল করিল তাহার মধ্যে সকল রেসপাণ্ডেন্টের নাম লেখা ছিল এবং তাহাতে ঐ ভ্রম স্বীকার করিয়া তাহা সংশোধনের অনুমতির প্রার্থনা করিল। ঐ দরখাস্ত ১৮৫০ সালের ১২ ডিসেম্বর তারিখের নির্দ্ধারণানুসারে অদ্য আমার নিকটে শুনানি হইবার জন্যে উপস্থিত করা গেল এবং রীতিমত পাঠ হইল। আপেলান্ট রেসপাণ্ডেন্টেরদের সকল নাম না লিখিয়া ওগয়রহ লেখা ১৮৪২ সালের ১ জুলাই তারিখের সরক্যুলর অর্ডরের বিরুদ্ধ এবং আপেলান্টের যে দরখাস্তে সকল রেসপাণ্ডেন্টের নাম লেখা ছিল এবং ঐ ভ্রম সংশোধনের অনুমতির প্রার্থনা হইয়াছিল তাহা আপীলের নিরূপিত মিয়াদ অতীত হওনের পর দরপেশ হইয়াছে। অতএব আমার বোধ আছে যে উক্ত সরক্যুলর অর্ডরের বিধির অনুসারে এই মোকদ্দমা নথীহইতে বরখাস্ত করা উচিত। এইপ্রযুক্ত হুকুম হইল যে নথীহইতে মোকদ্দমা বরখাস্তের হুকুম দেওনের জন্যে এই মোকদ্দমার কাগজপত্র মুৎফররকা সিরিশতা যে জজ সাহেবের জিম্মায় আছে তাঁহার নিকটে দাখিল করা যায়।

যে জজ সাহেবের অধীনে ১৮৫১ সালের মার্চ মাসে মুৎফররকা সিরিশতা ছিল তাঁহার সম্মুখে ঐ মোকদ্দমা এইরূপে উপস্থিত হওনাতে তিনি আদালতের সম্পূর্ণ বৈঠকের হুকুমের জন্যে তাহা অর্পণ করিলেন।

উকীলের সওয়াল জওয়াব হওনের পর জজ সাহেবেরদের পশ্চাৎ লিখিত মত লেখা গেল এবং আদালতের অধিকাংশ জজ সাহেবেরদের হুকুমানুসারে এক জন রেসপাণ্ডেণ্ট অর্থাৎ মীর অলতাফ আলীকে এত্তেলা দেওনের হুকুম হইল।

শ্রীযুত কলবিন সাহেব ও শ্রীযুত ডনবার সাহেব লিখিলেন যে এই মোকদ্দমার খাস আপীলের দরখাস্ত প্রথমে মীর অলতাফ আলী ওগয়রহের বিরুদ্ধে দাখিল হইয়াছিল। অন্যান্য রেসপাণ্ডেণ্টের নাম তাহাতে লেখা ছিল না। এই আদালতের এক জন জজ সাহেব ঐ দরখাস্ত মঞ্জুর করিলেন এবং যে২ বিষয়ের বিচার হইবেক তাহার এক সর্টিফিকট দিলেন। যখন রেসপাণ্ডেণ্টেরদিগকে এত্তেলা দেওনের জন্যে ঐ মোকদ্দমা ডেপুটী রেজিষ্টরের দফতরে পঁহুছিল তখন তিনি অতি উপযুক্তমতে

was no other designation than the words oghyrah. He referred the case to the register. Before the register, the pleader for the appellant presented a petition *after the expiry of the period for the admission of appeal*, detailing at length the names other than that of Meer Ultaf Ali.

We are of opinion that it was not then open to the appellant to supply the original omission, and that no notice can issue against any of the parties named in the later petition to the register. We think, however, that there is nothing to prevent a notice issuing against Meer Ultaf Ali who *was* named in the first special appeal application. The pleader for the appellant has now applied for the issue of notice to that party alone. The spirit and intent of Section 10, Regulation VI. of 1793, on which the Circular Order No. 211, of July 1st, 1842, is founded, appear to us to require that, as against this one party, the application of special appeal should be admitted as good, in so far as regards the summoning him by notice, for the purpose of bringing the appeal to hearing. We direct that notice issue to Meer Ultaf Ali accordingly. It will be a question for the determination of the bench, before whom the case comes for final decision, whether any decree can pass in the case in the absence of the other persons who were co-defendants with Ultaf Ali in the Principal Sudder Ameen's Court. This must depend upon the special circumstances and object of the suit, into which, at the present stage, it is not within our province to enquire.

The alleged irregularity of the vakalutnamah, on which the certificate of special appeal has been given, is not for our cognizance, in the stage at which the case is before us. We have to consider only whether, the certificate having issued, the case can regularly be prepared for hearing. All other points must be brought before the full bench who may sit for the decision of the special appeal.

Sir R. Barlow.—It seems to me that the order of admission by Mr. Jackson is opposed to the Court's Circular No. 211, of the 1st July, 1842, and cannot overrule it. It is therein laid down that, if an appellant shall omit the names of any persons who were opposed to him in the lower Court under the circumstances set forth in Para. 2 of the Circular, his appeal shall be rejected as incomplete.

The petition of appeal does not specify the names of the parties opposed to the petitioner below; the defect was not remedied within the period of appeal, and cannot now be remedied. The appeal is incomplete and process cannot issue on it. I would adhere to the provisions of the Circular quoted, which prescribes that the words (oghyrah and others) do not meet the requirements of the Law, Section 10, Regulation VI. of 1793, and declares

লিখিলেন যে এই মত কোন এত্তেলা দেওয়া থাকিতে পারে না যেহেতুক ওগয়রহ বিনা রেসপাণ্ডেণ্টের আর কোন নাম উল্লেখ ছিল না। তাহাতে তিনি সেই মোকদ্দমা রেজিষ্টর সাহেবের প্রতি অর্পণ করিলেন। রেজিষ্টর সাহেবের সম্মুখে আপেলাণ্টের উকীল আপীল গ্রাহ্য করণের মিয়াদ অতীত হওনের পর আর এক দরখাস্ত দাখিল করিলেন তাহাতে মীর অলতাফ আলী ছাড়া অন্য২ রেসপাণ্ডেণ্টের নাম বিস্তারি করিয়া লেখা ছিল।

আমারদের মত এই যে প্রথমে যে চুক হইয়াছিল তাহা আপেলাণ্ট সেই সময়ে সংশোধন করিতে পারে না এবং রেজিষ্টর সাহেবের নিকটে দাখিলহওয়া শেষ দরখাস্তে যে২ ব্যক্তির নাম লেখা ছিল তাহারদের প্রতি কোন এত্তেলা জারী হইতে পারে না। কিন্তু মীর অলতাফ আলীর নাম খাস আপীলের প্রথম দরখাস্তে লেখা ছিল অতএব আমরা বোধ করি যে তাহাকে এত্তেলা দেওনের কিছু বাধা নাই। আপেলাণ্টের উকীল এক্ষণে কেবল সেই ব্যক্তিকে এত্তেলা দেওনের দরখাস্ত দাখিল করিয়াছেন। ১৭৯৩ সালের ৬ আইনের যে ১০ ধারার সম্পর্কে ১৮৪২ সালের ১ জুলাই তারিখের ২১১ নম্বরী সরক্যুলর অর্ডর হইয়াছিল সেই ধারার ভাব ও অভিপ্রায় বিবেচনা করিয়া আমারদের বোধ হয় যে এই এক ব্যক্তির বিরুদ্ধে খাস আপীলের দরখাস্ত মাতবরের ন্যায় গ্রাহ্য করিতে হইবেক এবং আপীল শুননি করাওনের জন্যে তাহাকে এত্তেলার দ্বারা তলব করিতে হয়। এইপ্রযুক্ত আমরা মীর অলতাফ আলীকে এত্তেলা দিবার হুকুম করিতেছি। প্রধান সদর আমীনের আদালতে অলতাফ আলীর সঙ্গে২ যে অন্য ব্যক্তিরা আসামী ছিল তাহারদের অবর্ত্তমানে এই মোকদ্দমায় কোন ডিক্রী হইতে পারে কি না মোকদ্দমার চূড়ান্ত বিচারের জন্যে যে২ জজ সাহেবের নিকটে উপস্থিত হয় তাঁহারাই তাহা স্থির করিবেন। এবং তাহা মোকদ্দমার বিশেষ বৃত্তান্ত ও অভিপ্রায় দৃষ্টে নিষ্পত্তি করিতে হইবেক কিন্তু মোকদ্দমার এক্ষণকার অবস্থায় এই বিষয়ের বিবেচনা করিতে আমারদের ক্ষমতা নাই।

এই মোকদ্দমা আমারদের সম্মুখে এক্ষণে যে অবস্থায় আছে সেই অবস্থায় যে ওকালৎনামাক্রমে খাস আপীলের সর্টিফিকট দেওয়া গিয়াছিল সেই ওকালৎনামার কথিত বেদাঁড়ার বিষয় আমারদের বিচার্য্য নহে। আমারদের এইমাত্র বিচার করিতে হয় যে সর্টিফিকট দেওয়া যাওয়াপ্রযুক্ত ঐ মোকদ্দমা রীতিমত শুননির জন্যে প্রস্তুত হইতে পারে কি না। অন্য সকল বিষয় যে জজ সাহেবেরা খাস আপীল নিষ্পত্তি করণার্থে সম্পূর্ণ বৈঠক করেন তাঁহারদের নিকটে উপস্থিত করিতে হইবেক।

শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব লিখিলেন যে শ্রীযুত জাক্সন সাহেব আপীল গ্রাহ্য করণের যে হুকুম দিলেন তাহা এই আদালতের ১৮৪২ সালের ১ জুলাই তারিখের ২১১ নম্বরী সরক্যুলর অর্ডরের বিরুদ্ধ এবং ঐ জজ সাহেবের হুকুম সরক্যুলর অর্ডরঅপেক্ষা প্রবল হইতে পারে না। তাহাতে লেখা আছে যে ঐ সরক্যুলর অর্ডরের ২ দফার নির্দ্দিষ্ট বিষয় সম্পর্কে যে২ ব্যক্তি অধস্থ আদালতে আপেলাণ্টের বিরুদ্ধ ছিল সেই২ ব্যক্তির নাম যদি আপেলাণ্ট লিখিতে ত্রুটি করে তবে ঐ আপীল অসম্পূর্ণ বলিয়া অগ্রাহ্য করিতে হইবেক।

অধস্থ আদালতে দরখাস্তকারির বিরুদ্ধে যে২ ব্যক্তি ছিল তাহারদের নাম আপীলের দরখাস্তে বিশেষ করিয়া লেখা নাই। এই চুক আপীলের মিয়াদের মধ্যে সংশোধিত হয় নাই এবং এক্ষণে তাহা সংশোধিত হইতে পারে না। ঐ আপীল অসম্পূর্ণ এবং তাহার উপর কোন হুকুম দেওয়া যাইতে পারে না। উক্ত সরক্যুলর অর্ডরের নিয়ম অবিকল প্রতিপালন করা আমার পরামর্শ তাহাতে লেখা আছে যে "ওগয়রহ" এই কথাতে ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধারার হুকুম সিদ্ধ হয়

that petitions of appeal deficient in the respect adverted to, must be considered incomplete and inadmissible under the Regulations.

১৮৫১ সালের সকলের দৃষ্টিগোচর পরীক্ষা।

১। প্রধান বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের এবং ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণানুসারে যে ফর্দ্দ বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দিবার হুকুম আছে সেই ফর্দ্দেতে যাহারা আপন২ নাম লেখাইতে চাহে তাহারদের ইমতিহাম নীচের লিখিত তারিখে ও ঘণ্টায় চৌনহালে হইবেক।

তারিখ	বিষয়। প্রধান বৃত্তি।	দ্বিতীয় বৃত্তি।
১৭ সেপ্টেম্বর বুধবার	সাধারণ শাস্ত্রবিদ্যা ...	ব্যাকরণ।
১৮ " বৃহস্পতিবার	মানসিক ও নৈতিক বিদ্যা...	পুরাবৃত্ত।
১৯ " শুক্রবার	পুরাবৃত্ত ...	মাথিমাটিক্স।
২০ " শনিবার	অমিশ্রিত মাথিমাটিক্স	ভূগোল।
২২ " সোমবার	মিশ্রিত মাথিমাটিক্স ...	অনুবাদ।
২৩ " মঙ্গলবার	ইঙ্গরেজী এসে ...	শাস্ত্রবিদ্যা।
২৪ " বুধবার	বাঙ্গালা কিম্বা লাটিন এসে।	

পরীক্ষার কার্য্য প্রতিদিবস পূর্ব্বাহ্ণে ঠিক দশ ঘণ্টা-অবধি ১॥ ঘণ্টাপর্য্যন্ত এবং ২ ঘণ্টা অবধি ৫॥ ঘণ্টাপর্য্যন্ত চলিবেক। সেই সময়ের মধ্যে পূর্ব্বাহ্ণের ও অপরাহ্ণের সমস্ত জিজ্ঞাসার লিখিত উত্তর অর্পণ করিতে হইবেক। কর্ম্মাকাঙ্ক্ষিরদের আপন২ স্থানে বৈশনইত্যাদি কার্য্যেতে বিলম্ব না হয় এই জন্যে তাহারদিগকে প্রত্যেক পরীক্ষার নিরূপিত সময়ের পোয়া ঘণ্টা থাকিতে উপস্থিত হইতে পরামর্শ দেওয়া যাইতেছে।

২। নীচের লিখিত যে২ সাহেবের নামের পার্শ্বে যে২ বিষয় লেখা আছে ঐ সাহেবেরা বৃত্তির নিয়মানুসারে এসের বিষয় ও জিজ্ঞাসার কাগজ প্রস্তুত করিবেন।

ইঙ্গরেজী বৃত্তি।

প্রথম শ্রেণী।

ইঙ্গরেজী এসে ...	শ্রীযুত জে কার সাহেব। এম। এ।
রচনা বিদ্যা ...	... শ্রীযুত আর জোন্স সাহেব।
শাস্ত্রবিদ্যা ...	... শ্রীযুত কার সাহেব। এম। এ।
পুরাবৃত্ত বিদ্যা ...	শ্রীযুত এচ উডরো সাহেব। এম। এ।
অমিশ্রিত ও মিশ্রিত মাথিমাটিক্স	শ্রীযুত আর থুএটস সাহেব। বি। এ।
বঙ্গ ভাষীয় এসে ...	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বাঁড়ুয্যা

[*Government Gazette, 5th August,* 1851.]

না এবং তাহাতে এই নির্দ্দিষ্ট আছে যে আপীলের যে২ দরখাস্তে সমস্ত রেস্পাণ্ডেন্টের নাম না লেখা যায় তাহা অসম্পূর্ণ জ্ঞান করিতে হইবেক এবং আইনানুসারে তাহা গ্রাহ্য হইতে পারে না।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

লাটিন এসে ...	... শ্রীযুত এচ উডরো সাহেব। এম। এ।

দ্বিতীয় শ্রেণী।

ইঙ্গরেজী ব্যাকরণ ...	শ্রীযুত এ এস হারিসন সাহেব। বি। এ।
পুরাবৃত্ত ...	... শ্রীযুত জি লুইস সাহেব।
গোলাধ্যায় ...	শ্রীযুত ডবলিউ ব্রেণাণ্ড সাহেব।
মাথিমাটিক্স	... শ্রীযুত বি এল রীস সাহেব।
অনুবাদ ...	... শ্রীযুত ব বু রামচন্দ্র মিত্র।

আরবীয় বৃত্তি।

কলিকাতার মদরসা	প্রথম ও দ্বিতীয় শ্রেণী ...	শ্রীযুত ডাক্তর স্প্রেঙ্গর সাহেব।
হুগলীর মদরসা	প্রথম ও দ্বিতীয় শ্রেণী ...	শ্রীযুত ডাক্তর স্প্রেঙ্গর সাহেব।

সংস্কৃত বৃত্তি।

প্রথম ও দ্বিতীয় শ্রেণী। শ্রীযুত মেজর জি টি মার্সাল সাহেব।

৩। শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্ত ও মিশ্রিত ও অমিশ্রিত মাথিমাটিক্স বিদ্যার বিষয়ে নীচের লিখিত পুস্তক ১৮৫০ সালে মনোনীত করা গিয়াছিল তাহাহইতে বর্ত্তমান বৎসরে ইমতিহানের কাগজপত্র প্রস্তুত করা যাইবেক।

প্রথম বৃত্তি।

প্রথম শ্রেণী।

শাস্ত্রবিদ্যা।

গদ্য— বেকনের নোবম অর্গানম প্রথম খণ্ড।

পদ্য— সেক্সপিয়রের হামলেট।

পুরাবৃত্ত—ইদ নীণ্ডন পুরাবৃত্তের বিষয়ে দ্বিতীয় খণ্ডভিন্ন আরনল্ড সাহেবের বক্তৃতা গ্রন্থ এবং ভূমিকাস্বরূপ বক্তৃতার ক্রোড়পত্র।

মানসিক বিদ্যা।—মনুষ্যের মানসিক গুণ বিষয়ে ষ্টুয়ার্ট সাহেবের পুস্তক তাহার ভূমিকা ও দ্বিতীয় খণ্ডের ১।২।৩।৪।৫ অধ্যায়।

মাথিমাটিক্স।

ডিফিরেন্সল ও ইনটিগ্রল কালকুলস।

দর্শন বিদ্যা। পটর সাহেবের।

জ্যোতির্বিদ্যা। ব্রিঙ্কলি সাহেবের।

দ্বিতীয় শ্রেণী।

শাস্ত্র বিদ্যা।

(প্রথম শ্রেণীর ন্যায়)

মাথিমাটিক্স।

নূটন সাহেবের প্রিন্সিপিয়া। গুডউইন সাহেবের কিম্বা এবান্স সাহেবের কৃত।

সীমার নিয়ম এবং ডিফিরেন্সল ও ইনটিগ্রল কালকুলসের মূল নিয়ম।

আনালিটিকল জিয়োমেট্রি ও স্ফেরিকল ত্রিগোনমেট্রি।

স্থিত জলবিদ্যা। উএবষ্টর সাহেবের।

তৃতীয় শ্রেণী।

গ্রন্থবিদ্যা।

(প্রথম শ্রেণীর তুল্য।)

মাথিমাটিক্স।

কনিক সেক্সন। গুডউইন সাহেবের কৃত।

বীজগণিত বিদ্যাসম্পর্কীয় ইকুএসনের মূল নিয়ম।

শিল্প বিদ্যা। পটর ও স্নোবল সাহেবের কৃত।

চতুর্থ শ্রেণী।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।—জনসন সাহেবের রাসিলাস।

পদ্য।—গ্রে ও কালিন্স সাহেবের পুস্তকহইতে সংগৃহীত রিচার্ডসন সাহেবের পুস্তক।

পুরাবৃত্ত।—এলফিনষ্টন সাহেবের ভারতবর্ষীয়। প্রথম বালম কিন্তু প্রথম অধ্যায়ের চতুর্থ পর্ব্ব ও দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ ও পঞ্চম অধ্যায় ব্যতিরিক্ত।

মানসিক বিদ্যা।—আবরক্রম্বি সাহেবের সংগৃহীত মানসিক গুণশক্তি অর্থাৎ প্রথমঅবধি তৃতীয়খণ্ডের চতুর্থ অধ্যায়ের যে প্রথম অংশে "সত্যতা নির্ণয়ার্থে বিচার শক্তির ব্যবহারের বিষয়" লেখা আছে তাহার শেষপর্য্যন্ত (কলিকাতার মুদ্রিত পুস্তকের ১১১ পৃষ্ঠা।)

মাথিমাটিক্‌স।

ইউক্লিড ও বীজগণিত বিদ্যা ও সমান স্থানের ত্রিকোণ মাপক বিদ্যা।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।—মানসিক গুণোন্নতির বিষয়ে ওয়াটস সাহেবের পুস্তক। (এনসৈক্লোপিডিয়া বাঙ্গালেনসিস।)

পদ্য।—গোলসমিথ সাহেবের কৃত যাত্রি ও ত্যক্তগ্রাম।

ব্যাকরণ।—ক্রম্বি সাহেবের এটিমলজি ও সিনটাক্স। দ্বিতীয় খণ্ড।

পুরাবৃত্ত।—ষ্টুআর্ট সাহেবের বঙ্গদেশীয় বিবরণ।

গোলাধ্যায় ও নক্‌শা প্রস্তুত করণ।

মাথিমাটিক্‌স।

ইউক্লিড। ৬ ও ১১ খণ্ড।

বীজগণিত বিদ্যা। সিম্পল ইক্বেসন।

অঙ্কবিদ্যা ও অঙ্কের মূল নিয়ম।

বাঙ্গলা ভাষা।

ঈশ্বরচন্দ্র শর্ম্মার দ্বিতীয়বার প্রকাশিত বেতাল পঞ্চবিংশতি।

শ্যামাচরণ সরকারের প্রথম ও দ্বিতীয় ভাগ।

৪। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বৃত্ত্যর্থিরদের উত্তর যে সাহেবেরা প্রশ্ন লেখিলেন তাঁহারদের কর্ত্তৃক বিচারিত হইবেক।

আরবীয় বৃত্ত্যর্থিরদের উত্তর কলিকাতার মদরসার সভাপতি সাহেব বিচার করিবেন।

সংস্কৃত বৃত্ত্যর্থিরদের উত্তর শ্রীযুত মেজর জি টি মার্শ্যল সাহেব বিচার করিবেন।

পরীক্ষার ফলসূচক সমস্ত রিপোর্ট দীর্ঘকালিক ছুটীর শেষ হওনের পূর্ব্বে অর্পণ করা যাইবেক।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা টৌনহালে এই পরীক্ষার তত্ত্বাবধারণ করিবেন। কৌন্সেলের সেক্রেটারী সাহেব প্রতিদিন প্রশ্ন দিবেন ও উত্তর সংগ্রহ করিবেন। এবং বিদ্যাধ্যাপনের কৌন্সেলের অন্য যে এক জন সাহেব তাঁহার নির্দ্দিষ্ট দিবসের জন্যে উপস্থিত থাকেন তিনি তৎকার্য্যের সাহায্য করিবেন।

৫। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের বিজ্ঞাপনানুসারে বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের নামের যে ফর্দ্দ বৎসরে২ গবর্নমেন্টকে দিবার হুকুম হইয়াছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের ইমতিহানের নীচের লিখিত বিধান সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে পুনর্ব্বার প্রকাশ হইতেছে।

১। যাহার আঠার বৎসরের কম কি তেইশ বৎসরের অধিক বয়স হয় এবং যে জন ইমতিহান দেওনের সময়ে গবর্নমেন্টের কোন এক কালেজের অথবা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের স্বীকৃত কোন বিদ্যালয়ের ছাত্র না হয় সেই জন বার্ষিক রিপোর্টে আপন নাম লিখনের আকাঙ্ক্ষিরদের মধ্যে গণ্য হইতে পারে না। বৃত্ত্যাকাঙ্ক্ষি সকল লোকের আবশ্যক যে আপনারদের সদাচারিতার বিষয়ে সুবোধজনক প্রমাণ দেয়।

২। প্রত্যেক জন বৃত্ত্যাকাঙ্ক্ষী গবর্নমেন্টের কোন কালেজের সম্পর্কীয় হউক কিম্বা বিশেষ বিদ্যালয়ের সম্পর্কীয় হউক ইঙ্গরেজী প্রধান বৃত্তি প্রাপণার্থে ছাত্রেরা বৎসরে২ যে ইমতিহান দিয়া থাকে তাহা দিবেক কিন্তু বৃত্ত্যাকাঙ্ক্ষী আপন ইচ্ছামতে এদেশীয় ভাষায় এসে অর্থাৎ রচনা না লিখিয়া লাটিন ভাষায় লিখিতে পারে।

৩। যোগ্যতার দুই সম্প্রদায় হইবেক। যাহারদের প্রধান বৃত্তিভোগের শেষ বৎসর হইয়াছে অথবা যাহারদের নিতান্তই শেষ বৎসর হয় নাই কিন্তু তাহারদের বৃত্তি পাইবার যোগ্য হওন সময়ে বৃত্তি শূন্য থাকিলে এবং তাহারা তাহা পাইলে এক্ষণে ঐ বৃত্তির শেষ বৎসর হইত অথবা যাহারা কোন বিশেষ বিদ্যালয়ে দশ বৎসরপর্য্যন্ত বিদ্যা শিক্ষা করিয়াছে এবং ইমতিহানের প্রত্যেক বিষয়ে যত চিহ্ন নির্দ্দিষ্ট আছে তাহার চারি অংশের অনূ্যন তিন অংশ পায় তাহারা প্রথম শ্রেণীভুক্ত হইতে পারে। এবং ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমিত্তে যে২ বিষয়ে ইমতিহান দিতে হয় তাহার প্রত্যেক বিষয়ে নির্দ্দিষ্ট চিহ্নের অনূ্যন অর্দ্ধ অংশ যাহারা পায় এমত অন্য সকল বৃত্ত্যাকাঙ্ক্ষী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেক।

৪। ইমতিহানের সময়ে কৃতকার্য্য বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের গুণের তারতম্য বুঝিয়া তাহারা সম্প্রদায়ের প্রথম দ্বিতীয়াদি স্থানে ভর্ত্তি হইবেক।

৫। যাহারা কৌন্সেলের ফর্দ্দে নাম লেখাইতে আকাঙ্ক্ষা রাখে তাহারদের ইমতিহানে প্রতিযোগিতা করণের অনুমতি পাইবার পূর্ব্বে কোং ৫৲ টাকা ফিস দিতে হইবেক।

৬। যে কোন ছাত্র কৌন্সেলের ফর্দ্দেতে আপন নাম লেখাইবার যোগ্যতার প্রমাণ না দেয় সে তিনবারের অধিক ইমতিহান দিবার জন্যে উপস্থিত হইবার অনুমতি পাইবেক না এবং সেই ব্যক্তির সেই প্রত্যেক বারের পূর্ব্বে উক্ত রেজিষ্টরীর ফিস দিতে হইবেক।

৭। যে বৃত্ত্যাকাঙ্ক্ষির নাম ফর্দ্দেতে একবার লেখা যায় সেই জন উচ্চ শ্রেণী পাইবার অভিপ্রায়ে পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি পাইবেক না।

৮। গবর্নমেন্টের ও বিশেষ বিদ্যালয়ের সকল বৃত্ত্যাকাঙ্ক্ষী সপষ্টরূপে জানিবেক যে তাহারদের নাম ফর্দ্দেতে লিখিত হইলেই তাহারা নিতান্ত বৃত্তি পাইবেক এমত নহে কেননা বিদ্যাতে নিপুণতা এবং সদাচারিতা ভিন্ন অন্যান্য গুণেরও আবশ্যক হইবেক।

৯। ইমতিহানের এই২ নিয়ম হইবেক।

বিদ্যার নানা শাখার বিষয়ে নানা প্রশ্ন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমানুসারে প্রস্তুত হইবেক এবং যে২ দিবসে ইমতিহান হইবেক তাহা উপযুক্ত সময় থাকিতে তাঁহারদের দ্বারা নিরূপণ হইবেক।

ছাত্রেরা এক কুঠরীর মধ্যে একত্র হইবেক তাহারদের কোন কেতাব বা কাগজ কি যাহাতে কিছু অবগত হইতে পারে এমত কিছু থাকিবেক না ইমতিহানের সময়ে তাহারদের পরস্পর কোন কথা বা লিখনপঠন হইবেক না এবং সেই নিমিত্তে তাহারা উপযুক্তমতে দূরে পৃথক্২ হইয়া বসিবেক।

কোন সাহায্যবিনা তাহারদের সকল জিজ্ঞাসার উত্তর দিতে হইবেক এবং এসে লিখিতে হইবেক এবং তাহারদের কোন সাহায্য না হয় এতদর্থে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এক জন সাহেব কামরার মধ্যে থাকিবেন এবং সমস্ত ইমতিহানের কর্তৃত্ব করিবেন।

যদি কোন কপট কর্ম্ম হয় বা তাহার উদ্যোগ হয় তবে অপরাধি ব্যক্তি ইমতিহানহইতে বহিষ্কৃত হইবেক

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ৫ আগষ্ট।]

এবং কৌন্সেলের সাহেবেরদের রিপোর্টের মধ্যে তাহার নাম লেখা যাইবেক না এবং সেই নিমিত্তে সে সরকারী কর্ম্মে নিযুক্ত হইবার অযোগ্য হইবেক।

প্রত্যেক প্রশ্নের গুরুত্বঅনুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেল তাহার মূল্যের এক্তি প্রকার হার নিরূপণ করিবেন। যদ্যপি সেই প্রশ্নের ঠিক এবং সম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে সেই প্রশ্নের যত চিহ্ন নিরূপণ আছে তাহার সম্পূর্ণ সংখ্যা কৃতকার্য্য ছাত্র পাইবেক কিন্তু যদি তাহার অসম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে যেপর্য্যন্ত তাহা ঠিক ও পূর্ণ হয় তাহার হিসাব করিয়া সম্পূর্ণ চিহ্নের অংশ দেওয়া যাইবেক। কিন্তু ইমতিহানের সকল প্রশ্নের সমুদয়ে যত চিহ্ন নিরূপণ আছে তাহার অর্দ্ধেকপর্য্যন্ত যে ছাত্র না পায় সে প্রধান বৃত্তি পাইবার যোগ্য বোধ হইবেক না।

৬। এই সকল রিপোর্ট পাইলে পর যত শীঘ্র সাধ্য সর্ব্ব সাধারণ লোককে জানাইবার ও বিতরণ হইবার নিমিত্তে বৃত্তিবিষয়ক প্রশ্ন এবং ইঙ্গরেজী বিদ্যা ও পুরাবৃত্তবিষয়ক সর্ব্বাপেক্ষা অত্যুত্তম উত্তর ও অত্যুত্তম এসে ছাপা হইবেক।

গবর্ণমেণ্টের কালেজভিন্ন অন্যান্য স্থানের বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের অতিউত্তম২ উত্তরও ছাপা হইবেক।

প্রত্যেক বিষয়েতে যেং উত্তর দেওয়া যায় তাহা অনায়াসে শ্রেণীপূর্ব্বক সাজান যায় ও পরীক্ষা করা যায় এই অভিপ্রায়ে সকল বৃত্ত্যাকাঙ্ক্ষির প্রতি হুকুম হইতেছে যে কাগজের কেবল এক দিগে আপনং উত্তর লেখে এবং এক ফর্দ্দ কাগজে এক জিজ্ঞাসার অধিক উত্তর না লেখে।

উক্ত বিধানক্রমে যেং উত্তর লেখা না যায় তাহা অগ্রাহ্য হইবেক।

বিদ্যাধ্যাপনের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট ও কৌন্সেলের হুকুমক্রমে।

এফ জে মৌআট্‌স
সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৫১। ১৫ জুলাই।

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT
APPOINTMENT.

The 26th July, 1851.

Baboo Gour Chunder Mujoomdar (who has obtained a Diploma,) to be Acting Moonsiff of Hundrah, Zillah Nuddea, during the absence on deputation of the incumbent, or until further orders.

B. J. Colvin, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।
নিয়োগ।

১৮৫১ সাল ২৬ জুলাই।

জিলা নদীয়ার হাঁড়রার মুনসেফ অন্য স্থানে প্রেরিত হইয়াছেন তাঁহার অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গৌরচন্দ্র মুজুমদার ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৫৪১ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২৫ জুলাই।

শ্রীযুত এস ওয়াকোপ সাহেবের (Mr. S. Wauchope,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) হুগলীর মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং শ্রীরামপুর এলাকাখণ্ডের ভারও রাখিবেন।

১৮৫১ সাল ২৯ জুলাই।

শ্রীযুত এডওয়ার্ড লাটুর সাহেব (Mr. Edward Lautour,) শাহাবাদে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫১ সাল ২৫ জুলাই।

হুগলীর মাজিষ্ট্রেট শ্রীযুত এস ওয়াকোপ সাহেব (Mr. S. Wauchope,) যে তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেবের (Mr. C. T. Buckland,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

নওয়াখালির সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে বেকর সাহেব (Dr. J. Daker,) গত মার্চ মাসের ১৯ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

রেলওএ কমিস্যনরের সিরিশ্তায় নিযুক্ত ১৮৩৩ সালের ৯ আইনানুযায়ি ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রসিককৃষ্ণ মল্লিক গত মে মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ২৯ জুলাই।

গোআলপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব (Captain A. A. Sturt,) বর্ত্তমান মাসের ১ তারিখে ঐ জিলার খাজানাখানার ও কালেক্টরী কর্ম্মের ভার সবআসিষ্টাণ্ট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr. H. Driver,) প্রতি অর্পণ করেন।

ভাগলপুরের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মোঅজ্জম হুসেনের স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব (Mr. W. H. Elliott,) বর্ত্তমান মাসের ২৩ তারিখে চব্বিশপরগনার মাজিষ্ট্রেটী কর্ম্ম ও আলীপুরের জেলখানার তত্ত্বাবধারকতা কর্ম্মের ভার শ্রীযুত জি এল মার্টিন সাহেবের (Mr. G. L. Martin,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette, 5th August,* 1851.]

GOVERNMENT ADVERTISEMENT — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা নদীয়া।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ১১ ধ এর বিধানানুসারে জেলা নদীয়ার নীচের লিখিত ইজারা মহালের লাং ১২৫৭ সালের অগ্রহায়ণ তলবের পাওনা বাকী মালগুজারি আদায় নিমিত্তে ঐ ইজারার জমিনীর অন্তর্গত নিম্নের লিখিত জমা সন ১৮৫১ সালের ১৫ আগষ্ট মোতাবেক সন ১২৫৮ সালের ৩১ শ্রাবণ তারিখ শুক্রবার দিবসে কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫১ ইং তাং ২৫ জুলাই মোং ১২৫৮ সন ১০ শ্রাবণ।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	জিলার তৌজিভুক্ত মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	সন ১২৫৭ সনের লাং অগ্রহায়ণ তলবের পাওনা বাকী	মন্তব্য কথা
৪	অন্য মহালের বাবৎ পাওনা বাকী মালগুজারির নিমিত্তে যে মহল নীলাম হয় তাহা	•	থানা মেহেরপুরের নিজ মেহেরপুর গ্রামে কেনারাম মজুমদারের খরিদা লাখরাজ মুস্টিটির দক্ষিণ পুষ্করিণীর পূর্ব্ব দুর্গাদাস ভট্টাচার্য্যের আম্র বাগিচার উত্তর রাধাপ্রসন্ন মল্লিকের খরিদা আম্র বাগিচার পশ্চিম এই চৌহদ্দি মধ্যে আম্র কাঁঠালের বাগিচা মর বৃক্ষাদি ৩/ বিঘা।	কেনারাম মজুমদার	•	৩১॥৶	১৪৪১ নং তৌজীভুক্ত মহাল মেহেরপুরের ইজারাদার গোপীনাথ সেন নিকট সপ্তম ঘরের লিখিত টাকা আদায় কারণ চতুর্থ ঘরের লিখিত জমাদারে কেনারাম মজুমদার জমিনদারের যে স্বত্ব আছে তাহা নীলাম হইবেক ইতি।
ঐ	ঐ	•	কেনারাম মজুমদারের খরিদ ব্রহ্মোত্তর থানা মেহেরপুরের নিজ মেহেরপুর গ্রামে নীলমাধব মল্লিকের আম্র বাগিচার উত্তর গোবিন্দপ্রসাদ রায়ের আম্র বাগিচার পশ্চিম হরিশ মিত্রের আম্র বাগিচার দক্ষিণ ঠাকুরদাস রায়ের আম্র বাগিচার পূর্ব্ব এই চৌহদ্দি মধ্যে আম্র কাঁঠালের বাগিচা ৪/ বিঘা মর বৃক্ষাদি।	ঐ	•	২৬৬৶	২৩৫১ নং তৌজীভুক্ত মহাল মেহেরপুরের ইজারাদার গোপীনাথ সেন নিকট ২৬৬৶ পাই খাজানা আদায় কারণ চতুর্থ ঘরের লিখিত জমাদারে কেনারাম মজুমদার জমিনদারের যে স্বত্ব আছে তাহা নীলাম হইবেক ইতি।

G. W. BATTYE, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. — সাধারণ ইশ্‌তিহার।

ইশ্‌তিহার।

শ্রীযুক্ত অভয়চন্দ্র দাসকর্তৃক বাঙ্গলা মাজিষ্ট্রেটীর উপদেশ কলিকাতায় সমুদয় খ্যাত পুস্তক বিক্রয়কারকদিগের নিকট ও পূর্ণচন্দ্রোদয় ছাপা যন্ত্রালয়ে। ঢাকাতে শ্রীযুক্ত রামচরণ চক্রবর্ত্তী আবকারী খঃ সেরেস্তাদারের নিকট এবং চট্টগ্রামে গ্রন্থকর্ত্তার নিকট পাওয়া যাইবেক। মূল্য ৬৲ মুদ্রা।

১৮৫১ সাল ৭ জুলাই।

নীচের লিখিত পুস্তক এইক্ষণে ছাপা হইতেছে ও বৎসরের শেষ হওনের পূর্ব্বে গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত হইবেক।

১৮৩৭ সালের আগষ্ট মাসাবধি ১৮৫০ সালের শেষপর্য্যন্ত সাবেক সদর বোর্ড রেবিনিউর যে সকল সরক্যুলর অর্ডর হইয়াছিল তাহা এবং ঐ বোর্ডের জারীকরা সকল নজির ও তাহার নির্ঘণ্ট ও আপেণ্ডিক্স। এই পুস্তক শ্রীযুত পিটর সাহেবের ক্রোড় গ্রন্থস্বরূপ হইবেক। যাঁহারা পুস্তক লইবার বাসনায় স্বাক্ষর করেন তাঁহারদের স্থানে ঐ পুস্তকের মূল্য ২৫৲ টাকামাত্র লওয়া যাইবেক।

যাঁহারা ঐ পুস্তক লইতে বাসনা করেন তাঁহারদের নাম কলিকাতার রেবিনিউ বোর্ডে ঐ পুস্তক সংগ্রহকর্ত্তা শ্রীযুত ডবলিউ এচ জোন্স সাহেব রেজিষ্টরী করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ৫ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাপমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 12, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ১২ আগষ্ট।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 25TH JULY, 1851

The following Extract from the Proceedings of the Honourable the President of the Council of India in Council in the Legislative Branch of the Home Department, under date the 25th of July 1851, is published for general information.

Read a second time the Draft of a proposed Act, dated the 7th February 1851, and published in the *Bengalee Government Gazette* of the 25th February 1851.

Resolution.—The President in Council resolves that the following amended Draft on the subject be published for general information.

ACT No. —— OF 1851.

For constituting Commissioners for the Improvement of the Town of Calcutta.

Whereas Act XVI. 1847 for constituting Commissioners for the improvement of the Town of Calcutta has been found inconvenient and ineffectual for the intended purposes thereof, It is enacted as follows:

I. Act XVI. 1847 is repealed, except as to any thing done or forborne to be done under the said Act before the passing of this Act, but not so as to revive Act XX. 1840. Provided always that the taxes on the owners and users of Carriages, Carts and Horses, imposed by Act XVI. 1847, may be assessed, levied and recovered for the quarter of a year ending with the First day of November 1851, as if the said Act were not repealed.

II. The several schemes of election agreed up-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ২৫ জুলাই।

দেশীয় সিরিশ্তার ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে ভারতবর্ষের কৌন্সলের শ্রীযুত অনরবিল প্রেসীডেণ্ট সাহেব হজুর কোন্সেলে ইঙ্গরেজী ১৮৫১ সালের ২৫ জুলাই তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

১৮৫১ সালের ৭ ফেব্রুআরি তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৫১ সালের ২৫ ফেব্রুআরি তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয়, তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ। শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ি নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

কলিকাতা শহর উত্তম করণার্থে কমিস্যনরদিগকে নিযুক্ত করণের আইন।

যেহেতুক কলিকাতা শহর উত্তম করণার্থে কমিস্যনরদিগকে নিযুক্ত করণের বিষয়ে ১৮৪৭ সালের যে ১৬ আইন হইয়াছিল তাহা অনুপযুক্ত এবং যে অভিপ্রায়ের জন্যে হইয়াছিল তাহাতে তাহা নিষ্ফল বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৪৭ সালের ১৬ আইন রদ হইল কিন্তু এই আইন জারী হওনের পূর্ব্বে সেই আইনক্রমে যে কোন কর্ম্ম হইয়াছিল বা যে কর্ম্মহইতে ক্ষান্ত হওয়া গিয়াছিল তাহা বহাল থাকিবেক কিন্তু ১৮৪০ সালের ২০ আইন পুনর্ব্বার বহাল হইবেক না। পরন্তু ১৮৪৭ সালের ১৬ আইনঅনুসারে গাড়ি ও বলদগাড়ি ও ঘোড়ার মালিকেরদের ও ব্যবহারকারিরদের উপর যে টাক্স বসান গিয়াছিল তাহা উক্ত আইন রদ না হইলে যেরূপ আদায় হইত সেইরূপে ১৮৫১ সালের ১ নবেম্বর তারিখে বৎসরের যে তিন মাস অতীত হয় সেই তিন মাসপর্য্যন্ত বসান যাইবেক ও আদায় হইবেক ও গ্রহণ করা যাইবেক ইতি।

২ ধারা। ঐ আইনের বিধানমতে শহরের প্রত্যেক

on by the owners and occupiers of assessed houses, buildings and lands in each division of the Town, and the rules made by the Commissioners, severally approved by the Deputy Governor of the Presidency of Fort William in Bengal and President of the Council of India in Council, in pursuance of the said Act, are rescinded and annulled.

III. For the purposes of this Act the Town of Calcutta shall be divided into two divisions; that is to say, a northern and southern division, by a line passing from the river Hooghly at the old Fort Ghaut along the centre of Fairlie Place, Clive Street, the street on the northern side of Tank Square, Loll Bazaar, Bow Bazaar and Boitaconnah; or such other two divisions as the Governor of the Presidency of Fort William in Bengal, from time to time, may appoint: and, whenever any such new division shall be made, the provisions of this Act, with respect to the divisions herein defined, shall be deemed to apply thenceforth to such new divisions.

IV. There shall be four Commissioners for executing the powers of this Act, who shall be styled the Commissioners for the improvement of the Town of Calcutta, of whom two shall be appointed by the Governor of the Presidency of Fort William in Bengal, and two shall be elected as hereinafter provided, that is to say, one for each division of the said Town.

V. The Commissioners shall enter upon their office on the First day of November in each year, and shall hold their office regularly for one year, or until their successors are duly constituted; and until the first constitution of Commissioners under this Act, the Commissioners now acting in the execution of the said Act XVI. 1847, shall exercise the powers of this Act, and shall be deemed Commissioners under this Act.

VI. Every person is entitled to vote in the yearly election of a Commissioner under this Act, who is liable to pay not less than three rupees in the whole for a quarter of a year, in respect of any house, building or ground in either division of the said Town, and who, on or before the 20th day of September in each year, has paid all such taxes due from him up to the last day of April, in the same year.

VII. The vote of every person entitled to vote, whose quarterly payments are in the whole not less than twenty rupees, shall count as two votes, and if they are not less than fifty rupees as three votes.

VIII. Each voter is entitled to vote in that division only, in which he is rated to the amount which constitutes his qualification: and the qualification of a voter to have one, two or three votes, must be complete in one division: but a person, who is rated to the qualifying amount in each division, may be entitled to vote in both.

IX. All elections under this Act shall be under

পল্লীতে করদায়ি বাটী ও এমারৎ ও ভূমির মালিক ও দখীলকার ব্যক্তিরদের দ্বারা স্বীকৃত মননের কার্য্যের যে নানা নিয়মেতে এবং কমিস্যনরেরদের করা যেং বিধিতে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব এবং ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব সম্মত হইয়াছিলেন সেইং নিয়ম ও বিধি রদ ও বাতিল হইল ইতি।

৩ ধারা। এই আইনের অভিপ্রায়ের জন্যে কলিকাতা শহর দুই পল্লীতে বিভক্ত হইবেক অর্থাৎ উত্তর পল্লী ও দক্ষিণ পল্লী এবং যে শ্রেণী পুরাণ কিল্লার ঘাটে নদীঅবধি ক্লাইব ষ্ট্রিটের ও ফের্লি প্লেসের মধ্য দিয়া এবং লালদীঘির উত্তর দিগের রাস্তা ও লাল বাজার ও বহুবাজার ও বৈঠকখানার রাস্তা দিয়া গমন করে তাহা উত্তর পল্লীর সীমা ধার্য্য হইবেক। অথবা অন্য যে দুই পল্লী সময়ক্রমে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবরনর সাহেব নিরূপণ করিবেন তাহা শহরের দুই পল্লী হইবেক। এবং যখন এইরূপ কোন নূতন বিভাগ হয় তখন এই আইনের নিরূপিত পল্লীর বিষয়ে এই আইনে যেং বিধি আছে তাহা তৎপরে ঐ নূতন পল্লীর বিষয়ে খাটিবেক ইতি।

৪ ধারা। এই আইনের ক্ষমতানুসারে কার্য্য করণার্থে চারি জন কমিস্যনর নিযুক্ত হইবেন এবং তাঁহারা কলিকাতা শহর উত্তম করণার্থ কমিস্যনর এই নামে বিখ্যাত হইবেন। তাঁহারদের মধ্যে দুই জন বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবরনর সাহেবের দ্বারা নিযুক্ত হইবেন এবং অন্য দুই জন এই আইনের পশ্চাৎ নির্দ্দিষ্টমতে মনোনীত হইবেন অর্থাৎ উক্ত শহরের প্রত্যেক পল্লীর বিষয়ে একং জন ইতি।

৫ ধারা। ঐ কমিস্যনরেরা প্রতিবৎসরের নবেম্বর মাসের ১ তারিখে কর্ম্মে প্রবৃত্ত হইবেন এবং তাঁহারা অনবরত এক বৎসরপর্য্যন্ত অথবা তাঁহারদের পর সেই পদে অন্য ব্যক্তি রীতিমতে নিযুক্ত না হওয়াপর্য্যন্ত সেই২ পদ ধারণ করিবেন। এবং এই আইনানুসারে কমিস্যনর প্রথমবার নিযুক্ত না হওয়াপর্য্যন্ত উক্ত ১৮৪৭ সালের ১৬ আইনানুসারে যেং কমিস্যনর এক্ষণে নিযুক্ত আছেন তাঁহারা এই আইনের শক্তির অনুসারে কার্য্য করিবেন এবং তাঁহারা এই আইনানুসারে কমিস্যনর জ্ঞান হইবেন ইতি।

৬ ধারা। যে প্রত্যেক ব্যক্তি উক্ত নগরের কোন এক পল্লীর কোন ঘর কি এমারৎ কিম্বা ভূমির বাবৎ তিন মাসে সর্ব্বসুদ্ধ অন্যূন তিন টাকা দিবার যোগ্য হন এবং প্রতিবৎসরে আপ্রিল মাসের শেষ দিবসপর্য্যন্ত যে টাক্স দেয় হয় তাহা ঐ বৎসরের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে কি তাহার পূর্ব্বে দিয়াছেন এমত ব্যক্তি এই আইনানুসারে কমিস্যনরেরদের বার্ষিক মনোনীত হওন কালে আপনার মত জানাইবার স্বত্ত্ব রাখিবেন ইতি।

৭ ধারা। বোট দেওনের যোগ্য যে প্রত্যেক ব্যক্তি ত্রৈমাসিক সর্ব্বসুদ্ধ অন্যূন কুড়ি টাকা দেন তাঁহার এক বোট দুই বোটের তুল্য গণ্য হইবেক এবং যে ব্যক্তি ত্রৈমাসিক অন্যূন পঞ্চাশ টাকা দেন তাঁহার এক বোট তিন বোটের তুল্য গণ্য হইবেক ইতি।

৮ ধারা। বোটদেওনিয়া প্রত্যেক ব্যক্তি যে পল্লীতে আপনার যোগ্যতার তুল্যসংখ্যক টাক্স দেন সেই ব্যক্তি কেবল সেই পল্লীতে বোট দিতে পারেন এবং বোটদেওনিয়া ব্যক্তি যত টাক্স দিলে বোটের যোগ্য হন সেই সম্পূর্ণ টাক্স এক পল্লীতে না দিলে এক বা দুই বা তিন বোট পাইতে পারেন না। কিন্তু যাহাতে বোটের যোগ্যতা হয় এমত টাক্স যদি কোন ব্যক্তি প্রত্যেক পল্লীতে দেন তবে উভয় পল্লীতে সেই ব্যক্তির বোট দিবার ক্ষমতা থাকিতে পারে ইতি।

৯ ধারা। এই আইনানুসারে মনোনীত করণের

the management of the Sheriff of Calcutta, who shall appoint a sufficient number of Deputies to help him in presiding thereat: and every Deputy, while so acting for the Sheriff, shall have the same powers and duties as the Sheriff with respect to the division for which he is acting.

X. The elective Commissioners shall be chosen yearly, on a day between the Fifteenth day of October and First day of November, to be appointed in each year by the Sheriff of Calcutta, of which day, and also of the place of election, the Sheriff shall give notice, by advertisement in the *Calcutta Gazette*, Fifteen days at least before the day of election.

XI. The place of election for each division of the Town shall be the Town Hall of Calcutta, or such other place as the Sheriff, with the sanction of the Governor of the Presidency of Fort William in Bengal, shall, from time to time, appoint.

XII. The voting shall begin at eight of the clock in the morning, and end at five of the clock in the afternoon of the appointed day; but the Sheriff, if he thinks fit, may declare the election completed for any division in which no vote is tendered for any candidate during any period of thirty minutes after ten of the clock in the morning.

XIII. Every person qualified to vote in the election, and none other, is qualified to be appointed, or to be a candidate for election as a Commissioner.

XIV. Every candidate shall, ten days at least before the day of election, give notice thereof in writing to the Sheriff, naming the division for which he is a candidate, and shall at the same time produce to, and leave with the Sheriff a certificate from the Secretary to the Commissioners that he is qualified to be a candidate, which certificate the Secretary shall be bound to give without fee or charge, on personal application, to any person duly qualified.

XV. All expenses of the election of Commissioners, including the expense of advertising the time and place of election, shall be defrayed by the candidates; and every candidate shall, at the time when he produces to the Sheriff his certificate of qualification, deposit with the Sheriff the sum of two hundred rupees toward the expenses of the election, and in default thereof shall not be qualified to be elected.

XVI. If the whole amount so deposited shall not be spent by the Sheriff in such election, the residue shall be returned to the candidates in equal proportions; and, if the whole amount so deposited is not enough to defray the expense of such election, the Sheriff shall be entitled to receive from each candidate his proportionate share of the surplus expense, and in default of payment may sue for, and recover the same, as money spent on behalf of such candidate.

সকল কার্য্য কলিকাতার সরিফ সাহেবের কর্তৃত্বাধীনে হইবেক এবং সেই কর্ম্ম নির্ব্বাহের সাহায্য করিতে যত ডেপুটীর আবশ্যক হয় তত ডেপুটীকে তিনি নিযুক্ত করিবেন। এবং সরিফ সাহেবের এওজে প্রত্যেক জন ডেপুটী এইরূপ কর্ম্ম করণ সময়ে যে পল্লীর নিমিত্তে কার্য্য করিতেছেন তাহার বিষয়ে সরিফ সাহেবের তুল্য তাঁহার কর্ত্তব্য কার্য্য ও ক্ষমতা হইবেক ইতি।

১০ ধারা। মনোনীতের দ্বারা নিযুক্ত কমিস্যনরেরা প্রত্যেক বৎসরে ১৫ অক্টোবর এবং ১ নবেম্বর এই দুই দিনের মধ্যে কলিকাতার সরিফ সাহেব প্রতিবৎসরে যে দিবস নিরূপণ করেন সেই দিবসে মনোনীত হইবেন। এবং মনোনীত করণের দিবস ও স্থান সরিফ সাহেব নির্দ্দিষ্ট করিবেন এবং ঐ মনোনীতের দিবসের অন্যূন পনের দিন থাকিতে কলিকাতা গেজেটে ইশ্‌তিহারের দ্বারা তাহার সম্বাদ দিবেন ইতি।

১১ ধারা। কলিকাতার টৌন হালেতে অথবা সরিফ সাহেব বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের অনুমতিক্রমে সময়েং অন্য যে স্থান নিরূপণ করেন সেই স্থানে শহরের প্রত্যেক পল্লীর জন্যে মনোনীতের কার্য্য নির্ব্বাহ হইবেক ইতি।

১২ ধারা। বোটের কার্য্য নিরূপিত দিবসের প্রাতঃকালের আট ঘণ্টার সময়ে আরম্ভ হইবেক এবং অপরাহ্ণের পাঁচ ঘণ্টার সময়ে সমাপ্ত হইবেক। কিন্তু সরিফ সাহেব উচিত বোধ করিলে প্রাতঃকালের দশ ঘণ্টার পর যদি ত্রিশ মিনিটপর্য্যন্ত কোন পদাকাঙ্ক্ষি ব্যক্তির পক্ষে কোন বোটের প্রস্তাব না হয় তবে সেই পল্লীর মনোনীতের কার্য্য সমাপ্ত হইয়াছে এমত প্রকাশ করিতে পারেন ইতি।

১৩ ধারা। যে কোন ব্যক্তি মনোনীতের কার্য্যে বোট দিবার যোগ্য হন এমত ব্যক্তিছাড়া অন্য কোন ব্যক্তি কমিস্যনরের পদে নিযুক্ত হইবার যোগ্য হইবেন না অথবা কমিস্যনরের জন্যে মনোনীত হওনার্থে পদাকাঙ্ক্ষী হইতে পারেন না ইতি।

১৪ ধারা। যে প্রত্যেক ব্যক্তি পদাকাঙ্ক্ষী হন তিনি মনোনীতের দিবসের অন্যূন দশ দিন থাকিতে লিখনের দ্বারা সরিফ সাহেবকে তাহার বিষয়ের এত্তেলা দিবেন এবং যে পল্লীর জন্যে তিনি পদাকাঙ্ক্ষী সেই পল্লীর নাম সরিফ স হেবকে দিবেন। এবং সেই সময়ে তিনি পদাকাঙ্ক্ষী হওনের যোগ্য এমত এক সর্টিফিকট কমিস্যনরেরদের সেক্রেটারী সাহেবের স্থানহইতে আনাইয়া সরিফ সাহেবকে দিবেন এবং তাঁহার নিকটে রাখিবেন এবং উপযুক্তমতে যোগ্য যে কোন ব্যক্তি আপনি দরখাস্ত করেন তাঁহাকেই সেক্রেটারী সাহেবের বিনা রসুমে ও খরচে সর্টিফিকট দিতে হইবেক ইতি।

১৫ ধারা। কমিস্যনরেরদের মনোনীতের সকল খরচ এবং মনোনীতের সময় ও স্থানের ইশ্‌তিহার দেওনের খরচ পদাকাঙ্ক্ষিরদের শিরে পড়িবেক। এবং প্রত্যেক পদাকাঙ্ক্ষী আপনার যোগ্যতার সর্টিফিকট সরিফ সাহেবের নিকটে দাখিল করণের সময়ে মনোনীতের কর্ম্মের খরচের বাবৎ দুই শত টাকা সরিফ সাহেবের নিকটে আমানৎ করিবেন এবং ঐ টাকা আমানৎ না করিলে মনোনীত হওনের যোগ্য বোধ হইবেন না ইতি।

১৬ ধারা। এইরূপ আমানৎকরা সকল টাকা যদি সরিফ সাহেব ঐ মনোনীতের কার্য্যে ব্যয় না করেন তবে তিনি অবশিষ্ট টাকা সমান অংশ করিয়া পদাকাঙ্ক্ষিরদিগকে ফিরিয়া দিবেন। যদি সেইরূপ আমানৎকরা সমুদয় টাকা ঐ মনোনীতের কার্য্যের জন্যে কুলায় না তবে প্রত্যেক পদাকাঙ্ক্ষির স্থানে সরিফ সাহেব অধিক খরচ অংশাংশমতে পাইতে পারেন এবং যদি সেই টাকা না দেওয়া যায় তবে ঐ পদাকাঙ্ক্ষির জন্যে ব্যয়হওয়া টাকার ন্যায় ঐ টাকার বিষয়ে তাঁহার নামে নালিশ করিয়া তাহা আদায় করিতে পারেন ইতি।

XVII. The Commissioners shall cause to be prepared, in each year, after the year 1851, correct alphabetical lists of the persons qualified to vote in each division of the Town, which lists shall be open for inspection at the office of the said Commissioners, on or before the First day of October in each year, during all reasonable hours of the day, until the day of election, when the said lists, or copies thereof shall be taken to the place of election for the use of the Sheriff and his Deputies.

XVIII. The Secretary to the Commissioners, on the written application of any person qualified to vote as aforesaid, signed by himself, specifying the division, street and number, or other description of every house, or building, or the land in respect of which the claim is made, and delivered, on some day when the office is open between the 1st and 15th days of October, both inclusive, with the receipted assessment bills, shewing that the applicant has paid the rates, or taxes required by this Act to qualify him to vote, shall give to such person a voting ticket according to his qualification.

XIX. The voting tickets shall be signed by the Secretary to the Commissioners, and shall be in the form contained in the first Schedule annexed to this Act, or in such other form as shall be, from time to time, adopted by the Commissioners, with the approval of the Governor of the Presidency of Fort William in Bengal, and shall be conclusive evidence that the person named therein is entitled to vote at the next election of a Commissioner in the division for which the ticket is given according to the tenor thereof.

XX. At the time and place appointed for the election, the Sheriff or his Deputies shall attend with two closed boxes with openings in each box for the reception of voting tickets, and distinguished from each other, by having marked or painted legibly, in English and Bengallee characters, the word "northern" on one box, and the word "southern" on the other.

XXI. Every voter, having obtained his voting ticket in each division in which he is qualified to vote, and having written thereon the name of the candidate for whom he wishes to vote, and having signed the same, shall personally attend at the place of election, and shall deliver his voting ticket to the Sheriff, or one of his Deputies presiding at the election for that division, who, on being satisfied of the identity of the person tendering the voting ticket with the person whose signature it bears, shall deposit such voting ticket in the box of the division.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ১২ আগষ্ট।]

১৭ ধারা। শহরের প্রত্যেক পল্লীতে যে২ ব্যক্তি বোট দেওনের যোগ্য তাঁহারদের নামের এক ফর্দ্দ কমিস্যনরেরা ১৮৫১ সালের পর প্রতিবৎসরে যথার্থরূপে ককারাদিক্রমে প্রস্তুত করাইবেন। এবং ঐ নামের ফর্দ্দ প্রতিবৎসরের ১ অক্টোবর তারিখে বা তাহার পূর্ব্ব অবধি মনোনীতের দিবসপর্য্যন্ত দিনের সকল উপযুক্ত ঘন্টায় সকল লোকের দৃষ্টিগোচরের জন্যে উক্ত কমিস্যনরেরদের দফ্তরখানায় খোলা থাকিবেক। মনোনীতের দিবসে ঐ নামের ফর্দ্দ অথবা তাহার নকল সরিফ সাহেব এবং তাঁহার ডেপুটীরদের কার্য্যের জন্যে মনোনীতের স্থানে লইয়া যাওয়া যাইবেক ইতি।

১৮ ধারা। যে কোন ব্যক্তি উক্তমতে বোট দেওনের যোগ্য হন তিনি এক লিখিত দরখাস্ত দিবেন ও তাহাতে আপনি দস্তখৎ করিবেন এবং যে ঘরের কি এমারতের কিম্বা জমীর বাবৎ তিনি সেই দাওয়া করেন সেই ঘর যে পল্লী ও রাস্তায় আছে তাহা ও তাহার নম্বর বা অন্য প্রকার বর্ণনা তাহাতে লেখা থাকিবেক এবং অক্টোবর মাসের ১ তারিখ অবধি ১৫ তারিখপর্য্যন্ত ঐ দুই দিবসসমেত যে কোন এক দিবসে দফ্তরখানা খোলা থাকে সেই দিবসে তাহা দাখিল করিবেন এবং তাহার সঙ্গে যে টাক্সের রসীদহওয়া বিলের দ্বারা দৃষ্ট হয় যে এই আইনানুসারে বোট দেওনের যোগ্য হওনের জন্যে যে কর অথবা টাক্স দিতে হয় তাহা দরখাস্তকারী দিয়াছেন এমত বিল তাহার সঙ্গে দাখিল করিবেন। এবং কমিস্যনরেরদের সেক্রেটারী সাহেব সেই দরখাস্ত ও সেই বিল পাইলে ঐ ব্যক্তিকে আপনার যোগ্যতার অনুসারে বোটের এক টিকিট দিবেন ইতি।

১৯ ধারা। ঐ বোটের টিকিটে কমিস্যনরেরদের সেক্রেটারী সাহেবের দস্তখৎ থাকিবেক এবং এই আইনের শেষের লিখিত প্রথম তফসীলে যে পাঠ লেখা আছে তাহার মতে অথবা সময়ক্রমে কমিসানরেরা বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবরনর সাহেবের অনুমতিক্রমে অন্য যে কোন পাঠ নির্দ্দিষ্ট করেন তাহার অনুসারে ঐ বোটের টিকিট লেখা যাইবেক। এবং ঐ টিকিটের দ্বারা ইহার চূড়ান্ত প্রমাণ হইবেক যে তাহার মধ্যে যে ব্যক্তির নাম লেখা আছে সেই ব্যক্তি টিকিটের ভাবানুসারে যে পল্লীর জন্যে টিকিট দেওয়া গিয়াছে সেই পল্লীতে কমিস্যনরের জন্যে আগামি মনোনীতের কার্য্যে বোট দিবার ক্ষমতা রাখেন ইতি।

২০ ধারা। মনোনীতের কার্য্যের জন্যে যে সময় ও স্থান নিরূপণ হয় সেই সময় ও স্থানে সরিফ সাহেব অথবা তাঁহার ডেপুটী উপস্থিত হইবেন এবং তাঁহারদের সঙ্গে দুই বন্ধ বাক্স থাকিবেক এবং বোটের টিকিট তাহাতে রাখিবার জন্যে প্রত্যেকের এক ভাগে ছিদ্র থাকিবেক এবং এক বাক্সের উপর ইঙ্গরেজী ও বাঙ্গলা অতিস্পষ্ট অক্ষরে "উত্তর" এই কথা এবং অন্য বাক্সের উপর "দক্ষিণ" এই কথা লেখা থাকিবেক বা রঙ্গ দেওয়া থাকিবেক ইতি।

২১। বোটদেওনিয়া প্রত্যেক ব্যক্তি যে পল্লীর জন্যে বোট দেওনের যোগ্য তাহার সম্পর্কে বোটের এক টিকিট পাইলে যে পদাকাঙ্ক্ষির জন্যে তিনি বোট দিতে চাহেন তাঁহার নাম তাহার উপরে লিখিবেন এবং তাহাতে দস্তখৎ করিবেন এবং মনোনীতের স্থানে স্বয়ং হাজির হইয়া আপনার ঐ বোটের টিকিট সরিফ সাহেবকে অথবা সেই পল্লীর মনোনীতের কার্য্যের অধ্যক্ষ তাঁহার এক জন ডেপুটীকে দিবেন। এবং ঐ সরিফ সাহেব বা ডেপুটী যে ব্যক্তির সহী ঐ বোটের টিকিটে আছে সেই ব্যক্তি ঐ টিকিট দাখিল করিতেছেন ইহা তাঁহারদের হৃদ্বোধ হইলে সেই পল্লীর বাক্সের মধ্যে ঐ বোটের টিকিট রাখিবেন ইতি।

XXII. The Secretary, Assessors, Collectors and Collecting Sircars of the Commissioners, and if required by any candidate, an agent appointed by writing under his hand on his behalf, shall attend at the place of election during the continuance thereof, for the purpose of assisting in identifying the persons who shall tender voting tickets.

XXIII. The decision of the Sheriff, or his Deputy, admitting or rejecting any disputed vote tendered at any election, shall be conclusive as to the reception of the vote.

XXIV. As soon as the election for any division is completed, the Sheriff or his Deputies, in the presence of the candidates, or such of them as choose to be present, or of scrutineers appointed in writing under their several hands, shall ascertain the number of votes given for each candidate in each division; and the Sheriff shall thereupon publicly declare the name of the candidate in each division for whom the greatest number of votes has been given in such division, and shall declare such candidate to be duly elected a Commissioner for the improvement of the Town of Calcutta.

XXV. If two or more candidates in one division of the Town shall have the same number of votes, the Governor of the Presidency of Fort William in Bengal shall appoint one of the candidates, having such equal number of votes, to be one of the elective Commissioners for the improvement of the Town of Calcutta.

XXVI. The result of every election shall be certified by the Sheriff to the Governor of the Presidency of Fort William in Bengal, who will cause notice thereof to be given in the *Calcutta Gazette.*

XXVII. If any vacancy from any cause whatever happens before the month of October in any year among the Commissioners, the Governor of the Presidency of Fort William in Bengal shall appoint a person qualified to be elected to fill such vacancy, and the Commissioner appointed to fill such vacancy shall be a Commissioner as if he had been elected at the then last general election of Commissioners.

XXVIII. The powers and duties which, by an Act passed in the thirty-third year of the reign of King George the Third, numbered as Chapter LII., were conferred and imposed on the Justices of the Peace within or for the Presidency of Fort William in Bengal, in regard to the assessment, collection and disbursement of the taxes thereby authorized to be assessed by them on the owners or occupiers of houses, buildings and grounds, shall be exercised and performed by the said Commissioners, instead of the said Justices of the Peace; and the powers and duties by any other Act conferred on, or belonging to the Commissioners constituted under the said Act XVI. 1847, and their Officers shall be transferred to, and belong to the Commissioners

২২ ধারা। যে ব্যক্তিরা বোটের টিকিট এইরূপে দাখিল করেন তাঁহারদিগকে চিনিবার জন্যে সেক্রেটারী সাহেব ও আসেসরেরা অর্থাৎ সহকারিরা এবং কালেক্টর সাহেবেরা ও কমিস্যনরেরদের টাকা আদায়ের সরকার এবং কোন পদাকাঙ্ক্ষী ইচ্ছা করিলে তাঁহার পক্ষে তাঁহার দস্তখৎকরা লিপির দ্বারা নিযুক্ত এক জন মোখ্তার মনোনীতের কার্য্যের সময়ে মনোনীতের স্থানে উপস্থিত হইবেন ইতি।

২৩ ধারা। মনোনীতের কর্ম্মে যে বোটের প্রস্তাব হয় তাহার বিষয়ে যদি কোন বিরোধ জন্মে তবে তাহা গ্রাহ্য বা অগ্রাহ্যের বিষয়ে সরিফ সাহেব বা তাঁহার ডেপুটী যে নিষ্পত্তি করেন তাহা ঐ বোট গ্রাহ্য করণের বিষয়ে চূড়ান্ত হইবেক ইতি।

২৪ ধারা। কোন পল্লীর মনোনীতের কর্ম্ম সমাপ্ত হইলে সরিফ সাহেব অথবা তাঁহার ডেপুটী পদাকাঙ্ক্ষিরদের অথবা তাঁহারদের মধ্যে যত ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক উপস্থিত হন তাঁহারদের সম্মুখে অথবা তাঁহারদের এক২ জনের দস্তখৎকরা লিপির দ্বারা নিযুক্ত পরীক্ষকের সম্মুখে প্রত্যেক পল্লীর প্রত্যেক পদাকাঙ্ক্ষির জন্যে যত বোট দেওয়া গিয়াছিল তাহার সংখ্যা নির্ণয় করিবেন। এবং তাহার পর সরিফ সাহেব ঐ পল্লীতে যে পদাকাঙ্ক্ষির পক্ষে অধিক বোট দেওযা গিয়াছে তাঁহার নাম প্রকাশ করিবেন এবং কলিকাতা শহর উত্তম করণার্থ কমিস্যনরের কর্ম্মে ঐ পদাকাঙ্ক্ষী রীতিমত মনোনীত হইয়াছেন ইহা প্রকাশ করিবেন ইতি।

২৫ ধারা। শহরের এক পল্লীতে দুই বা ততোধিক পদাকাঙ্ক্ষির পক্ষে যদি তুল্যসংখ্যক বোট দেওয়া গিয়া থাকে তবে যে পদাকাঙ্ক্ষিরদের এইরূপ তুল্যসংখ্যক বোট হয় তাঁহারদের মধ্যের এক জনকে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবরনর সাহেব মনোনীত করিয়া কলিকাতা শহর উত্তম করণার্থ মনোনীত-হওনা এক জন কমিস্যনরস্বরূপ নিযুক্ত করিবেন ইতি।

২৬ ধারা। প্রত্যেক মনোনীতের কার্য্যে যে ফল হয় তাহা সরিফ সাহেব বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবরনর সাহেবকে জ্ঞাত করিবেন এবং তিনি কলিকাতার গেজেটে তাহার সম্বাদ দিতে হুকুম করিবেন ইতি।

২৭ ধারা। যদি কোন কারণপ্রযুক্ত কোন বৎসরে অক্টোবর মাসের পূর্ব্বে কোন কমিস্যনরের পদ শূন্য হয় তবে যে ব্যক্তি মনোনীত হওনের যোগ্য এমত কোন ব্যক্তিকে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবরনর সাহেব সেই শূন্য পদে নিযুক্ত করিবেন। এবং যে কমিস্যনর ঐ শূন্য পদে নিযুক্ত হন তিনি তাহার অব্যবহিত পূর্ব্বে কমিস্যনরেরদের সাধারণ মনোনীতের সময়ে মনোনীত হইলে যেরূপ হইত সেইরূপ এক জন কমিস্যনর হইবেন ইতি।

২৮ ধারা। মৃত তৃতীয় জর্জ বাদশাহের রাজ্যকালের তেত্রিশ বৎসরের যে আইন বাওয়ান্ন সংখ্যার অধ্যায়ে নির্দ্দিষ্ট হইয়াছিল তাহার দ্বারা বাটী ও এমারৎ ও ভূমির মালিক অথবা দখীলকারের উপর যে কর আদায় করিবার হুকুম হইয়াছিল সেই কর বসাওন ও আদায় ও ব্যয় করণের বিষয়ি উক্ত আক্ট পার্লিমেণ্টের দ্বারা বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে ও তজ্জন্যে নিযুক্ত জুষ্টিস অফ দি পীসেরদিগকে যে ক্ষমতা ও কার্য্য অর্পণ হইয়াছিল ও দেওয়া গিয়াছিল সেই ক্ষমতা ও কার্য্য উক্ত জুষ্টিস অফ দি পীসের না হইয়া উক্ত কমিস্যনরেরদের হইবেক। এবং ১৮৪৭ সালের ১৬ আইনানুসারের নিযুক্ত কমিস্যনরেরদের প্রতি এবং তাঁহারদের আমলার প্রতি অন্য কোন আইনের দ্বারা যে ক্ষমতা ও কার্য্য অর্পণ হইয়াছিল তাহা এই আইনানুসারের নিযুক্ত কমিস্যনরেরদের এবং তাঁহারদের আমলারদের হই-

constituted under this Act, and their Officers respectively; and so much of the said Act of Parliament as gives power to the Justices to levy the said assessments by warrants of distress and sale, is repealed.

XXIX. Of the two Commissioners yearly appointed by the Governor of the Presidency of Fort William in Bengal, one shall be President of the Commissioners. In the absence of the President, such other Commissioner shall act as Chairman of the meetings of the Commissioners as shall be chosen by those present. On all questions on which the Commissioners present are equally divided in opinion, the President shall have a second or casting vote. Three Commissioners shall be necessary to constitute a meeting.

XXX. The Commissioners shall severally receive such monthly salaries, not exceeding two hundred and fifty rupees each, to be paid out of the taxes levied under the said Act of Parliament, and Act XVI. 1847, and this Act, as the Governor of the Presidency of Fort William in Bengal, with the approval of the Governor General of India in Council shall, from time to time, appoint.

XXXI. The Commissioners shall appoint a Secretary, subject to the approval of the Governor of the Presidency of Fort William in Bengal, and shall also appoint a sufficient number of Assessors, Collectors, Inspectors, Appraisers, Bailiffs, and such other Officers as they deem necessary for assessing, collecting or levying the taxes imposed on the owners or occupiers of houses, buildings and grounds under the authority of the said Act of Parliament, and of this Act, and also the taxes and penalties herein mentioned, and may appoint the same persons to act both as Assessors and Collectors, and may prescribe such rules, and take such security for the due execution of the duties of such Secretary and Officers as they deem expedient; and the Secretary and Officers of the Commissioners shall receive such salaries, to be paid out of the said taxes, as the Commissioners from time to time appoint, subject to the approval of the said Governor. The Secretary and every other Officer shall be removable at the pleasure of the Commissioners, subject in the case of the Secretary, to the approval of the said Governor.

XXXII. All taxes assessed and penalties imposed under the authority or colour of the said Act of Parliament and Act XVI. 1847, or of the rules made in pursuance thereof before the passing of this Act, may be demanded, and if not duly paid, may be levied by the Commissioners acting under the authority of this Act.

XXXIII. The occupiers of houses, buildings and grounds, within the said town, shall pay such sums of money as shall be assessed upon them according to the several rates set forth in the second Schedule annexed to this Act. Where any house, building

বেক এবং তাঁহারদেরি সেই ক্ষমতা থাকিবেক। এবং উক্ত আক্‌ট পার্লিমেণ্টের যে ভাগের দ্বারা জুষ্টিস সাহেবেরদিগকে ক্রোকী পরওয়ানা ও নীলামের দ্বারা সেই কর আদায় করিবার ক্ষমতা দেওয়া গিয়াছিল তাহা রদ হইল ইতি।

২৯ ধারা। বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবর্‌নর্‌ সাহেব প্রতিবৎসরে যে দুই কমিস্যনর নিযুক্ত করেন তাঁহারদের মধ্যে এক জন কমিস্যনরেরদের সভাপতি হইবেন। ঐ সভাপতি উপস্থিত না থাকিলে উপস্থিতহওয়া কমিস্যনরেরা অন্য যে কোন কমিস্যনরকে মনোনীত করেন তিনি ঐ বৈঠকের সভাপতি হইবেন। যে সকল বিষয়ে উপস্থিত কমিস্যনরেরদের মধ্যে অর্দ্ধেকের এক মত হয় অপর অর্দ্ধেকের অন্য মত হয় সেই২ বিষয়ে সভাপতি যে পক্ষ হন্‌ সেই পক্ষ প্রবল হইবেক। তিন জন কমিস্যনর উপস্থিত না হইলে কোন বৈঠক হইতে পারে না ইতি।

৩০ ধারা। ২৫০৲ টাকার অধিক না হয় এমত যে২ মাহিয়ানা বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবর্‌নর্‌ সাহেব শ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সম্মতিক্রমে সময়ে২ নির্দ্দিষ্ট করেন সেই২ মাহিয়ানা ঐ কমিস্যনরেরা একে২ পাইবেন এবং তাহা উক্ত আক্‌ট পার্লিমেণ্টক্রমে এবং ১৮৪৭ সালের ১৬ আইন এবং এই আইনক্রমে আদায়হওয়া টাক্সহইতে দেওয়া যাইবেক ইতি।

৩১ ধারা। ঐ কমিস্যনরেরা এক জন সেক্রেটারী নিযুক্ত করিবেন কিন্তু বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবর্‌নর্‌ সাহেবের তাহাতে সম্মতির অপেক্ষা থাকিবেক। এবং উক্ত আক্‌ট পার্লিমেণ্টের এবং এই আইনের শক্তিক্রমে বাটী ও এমারৎ ও ভূমির মালিক কিম্বা দখীলকারেরদের উপর যে টাক্স বসান যায় তাহা এবং এই আইনের লিখিত টাক্স ও জরীমানা নিরূপণ ও আদায় করিবার জন্য ঐ কমিস্যনরেরা উপযুক্ত সংখ্যক আসেসর ও কালেক্‌টর ও ইনস্পেক্‌টর ও যাচনদার ও বেইলিফ ও অন্যান্য যে আমলার তাঁহারদের উচিত বোধ হয় তাহারদিগকে নিযুক্ত করিবেন এবং একি ব্যক্তিকে আসেসর ও কালেক্‌টরী কর্ম্মে নিযুক্ত করিতে পারেন এবং ঐ সেক্রেটারী সাহেব আমলারদের প্রতি অর্পিত কার্য্যের উপযুক্তমতে নির্ব্বাহের জন্যে যে২ বিধি ও যে জামিন উচিত বোধ করেন সেই২ বিধি নিরূপণ করিতে পারেন ও সেই জামিন লইবার হুকুম করিতে পারেন এবং ঐ কমিস্যনরেরদের ঐ সেক্রেটারী এবং আমলারা উক্ত টাক্সহইতে যে২ মাহিয়ানা সময়ক্রমে নিরূপণ করেন তাহাই তাঁহারা পাইবেন কিন্তু তাহাতে বাঙ্গলা দেশের শ্রীযুত উক্ত গবর্‌নর্‌ সাহেবের মঞ্জুরীর অপেক্ষা থাকিবেক। ঐ সেক্রেটারী এবং অন্য প্রত্যেক আমলা কমিস্যনরেরদের বিবেচনামতে তগীর হইতে পারেন কিন্তু উক্ত শ্রীযুত গবর্‌নর্‌ সাহেবের সম্মতি না হইলে সেক্রেটারী সাহেব তগীর হইতে পারেন না ইতি।

৩২ ধারা। উক্ত আক্‌ট পার্লিমেণ্ট এবং ১৮৪৭ সালের ১৬ আইনের অথবা তৎক্রমে নির্দ্দিষ্ট বিধানের ক্ষমতা অথবা শক্তিক্রমে যে সকল টাক্স এই আইন জারী হওনের পূর্ব্বে ধার্য্য হইয়াছিল এবং যে সকল জরীমানার হুকুম হইয়াছিল তাহার বিষয়ে দাওয়া হইতে পারে এবং যদি তাহা রীতিমত না দেওয়া যায় তবে এই আইনানুসারে যে কমিস্যনরেরা কার্য্য করেন তাঁহারা তাহা আদায় করিতে পারেন ইতি।

৩৩ ধারা। এই আইনের শেষের লিখিত দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট নানা নিরিখঅনুসারে উক্ত শহরের বাটী ও এমারৎ ও ভূমির উপর যে টাক্স বসান যায় সেই টাক্সের টাকা ঐ বাটীপ্রভৃতির দখীলকার অর্থাৎ ভাড়াটিয়া দিবেন। যদি কোন বাটী কিম্বা এমারৎ কিম্বা

or ground is not otherwise occupied, the owner shall be deemed the occupier.

XXXIV. The Commissioners shall assess the owner, instead of the occupier of any house, building, or ground, separately occupied, which is valued by them as being worth a monthly rent less than twenty rupees, and also the owner of any house, building, or ground which is unoccupied.

XXXV. Where there is land wholly or partly covered with houses or buildings, which do not belong, or which belong only in remainder or reversion, to the owner of the land, and rent is covenanted to be paid to the owner of the land, wholly or partly irrespective of the value of the said houses, or buildings, the Commissioners may assess the owner of the land separately, in respect of the land, and the occupiers or owners of the houses, and buildings, according to their value, after deduction of the value of the land, in respect whereof the owner thereof is separately assessed.

XXXVI. The Commissioners, in their discretion may omit from their valuation and assessment any tenement of very small value, unless where there are many such belonging to the same owner, which can be conveniently valued and assessed together.

XXXVII. During any lease or agreement for a lease, or for the occupation of any house, building, or land, within the said town, made before the passing of this Act, and not providing for payment by the occupier thereof of the taxes levied under the said Act of Parliament, such occupier, if rated to pay, and actually having paid any tax for any quarter or a year under this Act, in respect of such house, building, or land, may deduct ten pie in the Rupee from his monthly rent for the month in which he has made such payment, and the next two following months, and the receipt of the Commissioners or their Collector for the said tax, shall be a sufficient voucher to warrant the occupier in making such deduction from his rent.

XXXVIII. Where any house, building or ground, within the said town, has been vacant for more than two calendar months in any quarter of a year, the rates for that quarter shall be remitted, provided that the owner of such house, building, or land, shall have given notice of the vacancy thereof, at the office of the Commissioners, within seven days next after the day on which the Commissioners have given notice of their meeting for confirming the rate, if it be then vacant, or if not, then within seven days next after the day on which it becomes vacant.

XXXIX. The first assessment to be made under this Act shall be made on, or after the First day of November 1851, for the months of November and December 1851, and January 1852; and, when made, shall be taken to supersede and annul

[*Government Gazette, 12th August, 1851.*]

ভূমির দখীলকার অর্থাৎ ভাড়াটিয়া না থাকেন তবে মালিককে দখীলকার জ্ঞান করা যাইবেক ইতি।

৩৪ ধারা। যে কোন বাটী কিম্বা এমারৎ কি ভূমির স্বতন্ত্ররূপে দখল হয় তাহার মাসিক খাজানা যদি কমিস্যনরেরা কুড়ি টাকার কম ধরেন তবে তাঁহারা সেই বাটীপ্রভৃতির দখীলকারের স্থানে টাক্স না লইয়া মালিকের স্থানে টাক্স লইবেন এবং যে কোন বাটী কিম্বা এমারৎ কি ভূমির দখীলকার না থাকেন তাঁহার মালিকের স্থানে তাহার টাক্স লইবেন ইতি।

৩৫ ধারা। যদি কোন ভূমির সমুদায়ে বা এক অংশের উপর বাটী কি এমারৎ থাকে কিন্তু সেই বাটী কি এমারৎ ভূমির মালিকের না হয় কিম্বা অন্য ওয়ারিস না থাকিলে অথবা অন্য ওয়ারিস মরিলে পর কেবল এই গতিকে ঐ ভূমির মালিকের হইতে পারে এবং যদি উক্ত বাটী কি এমারতের মুল্যের মোট কি একাংশছাড়া জমীর মালিককে তাহার খাজানা দেওনের বন্দোবস্ত থাকে তবে কমিস্যনরেরা ভূমির বাবৎ ভূমির মালিকের উপর টাক্স বসাইতে পারেন এবং ভূমির যে মুল্যের বাবৎ ভূমির মালিকের উপর স্বতন্ত্র টাক্স বসান যায় সেই মুল্য বাদ দিয়া বাটীর ও এমারতের মুল্যঅনুসারে তাহার দখীলকারেরদের কি মালিকেরদের উপর টাক্স স্বতন্ত্র বসাইতে পারেন ইতি।

৩৬ ধারা। অত্যল্প মুল্যের কোন বাটী কমিস্যনরেরা আপনারদের বিবেচনামতে মুল্য ও টাক্স নিরূপণের ফর্দ্দহইতে ক্ষমা করিতে পারেন। কিন্তু যদি এমত অনেক বাটী এক মালিকের হয় এবং মোটে তাহার মুল্য ও টাক্স নিরূপণ করা যাইতে পারে তবে তাহা ক্ষমা করিবেন না ইতি।

৩৭ ধারা। এই আইন জারী হওনের পূর্ব্বে উক্ত নগরের মধ্যে যদি কোন বাটী কি এমারৎ অথবা ভূমির কোন পাট্টা হইয়াছিল কিম্বা কোন পাট্টার কি ঐ বাটীপ্রভৃতির দখলের বিষয়ে কোন বন্দোবস্ত হইয়াছিল এবং সেই পাট্টা কি বন্দোবস্তের মধ্যে এমত কোন নিয়ম ছিল না যে উক্ত আক্ট পার্লিমেণ্টঅনুসারে উসুলহওয়া টাক্স ঐ বাটীপ্রভৃতির দখীলকারের দিতে হইবেক এবং যদি উক্ত পাট্টা কি বন্দোবস্তের মিয়াদ অতীত না হইতেং ঐ দখীলকারের স্থানে টাক্সের দাওয়া হয় এবং এই আইনানুসারে তিনি উক্ত প্রকার বাটী কি এমারৎ বা ভূমির বাবৎ বৎসরের কোন তিন মাসের টাক্স দিয়া থাকেন তবে যে মাসের জন্যে তিনি ঐ টাক্স দিয়াছেন সেই মাস এবং তাহার পর দুই মাসের মাসিক ভাড়াহইতে টাকাপ্রতি দশ পাই করিয়া বাদ দিতে পারেন এবং উক্ত টাক্সের বাবৎ কমিসানরেরা কি তাঁহারদের কালেক্টরেরা যে রসীদ দেন তাহাই ভাড়াটিয়া ব্যক্তির ঐ টাক্সের টাকা ভাড়াহইতে বাদ দেওনের প্রচুর ক্ষমতা হইবেক ইতি।

৩৮ ধারা। যদি বৎসরের কোন তিন মাসের মধ্যে উক্ত নগরের মধ্যে কোন বাটী কি এমারৎ বা ভূমি দুই মাসের অধিক কালপর্য্যন্ত খালী থাকে তবে ঐ তিন মাসের টাক্স ক্ষমা হইবেক। কিন্তু যদি সেই ঘর কি এমারৎ বা ভূমি খালী থাকে আর কমিসানরেরা টাক্স নিরূপণ করিবার জন্যে যে দিনে আপনারদের বৈঠক করণের এত্তেলা দেন সেই দিনের পর সাত দিবসের মধ্যে যদি ঐ বাটীপ্রভৃতির দখীলকার তাহা খালী হওনের বিষয়ের সম্বাদ কমিস্যনরেরদের দফ্তরখানায় না দেন অথবা যদি সেই সময়ে খালী না হয় তবে যে দিনে খালী হয় সেই দিনের পর সাত দিনের মধ্যে তাহা খালী হওনের সম্বাদ যদি না দেন তবে ঐ টাক্স ক্ষমা হইবেক না ইতি।

৩৯ ধারা। এই আইনানুসারে ১৮৫১ সালের নবেম্বর মাসের ১ তারিখে কি তাহার পরে প্রথমবার টাক্স ধার্য্য হইবেক এবং তাহা ১৮৫১ সালের নবেম্বর ও ডিসেম্বর মাসের এবং ১৮৫২ সালের জানুআরি মাসের নিমিত্তে হইবেক এবং ঐ টাক্স ধার্য্য হইলে সেই তিন

any previous assessment made by the Justices for the same period; and every following assessment shall in like manner be made prospectively for the quarter of a year in which it is made.

XL. The assessment of the taxes specified in this Act, and in the second Schedule hereunto annexed, shall be made by the said Commissioners, or any of them, or any Assessor or Assessors appointed by them; but shall in every case require to be confirmed at a Meeting of the Commissioners; and the said Commissioners shall cause such assessments, when made, and confirmed, to be entered in books to be kept in their office, and the entries for such assessments in the said books, authenticated by the signatures of the Commissioners, or any three of them, shall be conclusive evidence of the several assessments therein specified.

XLI. The Commissioners shall give at least fourteen days' notice by advertisement in the *Calcutta Gazette*, of the day and hour when they will meet in their office, for the purpose of revising and confirming the said assessment; and every person who deems himself aggrieved in any respect by the said assessment, and is desirous of appealing against the same, must attend such meeting; and the Commissioners may adjourn such meeting, if necessary, from day to day; and, after hearing and determining all objections to the assessment, shall make such amendments therein as to them appear just, and finally confirm the same as so amended.

XLII. The books containing the proposed assessment shall be in the office of the Commissioners during the said period of fourteen days, or more, open at all reasonable times to the inspection of all persons assessed therein.

XLIII. Any person who has objected to the assessment on any ground before the Commissioners, and who shall be dissatisfied with their decision, may appeal, on the same ground of objection, but not on any other, to the Calcutta Court of Small Causes, in a suit in which the Commissioners shall be made defendants; and the judgment of the Court shall be for confirming, or for altering, the assessment so complained of, in such manner as to the Court shall seem just which judgment shall be final, and binding, as well on the Commissioners, as on the appellant; and such suit shall be deemed to be brought for recovery of the difference between the assessment, as confirmed by the Commissioners, and as required to be altered by the appellant.

XLIV. The Commissioners shall be entitled to appear to answer any such suit by one of their Assessors, or other Officers appointed by them for the purpose, and to defray all costs and charges which they shall incur by reason of any such suit, out of the taxes levied under this Act.

[To be continued.]

মাসের নিমিত্তে জুষ্টিস সাহেবেরা পূর্ব্বে যে টাক্স ধার্য্য করিয়াছিলেন তাহা তাহার দ্বারা রদ ও বাতিল হইবেক। এবং তাহার পর যতবার টাক্স ধার্য্য হয় তাহাও বৎসরের যে তিন মাসের নিমিত্তে ধার্য্য হয় সেই তিন মাসের পূর্ব্বে সেই প্রকারে করা যাইবেক ইতি।

৪০ ধারা। এই আইনের এবং এই আইনের শেষের লিখিত দ্বিতীয় তফসীলে যে টাক্স নির্দ্দিষ্ট হইয়াছে তাহা উক্ত কমিস্যনরেরদের দ্বারা অথবা তাঁহারদের কোন এক জনের দ্বারা কিম্বা তাঁহারদের কর্ত্তৃক নিযুক্ত এক বা ততোধিক আসেসরের দ্বারা বসান যাইবেক। কিন্তু প্রত্যেক স্থলে কমিস্যনরেরদের বৈঠকে তাহা মঞ্জুর করণের অপেক্ষা থাকিবেক। এবং ঐ টাক্স বসান গেলে ও মঞ্জুর হইলে ঐ কমিস্যনরেরা আপনারদের দপ্তরে যে বহী রাখিতে হইবেক সেই বহীতে তাহা লিখিতে হুকুম দিবেন। এবং উক্ত বহীর মধ্যে সেই টাক্স লেখা গেলে এবং কমিস্যনরেরদের অথবা তাঁহারদের মধ্যের কোন তিন জনের দস্তখতের দ্বারা তাহা সাব্যস্ত হইলে তাহা তাহার মধ্যের নির্দ্দিষ্ট নানা টাক্সের চূড়ান্ত প্রমাণ হইবেক ইতি।

৪১ ধারা। কমিস্যনরেরা উক্ত টাক্সের সংশোধন ও মঞ্জুর করণের জন্যে যে দিনে ও যে ঘণ্টায় আপনারদের দপ্তরে বৈঠক করিবেন তাহার এত্তেলা অন্যূন চৌদ্দ দিন থাকিতে কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন। এবং উক্ত টাক্সের দ্বারা যে কোন ব্যক্তি আপনাকে কোন প্রকারে ক্ষতিগ্রস্ত জ্ঞান করেন এবং তাহার বিষয়ে আপীল করিতে চাহেন তিনি সেই বৈঠকে হাজির হইবেন। এবং আবশ্যক হইলে কমিস্যনরেরা ঐ বৈঠক দিনং মৌকুফ করিয়া পর দিনে করিতে পারেন এবং ঐ টাক্সের বিষয়ের যাহার যে আপত্তি থাকে তাহা শুনিয়া ও নিষ্পত্তি করিয়া তাঁহারা যে প্রকারে তাহা সংশোধন করণ যথার্থ বোধ করেন সেপ্রকারে সংশোধন করিয়া ঐ শোধিত টাক্স চূড়ান্তরূপে মঞ্জুর করিবেন ইতি।

৪২ ধারা। যে বহীতে প্রস্তাবিত টাক্স লেখা থাকে তাহা উক্ত চৌদ্দ দিবস কি তাহার অধিক কালপর্য্যন্ত কমিসানরেরদের দপ্তরখানায় থাকিবেক এবং তাহাতে যে সকল ব্যক্তির টাক্স লেখা থাকে তাঁহারা উপযুক্ত ঘণ্টায় তাহা দেখিতে পারিবেন ইতি।

৪৩ ধারা। যে কোন ব্যক্তি যে কোন হেতুতে কমিস্যনরেরদের সম্মুখে টাক্সের বিষয়ে আপত্তি করিয়াছেন এবং তাঁহারদের নিষ্পত্তিতে সম্মত না হন তিনি আপত্তির কেবল সেই হেতুতে কলিকাতার অল্প মূল্যের মোকদ্দমার আদালতে আপীল করিতে পারেন এবং সেই মোকদ্দমায় কমিস্যনরদিগকে আসামী করিবেন। কিন্তু অন্য কোন হেতুতে আপীল করিতে পারেন না। পরে উক্ত আদালত যেরূপ যথার্থ জ্ঞান করেন সেইরূপে ঐ টাক্স মঞ্জুর কি পরিবর্ত্তন করণের বিষয়ের হুকুম দিবেন এবং আদালতের সেই হুকুম চূড়ান্ত হইবেক ও সেই হুকুম যেমন আপেলান্টের তেমনি কমিস্যনরেরদের প্রতি প্রবল হইবেক এবং কমিস্যনরেরা যে টাক্স মঞ্জুর করিয়াছেন ও আপেলান্ট যৎপর্য্যন্ত কমাইতে প্রার্থনা করিলেন এই দুই সংখ্যার টাকায় যে বিশেষ থাকে তাহার বিষয়ে ঐ অল্প মূল্যের মোকদ্দমার আদালতে মোকদ্দমা হইবেক ইতি।

৪৪ ধারা। কমিসানরেরা এমত কোন মোকদ্দমায় আপনারদের এক জন আসেসরের দ্বারা অথবা ঐ কর্ম্মের নিমিত্তে নিযুক্ত অন্য কর্ম্মকারকের দ্বারা উপস্থিত হইয়া উত্তর দিতে পারেন এবং এইমত কোন মোকদ্দমার নিমিত্তে যে সকল খরচখরচা লাগে তাহা এই আইনানুসারে উসুলহওয়া টাক্সহইতে দিবেন ইতি।

[ইহার শেষ আগামিতে দেওয়া যাইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ১২ আগষ্ট।]

১৮৫১ সালের সকলের দৃষ্টিগোচর পরীক্ষা।

১। প্রধান বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের এবং ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণানুসারে যে ফর্দ্দ বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দিবার হুকুম আছে সেই ফর্দ্দেতে যাহারা আপনং নাম লেখাইতে চাহে তাহারদের ইমতিহান নীচের লিখিত তারিখে ও ঘন্টায় টৌনহালে হইবেক।

তারিখ	বিষয়। প্রধান বৃত্তি।	দ্বিতীয় বৃত্তি।
১৭ সেপ্টেম্বর বুধবার	সাহিত্য শাস্ত্র বিদ্যা ...	ব্যাকরণ।
১৮ " বৃহস্পতিবার	মানসিক ও নীতি বিদ্যা...	পুরাবৃত্ত।
১৯ " শুক্রবার	পুরাবৃত্ত	মাথিমাটিক্স।
২০ " শনিবার	অমিশ্রিত মাথিমাটিক্স	ভূগোল।
২২ " সোমবার	মিশ্রিত মাথিমাটিক্স ...	অনুবাদ।
২৩ " মঙ্গলবার	ইঙ্গরেজী এসে ...	শাস্ত্রবিদ্যা।
২৪ " বুধবার	বাঙ্গলা কিম্বা লাটিন এসে।	

পরীক্ষার কার্য্য প্রতিদিবস পূর্ব্বাহ্ণে ঠিক দশ ঘন্টাঅবধি ১॥ ঘন্টাপর্য্যন্ত এবং ২ ঘন্টাঅবধি ৫॥ ঘন্টাপর্য্যন্ত চলিবেক। সেই সময়ের মধ্যে পূর্ব্বাহ্ণের ও অপরাহ্ণের সমস্ত জিজ্ঞাসার লিখিত উত্তর অর্পণ করিতে হইবেক। কর্ম্মাকাঙ্ক্ষিরদের আপনং স্থানে বৈশনইত্যাদি কার্য্যেতে বিলম্ব না হয় এই জন্যে তাহারদিগকে প্রত্যেক পরীক্ষার নিরূপিত সময়ের পোণ ঘন্টা থাকিতে উপস্থিত হইতে পরামর্শ দেওয়া যাইতেছে।

২। নীচের লিখিত যেং সাহেবের নামের পার্শ্বে যেং বিষয় লেখা আছে ঐ সাহেবরা বৃত্তির নিয়মানুসারে এসের বিষয় ও জিজ্ঞাসার কাগজ প্রস্তুত করিবেন।

ইঙ্গরেজী বৃত্তি।

প্রথম শ্রেণী।

ইঙ্গরেজী এসে ...	শ্রীযুত জে কার সাহেব। এম। এ।
রচনা বিদ্যা	শ্রীযুত আর জোন্স সাহেব।
শাস্ত্রবিদ্যা	শ্রীযুত কার সাহেব। এম। এ।
পুরাবৃত্ত বিদ্যা ...	শ্রীযুত এচ উডরো সাহেব। এম। এ।
অমিশ্রিত ও মিশ্রিত মাথিমাটিক্স	শ্রীযুত আর প্রাটস সাহেব। বি। এ।
বঙ্গ ভাষীয় এসে ...	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বাঁড়ুয্যা
লাটিন এসে	শ্রীযুত এচ উডরো সাহেব। এম। এ।

দ্বিতীয় শ্রেণী।

ইঙ্গরেজী ব্যাকরণ ...	শ্রীযুত এ এস হারিসন সাহেব। বি। এ।
পুরাবৃত্ত	শ্রীযুত জি লুইস সাহেব।
গোলাধ্যায়	শ্রীযুত ডবলিউ ব্রেণাণ্ড সাহেব।
মাথিমাটিক্স ...	শ্রীযুত বি এস রীস সাহেব।
অনুবাদ	শ্রীযুত বাবু রামচন্দ্র মিত্র।

আরবীয় বৃত্তি।

কলিকাতার মদরসা	প্রথম ও দ্বিতীয় শ্রেণী ...	শ্রীযুত ডাক্তর স্প্রেঙ্গর সাহেব।
হুগলীর মদরসা	প্রথম ও দ্বিতীয় শ্রেণী ...	শ্রীযুত ডাক্তর স্প্রেঙ্গর সাহেব।

সংস্কৃত বৃত্তি।

প্রথম ও দ্বিতীয় শ্রেণী। শ্রীযুত মেজর জি টি মার্শ্যাল সাহেব।

৩। শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্ত ও মিশ্রিত ও অমিশ্রিত মাথিমাটিক্স বিদ্যার বিষয়ে নীচের লিখিত পুস্তক ১৮৫০ সালে মনোনীত করা গিয়াছিল তাহাহইতে বর্ত্তমান বৎসরে ইমতিহানের কাগজপত্র প্রস্তুত করা যাইবেক।

প্রথম বৃত্তি।

প্রথম শ্রেণী।

শাস্ত্রবিদ্যা।

গদ্য—বেকনের নোবম অর্গানম প্রথম খণ্ড।

পদ্য—সেক্সপিয়রের হামলেট।

পুরাবৃত্ত—ইদানীন্তন পুরাবৃত্তের বিষয়ে দ্বিতীয় খণ্ডভিন্ন আরনল্ড সাহেবের বক্তৃতা গ্রন্থ এবং ভূমিকাস্বরূপ বক্তৃতার ক্রোড়পত্র।

মানসিক বিদ্যা।—মনুষ্যের মানসিক গুণ বিষয়ে ষ্টুআর্ট সাহেবের পুস্তক তাহার ভূমিকা ও দ্বিতীয় খণ্ডের ১। ২। ৩। ৪। ৫ অধ্যায়।

মাথিমাটিক্স।

ডিফিরেন্সল ও ইনটিগ্রল কালকুলস।

দর্শন বিদ্যা। পটর সাহেবের।

জ্যোতির্বিদ্যা। ব্রিঙ্কলি সাহেবের।

দ্বিতীয় শ্রেণী।

শাস্ত্র বিদ্যা।

(প্রথম শ্রেণীর ন্যায়)

মাথিমাটিক্স।

ন্যুটন সাহেবের প্রিন্সিপিয়া। গুডউইন সাহেবের লিয়া এবান্স সাহেবের কৃত।

সীমার নিয়ম এবং ডিফিরেন্সল ও ইনটিগ্রল কালকুলসের মূল নিয়ম।

আনালিটিকল জিয়োমেট্রি ও স্ফেরিকল ত্রিগোনমেট্রি।

স্থিত জলবিদ্যা। উবেষ্টর সাহেবের।

তৃতীয় শ্রেণী।

গ্রন্থবিদ্যা।

(প্রথম শ্রেণীর তুল্য।)

মাথিমাটিক্স।

কনিক সেক্সন। গুডউইন সাহেবের কৃত।

সাঙ্খ্যগণিত বিদ্যাসম্পর্কীয় ইকুএসনের মূল নিয়ম।

শিল্প বিদ্যা। পটর ও মোবল সাহেবের কৃত।

চতুর্থ শ্রেণী।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।—জনসন সাহেবের রাসিলাস।

পদ্য।—গ্রে ও কালিন্স সাহেবের পুস্তকহইতে সংগৃহীত রিচার্ডসন সাহেবের পুস্তক।

পুরাবৃত্ত।—এলফিনষ্টন সাহেবের ভারতবর্ষীয়। প্রথম বালম কিন্তু প্রথম অধ্যায়ের চতুর্থ পর্ব্ব ও দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ ও পঞ্চম অধ্যায় ব্যতিরিক্ত।

মানসিক বিদ্যা।—আবরক্রম্বি সাহেবের সংগৃহীত মানসিক গুণশক্তি অর্থাৎ প্রথমঅবধি তৃতীয় খণ্ডের চতুর্থ

অধ্যায়ের যে প্রথম অংশে "সত্যতা নির্ণয়ার্থে বিচার শক্তির ব্যবহারের বিষয়" লেখা আছে তাহার শেষ-পর্য্যন্ত (কলিকাতার মুদ্রিত পুস্তকের ১৬১ পৃষ্ঠা।)

মাথিমাটিক্স।

ইউক্লিড ও বীজগণিত বিদ্যা ও সমান স্থানের ত্রিকোণ মাপক বিদ্যা।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।—মানসিক গুণোন্নতির বিষয়ে ওয়াটস সাহেবের পুস্তক। (এনসৈক্লোপিডিয়া বাঙ্গালেনসিস।)

পদ্য।—গোলসমিথ সাহেবের কৃত সাবি ও ডাক্-গ্রাম।

ব্যাকরণ।—ক্রম্বি সাহেবের এটিমলজি ও সিনটাক্স। দ্বিতীয় খণ্ড।

পুরাবৃত্ত।—ষ্টুআর্ট সাহেবের বঙ্গদেশীয় বিবরণ।

গোলাধ্যায় ও নক্শা প্রস্তুত করণ।

মাথিমাটিক্স।

ইউক্লিড। ৬ ও ১১ খণ্ড।

বীজগণিত বিদ্যা। সিম্পল ইকোয়েসন।

অঙ্কবিদ্যা ও অঙ্কের মূল নিয়ম।

বাঙ্গলা ভাষা।

ঈশ্বরচন্দ্র শর্ম্মার দ্বিতীয়বার প্রকাশিত বেতাল পঞ্চবিংশতি।

শ্যামাচরণ সরকারের প্রথম ও দ্বিতীয় ভাগ।

৪। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বৃত্ত্যর্থিরদের উত্তর যে সাহেবেরা প্রশ্ন লেখিলেন তাঁহারদের কর্ত্তৃক বিচারিত হইবেক।

আরবীয় বৃত্ত্যর্থিরদের উত্তর কলিকাতার মদরসার সভাপতি সাহেব বিচার করিবেন।

সংস্কৃত বৃত্ত্যর্থিরদের উত্তর শ্রীযুত মেজর জি টি মার্শ্যল সাহেব বিচার করিবেন।

পরীক্ষার ফলসূচক সমস্ত রিপোর্ট দীর্ঘকালিক ছুটীর শেষ হওনের পূর্ব্বে অর্পণ করা যাইবেক।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা টৌনহালে এই পরীক্ষার তত্ত্বাবধারণ করিবেন। কৌন্সেলের সেক্রেটারী সাহেব প্রতিদিন প্রশ্ন দিবেন ও উত্তর সংগ্রহ করিবেন। এবং বিদ্যাধ্যাপনের কৌন্সেলের অন্য যে এক জন সাহেব তাঁহার নির্দিষ্ট দিবসের জন্যে উপস্থিত থাকেন তিনি তৎকার্য্যের সাহায্য করিবেন।

৫। শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের বিজ্ঞাপনানুসারে বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের নামের যে ফর্দ্দ বৎসরে২ গবর্ণমেণ্টকে দিবার হুকুম হইয়াছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের ইমতিহানের নীচের লিখিত বিধান সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে পুনর্ব্বার প্রকাশ হইতেছে।

১। যাহার আঠার বৎসরের কম কি তেইশ বৎসরের অধিক বয়স হয় এবং যে জন ইমতিহান দেওনের সময়ে গবর্ণমেণ্টের কোন এক কালেজের অথবা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের স্বীকৃত কোন বিদ্যালয়ের ছাত্র না হয় সেই জন বার্ষিক রিপোর্টে আপন নাম লিখনের আকাঙ্ক্ষিরদের মধ্যে গণ্য হইতে পারে না। বৃত্ত্যাকাঙ্ক্ষি সকল লোকের আবশ্যক যে আপনারদের সদাচারিতার বিষয়ে সন্তোষজনক প্রমাণ দেয়।

২। প্রত্যেক জন বৃত্ত্যাকাঙ্ক্ষী গবর্ণমেণ্টের কোন কালেজের সম্পর্কীয় হউক কিম্বা বিশেষ বিদ্যালয়ের সম্পর্কীয় হউক ইঙ্গরেজী প্রধান বৃত্তি প্রাপণার্থে ছাত্রেরা বৎসরে২ যে ইমতিহান দিয়া থাকে তাহা দিবেক কিন্তু বৃত্ত্যাকাঙ্ক্ষী আপন ইচ্ছামতে এদেশীয় ভাষায় এসে অর্থাৎ রচনা না লিখিয়া লাটিন ভাষায় লিখিতে পারে

৩। যোগ্যতার দুই সম্প্রদায় হইবেক। যাহারদের প্রধান বৃত্তিভোগের শেষ বৎসর হইয়াছে অথবা যাহারদের নিতান্তই শেষ বৎসর হয় নাই কিন্তু তাহারদের বৃত্তি পাইবার যোগ্য হওন সময়ে বৃত্তি শূন্য থাকিলে এবং তাহারা তাহা পাইলে এক্ষণে ঐ বৃত্তির শেষ বৎসর হইত অথবা যাহারা কোন বিশেষ বিদ্যালয়ে দশ বৎসর-পর্য্যন্ত বিদ্যা শিক্ষা করিয়াছে এবং ইমতিহানের প্রত্যেক বিষয়ে যত চিহ্ন নির্দ্দিষ্ট আছে তাহার চারি অংশের অন্যূন তিন অংশ পায় তাহারা প্রথম শ্রেণীভুক্ত হইতে পারে। এবং ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমিত্তে যে২ বিষয়ে ইমতিহান দিতে হয় তাহার প্রত্যেক বিষয়ে নির্দ্দিষ্ট চিহ্নের অন্যূন অর্দ্ধ অংশ যাহারা পায় এমত অন্য সকল বৃত্ত্যাকাঙ্ক্ষী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেক।

৪। ইমতিহানের সময়ে কৃতকার্য্য বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের গুণের তারতম্য বুঝিয়া তাহারা সম্প্রদায়ের প্রথম দ্বিতীয়াদি স্থানে ভর্ত্তি হইবেক।

৫। যাহারা কৌন্সেলের ফর্দ্দে নাম লেখাইতে আকাঙ্ক্ষা রাখে তাহারদের ইমতিহানে প্রতিযোগিতা করণের অনুমতি পাইবার পূর্ব্বে কোং ৫, টাকা ফিস দিতে হইবেক।

৬। যে কোন ছাত্র কৌন্সেলের ফর্দ্দেতে আপন নাম লেখাইবার যোগ্যতার প্রমাণ না দেয় সে তিনবারের অধিক ইমতিহান দিবার জন্যে উপস্থিত হইবার অনুমতি পাইবেক না এবং সেই ব্যক্তির সেই প্রত্যেক বারের পূর্ব্বে উক্ত রেজিষ্টরীর ফিস দিতে হইবেক।

৭। যে বৃত্ত্যাকাঙ্ক্ষির নাম ফর্দ্দেতে একবার লেখা যায় সেই জন উচ্চ শ্রেণী পাইবার অভিপ্রায়ে পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি পাইবেক না।

৮। গবর্ণমেণ্টের ও বিশেষ বিদ্যালয়ের সকল বৃত্ত্যাকাঙ্ক্ষী সপষ্টরূপে জানিবেক যে তাহারদের নাম ফর্দ্দেতে লিখিত হইলেই তাহারা নিতান্ত বৃত্তি পাইবেক এমত নহে কেননা বিদ্যাতে নিপুণতা এবং সদাচারিতা ভিন্ন অন্যান্য গুণেরও আবশ্যক হইবেক।

৯। ইমতিহানের এই২ নিয়ম হইবেক।

বিদ্যার নানা শাখার বিষয়ে নানা প্রশ্ন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমানুসারে প্রস্তুত হইবেক এবং যে২ দিবসে ইমতিহান হইবেক তাহা উপযুক্ত সময় থাকিতে তাঁহারদের দ্বারা নিরূপণ হইবেক।

ছাত্রেরা এক কুঠরীর মধ্যে একত্র হইবেক তাহারদের কোন কেতাব বা কাগজ কি যাহাতে কিছু অবগত হইতে পারে এমত কিছু থাকিবেক না ইমতিহানের সময়ে তাহারদের পরস্পর কোন কথা বা লিখনপঠন হইবেক না এবং সেই নিমিত্তে তাহারা উপযুক্তমতে দূরে পৃথক২ হইয়া বসিবেক।

কোন সাহায্যবিনা তাহারদের সকল জিজ্ঞাসার উত্তর দিতে হইবেক এবং এসে লিখিতে হইবেক এবং তাহারদের কোন সাহায্য না হয় এতদর্থে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এক জন সাহেব কামরার মধ্যে থাকিবেন এবং সমস্ত ইমতিহানের কর্ত্তৃত্ব করিবেন।

যদি কোন কপট কর্ম্ম হয় বা তাহার উদ্যোগ হয় তবে অপরাধি ব্যক্তি ইমতিহানহইতে বহিষ্কৃত হইবেক এবং কৌন্সেলের সাহেবেরদের রিপোর্টের মধ্যে তাহার নাম লেখা যাইবেক না এবং সেই নিমিত্তে সে সরকারী কর্ম্মে নিযুক্ত হইবার অযোগ্য হইবেক।

প্রত্যেক প্রশ্নের গুরুত্ব অনুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেল তাহার মূল্যের একি প্রকার হার নিরূপণ করিবেন। যদ্যপি সেই প্রশ্নের ঠিক এবং সম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে সেই প্রশ্নের যত চিহ্ন নিরূপণ আছে তাহার সম্পূর্ণ সংখ্যা কৃতকার্য্য ছাত্র পাইবেক কিন্তু যদি তাহার অসম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে যেপর্য্যন্ত তাহা ঠিক ও পূর্ণ হয় তাহার হিসাব করিয়া সম্পূর্ণ চিহ্নের

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ১২ আগষ্ট।]

অংশ দেওয়া যাইবেক। কিন্তু ইমতিহানের সকল প্রশ্নের সমুদয়ে যত চিহ্ন নিরূপণ আছে তাহার অর্দ্ধেক-পর্য্যন্ত যে ছাত্র না পায় সে প্রধান বৃত্তি পাইবার যোগ্য বোধ হইবেক না।

৩৬। এই সকল রিপোর্ট পাইলে পর যত শীঘ্র সাধ্য সর্ব্ব সাধারণ লোককে জানাইবার ও বিতরণ হইবার নিমিত্তে বৃত্তিবিষয়ক প্রশ্ন এবং ইঙ্গরেজী বিদ্যা ও পুরাবৃত্ত-বিষয়ক সর্ব্বাপেক্ষা অত্যুত্তম উত্তর ও অত্যুত্তম এসে ছাপা হইবেক।

গবর্ণমেন্টের কালেজভিন্ন অন্যান্য স্থানের বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের অতিউত্তমং উত্তরও ছাপা হইবেক।

প্রত্যেক বিষয়েতে যেং উত্তর দেওয়া যায় তাহা অনাম্নাসে শ্রেণীপূর্ব্বক সাজান যায় ও পরীক্ষা করা যায় এই অভিপ্রায়ে সকল বৃত্ত্যাকাঙ্ক্ষির প্রতি হুকুম হইতেছে যে কাগজের কেবল এক দিগে আপনং উত্তর লেখে এবং এক ফর্দ্দ কাগজে এক জিজ্ঞাসার অধিক উত্তর না লেখে।

উক্ত বিধানক্রমে যেং উত্তর লেখা না যায় তাহা অগ্রাহ্য হইবেক।

বিদ্যাধ্যাপনের শ্রীযুত অনরবিল প্রেসীডেন্ট ও কৌন্সেলের হুকুমক্রমে।

এফ জে মৌআট।
সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৫১। ১৫ জুলাই।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 1st August, 1851.

Baboo Brojonath Bose, Acting Moonsiff, to be Moonsiff of Rughoonathpore, Zillah Maunbhoom.

Moulvee Mootecoor Ruhman, Acting Moonsiff, to be Moonsiff of Bhowanigunge, Zillah Rungpore.

LEAVE OF ABSENCE.

The 4th August, 1851.

Moulvee Syud Ahmud, Moonsiff of Satkaniah, Zillah Chittagong, for day.

B. J. COLVIN, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ১ আগষ্ট।

একটিং মুনসেফ শ্রীযুত বাবু ব্রজনাথ বসু জিলা মানভূমের রঘুনাথপুরের মুনসেফ হইবেন।

একটিং মুনসেফ শ্রীযুত মৌলবী মুতীউররহমান জিলা রঙ্গপুরের ভবানী গঞ্জের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫১ সাল ৪ আগষ্ট।

জিলা চাটিগাঁয়ের সাতকানিয়ার মুনসেফ শ্রীযুক্ত মৌলবী সায়দ আহমদ দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪৮৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ৩০ জুলাই।

শ্রীযুত লেপ্টেনেন্ট জি এন কেব সাহেবের (Lieutenant G. N. Cave,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট এচ রেবান সাহেব (Lieutenant H. Raban,) কাশিয়া পর্ব্বতে পলিটিকাল এজেন্ট সাহেবের আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এচ পাটন সাহেব ও শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব ও আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত টি হেষ্টিংস সাহেব (Mr. J. H. Patton, the Hon'ble E. Drummond, and Mr. T. Hastings.) পূর্ব্ব বর্দ্ধমানের ধদারার নৌকার দ্বারা প্রাপ্য কাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৫১ সাল ৩১ জুলাই।

শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের (Mr. C. Steer,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) হুগলীর কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই এ সামুএল্‌স সাহেবের (Mr. E. A. Samuells,) না পঁহুছনপর্য্যন্ত শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) চব্বিশপরগনার মাজিষ্ট্রেটী ও আলিপুরের জেলখানার তত্ত্বাবধারকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫১ সাল ২৮ জুলাই।

শিবসাগর এলাকায় আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান টি ব্রোডি সাহেব (Captain T. Brodie,) যে তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেবের (Captain E. A. Rowlatt,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনের অনুমতি প্রার্থনা করণের পূর্ব্বে ছুটীবিষয়ক শুধরা বিধির ১১ ও ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান রৌলাট সাহেব (Captain Rowlatt,) তাহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শাহাবাদের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী জাফের আলী দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত আগামি নবেম্বর মাসের ১১ তারিখঅবধি ৩০ তারিখপর্য্যন্ত স্বীয় কর্ম্মোপলক্ষে কুড়ি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ৩১ জুলাই।

১৮৪৩ সালের ১৫ আইনঅনুসারে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ কোবর্ণ সাহেব (Mr. W. Cockburn,) কেপে ও নিউ সৌথ ওএল্‌সে গমনার্থে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে বাখরগঞ্জের ডেপুটি কালেকটর শ্রীযুত জে এম সথরলাণ্ড সাহেব (Mr. J. M. Sutherland,) গত মে মাসের ৭ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ১ আগষ্ট।

গোয়ালপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব (Captain A. A. Sturt,) সরকারী কর্ম্মোপলক্ষে জিলার মফঃসলে গমনার্থে গত মাসের ১ তারিখে কালেকটরীর খাজানাখানা এবং আপনার বিচার করণের ও রাজস্বের কর্ম্মের ভার সব-আসিষ্টান্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr. H. Driver,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত জি প্লৌডন সাহেব (Mr. G. Plowden,) গত মাসের ২১ তারিখে ১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকার

রাজস্বের কমিস্যনরী কর্ম্ম ও পোলীসের তত্ত্বাবধারকতা কর্ম্ম শ্রীযুত আর এচ মিটন সাহেবের স্থানে গ্রহণ করেন।

নওয়াখালীর একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেব (Mr. E. F. Radcliffe,) গত মাসের ২২ তারিখে দক্ষিণ শাবাজপুর এলাকাখণ্ডের ভার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এচ এস পর্টর সাহেবের (Mr. H. S. Porter,) প্রতি অর্পণ করেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়াট সাহেব (Mr. T. Wyatt,) দপ্তর র কর্ম্মে বগুড়াতে গমনার্থে গত মাসের ২৪ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত সায়দ আহমদ বক্শের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেব (Mr. F. A. B. Glover,) গত মাসের ২৪ তারিখে পূরণিয়ার মাজিষ্ট্রেটীর ভার শ্রীযুত এ ই রসেল সাহেবের (Mr. A. E. Russell,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) গত মাসের ১৪ তারিখে ভাগলপুরের জরিপী কার্য্যের সুপরিন্টেণ্ডেন্টী কর্ম্মের ভার শ্রীযুত এচ প্রাট সাহেবের (Mr. H. Pratt,) স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত সি ডি রসেল সাহেব (Mr. C. D. Russell,) গত মাসের ১৪ তারিখে পূরণিয়ার কালেকটরীর ভার শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেবের (Mr. F. A. B. Glover,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব (Mr. H. A. R. Alexander,) গত মাসের ২১ তারিখে সেরাজগঞ্জ এলাকাখণ্ডের ভার গ্রহণ করেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ সায়েম গত মাসের ২৬ তারিখে হুগলীর প্রধান সদর আমীনী কর্ম্ম ঐ জিলার একটিং জজ শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের (Mr. C. Steer,) স্থানে গ্রহণ করেন এবং সেই তারিখে আপনার একটিং অতিরিক্ত প্রধান সদর আমীনী কর্ম্ম শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্রের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৬১৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ৩১ জুলাই।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের (Mr. E. T. Trevor,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেকটরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মুরশিদাবাদ চাকলার পণ্ডিত শ্রীযুত মদনমোহন তর্কালঙ্কার ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা পাইয়াছেন।

১৮৫১ সাল ১ আগষ্ট।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর ট্রটর সাহেব (Mr. R. Trotter,) ঢাকার অতিরিক্ত সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত পদরি এ গারষ্টিন সাহেব (Revd. A. Garstin,) হাবড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট আর ডি আর্ডাঘ সাহেবের (Lieutenant R. D. Ardagh,) তনাসরিম প্রদেশের কমিস্যনরের অতিরিক্ত আসিষ্টান্টী পদে যে নিয়োগ হয় তাহা গত মার্চ মাসের ১৪ তারিখঅবধি আমলে আসিবেক ঐ তারিখে ঐ পদ শূন্য হইয়াছিল।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেন্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা নদীয়া।

ইস্তহারনামা কাছারী কালেক্টরী জেলা নদীয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার নীচের লিখিত মহাল সন ১২৫৭ সনের লাং ফালগুণ তলবের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৫১ সালের ২৫ আগষ্ট মোতাবেক ১২৫৮ সনের ১০ ভাদ্র তারিখ সোমবারে কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫১ ইং তাং ৪ আগষ্ট মোতাবেক ১২৫৮ সন তারিখ ২০ শ্রাবণ।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	জেলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১২৫৭ সনের লাং ফালগুণ তলবের বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল	১০৫৪	মৌং তেরাইন পং রাজপুর	রহমান বিশ্বাস	৩/৫	৪৶	
ঐ	ঐ	১৪৫৫	কাশীপুর চাং কৃষ্ণনগর	বেণিমাধব মুখোপাধ্যায়	১/৯॥	১/৯॥	
ঐ	ঐ	২১৬৭	মহৎপুর তং মহৎপুর	আদ্যনাথ মল্লিক	৫।১৸	৩॥১।	
২	ইস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল	৮২৭	কাচিকাটা গোহালীবাটী	রামকানাই রায়	২২৬।৵৭	২৬৪॥৵২	ইং ১২৫৫ সন লাং ১২৬৪ সন মেয়াদী বন্দোবস্ত।

G. W. BATTYE, *Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ১২ আগষ্ট।]

[Government Gazette, 12th August, 1851.]

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারী কালক্টরী জিলা চট্টগ্র ম।

যেহেতুক ১৮৪৫ সালের ১ আইনের মর্ম্মানুসারে নীচের লিখিত মহাল তের বাকী খাজান' আদারের নিমিত্তে উক্ত আইনের ৬ দফা মতে এস্তেহার দেওয়া যাইতেছে যে ঐ সকল মহাল ১৮৫১ সালের তারিখ ২২ আগষ্ট মোতাবেক সন ১২৫৮ বাঙ্গল' তারিখ ৭ ভাদ্র রোজ শুক্রবার জেলা মজকুরের কালেক্টরীতে নীলাম হইবেক ইতি সন ১৮৫১ ইং তারিখ ২ আগষ্ট।

নম্বর রকম	মহালের রকম	মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী খাজানা লাং কিস্ত মার্চ সন ১৮৫১ ইং	
	কামি	২৬৮	তরফ রাজকৃষ্ণ মজুমদার … …	খোদ ও প্রাণকৃষ্ণ চক্রবর্ত্তী	৩০৲		
	কামি	১	তালুক কাশীনাথ ও গঙ্গাপ্রসাদ মজুমদার	খোদ … … …	১১॥৯		
	কামি	১১২	তালুক ঐ … … … …	খোদ … … …	১১॥৶	৭৩৪ l/৫	নওয়াবাদ ও সরকার খরিদা ও ও ডিক্রীদার মহালের ইজারাদার গঙ্গাপ্রসাদ ও শ্যামসুন্দর চক্রবর্ত্তী বাকীর নিমিত্তে গঙ্গাপ্রসাদ ইজারাদারের মোছলম হকিয়ৎ বিক্রী হইবেক।
	বেকামি	১	তালুক কাশীনাথ ও গঙ্গাপ্রসাদ ও দুর্গাপ্রসাদ … … … …	খোদ … … …	৫৩॥৶		
	সেকামি	০	তালুক গোবিন্দগোপাল কিসমতে কাশীনাথ, গঙ্গাপ্রসাদ সেকমি তরফ দেবী সিংহ … … … …	খোদহায় … …	২৮২৲		এই মহালের মং ২৮২৲ টাকার সদর জমার মধ্যে গঙ্গাপ্রসাদ ইজারাদারের মং ১৪১ টাকার হকিয়ৎ ইজারাদারের বাকীর কারণ নীলাম হইবেক।

E. A. Samuells, *Collector.*

SALT.

নিমক.

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলাস্থক্তি বাবৎ লাগাদ ৩১ জুলাই সন ১৮৫১ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিশার গোলাস্থাতের মৌজুদ নমকের।

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫১ সাল মোতাবেক ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবেক ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবেক ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবেক ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবেক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবেক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবেক ইং ১৮৫০। ৫১ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।									
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	০	০	০	০	০	০	১৭৬ ।১	৫,০১,৮২৯/	৫,০৩,০৪৫ ।১
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০	০	০	০	৮২০/	২,০৩,৭৪৫/	১,০৪,৫৬৫/
ঐ ঐ রামনগর।	০	০	০	০	০	০	০	১,১৮,৩৩৪/	২,১৮,৩৩৪/
গাছা নমক।	৮,২৬৫ ॥০	০	০	০	০	০	০	০	৮,২৬৫ ॥০
একুন।	৮,২৬৫ ॥০	০	০	০	০	০	৯৯৬ ।১	৯,৩৪,৯৪৮/	৯,৪৪,২০৯৸৬
তমলুক।									
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	০	০	০	৫,৮২,২০১/৩	৫,৮২,২০১/৩
ক্রোকি নমক।	০	০	০	০	০	০	০	০	০
একুন।	০	০	০	০	০	০	০	৫,৮২,২০১/৩	৫,৮২,২০১/৩
চট্টগ্রাম।									
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	১,০০,০৫৫৮৯ ॥৶	৪৯,৩২২ ॥০	০	০	০	০	০	০	১,৪৯,৪৪৮ ।৯॥৶
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	১৫,১১৭ ॥০	০	০	১৫,১১৭ ॥০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	০	০	৩,৬৩,৩৩২ ।১৸	৬১,৭৪৫ ॥০	৪,২৫,০৭৭৸১৸
ঐ ঐ আরাকিন।	০	৬,২৬৭ ।০	৯৪,৫০৯/৫	২,৫৫,৪৭৬৸৫	৫৫,৫১২ ॥০	০	০	৩০,৮৯৩	৪,৪২,৬৫৮৸০
ক্রোকি নমক।	০		০	০	০	০	০	০	০
একুন।	১,০০,০৫৫৮৯ ॥৶	৫৫,৬৫৯৸০	৯৪,৫০৯/৫	২,৬৬,৪৭৬৸৫	৫৫,৫১২ ॥০	১৫,১১৭ ॥০	৩,৬৩,৩৩২ ।১৸	৯২,৬৩৮ ॥০	১০,৩১,৩০২॥৫ ।৶

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫১ সাল মোতাবক ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবক ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবক ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবক ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	মৌজুদ নমকের একুন।
ভুলুয়া।									
পাঙ্গা নমক ঘাট কাঁকড়া আরাকিন।	০	০		১১,৯৯০ |০	০	০	০	৮৫,৩১২/	৯৮,৩০২ |০
ঐ ঐ তক্তাখালি	০	৭,১২৮৸৮ |৶	১৩,৭০৪/	০	০	০	০	০	২০,৮৩২৸৮ |৶
একুন।	০	৭,১২৮৸৮ |৶	১৩,৭০৪/	১১,৯৯০ |০	০	০	০	৮৫,৩১২/	১,১৯,১৩৫/৮ |৶
শাল্কিয়া।									
পাঙ্গা নমক কটক।	১,০৯,৯০২ |০	৫,০০,৪৬৬ ॥০	১,৬২,২৭২/	১,৩৭,১৮৬ |০	৭৩,৫২০/	২৪,৪২৬ ॥৫	৯,১১৩৭ ॥০	০	৮,৯৯,৭১১/৫
ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	৬১৯/	০	৬১৯/
ঐ খোরদা।	০	০	০	০	২২৭ ॥১ ॥	৮৬৯/	১,২৭১ ॥০	০	২,৩৬৮/১ ॥
ঐ চিলকা।	০	০	০	০	২৭৸০	১১৬/	১,০১৪/	০	১,১৫৭৸০
করকচ নমক মান্দ্রাজ পরমিট ১ পহিলা রকম।	১৯১/	১০৩/	০	৩৫১/	০	০	০	০	৬৪৫/
ঐ ঐ ২ দোসরা রকম।	৮,১১২ |০	১,১৭,২৬২৸০	৭৬,৬৫৮/	২,১৯৬/	০	০	০	০	২,০৪,২২৯/
ঐ ঐ ৩ তেসরা রকম।	০	০	০	০	০	০	০	০	০
পাঙ্গা হিজলি কালীনগর।	১,৯৮,১৭৬/	০	০	০	০	০	০	০	১,৯৮,১৭৬/
ঐ রামনগর।	০	০	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	০	০	০	০	০	০	০	০	০
ঐ ঐ ডাইমনহারবর।	০	০	০	০	০	৪,০১,১১৮/৪	০	০	৪,০১,১১৮/৪
ঐ ঐ সাগর।	০	০	০	৪৩,৬১৩ ॥০	৭৮,৭৭১ ॥০	০	০	০	১,২২,৩৮৫/
গাছা নমক।	০	০	০	০	০	৪৯,১৭২ ॥০	০	০	৪৯,১৭২ ॥০
একুন।	৩,১৬,৩৮১ ॥০	৪,১৭,৮৩২ |০	২,৩৮,৯৩০/	১,৮৩,৩৪৬৸০	১,৫২,৫৪৬৸১ ॥	৪,৭৫,৭০২/৯	২,[illegible]৪২/	০	১৮,৭৯,৫৮১ ॥০ ॥
আরাকিন।									
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	৩৮৮৸৪	৫,৪৭৭ |৫	৭,৬২১/	০	৩৩,২৭০ ॥০	৪৪,৭৫৭ ॥৯
একুন।	০	০	০	৩৮৮৸৪	৩,৪৭৭ |৫	৭,৬২১/	০	৩৩,২৭০ ॥০	৪৪,৭৫৭ ॥৯
মোট একুন।	৪,২৪,৭০২৸৯ ॥৵	৪,৮০,৬২০৸৮|৶	৩,৪২,১৪৩.৫	৪,৫:,২০২ ॥৯	১,১১,৫৩৬ ॥৬ ॥	৫,৯৮,৪৪০ ॥৯	৪,৫৯,১৭০৸১৸	১৭,২৮,৩৭০/৩	৪৬,০২,১৮৮/২ ৶

সি টীডর্ন। ছোট সেক্রেটারী।

[*Government Gazette, 12th August,* 1851.]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE DOWNS, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday, the sixth day of September next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 13th day of July, 1850, until the 31st day of July, 1851, has been filed and may be inspected in the office of the Chief Clerk. Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the office of the Chief Clerk, three clear days before the hearing.

Official Assignee's Office, 8th August, 1851.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রার্থ আদালত।

খোত্রহীন জর্জ ডৌনস্ সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে এই বিষয়ের শুনানি আগামি সেপ্টেম্বর মাসের ৬ তারিখ শনিবারে পুনরায় হইবেক। সেই বিষয়ে ১৮৫০ সালের ১৩ জুলাই তারিখঅবধি ১৮৫১ সালের ৩১ জুলাই তারিখপর্য্যন্ত আসৈনী সাহেবের সমুদয় জমা ও খরচের হিসাব দাখিল করা গিয়াছে তাহা প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা সেই বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত খোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দফ্তরখানা। ১৮৫১ সাল ৮ আগষ্ট।

The like notice in the matter of CHARLES PEREIRA, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 13th day of December, 1849, to the 31st day of July, 1851.

খোত্রহীন চার্লস পেরেরা সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। সেই বিষয়ে ১৮৪৯ সালের ১৩ ডিসেম্বর তারিখঅবধি ১৮৫১ সাল ৩১ জুলাই তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of WILLIAM NOEL FENWICK, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 5th day of April, 1849, to 31st day of July last.

খোত্রহীন উলিয়ম নোএল ফেনুইক সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে ১৮৪৯ সালের ৫ আপ্রিল তারিখঅবধি গত জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনী সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of GEORGE HENRY WILLIAM CONROY, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 30th day of October, 1849, to 31st day of July last.

খোত্রহীন জর্জ হেনরি উলিয়ম কনরয় সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে ১৮৪৯ সালের ৩০ অকটোবর তারিখঅবধি গত জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনী সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

MISCELLANEOUS ADVERTISEMENTS. — সাধারণ ইশতিহার।

১৮৫১ সাল ৭ জুলাই।

নীচের লিখিত পুস্তক এইক্ষণে ছাপা হইতেছে ও বৎসরের শেষ হওনের পূর্ব্বে গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত হইবেক।

১৮৩৭ সালের আগষ্ট মাসাবধি ১৮৫০ সালের শেষপর্য্যন্ত সাবেক সদর বোর্ড রেবিনিউর যে সকল সরক্যুলর অর্ডর হইয়াছিল তাহা এবং ঐ বোর্ডের জারীকরা সকল নজির ও তাহার নির্ঘণ্ট ও আপেণ্ডিক্স। এই পুস্তক শ্রীযুত পিটর সাহেবের ক্রোড় গ্রন্থস্বরূপ হইবেক। যাঁহারা পুস্তক লইবার বাসনায় স্বাক্ষর করেন তাঁহারদের স্থানে ঐ পুস্তকের মূল্য ২৫৲ টাকামাত্র লওয়া যাইবেক।

যাঁহারা ঐ পুস্তক লইতে বাসনা করেন তাঁহারদের নাম কলিকাতার রেবিনিউ বোর্ডে ঐ পুস্তক সংগ্রহকর্ত্তা শ্রীযুত ডবলিউ এচ জোন্স সাহেব রেজিষ্টরী করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ১২ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 19, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ১৯ আগষ্ট।

DRAFT OF ACT.

ACT No. —— OF 1851.

For constituting Commissioners for the Improvement of the Town of Calcutta.

[Continued from Page 476.]

XLV. No proceeding for levy and recovery of any assessment made and confirmed by the Commissioners shall be stayed or avoided by reason of any such appeal to the Court of Small Causes: but if, upon such judgment, it appears that any person has paid more than he ought to have paid, the difference shall be allowed to him by the Commissioners in the next rate, or repaid to him, if he is not liable to be again rated.

XLVI. The taxes specified in this Act and the second Schedule hereunto annexed, shall be due and payable from and after the end of the quarter of a year, or other period for which they are made.

XLVII. When the taxes specified in this Act, and the second Schedule hereunto annexed, shall be due and payable, or as soon after as convenient, the said Commissioners shall send, or cause to be sent to the persons severally liable to pay any of such taxes, a statement or bill in the form (A) contained in the third Schedule annexed to this Act of the sums due from such persons respectively in respect of the said taxes.

XLVIII. When any person shall be in arrear of the payment of the said taxes specified in this Act, and the second Schedule hereunto annexed, the said Commissioners, or any one of them, or their Officer duly authorised by them may issue, or cause to be issued and served upon such person, a Notice of Demand in the form (B,) contained in the third Schedule annexed to this Act, and if he shall not within five days from the service of such Notice of

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আকট।

কলিকাতা শহর উত্তম করণার্থে কমিস্যনরদিগকে নিযুক্ত করণের আইন।

[৪৭৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৪৫ ধারা। অল্প মূল্যের মোকদ্দমার আদালতে এমত কোন আপীল হওয়াপ্রযুক্ত কমিস্যনরেরদের করা ও মঞ্জুর হওয়া কোন টাক্স উসুল ও আদায় করণের কার্য্য স্থগিত বা রহিত হইবেক না কিন্তু যদি উক্ত আদালতের বিচারক্রমে দৃষ্ট হয় যে কোন ব্যক্তির যাহা দেওয়া উচিত তাহার অধিক দিয়াছে তবে আগামি টাক্সহইতে তাহা কমিস্যনরের দ্বারা বাদ দেওয়া যাইবেক অথবা যদি তাহার উপর পুনরায় টাক্স বসান যাইতে না পারে তবে তাঁহারা ঐ বাড়তি টাকা ফিরিয়া দিবেন ইতি।

৪৬ ধারা। এই আইন ও তাহার শেষের লিখিত দ্বিতীয় তফসীলে যেং টাক্স নির্দ্দিষ্ট আছে তাহা বৎসরের যে তিন মাস অথবা অন্য কোন সময়ের জন্যে করা যায় তাহার শেষ হওনঅবধি ও তাহার পর দেয় হইবেক ইতি।

৪৭। এই আইন ও তাহার শেষের লিখিত দ্বিতীয় তফসীলে যেং টাক্স নির্দ্দিষ্ট আছে তাহা যখন দেয় হয় তখন বা তাহার পর যত শীঘ্র সুবিধা হয় ঐ টাক্সের মধ্যে কোন টাক্স যেং ব্যক্তির স্থানে পাওনা হয় তাহারদের জনাজাতের নিকটে উক্ত কমিস্যনরেরা এই আইনের শেষের লিখিত তৃতীয় তফসীলের (A) চিহ্নিত পাঠানুসারে ঐং টাক্সের বাবৎ ঐং ব্যক্তির স্থানে যে সকল টাকা পাওনা আছে তাহার এক কৈফিয়ৎ অথবা বিল পাঠাইবেন ইতি।

৪৮ ধারা। এই আইনের এবং তাহার শেষের লিখিত দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট টাক্স যখন কোন ব্যক্তির বাকী পড়িয়াছে তখন উক্ত কমিস্যনরেরা অথবা তাঁহারদের মধ্যের কোন এক জন অথবা তাঁহারদের বাক্তু রীতিমত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারক এই আইনের শেষের লিখিত তৃতীয় তফসীলের (B) চিহ্নিত পাঠানুসারে সেই ব্যক্তির উপর এক দাওয়ার এত্তেলা বাহির করিতে বা বাহির করাইতে পারেন এবং তাহার উপর জারী করাইতে পারেন এবং ঐ ব্যক্তির উপর দাওয়ার এত্তেলা

Demand pay the arrear due from him, according to the tenor of such Notice of Demand, the said Commissioners, or any one of them, or their Officer duly authorized by them may issue and serve, or cause to be issued and served upon such person a summons to pay in the form (C,) contained in the third Schedule annexed to this Act, requiring such person to appear before the said Commissioners, or any one or more of them, on a day and at an hour and place to be named in such summons.

জারী হওনের পর যদি ঐ ব্যক্তি পাঁচ দিনের মধ্যে তাঁহার স্থানে ঐ দাওয়ার এত্তেলাঅনুসারে বাকী টাকা না দেন তবে ঐ কমিস্যনরেরা বা তাঁহারদের কোন এক জন অথবা তাঁহারদের দ্বারা রীতিমত ক্ষমতাপ্রাপ্ত তাঁহারদের আমলা এই আইনের শেষের লিখিত তৃতীয় তফসীলের (C) চিহ্নিত পাঠানুসারে এক সমন বাহির করিতে ও জারী করিতে অথবা বাহির করাইতে এবং সেই ব্যক্তির উপর জারী করাইতে পারেন এবং তাহাতে এই হুকুম থাকিবেক যে ঐ ব্যক্তি ঐ সমনের নির্দিষ্ট দিবস ও সময় ও স্থানে ঐ কমিস্যনরেরদের অথবা তাঁহারদের কোন এক বা ততোধিক জনের সম্মুখে হাজির হইবেক ইতি।

XLIX. On the appearance of the party summoned the said Commissioners, or any one or more of them may make such further enquiry into the case, as to them or him seems just, and may make such order for the payment of the whole or any part of the amount assessed, or may make such abatement for, or in respect of any overcharge in the said assessment as to them, or him seems just, and, in case of the non-appearance of the party summoned, the said Commissioners, or any one or more of them, on proof of service of the said summons, and on making such further enquiry into the case as to them, or him seems just, may decide the claim in like manner as if the said party were present, and may make such order for the payment of the whole or any part of the amount assessed, or may make such abatement for, or in respect of any overcharge in the said assessment as to them, or him seems just.

৪৯ ধারা। তলবহওয়া ব্যক্তি হাজির হইলে উক্ত কমিস্যনরেরা কিম্বা তাঁহারদের এক কি ততোধিক জন তাঁহার কি তাঁহারদের যেমত উচিত বোধ হয় সেইমতে সেই বিষয়ের আরো তহকীক করিতে পারেন এবং তাঁহার কি তাঁহারদের যেমত যথার্থ বোধ হয় সেইমতে ঐ টাক্সের সমুদয় টাকা বা তাহার কতক অংশ দিবার বিষয়ে হুকুম করিতে পারেন অথবা ঐ টাক্স বসাওনেতে যদি কিছু অন্যায় হইয়া থাকে তবে সেই টাক্স কমাইতে পারেন। এবং তলবহওয়া ব্যক্তি যদি হাজির না হন তবে ঐ কমিস্যনরেরা অথবা তাঁহারদের এক কি ততোধিক জন ঐ সমন জারী হওনের প্রমাণ পাইলে এবং তাঁহার বা তাঁহারদের যেমত যথার্থ বোধ হয় সেইমতে তাহার বিষয়ে আরো তহকীক করিয়া ঐ ব্যক্তি হাজির হইলে যেরূপ হইত সেইরূপে ঐ দাওয়ার বিষয় নিষ্পত্তি করিতে পারেন এবং তাঁহার বা তাঁহারদের যেরূপ যথার্থ বোধ হয় সেইরূপে ঐ সমুদয় টাক্স বা তাহার কতক অংশ দিবার হুকুম করিতে পারেন অথবা যদি টাক্স বসাওনেতে কিছু অন্যায় হইয়া থাকে তবে তাহার সংখ্যা কমাইতে পারেন ইতি।

L. In order that the Commissioners may be better informed of the value of any house, building, or ground, or in any other matter relating to their duty under this Act, and the execution thereof, the Commissioners or any one of them, or their officer duly authorized by them may issue a summons, in the form (D,) contained in the third Schedule annexed to this Act, to any person whom they are desirous of examining for that purpose, and any one or more of the said Commissioners may examine such person, so summoned, at a meeting of the Commissioners, concerning the value of such house, building or ground, or other matter relating to the assessment; and such examination shall be taken down in writing, in such manner, as the Commissioners may order; and in case the answers of such person so examined shall appear to the said Commissioners to be evasive or untrue, or in case the party summoned shall refuse to answer any lawful question of the Commissioners, or any one of them, or shall be proved to have refused to receive, or to have wilfully destroyed, defaced or unlawfully detained any Schedule, Bill, Summons, or Notice of Demand served upon him, with intent to evade being lawfully rated to the full amount of any of the said taxes due from him, or with intent to avoid, or delay payment thereof, or shall be proved knowingly, or through gross negligence to have given any false information, either verbally or in writing, to the said Commissioners, or any of them, or any of their Assessors

৫০ ধারা। কোন বাটী কি এমারৎ কি ভূমির মূল্য বিষয়ে অথবা এই আইনঅনুসারে তাঁহারদের কর্ত্তব্য কর্ম্ম কিম্বা তাহার নির্ব্বাহ করণ সম্পর্কীয় অন্য কোন বিষয়ে ঐ কমিস্যনরেরদের অধিক অবগত হওনের নিমিত্তে উক্ত কমিস্যনরেরা অথবা তাঁহারদের কোন এক জন অথবা তাঁহারদের দ্বারা রীতিমত ক্ষমতাপ্রাপ্ত তাঁহারদের আমলা যে কোন ব্যক্তির জোবানবন্দি লইতে চাহেন তাহার নামে এই আইনের শেষের লিখিত তৃতীয় তফসীলের (D) চিহ্নিত পাঠানুসারে এক তলবচিঠী পাঠাইতে পারেন। এবং ঐ কমিস্যনরেরদের এক বা ততোধিক জন ঐ বাটী বা এমারৎ কি ভূমির মূল্যের বিষয়ে অথবা করসম্পর্কীয় অন্য বিষয়ে এরূপ তলবহওয়া ব্যক্তির জোবানবন্দী কমিস্যনরেরদের এক বৈঠকে লইতে পারেন। এবং কমিস্যনরেরা যেরূপ হুকুম করেন সেইরূপে ঐ জোবানবন্দী লেখা যাইবেক। এবং যাঁহার জোবানবন্দী সেইরূপে লওয়া যায় তাহার উত্তর কমিস্যনরেরদের বোধে যদি প্রবঞ্চক অথবা মিথ্যা হয় অথবা সেইরূপ তলবহওয়া ব্যক্তি ঐ কমিস্যনরেরদের অথবা তাঁহারদের মধ্যের কোন এক জনের ন্যায্য জিজ্ঞাসার উত্তর দিতে স্বীকার না করে অথবা যদি সেই ব্যক্তির বিষয়ে এইমত প্রমাণ হয় যে ঐ ব্যক্তির দেয় উক্ত কোন টাক্সের সম্পূর্ণ মূল্য তাহার উপর আইনমতে ধার্য্যকরা বিফল করণের অভিপ্রায়ে অথবা ঐ টাক্স না দেওনের কিম্বা তাহা দেওনে বিলম্ব করিবার অভিপ্রায়ে তাহার উপর জারীহওয়া কোন তফসীল বা বিল অথবা সমন কি দাওয়ার চিঠী লইতে অস্বীকার করিয়াছে অথবা তাহা খামখা বিনষ্ট বা বিরূপ করিয়াছে অথবা বেআইনীমতে আপনার নিকটে রাখিয়াছে অথবা যদি তাহার বিষয়ে এই প্রমাণ হয় যে ঐ ব্যক্তি জানিয়া শুনিয়া অথবা ঘোর শৈথিল্যক্রমে জোবানীতে অথবা লিখনের দ্বারা উক্ত কমিস্যনর-

or Officers, whereby they or any Assessor or person employed by them shall be misled in making any assessment, or in case the party summoned shall refuse, or without lawful excuse neglect to appear before the said Commissioners, in pursuance of such summons, such person shall for any of the above-mentioned offences be liable to such penalty, not exceeding one hundred rupees, as shall be set on him by the said Commissioners.

LI. All arrears of taxes and penalties due under the said Statute 33 George III., Act XVI. 1847, and this Act, and the costs and charges of recovering the same may be recovered at any time after the day on which the person liable to pay such arrears has been summoned to appear before the Commissioners, as provided by Section XLVIII. under a warrant to be issued for that purpose under the hand and seal of one of the said Commissioners, by distress and sale of any goods and chattels within the Town of Calcutta, belonging to the person liable to make good the same or referred to in any proceeding in respect of which any such penalty is imposed, or costs and charges incurred, or being at any time within the house or building, or upon the ground in respect of which any such assessment is made: and every such Warrant of Distress may be in the form (E,) contained in the third Schedule annexed to this Act.

LII. The Bailiff shall make an inventory of all goods and chattels seized under any such warrant, and shall give a notice in writing in the form (F,) contained in the third Schedule annexed to this Act, to the person in possession thereof at the time of the seizure, that the said goods and chattels will be appraised and sold in manner therein mentioned.

LIII. If the warrant is not in the meantime discharged or suspended by one or more of the said Commissioners, the goods and chattels seized shall be appraised and sold under the orders of the Commissioners, who shall apply the proceeds in discharge of the arrears, or penalty, and costs, and the surplus, if any, shall be returned, on demand, to the person in possession of the goods and chattels at the time of the seizure; and the fees upon every such proceeding shall be such as are contained in the Table contained in the fourth Schedule annexed to this Act.

LIV. Instead of proceeding by distress and sale, the Commissioners, if they think fit, may authorize any Collector or other Officer to sue the person liable to pay any rates, taxes or penalties under the said Statute 33 George III, Act XVI. 1847, or this Act, for any arrears of such rates, taxes or penalties, in the Calcutta Court of Small Causes; and all such suits may be prosecuted by such Collector or other Officer in the name of the Commissioners; and the costs, if any, incurred in any such suit, which are not recovered in the suit may be defrayed out of the taxes levied under this Act.

নিগকে বা তাঁহারদের কোন এক জনকে অথবা তাঁহারদের আসেসর বা আমলারদের কোন ব্যক্তিকে এইমত মিথ্যা সম্বাদ দিয়াছে যে ঐ কমিস্যনরেরা অথবা কোন আসেসর বা তাঁহারদের দ্বারা নিযুক্ত কোন ব্যক্তি টাক্স ধার্য্য করণে ভ্রম করেন অথবা তলবহওয়া ব্যক্তি সমন পাইয়া সেই সমনক্রমে উক্ত কমিস্যনরেরদের সম্মুখে যদি হাজির হইতে স্বীকার না করে অথবা মাতবর কারণ বিনা হাজির হইতে ত্রুটি করে তবে ঐ ব্যক্তি উপরের উক্ত কোন অপরাধের জন্যে এক শত টাকার অধিক না হয় এমত যে জরীমানা ঐ কমিস্যনর তাহার দিতে হুকুম করেন তাহা দিবার দায়ী হইবেক ইতি।

৫১ ধারা। উক্ত তৃতীয় জর্জের ৩৩ বৎসরীয় আইন এবং ১৮৪৭ সালের ১৬ আইন এবং এই আইন অনুসারে দেয় সকল টাক্স ও জরীমানার বাকী টাকা ও তাহা আদায় করণের সকল খরচখরচা ঐ বাকী দিবার দায়ি ব্যক্তিকে ৪৮ ধারার বিধানমতে যে দিবসে কমিস্যনরেরদের নিকট হাজির হইতে তলব হইয়াছে সেই দিবসের পর কোন সময়ে তাহা উক্ত কোন এক জন কমিস্যনরের দস্তখৎ ও মোহরকরা ও তন্নিমিত্তে বাহিরহওয়া ওয়ারেণ্টক্রমে যে ব্যক্তি সেই টাক্স দিবার দায়ী আছে তাহার কলিকাতা শহরের মধ্যে থাকা কোন মাল ও জিনিস অথবা যে কোন কার্য্যের বিষয়ে ঐরূপ জরীমানা করা গিয়াছে অথবা সেইরূপ খরচখরচা লাগিয়াছে সেই কার্য্যের মধ্যে যে কোন মাল ও জিনিসের উল্লেখ থাকে তাহা অথবা যে ঘর কি এমারৎ কি জমীর বাবৎ ঐ টাক্স ধার্য্য হয় সেই বাটীতে কিম্বা এমারতে বা ভূমিতে যে কোন মাল কি জিনিস কোন সময়ে থাকে তাহা ক্রোক ও নীলামের দ্বারা আদায় হইতে পারে। এবং ঐরূপ প্রত্যেক ক্রোকী পরওয়ানা এই আইনের শেষের লিখিত তৃতীয় তফসীলের (E) চিহ্নিত পাঠানুসারে হইতে পারে ইতি।

৫২ ধারা। ঐ ওয়ারেণ্টক্রমে যে মাল ও জিনিস ক্রোক হয় তাহার এক তালিকা বেইলিফ প্রস্তুত করিবেন এবং ক্রোক করণের সময়ে ঐ মাল যে ব্যক্তির দখলে ছিল সেই ব্যক্তিকে এই আইনের শেষের লিখিত তৃতীয় তফসীলের (F) চিহ্নিত পাঠানুসারে এই মজমুনের এক লিখিত এত্তেলা দিবেন যে ঐ মাল ও জিনিস তাহার মধ্যের লিখিত প্রকারে যাচাই ও নীলাম হইবেক ইতি।

৫৩ ধারা। যদি ঐ ওয়ারেণ্টক্রমে টাক্স না দেওয়া যায় অথবা যদি তাহা এক বা ততোধিক কমিস্যনরের দ্বারা স্থগিত না হয় তবে ক্রোকহওয়া মাল ও জিনিস কমিস্যনরেরদের হুকুমানুসারে যাচাই ও নীলাম হইবেক। এবং তাঁহারা ঐ নীলামের উৎপন্ন লইয়া ঐ বাকী টাক্স অথবা জরীমানা এবং খরচা পরিশোধ করিবেন এবং যদি কিছু অবশিষ্ট থাকে তবে ক্রোক হওনের সময়ে মাল ও জিনিস যে ব্যক্তির দখলে ছিল সেই ব্যক্তির দাওয়াক্রমে তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক। এবং এইরূপ প্রত্যেক কার্য্যের রসুম এই আইনের শেষের লিখিত চতুর্থ তফসীলের ফিরিস্তির মধ্যে যেরূপ লেখা আছে সেইরূপ হইবেক ইতি।

৫৪ ধারা। কমিস্যনরেরা উচিত বোধ করিলে ক্রোক ও নীলামের দ্বারা কর্ম্ম নির্ব্বাহ না করিয়া উক্ত তৃতীয় জর্জের ৩৩ বৎসরীয় আইন এবং ১৮৪৭ সালের ১৬ আইন অথবা এই আইন অনুসারে যে ব্যক্তি কোন কর বা টাক্স কিম্বা জরীমানা দেওনের যোগ্য হন সেই ব্যক্তির নামে ঐ কর বা টাক্স কি জরীমানার জন্যে কলিকাতার অল্প মূল্যের মোকদ্দমার আদালতে নালিশ করিতে কোন কালেক্টর বা অন্য আমলাকে ক্ষমতা দিতে পারেন এবং ঐ কালেক্টর অথবা অন্য আমলা কমিস্যনরেরদের নামে ঐ মোকদ্দমা চালাইতে পারেন। এবং এমত কোন মোকদ্দমায় যে কোন খরচা লাগে তাহা যদি মোকদ্দমাতে উসুল না হয় তবে এই আইনানুসারে আদায়হওয়া টাক্সহইতে দেওয়া যাইবেক ইতি।

LV. Every Bill, Notice, Schedule, Summons or Notice of Demand regarding any taxes under the said Act of Parliament, Act XVI. of 1847, or this Act, may be served personally upon the person to whom the same is addressed or left with his door-keeper, or some inmate of his place of abode; and when any person shall, by keeping his place of abode or business closed, or by absconding, or by violence or threats, prevent any Officer or Servant of the said Commissioners from serving any Bill, Notice, Schedule, Summons or Notice of Demand as herein directed, such Bill, Notice, Schedule, Summons or Notice of Demand shall be duly served, by fixing the same conspicuously on some part of the outer wall, gate or door of the house or place of business, or of the enclosure in which it stands.

৫৫ ধারা। উক্ত আক্টপার্লিমেন্টের আজ্ঞা, ১৮৪৭ সালের ১৬ আইন কিম্বা এই আইন অনুসারে বাটীর টাক্সের বিষয়ে যে প্রত্যেক বিল অথবা এত্তেলা কি তফসীল কি সমন কি দাওয়ার এত্তেলা পাঠাইতে হয় বা জারী করিতে হয় তাহা যে ব্যক্তির প্রতি দেওয়া যায় সেই ব্যক্তির নিজের উপর জারী হইতে পারে অথবা তাহার দরওয়ানকে বা তাহার বাসার কোন নিবাসিকে দেওয়া যাইতে পারে। এবং যখন কোন ব্যক্তি আপনার নিবাসের কি ব্যবসায়ের স্থান বন্ধ রাখণ বা পলায়নের দ্বারা কিম্বা বলপূর্ব্বক কি তর্জ্জনগর্জ্জন করিয়া উক্ত কমিস্যনরেরদের কোন আমলা অথবা চাকরের এই আইনের নিরূপিতমত কোন বিল বা এত্তেলা বা তফসীল কি সমন কিম্বা দাওয়ার এত্তেলা জারী করণের প্রতিবন্ধকতা করে তখন ঐ বিলপ্রভৃতি ঐ বাটীর অথবা ব্যবসায়ের স্থানের অথবা তাহা যে জায়গার মধ্যে থাকে সেই জায়গার বাহিরের দেওয়াল বা দরওয়াজা কি ফটকে লট্কান গেলে ঐ বিল বা এত্তেলা কি তফসীল বা সমন বা দাওয়ার এত্তেলা রীতিমত জারী হইয়াছে এমত জ্ঞান হইবেক ইতি।

LVI. No distress levied under the authority of this Act shall be unlawful, nor shall any party making the same be deemed a trespasser on account of any defect or want of form in the Notice, Schedule, Summons, Notice of Demand, Warrant of Distress, Inventory or other proceeding relating thereto, nor shall he be a trespasser from the beginning on account of any irregularity afterwards committed by him.

৫৬ ধারা। কোন এত্তেলা বা তফসীল বা সমন অথবা দাওয়ার এত্তেলা কিম্বা ক্রোকের পরওয়ানা কি তালিকা বা তৎসম্পর্কে অন্য কোন লিপিতে কোন ভুল বা বেদাঁড়া হওয়াপ্রযুক্ত এই আইনানুসারে যে কোন ক্রোক হয় তাহা বেআইনী বোধ হইবেক না এবং যে ব্যক্তি সেই ক্রোক করে সেই ব্যক্তি তৎপ্রযুক্ত অপরাধী জ্ঞান হইবেক না। এবং সেই ব্যক্তি পরিশেষে যদি কোন বেদাঁড়া কর্ম্ম করে তবে তজ্জন্যে প্রথমঅবধি অপরাধী জ্ঞান হইবেক না ইতি।

LVII. The said Commissioners shall, from time to time, subject to the approval of the Governor of the Presidency of Fort William in Bengal, make rules for regulating their proceedings under this Act, and for the regulation of the time and manner of assessing, demanding and collecting the taxes specified in this Act, and the Schedules hereunto annexed, and for altering any of the forms set forth in the said Schedules

৫৭ ধারা। উক্ত কমিস্যনরেরা সময়ক্রমে এই আইনানুসারে আপনারদের কার্য্যের নিয়মের জন্যে এবং এই আইনের এবং তাহার শেষের লিখিত তফসীলের নির্দ্দিষ্ট টাক্স বসাওন ও তাহার দাওয়া করণের ও আদায় করণের সময় ও প্রকারের নিরূপণের জন্যে এবং উক্ত তফসীলের নির্দ্দিষ্ট কোন পাঠ মতান্তর করণের জন্যে বিধান করিতে পারেন। কিন্তু তাহাতে বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবর্নর সাহেবের মঞ্জুরীর অপেক্ষা থাকিবেক ইতি।

LVIII. The goods and chattels of the owner of any house, building or ground rated under the said Statute 33, Geo III., Chapter LII., Section 158, Act XVI. 1847, or this Act, shall be liable to be distrained anywhere (except goods and chattels concealed as hereinafter mentioned) for deficiency in the payment of rates; and it shall not be necessary in any assessment, rate or tax, or warrant of distress under the said Statute, Act XVI. 1847, or this Act, to specify the names of the owners or occupiers of houses, buildings, or ground; but it shall be sufficient if the house, building, or ground in respect of which the tax is assessed be identified, and in the case of houses numbered in any street, that the name of the street and the number of the house be specified.

৫৮ ধারা। মৃত তৃতীয় জর্জের ৩৩ বৎসরীয় উক্ত আইনের ৫২ অধ্যায়ের ১৫৮ ধারাক্রমে এবং ১৮৪৭ সালের ১৬ আইনক্রমে অথবা এই আইনক্রমে বাটী বা এমারৎ বা ভূমির উপর যে টাক্স বসান যায় সেই টাক্স না দেওয়া গেলে সেই বাটীপ্রভৃতির মালিকের মাল ও জিনিস যে কোন স্থানে থাকে ক্রোক হইবার যোগ্য হইবেক (কেবল পশ্চাৎ লিখিতমতে লুক্কায়িত মাল ও জিনিস বর্জ্জিত থাকিবেক)। এবং উক্ত আক্ট পার্লিমেন্টের এবং ১৮৪৭ সালের ১৬ আইনের অথবা এই আইনের অনুসারে যে কোন বাটীর উপর টাক্স বা কর বসান যায় বা ক্রোকী পরওয়ানা বাহির হয় তাহার মধ্যে বাটী বা এমারৎ কি ভূমির মালিক অথবা দখীলকারেরদের নাম লিখিবার আবশ্যক হইবেক না। কিন্তু যে বাটী কি এমারৎ কিম্বা ভূমির উপর টাক্স বা কর বসান যায় তাহা যদি চেনা যাইতে পারে তবে তাহা প্রচুর হইবেক এবং কোন রাস্তায় নম্বরকরা বাটীর বিষয়ে হইলে যদি ঐ রাস্তার নাম এবং ঐ বাটীর নম্বর বিশেষ করিয়া লেখা থাকে তবে তাহাতে কর্ম্ম সিদ্ধ হইবেক ইতি।

LIX. All goods and chattels, which shall be found upon any premises rated, shall be liable to be distrained for any penalties incurred by any owner or occupier thereof, or for any arrears of rates or taxes assessed in respect thereof; and, if the said goods and chattels belong to the occupier of such premises, and the distraint is made in respect of any arrear of tax for any time during which he was not

৫৯ ধারা। যে বাটীপ্রভৃতির টাক্স নিরূপণ হইয়াছে তাহার মধ্যে যে সকল মাল ও জিনিস পাওয়া যায় তাহা মালিকের কিম্বা দখীলকারের নামে হওয়া কোন জরীমানা অথবা তাহার উপর যে কোন টাক্স কিম্বা কর বসান যায় তাহার বাকীর জন্যে ক্রোক হওনের যোগ্য হইবেক। এবং যদি ঐ মাল ও জিনিস ঐ বাটীর দখীলকারের হয় এবং সে ব্যক্তি যে সময়ে দখীলকার না ছিল সেই সময়ের বাকী টাক্সের নিমিত্তে হয় কিম্বা এই আইনানুসারে যে

the occupier thereof, or which under this Act is charged on the owner instead of the occupier, or for any penalty for which such occupier is not personally liable, such occupier may deduct the amount of the levy made upon his goods and chattels or of any payment made by him in order to prevent such levy from the following payments of his rent. If they belong to any person other than the occupier of the premises, or, if no further rent is payable by such occupier, he may in such case recover the amount so paid or levied by suit in the Calcutta Court of Small Causes from the owner of the premises, as for money paid on his behalf.

LX. Every person shall be entitled to have from the Secretary to the Commissioners, on application at their Office, and on payment of a fee of four annas, a certificate specifying the last quarter in respect of which the taxes on account of any house, building or ground are paid.

LXI. When there is reason to believe that goods and chattels, liable to distress under the said Statute, Act XVI. 1847, or this Act, are concealed in any zenana, the officer charged with the execution of the warrant shall make a special report to the Commissioner granting the same, who shall thereupon follow as closely as may be the rules for the seizure of goods and chattels in like cases adopted by Her Majesty's Supreme Court of Judicature.

LXII. Every person, who wilfully obstructs or molests the said Commissioners, or any one of them or their Secretary, or any of their Officers or servants in the performance of their respective duties under the said Act of Parliament or this Act, shall be liable, on summary conviction before a Justice of the Peace on his own confession, or the oath of one or more witnesses, to forfeit and pay a penalty not exceeding fifty rupees.

LXIII. No suit other than such appeal against a rate as aforesaid shall be brought against the Commissioners or any of them or their Officers for any thing done under authority or colour of this Act, until twenty-one days' notice thereof has been given in writing to the person against whom the suit is intended to be brought, nor after sufficient satisfaction or tender thereof has been made to the person aggrieved, nor after three calendar months next after the act committed for which such suit is brought.

LXIV. In any such suit the defendant may plead the general issue and give this act and any special matter in evidence on the trial; and, if the act complained of shall appear to have been lawfully done under authority of this Act, or if it shall appear that such suit was brought before such notice given thereof as aforesaid, or that sufficient satisfaction was made or tendered as aforesaid, or if any such suit shall be begun after the end of the said

টাক্স মালিকের দেয় হইয়া দখীলকারের নিকট হইতে তাহার নিমিত্তে অথবা যে জরীমানার জন্যে দখীলকার নিজে দায়ী না হয় তাহার নিমিত্তে যদি ঐ ক্রোক হয় তবে ঐ ভাড়াটিয়া ব্যক্তির যে মাল ও জিনিস ক্রোক হইয়াছে তাহার মুল্য অথবা ঐ ক্রোক না হইবার নিমিত্তে যে কোন টাকা দিয়া থাকে তাহা তৎপরে তাহার দেয় ভাড়াহইতে বাদ দিতে পারে। যদি ঐ জিনিস বাটীপ্রভৃতির দখীলকার ভিন্ন অন্য ব্যক্তির হয় অথবা যদি ঐ দখীলকারের স্থানে আর ভাড়া পাওনা না থাকে তবে সে ব্যক্তি কলিকাতার অল্প মুল্যের মোকদ্দমার আদালতে মোকদ্দমা করিয়া বাটীপ্রভৃতির মালিকের নিমিত্তে দেওয়া টাকাস্বরূপ ঐ প্রকারে দেওয়া কিম্বা উসুল হওয়া টাকা মালিকের স্থানে ফিরিয়া পাইতে পারে ইতি।

৬০ ধারা। যে কোন ব্যক্তি কমিস্যনরেরদের দফ্তরখানায় দরখাস্ত করে ও চারি আনা রসুম দেয় সে ব্যক্তি শেষ যে তিন মাসের বাবৎ কোন বাটী কি এমারৎ কি ভূমির টাক্স দেওয়া গিয়াছে তাহার এক সর্টিফিকট কমিস্যনরেরদের সেক্রেটারীর স্থানে পাইতে পারে ইতি।

৬১ ধারা। যখন ইহা বোধ করণের কারণ হয় যে উক্ত আক্‌ট পার্লিমেন্ট এবং ১৮৪৭ সালের ১৬ আইন অথবা এই আইন অনুসারে যে মাল ও জিনিস ক্রোক হওনের যোগ্য হয় তাহা কোন জনানা মহলে লুক্কায়িত আছে তখন ঐ ওয়ারেণ্ট জারী করণের ভারপ্রাপ্ত কর্মকারক পরওয়ানাদেওনিয়া কমিস্যনরের নিকটে তাহার বিষয়ের এক বিশেষ রিপোর্ট করিবেন। এবং শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে সেই প্রকার গতিকে মাল ও জিনিস ক্রোক করণার্থে যে২ নিয়ম চলন আছে সাধ্যপর্য্যন্ত ঐ কমিস্যনর সেই২ নিয়মানুসারে কার্য্য করিবেন ইতি।

৬২ ধারা। যে কোন ব্যক্তি উক্ত কমিস্যনর অথবা তাহারদের কোন এক জনের কিম্বা তাঁহারদের সেক্রেটারী সাহেবের কি তাঁহারদের কোন আমলা বা চাকরেরদের উক্ত আক্‌ট পার্লিমেন্ট কিম্বা এই আইন অনুসারে আপন২ নির্দ্দিষ্ট কার্য্যের জানিয়া শুনিয়া ব্যাঘাত বা উত্যক্ত করে সেই ব্যক্তির অপরাধ আপনার কবুলক্রমে অথবা এক বা ততোধিক সাক্ষির শপথক্রমে কোন জষ্টিস অফ দি পীসের সম্মুখে সরাসরীরূপে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

৬৩ ধারা। পূর্ব্বোক্তমতে টাক্সের বিষয়ে যে আপীল হয় তদ্ভিন্ন কমিস্যনরেরা কিম্বা তাঁহারদের কোন এক জন অথবা তাঁহারদের কোন আমলা এই আইনের ক্ষমতাক্রমে কিম্বা ক্ষমতার ছলে যে কোন কর্ম্ম করিয়া থাকেন তাহার বিষয়ে যাহার নামে নালিশ করিবার অভিপ্রায় থাকে তাহাকে একুশ দিন থাকিতে তদ্বিষয়ের এত্তেলা লিখনের দ্বারা না দেওয়া গেলে তাহারদের কোন কাহার নামে নালিশ হইতে পারে না। এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তির যদি উপযুক্তমতে ক্ষতিপূরণ করা গিয়াছে কিম্বা ক্ষতিপূরণের প্রস্তাব হইয়াছে তবে নালিশ হইতে পারে না। এবং যে কর্ম্মের নিমিত্তে ঐ নালিশ হয় সেই কর্ম্ম করা গেলে পরেই সম্পূর্ণ তিন মাস অতীত হইলে নালিশ হইতে পারে না ইতি।

৬৪ ধারা। এমত কোন মোকদ্দমায় আসামী মোকদ্দমার বিষয়ে সাধারণ জওয়াব করিতে পারে এবং বিচারের সময়ে এই আইন ও অন্য বিশেষ বিষয় সাক্ষ্যস্বরূপ উপস্থিত করিতে পারে। এবং যে কার্য্যের বিষয়ে নালিশ হয় তাহা যদি এই আইনের ক্ষমতাক্রমে যথার্থমতে করা গিয়াছে দৃষ্ট হয় কিম্বা যদি দৃষ্ট হয় যে পূর্ব্বোক্তমতে মোকদ্দমার বিষয়ের এত্তেলা পুর্ব্বে না দিয়া ঐ মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে অথবা পূর্ব্বোক্তমতে উপযুক্ত ক্ষতিপূরণ হইয়াছিল কি ক্ষতিপূরণের

period of three calendar months, judgment shall be given for the defendant.

LXV. If in any such suit judgment be given for the defendant, or if the plaintiff be nonsuited or discontinue the said suit, the defendant shall be entitled to his costs as between attorney and client, and shall have such remedy for recovery thereof, as any defendant has for his costs in any other case by law.

LXVI. The whole proceeds of the said taxes, after paying all salaries, establishments and incidental expenses of the said Commissioners, shall, with such monies as the Governor of the Presidency of Fort William in Bengal, with the sanction of the Governor General of India in Council, may direct to be paid to the said Commissioners, be applied by them to the following purposes, that is to say—

1st. Cleansing, repairing, lighting and watering the roads and streets.

2dly. Constructing new drains and sewers, and cleansing and repairing or filling up and abolishing old drains and sewers.

3dly. Filling up stagnant pools of water, holes in the earth and all receptacles for filth and rubbish, and removing obstructions in or on the roads, and to the free circulation of air.

4thly. Formation of Tanks and Aqueducts for the conveyance of water to all parts of the Town.

5thly. Opening of Streets and Squares in crowded parts of the Town.

6thly. Improving and embellishing the said Town generally.

LXVII. In construing this Act all words used in the singular number shall be held to include several persons and things, and words in the plural shall be held to include the singular number, and all words importing the masculine gender shall extend and be applied to females as well as males, unless there is something in the context inconsistent with such construction.

প্রস্তাব হইয়াছিল অথবা উক্ত সম্পূর্ণ তিন মাস বিয়াদের শেষ হওনের পর এইমত কোন মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে তবে আসামীর পক্ষে ডিক্রী হইবেক ইতি।

৬৫ ধারা। যদি এমত কোন মোকদ্দমার আসামীর পক্ষে ডিক্রী হয় অথবা যদি ফরিয়াদীকে ননসুট করা যায় কিম্বা ফরিয়াদী যদি মোকদ্দমা উঠাইয়া লয় তবে উকীল মওক্কেলের মধ্যে যে প্রকারে খরচা পাইবার স্বত্ত্ব আছে সেই প্রকারে আসামীও খরচা পাইতে পারে এবং অন্যান্য মোকদ্দমায় আসামী আইনক্রমে যেপ্রকারে খরচা আদায় করিয়া থাকে সেপ্রকারে আসামী ঐ খরচা ফিরিয়া পাইতে পারে ইতি।

৬৬ ধারা। উক্ত টাক্সের উৎপন্ন সকল টাকা লইয়া প্রথমে ঐ কমিস্যনরেরদের সকল মাহিয়ানা ও সিরিশ্তার খরচ এবং বাজেখরচ দেওয়া যাইবেক এবং তৎপর সেই টাক্সের টাকা এবং বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবর্নর সাহেব শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতিক্রমে যে২ টাকা ঐ২ কমিস্যনরকে অর্পণ করিতে হুকুম দেন তাহা পশ্চাৎ লিখিত কার্য্যে ব্যয় হইবেক ইতি।

প্রথম। পথ ও রাস্তা পরিষ্কার করণ ও মেরামৎ করণ ও তাহাতে আলো দেওন ও জল দেওন।

দ্বিতীয়। নূতন নরদমা ও মল্লরি প্রস্তুত করণ এবং পুরাণ নরদমা ও মল্লবি পরিষ্কার করণ কি মেরামৎ করণ অথবা পূর্ণ করণ এবং রহিত করণ।

তৃতীয়। অপ্রবাহ জলাশয় ও মৃত্তিকার মধ্যের সকল ডোবা ও ময়লা ও জঞ্জালের আধার পূর্ণ করণ এবং রাস্তার মধ্যে বা রাস্তার উপর বায়ুর স্বচ্ছন্দ গমনাগমনের বাধা উঠাইয়া দেওন।

চতুর্থ। শহরের সকল স্থানে জল দেওনার্থে পুষ্করিণী ও জলপথ খনন করণ।

পঞ্চম। শহরের যে২ স্থানে ঘর অতিঘন আছে সেই২ স্থানে রাস্তা ও চক প্রস্তুত করণ।

ষষ্ঠ। এবং সামান্যতঃ শহরের উত্তমতা করণ ও শোভা করণ।

৬৭ ধারা। এই আইনের অর্থ করণের সময়ে যে সকল কথা এক বচনে লেখা আছে তাহা নানা ব্যক্তি ও নানা বিষয়ও বুঝাইবেক এবং বহু বচনের কথা এক বচনেও বুঝাইবেক এবং পুংলিঙ্গেতে যে সকল কথা আছে তাহা যেমন পুরুষকে বুঝায় তেমনি স্ত্রীকেও বুঝাইবেক এমত বোধ করিতে হইবেক। কিন্তু তাহার পূর্ব্বাপর কথা দেখিয়া যদি এইরূপ অর্থকরা অসঙ্গত বোধ হয় তবে এইমত অর্থ করিতে হইবেক না ইতি।

FIRST SCHEDULE.

Form of Voting Ticket

Division.	Name of Rate payer.	Aggregate value of Houses, Buildings or Grounds for which he is assessed.	Total Assessment.

Entitled to ———— vote.

Secretary.

প্রথম তফসীল।

বোটের টিকিটের পাঠ।

পল্লী	টাক্স দেওনেয়া ব্যক্তির নাম	যত বাটী বা এমারৎ কি ভূমির কর দিতে হয় তাহার জুমলা মুল্য	[illegible]

তিনি এত বোট দেওনের যোগ্য।

শ্রী অমুক সেক্রেটারী।

Reverse.

I, the undersigned, being the rate-payer within described, do hereby give my vote for as Commissioner for the ( ) Division.

Calcutta,
The 18 .

Signature.

SECOND SCHEDULE.

Rates of Quarterly Assessment on Houses, Buildings and Grounds.

If valued

At a monthly rent of Less than Twenty Rupees, two annas and a half for each rupee of monthly rent.

.... Twenty Rupees and less than Sixty Rupees, three annas for each rupee of monthly rent.

.... Sixty Rupees and upwards, three annas and a half for each rupee of monthly rent.

THIRD SCHEDULE.

(A)

House Tax Bill.

Division No.	Premises No. — —
	— — — Dr.
Street No.	To Assessment on the abovementioned Premises for —— —— Quarter.
— ———	Rated at Rupees „ „ per Month Quarterly Assessment, Rs. „ „ „
Remit.	Received Payment,
	Calcutta, 1851. *Collector.*

(B)

Notice of Demand.

Number
Division
Street
House

Take Notice that I, on behalf of the Collector of Assessments, have demanded and demand from you the arrears of Taxes assessed upon you for the Quarter 18 under the provisions of Act 1851, amounting to Rupees , and that if the same be not paid into the Collector's Office within five days after this demand, you will be returned as a defaulter, and will be liable to the expenses of any further proceedings.

For the Collector,

Collecting Sircar.

Calcutta,
This *day of*
18 .

[*Government Gazette*, *19th August, 1851.*]

তাহার পৃষ্ঠে।

আমি নীচের লিখিত এই টিকিটের মধ্যের নির্দ্দিষ্ট টাক্সদেওনিয়া অমুক ( ) পল্লীর জন্যে কমিস্যনর হওনার্থে অমুক ব্যক্তিকে ইহার দ্বারা আমার বোট দিতেছি।

শ্রী অমুক।

কলিকাতা।
সন মাস তারিখ।

দ্বিতীয় তফসীল।

বাটী ও এমারৎ ও ভূমির উপর ত্রৈমাসিক করের নিরিখ।

যদি তাহার মাসিক ভাড়া কুড়ি টাকার কম হয় তবে মাসিক ভাড়ার প্রত্যেক টাকার উপর তিন২ মাসের জন্যে আড়াই আনা।

যদি মাসিক ভাড়া কুড়ি টাকা হয় এবং ষাইট টাকার কম হয় তবে মাসিক ভাড়ার প্রত্যেক টাকার উপর তিন২ মাসের জন্যে তিন আনা।

যদি মাসিক ভাড়া ষাইট টাকা হয় এবং তাহাহইতে অধিক হয় তবে মাসিক ভাড়ার প্রত্যেক টাকার উপর তিন২ মাসের জন্যে সাড়ে তিন আনা।

তৃতীয় তফসীল।

(A)

ঘরের টাক্সের বিল।

পল্লীর নম্বর	অমুক নম্বরের বাটী কি ভূমি ,
	শ্রী অমুক ——— ——দায়ী।
রাস্তার নম্বর	অমুক তিন মাসের নিমিত্তে উপরোক্ত বাটী কি ভূমির উপর টাক্স।
———	মাসিক ... টাকা ভাড়া ধরা গেল ত্রৈমাসিক টাক্স ....
পাঠাও	বুঝিয়া পাইলাম। অমুক। কালেক্টর।

কলিকাতা। ১৮৫১ সাল।

(B)

নম্বর
পল্লী
রাস্তা
বাটী

দাওয়ার এত্তেলা।

তোমাকে এত্তেলা দেওয়া যাইতেছে যে আমি ঘরের টাক্সের কালেক্টরের পক্ষে ১৮৫১ সালের অমুক আইনের বিধির অনুসারে অমুক সনের অমুক তিন মাসের জন্যে তোমার উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহার বাকী এত টাকা তোমার স্থানে দাওয়া করিয়াছি এবং দাওয়া করিতেছি। এবং এই দাওয়া হওনের পর যদি পাঁচ দিনের মধ্যে ঐ টাকা কালেক্টরের খাজানাখানায় দাখিল না হয় তবে তোমার নামে বাকীদারের ন্যায় রিপোর্ট হইবেক এবং অন্য যে কোন কার্য্য করিতে হয় তাহার খরচার বিষয়ে দায়ী হইবা।

কালেক্টরের জন্যে

শ্রী অমুক টাকা আদায়ের সরকার।

কলিকাতা।
সন মাস তারিখ।

(C)

Summons to pay.

No.

To

Number
Division
Street
House
Quarter

You are hereby summoned to appear personally before the Commissioners for the Improvement of the Town of Calcutta, at o'Clock on the day of 18 , to answer to a complaint made against you by the Collector of Assessments for non-payment of the Taxes imposed on you under the Provisions of Act 1851, for the (Quarter,) that is to say . the months of amounting to Rupees .

Given under my hand this day of 18 . A. B.

(D)

Summons to give Evidence

To

Under the authority of Act 1851, you are hereby summoned to appear personally before the Commissioners for the Improvement of the Town of Calcutta, at o'Clock on the day of 18

(here set out the cause of Summons)

Given under my hand this day of 18 . A. B.

(E)

DISTRESS WARRANT.

Town of Calcutta.

To One of the Bailiffs for the Commissioners for the Improvement of the Town of Calcutta.

Number
No. of Division
Street
House

Whereas of in the said Town is this day duly convicted before of the Commissioners for the Improvement of the Town of Calcutta, for that the said doth refuse to pay, and hath not yet paid the taxes on houses, buildings and lands, to which he is assessed under the Provisions of the said Act, (or the penalty, &c.,) amounting to the sum of Co.'s Rs. although the said sum has been demanded of him, and five days have lapsed since such demand. This is to command you to distrain the Goods and Chattels of the said within the said Town, or any Goods and Chattels, which you may

(C)

টাকা দেওনের সমন।

নম্বর।

শ্রী অমুক প্রতি আগে।

নম্বর।
পল্লী।
রাস্তা।
ঘর।
তিন মাস।

কলিকাত্তা শহর উত্তম করণার্থ কমিস্যনরেরদের সম্মুখে অমুক সনের অমুক মাসের অমুক দিবসের অমুক ঘণ্টার সময়ে স্বয়ং হাজির হইতে এবং অমুক তিন মাসের জন্যে ১৮ সালের অমুক নম্বরী আইনের বিধির অনুসারে তোমার উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা না দেওনের বিষয়ে ঐ টাক্স আদায়ের কালেক্টর তোমার নামে যে নালিশ করিয়াছেন তাহার জওয়াব দিতে ইহার দ্বারা তোমার উপর সমন দেওয়া গেল। বিশেষতঃ অমুক মাসের জন্যে এত টাকা।

অমুক সনের অমুক মাসের অমুক তারিখে আমার দ্বারা এই সমনে দস্তখৎ হইল।

শ্রী অমুক।

(D)

সাক্ষ্য দেওনের সমন।

শ্রী অমুক প্রতি আগে।

১৮৫১সালের অমুক নম্বরী আইনের ক্ষমতাক্রমে কলিকাত্তা শহর উত্তম করণার্থ কমিস্যনরেরদের সম্মুখে অমুক সনের অমুক মাসের অমুক তারিখের অমুক ঘণ্টার সময়ে স্বয়ং হাজির হইতে ইহার দ্বারা তোমাকে সমন দেওয়া গেল।

(এই স্থানে সমনের কারণ লিখিতে হইবেক।)

অমুক সনের অমুক মাসের অমুক তারিখে আমার দ্বারা এই সমনে দস্তখৎ হইল।

শ্রী অমুক।

(E)

ক্রোকী পরওয়ানা।

শহর কলিকাত্তা

কলিকাত্তা শহর উত্তম করণার্থ কমিস্যনরেরদের তরফে এক জন বেইলিফ শ্রী অমুক প্রতি আগে।

নম্বর
পল্লীর নম্বর
রাস্তা
ঘর

যেহেতুক উক্ত শহরের অমুক স্থাননিবাসি অমুক ব্যক্তির বিষয়ে কলিকাত্তা শহর উত্তম করণার্থ কমিস্যনরেরদের জনের সম্মুখে অদ্য এই সাব্যস্ত হইয়াছে যে অমুক ব্যক্তির উক্ত আইনের বিধির অনুসারে যে বাটী ও এমারৎ ও ভূমির (অথবা জরীমানাপ্রভৃতি) এত টাকা ধার্য্য হইয়াছিল এবং সেই টাকা তাহার স্থানে দাওয়া হইয়াছিল এবং দাওয়ার পর পাঁচ দিন গত হইয়াছে কিন্তু অমুক ব্যক্তি সেই টাক্সপ্রভৃতি দিতে অস্বীকার করিয়াছে এবং এইপর্য্যন্ত সেই টাক্স দেয় নাই। অতএব তোমার প্রতি হুকুম হইয়াছে যে এত টাকাপর্য্যন্ত এবং এই ক্রোক করণের খরচার জন্যে আর যত টাকার আবশ্যক হয় সেই টাকাপর্য্যন্ত উক্ত শহরের মধ্যে উক্ত অমুক ব্যক্তির মাল ও জিনিস ক্রোক কর এবং যে বাটী কি ভূমির বাবৎ ঐ টাক্স পাওনা আছে তাহাতে যে কোন বস্তু ও অওয়াজিমা

find on the premises in respect of which the said taxes are due, to the amount of Co.'s Rs.
and such further sum as may be sufficient to defray the charges of making such distress; and if within five days next after such distress the said sum of Co.'s Rs. shall not be paid, to sell the said Goods and Chattels, and having paid out of the money arising by such sale, the said sum of Co.'s Rs. to the Collector of Assessment for the said Commissioners, and having deducted the necessary charges of taking, keeping and selling the said distress, to return the overplus, if any, on demand to the person whom you shall find in possession of the said goods and chattels.

Given under my hand and seal, this day of 185 .

One of the Commissioners for the Improvement of the Town of Calcutta.

পাও তাহা ক্রোক কর। এবং ঐ ক্রোক করণের পর যদি পাঁচ দিবসের মধ্যে উক্ত এত টাকা না দেওয়া যায় তবে উক্ত মাল ও জিনিস নীলাম কর এবং ঐ নীলামে যত টাকা পাওয়া যায় তাহাহইতে উক্ত কমিসানরেরদের টাক্স আদায়করণিয়া কালেক্টরকে এত টাকা দিবা এবং উক্ত ক্রোকী জিনিস লইবার ও রাখিবার ও নীলাম করণের আবশ্যক খরচ বাদ দিয়া যদি কিছু টাকা অবশিষ্ট থাকে তবে তাহা যাহার দখলে ঐ বস্তু ও লওয়াজিমা পাইয়াছিলা তাহার দাওয়াক্রমে তাহাকে ফিরিয়া দিবা।

অমুক সনের অমুক মাসের অমুক তারিখে আমার দ্বারা এই সমনে দস্তখৎ হইল।

শ্রীঅমুক।
কলিকাতা শহর উত্তম করণার্থ এক জন কমিসানর।

(F)

INVENTORY

Quarter
Number
No of
Division
Street
House

An Inventory of the several Goods and Chattels distrained by me Bailiff, No situated in for the sum of Company's Rupees Annas Pies being Arrears of Assessment due up to the day of last, for Taxes under the Provisions of Act (or being the amount of a penalty imposed on by of the said Commissioners) with the costs and charges for enforcing payment of the same

To

Take Notice, that I have this day distrained the several Goods and Chattels specified in the Inventory for Taxes under the Provisions of Act 1851, and that unless you pay the said sum, with the charges of distraining, into the Office of the Collector of Assessment, within five days from the date hereof, the said Goods and Chattels will be sold according to law.

Arrears, Rs.
Costs, „
Co.'s Rs.

Witness my hand, this day of 18 .

Bailiff.

(F)

তালিকা।

তিন মাস
নম্বর
পলার নম্বর
রাস্তা
ঘর

কোম্পানির এত টাকা এত আনা এত পাইয়ের জন্যে অর্থাৎ অমুক সালের অমুক নম্বরী আইনের বিধির অনুসারে অমুক দিবসপর্য্যন্ত ঘরের টাক্সের বাকীর বাবৎ অথবা উক্ত কমিসানরেরদের এক বা ততোধিক ব্যক্তির দ্বারা অমুক ব্যক্তির উপর যে জরীমানা হইয়াছিল তাহার সংখ্যার বাবৎ) এবং তাহা আদায় করণের খরচখরচার বাবৎ অমুক স্থানের অমুক নম্বরী বাটীতে আমার অর্থাৎ অমুক বেইলিফের দ্বারা যে নানা মাল ও জিনিস ক্রোক হইয়াছিল তাহার তালিকা।

শ্রী অমুক প্রতি আগে।
তোমাকে সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫১ সালের অমুক আইনের বিধির অনুসারে আমি ট্যাক্সের তালিকার মধ্যের নির্দ্দিষ্ট নানা মাল ও জিনিস ক্রোক করিয়াছি এবং এই তারিখের পর পাঁচ দিবসের মধ্যে যদি তুমি ঐ টাকা এবং ক্রোকের খরচ টাক্স আদায়করণিয়া কালেক্টরের খাজানাখানায় দাখিল না কর তবে ঐ মাল ও জিনিস আইনমতে নীলাম হইবেক।

বাকী টাক্স। ... টাকা।
খরচা। ...
জুমলা কোং টাকা।

অমুক সনের অমুক মাসের অমুক তারিখে আমার দ্বারা ইহাতে দস্তখৎ হইল।
শ্রী অমুক। বেইলিফ।

FOURTH SCHEDULE.

Table of Fees to be taken for proceedings under this Act.

	Rs.	As.
For every Summons to pay	1	0

In Distraints.

Sum Distrained for.			Fee. Rs.	As.
Under 5 Rupees,...			1	4
5 and under 10 Rupees,			2	0
10	„	15 „	2	8
15	„	20 „	3	8
20	„	25 „	4	4
25	„	30 „	5	0
30	„	35 „	5	8
35	„	40 „	6	8
40	„	45 „	7	12
45	„	50 „	8	8
50	„	60 „	10	0
60	„	80 „	11	8
80	„	100 „	13	0
Above 100		„	15	0

The above charge includes all expenses except when peons are kept in charge of property distrained, in which case 4 Annas must be paid daily for each man.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 25th day of August next.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of India.

চতুর্থ তফসীল।

এই আইনানুসারে কার্য্যের জন্যে যে রসুম লওয়া যাইবেক তাহার ফিরিস্তি।

টাকা দেওনের প্রত্যেক সমনের জন্যে ... ১৲ টাকা

ক্রোকের জন্যে।

যত টাকার জন্যে ক্রোক হয়		রসুম। কোং টাকা।
পাঁচ টাকার কম হইলে		১।০
পাঁচঅবধি এবং ১০৲ টাকার কম		২৲
১০৲	... ১৫৲	২॥০
১৫৲	... ২০৲	৩॥০
২০৲	... ২৫৲	৪।০
২৫৲	... ৩০৲	৫৲
৩০৲	... ৩৫৲	৫॥০
৩৫৲	... ৪০৲	৬॥০
৪০৲	... ৪৫৲	৭৸০
৪৫৲	... ৫০৲	৮॥০
৫০৲	... ৬০৲	১০৲
৬০৲	... ৮০৲	১১॥০
৮০৲	... ১০০৲	১৩৲
১০০৲	টাকার ঊর্দ্ধ	১৫৲

যে পেয়াদারদের জিম্মায় ক্রোকহওয়া সম্পত্তি থাকে তাহারদের খরচছাড়া সকল খরচা উক্ত ফিরিস্তির মধ্যে ধরা গিয়াছে। পেয়াদা নিযুক্ত হইলে প্রতিজনকে দিন প্রতি চারি আনা করিয়া দিতে হইবেক।

হুকুম হইল যে আগামি ২৫ আগষ্ট তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATION.

NOTICE is hereby given that, with reference to the number of passed candidates, there will be no examination at Calcutta, in 1852, of candidates for the Office of Pleader.

Examinations will be held at Patna, Dacca and Cuttack, under Rule 2; and in the Zillahs in which Pleaders may be required under Rule 31, of Circular Order No. 88, dated 19th April, 1850.

বিজ্ঞাপন।

সমাচার দেওয়া যাইতেছে যে পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তিরদের বর্ত্তমান সংখ্যা বিবেচনায় স্থির হইল যে ১৮৫২ সালে কলিকাতায় ওকালতীয় পরীক্ষা হইবে না।

পাটনা ও ঢাকা ও কটকে ১৮৫০ সালের ১৯ আপ্রেল তারিখের ৮৮ নং সরকুল্যর অর্ডরের ২ নিয়মানুসারে এবং যে২ জিলায় উকীলের আবশ্যক হয় সেই জিলায় ঐ সরক্যুলর অর্ডরের ৩১ নিয়মানুসারে পরীক্ষা হইবেক ইতি তাং ৭ আগষ্ট ১৮৫১।

বি জে কালবিন সাহেব। সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর।

اشتہار دیا جاتاہی کہ بلحاظ تعداد حال اُن اشخاص کی کہ جنکو امتحان مین سارٹیفکٹ ملی ہی سنہ ۱۸۵۲ مسیحی مین امتحان وکالت کا کلکتے مین نہین ہوگا مگر پٹنے و دھاکے وکٹک مین مطابق ضابطہ دوم و جن اضلاع مین کہ احتیاج وکیل کی ہو اُن مین مطابق ضابطہ سی و یکم مندرجہ سرکیولر آڈر نمبر ۸۸ مرقومہ انیسیا ۱۹ اپریل سنہ ۱۸۵۰ ع کے امتحان ہوگا مرقومہ ہفتم ۷ اگست سنہ ۱۸۵۱ ع

بی جی کالوین صاحب رجسٹر عدالت دیوانی صدر

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ১৯ আগষ্ট।]

১৮৫১ সালের সকলের দৃষ্টিগোচর পরীক্ষা।

১। প্রধান বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের এবং ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণানুসারে যে ফর্দ্দ বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দিবার হুকুম আছে সেই ফর্দ্দেতে যাহারা আপনং নাম লেখাইতে চাহে তাহারদের ইমতিহান নীচের লিখিত তারিখে ও ঘন্টার টৌনহালে হইবেক।

তারিখ।	বিষয়। প্রধান বৃত্তি।	দ্বিতীয় বৃত্তি।
১৭ সেপ্টেম্বর বুধবার	সাধারণ শাস্ত্রবিদ্যা ...	ব্যাকরণ।
১৮ " বৃহস্পতিবার	মানসিক ও নীতি বিদ্যা ..	পুরাবৃত্ত।
১৯ " শুক্রবার	পুরাবৃত্ত ...	মাথিমাটিক্‌স,
২০ " শনিবার	অমিশ্রিত মাথিমাটিক্‌স,	ভূগোল।
২২ " সোমবার	মিশ্রিত মাথিমাটিক্‌স ...	অনুবাদ।
২৩ " মঙ্গলবার	ইঙ্গরেজী এসে ...	শাস্ত্রবিদ্যা।
২৪ " বুধবার	বাঙ্গলা কিম্বা লাটিন এসে।	

পরীক্ষার কার্য্য প্রতিদিবস পূর্ব্বাহ্ণে ঠিক দশ ঘন্টাঅবধি ১॥ ঘন্টাপর্য্যন্ত এবং ২ ঘন্টাঅবধি ৫॥ ঘন্টাপর্য্যন্ত চলিবেক। সেই সময়ের মধ্যে পূর্ব্বাহ্ণের ও অপরাহ্ণের সমস্ত জিজ্ঞাসার লিখিত উত্তর অর্পণ করিতে হইবেক। কর্ম্মাকাঙ্ক্ষিরদের আপনং স্থানে বৈশনইত্যাদি কার্য্যেতে বিলম্ব না হয় এই জন্যে তাহারদিগকে প্রত্যেক পরীক্ষার নিরূপিত সময়ের পোনা ঘন্টা থাকিতে উপস্থিত হইতে পরামর্শ দেওয়া যাইতেছে।

২। নীচের লিখিত যেং সাহেবের নামের পাশে যেং বিষয় লেখা আছে ঐ সাহেবেরা বৃত্তির নিয়মানুসারে এসের বিষয় ও জিজ্ঞাসার কাগজ প্রস্তুত করিবেন।

ইঙ্গরেজী বৃত্তি।

প্রথম শ্রেণী।

ইঙ্গরেজী এসে ...	শ্রীযুত জে কার সাহেব। এম। এ।
রচনা বিদ্যা	শ্রীযুত আর জোন্স সাহেব।
শাস্ত্রবিদ্যা	শ্রীযুত কার সাহেব। এম। এ।
পুরাবৃত্ত বিদ্যা ...	শ্রীযুত এড উডরো সাহেব। এম। এ।
অমিশ্রিত ও মিশ্রিত মাথিমাটিক্‌স	শ্রীযুত আর থুএটস সাহেব। বি। এ।
বঙ্গ ভাষীয় এসে ...	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বাঁডুয্যা
লাটিন এসে	শ্রীযুত এড উডরো সাহেব। এম। এ।

দ্বিতীয় শ্রেণী।

ইঙ্গরেজী ব্যাকরণ ...	শ্রীযুত এ এস হারিসন সাহেব। বি। এ।
পুরাবৃত্ত	শ্রীযুত জি লুইস সাহেব।
গোলাধ্যায়	শ্রীযুত ডবলিউ গ্রেপাও সাহেব।
মাথিমাটিক্‌স ...	শ্রীযুত বি এল রীস সাহেব।
অনুবাদ	শ্রীযুত বাবু রামচন্দ্র মিত্র।

আরবীয় বৃত্তি।

কলিকাতার মদরসা	প্রথম ও দ্বিতীয় শ্রেণী ...	শ্রীযুত ডাক্তর স্প্রেঙ্গর সাহেব।
হুগলীর মদরসা	প্রথম ও দ্বিতীয় শ্রেণী ...	শ্রীযুত ডাক্তর স্প্রেঙ্গর সাহেব!

সংস্কৃত বৃত্তি।

প্রথম ও দ্বিতীয় শ্রেণী। শ্রীযুত মেজর জি টি মার্সাল সাহেব

৩। শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্ত ও মিশ্রিত ও অমিশ্রিত মাথিমাটিকস বিদ্যার বিষয়ে নীচের লিখিত পুস্তক ১৮৫০ সালে মনোনীত করা গিয়াছিল তাহাহইতে বর্ত্তমান বৎসরে ইমতিহানের কাগজপত্র প্রস্তুত করা যাইবেক।

প্রথম বৃত্তি।

প্রথম শ্রেণী।

শাস্ত্রবিদ্যা।

গদ্য—বেকনের নোবম অর্গানম প্রথম খণ্ড।

পদ্য—সেকসপিয়রের হামলেট।

পুরাবৃত্ত—ইদানীন্তন পুরাবৃত্তের বিষয়ে দ্বিতীয় খণ্ডভিন্ন আরনল্‌ড সাহেবের বক্তৃতা গ্রন্থ এবং ভূমিকাস্বরূপ বক্তৃতার ক্রোড়পত্র।

মানসিক বিদ্যা।—মনুষ্যের মানসিক গুণ বিষয়ে ষ্টুআর্ট সাহেবের পুস্তক তাহার ভূমিকা ও দ্বিতীয় খণ্ডের ১।২।৩।৪।৫ অধ্যায়।

মাথিমাটিক্‌স।

ডিফিরেন্সল ও ইনটিগ্রল কালকুলস।

দর্শন বিদ্যা। পটর সাহেবের।

জ্যোতির্বিদ্যা। ব্রিঙ্কলি সাহেবের।

দ্বিতীয় শ্রেণী।

শাস্ত্র বিদ্যা।

(প্রথম শ্রেণীর ন্যায়)

মাথিমাটিক্‌স।

ন্যূটন সাহেবের প্রিন্সিপিয়া। গুডউইন সাহেবের কিম্বা এবান্স সাহেবের কৃত।

সীমার নিয়ম এবং ডিফিরেন্সল ও ইনটিগ্রল কালকুলসের মূল নিয়ম।

আনালিটিকল জিয়োমেট্রি ও স্ফেরিকল ট্রিগোনমেট্রি।

স্থিত জলবিদ্যা। উএবষ্টর সাহেবের।

তৃতীয় শ্রেণী।

গ্রন্থ বিদ্যা।

(প্রথম শ্রেণীর তুল্য।)

মাথিমাটিক্‌স।

কনিক সেক্সেন। গুডউইন সাহেবের কৃত।

বীজগণিত বিদ্যাসম্পর্কীয় ইকুএসনের মূল নিয়ম।

শিল্প বিদ্যা। পটর ও মোবল সাহেবের কৃত।

চতুর্থ শ্রেণী।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।—জনসন সাহেবের রাসিলাস।

পদ্য।—গ্রে ও কালিন্স সাহেবের পুস্তকহইতে সংগৃহীত রিচার্ডসন সাহেবের পুস্তক।

পুরাবৃত্ত।—এলফিনষ্টন সাহেবের ভারতবর্ষীয়। প্রথম বাল্যম কিন্তু প্রথম অধ্যায়ের চতুর্থ পর্ব্ব ও দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ ও পঞ্চম অধ্যায় ব্যতিরিক্ত।

মানসিক বিদ্যা।—আবরক্রম্বি সাহেবের সংগৃহীত মানসিক গুণশক্তি অর্থাৎ প্রথমঅবধি তৃতীয় খণ্ডের চতুর্থ

অধ্যায়ের যে প্রথম অংশে " সভ্যতা নির্ণয়ার্থে বিচার শক্তির ব্যবহারের বিষয়" লেখা আছে তাহার শেষপর্য্যন্ত (কলিকাতার মুদ্রিত পুস্তকের ১৬১ পৃষ্ঠা।)

মাথিমাটিক্স ।

ইউক্লিড ও বীজগণিত বিদ্যা ও সমান স্থানের ত্রিকোণমাপক বিদ্যা।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।—মানসিক গুণোন্নতির বিষয়ে ওয়াটস সাহেবের পুস্তক। (এনসৈক্লোপিডিয়া বাঙ্গালেনসিস।)

পদ্য।—গোল্‌সমিথ সাহেবের কৃত যাত্রি ও তাক্‌গ্রাম।

ব্যাকরণ।—ক্রম্বি সাহেবের এটিমলজি ও সিনটাক্‌স। দ্বিতীয় খণ্ড।

পুরাবৃত্ত।—ষ্টুআর্ট সাহেবের বঙ্গদেশীয় বিবরণ।

গোলাধ্যায় ও নক্‌শা প্রস্তুত করণ।

মাথিমাটিক্স।

ইউক্লিড। ৬ ও ১১ খণ্ড।

বীজগণিত বিদ্যা। সিম্পাল ইক্বেসন।

অঙ্কবিদ্যা ও অঙ্কের মূল নিয়ম।

বাঙ্গলা ভাষা।

ঈশ্বরচন্দ্র শর্ম্মার দ্বিতীয়বার প্রকাশিত বেতাল পঞ্চবিংশতি।

শ্যামাচরণ সরকারের প্রথম ও দ্বিতীয় ভাগ।

৪। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বৃত্ত্যর্থিরদের উত্তর যে সাহেবেরা প্রশ্ন লিখিলেন তাঁহারদের কর্ত্তৃক বিচারিত হইবেক।

আরবীয় বৃত্ত্যর্থিরদের উত্তর কলিকাতার মদরসার সভাপতি সাহেব বিচার করিবেন।

সংস্কৃত বৃত্ত্যর্থিরদের উত্তর শ্রীযুত মেজর জি টি মার্শ্যাল সাহেব বিচার করিবেন।

পরীক্ষার ফলসূচক সমস্ত রিপোর্ট দীর্ঘকালিক ছুটীর শেষ হওনের পূর্ব্বে অর্পণ করা যাইবেক।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা টৌনহালে এই পরীক্ষার তত্ত্বাবধারণ করিবেন। কৌন্সেলের সেক্রেটারী সাহেব প্রতিদিন প্রশ্ন দিবেন ও উত্তর সংগ্রহ করিবেন। এবং বিদ্যাধ্যাপনের কৌন্সেলের অন্য যে এক জন সাহেব তাঁহার নির্দ্দিষ্ট দিবসের জন্যে উপস্থিত থাকেন তিনি তৎকার্য্যের সাহায্য করিবেন।

৫। শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের ১৮৪৪ সালের ১০ অক্‌টোবর তারিখের বিজ্ঞাপনানুসারে বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের নামের যে ফর্দ্দ বৎসরে২ গবর্ণমেণ্টকে দিবার হুকুম হইয়াছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের ইমতিহানের নীচের লিখিত বিধান সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে পুনর্ব্বার প্রকাশ হইতেছে।

১। যাহার আঠার বৎসরের কম কি তেইশ বৎসরের অধিক বয়স হয় এবং যে জন ইমতিহান দেওনের সময়ে গবর্ণমেণ্টের কোন এক কালেজের অথবা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের স্বীকৃত কোন বিদ্যালয়েব ছাত্র না হয় সেই জন বার্ষিক রিপোর্টে আপন নাম লিখনের আকাঙ্ক্ষিরদের মধ্যে গণ্য হইতে পারে না। বৃত্ত্যাকাঙ্ক্ষি সকল লোকের আবশ্যক যে আপনারদের সদাচারিতার বিষয়ে হৃদ্বোধজনক প্রমাণ দেয়।

২। প্রত্যেক জন বৃত্ত্যাকাঙ্ক্ষী গবর্ণমেণ্টের কোন কালেজের সম্পর্কীয় হউক কিম্বা বিশেষ বিদ্যালয়ের সম্পর্কীয় হউক ইঙ্গরেজী প্রধান বৃত্তি প্রাপণার্থে ছাত্রেরা বৎসরে২ যে ইমতিহান দিয়া থাকে তাহা দিবেক কিন্তু বৃত্ত্যাকাঙ্ক্ষী আপন ইচ্ছামতে এদেশীয় ভাষায় এসে অর্থাৎ রচনা না লিখিয়া লাটিন ভাষায় লিখিতে পারে

৩। যোগ্যতার দুই সম্প্রদায় হইবেক। যাহারদের প্রধান বৃত্তিভোগের শেষ বৎসর হইয়াছে অথবা যাহারদের নিতান্তই শেষ বৎসর হয় নাই কিন্তু তাহারদের বৃত্তি পাইবার যোগ্য হওন সময়ে বৃত্তি শূন্য থাকিলে এবং তাহারা তাহা পাইলে এক্ষণে ঐ বৃত্তির শেষ বৎসর হইত অথবা যাহারা কোন বিশেষ বিদ্যালয়ে দশ বৎসরপর্য্যন্ত বিদ্যা শিক্ষা করিয়াছে এবং ইমতিহানের প্রত্যেক বিষয়ে যত চিহ্ন নির্দ্দিষ্ট আছে তাহার চারি অংশের অন্যূন তিন অংশ পায় তাহারা প্রথম শ্রেণীভুক্ত হইতে পারে। এবং ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমিত্তে যে২ বিষয়ে ইমতিহান দিতে হয় তাহার প্রত্যেক বিষয়ে নির্দ্দিষ্ট চিহ্নের অন্যূন অর্দ্ধ অংশ যাহারা পায় এমত অন্য সকল বৃত্ত্যাকাঙ্ক্ষী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেক।

৪। ইমতিহানের সময়ে কৃতকার্য্য বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের গুণের তারতম্য বুঝিয়া তাহারা সম্প্রদায়ের প্রথম দ্বিতীয়াদি স্থানে ভর্ত্তি হইবেক।

		৯২	তালুক জগমোহন … … …	খোদ … …	৶৯	৶৯	
		৫১	তালুক আহামদল্লা আনোআর নিছা …	বৈদ্যনাথ টাং … …	॥৬	॥৬	
		৭৬	তালুক রামচন্দ্র শর্ম্মা ও রামশরণ শর্ম্মা …	আবুল হোচন … …	॥৵৯	॥৵৯	
		১৬	তালুক কালাগাজি … … …	খোদ … …	।০	।০	
		২০	তালুক আবদুল আলী ও গোলাম হামিদ ও নুরুদ্দীন ও বদরুদ্দীন ছেমরিয়া …	খোদহার … …	৵৩	৵৩	
		২৫	তালুক আরাধন … … …	খোদ … …	৶৩	৶৩	
		১৮	তালুক শ্রীমতী নুরবানু … …	আবদুল আলী … …	॥৵৩	॥৵৩	
		৬৮	তালুক ফতেআলী … … …	নিত্যানন্দ বিশ্বাস …	১৵	১৵	
		১৪	তালুক মাগন ও গৌরীকান্ত ও শিবদাস …	খোদহার … …	।৩	।৩	
	কাইমি	৭০	তালুক আগরে আলী … …	সাবদিন … …	২।৵	২।৵	
		৫	তালুক ছদুমিয়া ও লালমিয়া … …	খোদহার … …	১৶	১৶	
		১	তালুক আধু মধু হারিয়া … …	খোদহার … …	১৲	১৲	
		৪৮	তালুক ফকিরচাঁদ ও কাশীনাথ …	খোদহার … …	৴৩	৴৩	এই সকল মহালাতের কৈফিয়ৎ প্রথম ফর্দ্দে লিপি হইয়াছে।
		১৬	তালুক রহমান আলী আবু … …	খোদ … …	৶৬	৶৬	
		৪৮	তালুক ভোছব আলী ও অছির আলী …	গোকুল সেন … …	১৶৯	১৶৯	
		৫০	তালুক ফজরআলী ওছিওল্লা … …	ঐ … … …	৸০	৸০	
		৫৪	তালুক ভাহিরাম কেরাণী … …	আগরে আলী … …	১॥৯	১॥৯	
		৩৩	তালুক জোহরা বিবি প্রকাশ্য বরকুলী …	খোদ … … …	।৶	।৶	
		১০১	তালুক কিশোরচরণ হরচরণ রমেশচরণ উমেশচরণ … … … …	কুলচন্দ্র সেন … …	।৶৩	।৶৩	

E. A. Samuells, *Collector*.

জিলা বর্দ্ধমান।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা বর্দ্ধমান।

অত্র জেলার শ্রীযুত মেজেষ্টর সাহেবের সন হালের ২ মেই তারিখের রোবকারি ও মহামান্য সদর বোর্ডের শ্রীযুত সাহেবান আলিশানের বর্ত্তমান বর্ষের ১০ জুন তারিখের ২৮৩ নম্বর ইঙ্গরাজী চিঠীর মর্ম্মানুসারে মাণিক মল্লিককে খুন ও কার্ত্তিক ঘোষপ্রভৃতিকে জখম করণের মোকদ্দমার ফেরারি আসামী মহেশ বন্দ্যোপাধ্যায় ও ক্ষেত্রমোহন কল্যার নীচের লিখিত ক্রোকী জায়দাদ নীলাম করা আবশ্যক বিধায় ১৮৫১ সালের ৪ সেপ্টেম্বর মোং ১২৫৮ সালের ২০ ভাদ্র বৃহস্পতিবার দিবা দুই প্রহরের সময় জেলা বর্দ্ধমানের কালেক্টরী কাছারিতে বিনাওজর নীলামে বিক্রয় হইবেক যে কেহ খরিদ করিবার বাসনা রাখহ উক্ত তারিখে হাজির হইয়া নীলামে খরিদ করিবা আর এই নীলামে মহামান্য সদর বোর্ডের ১৮৫১ সালের ৩০ মেই তারিখের ১৬ নম্বর সরকুলর চিঠীর আদেশ আমলে আসিবেক ইতি সন ১৮৫১ সাল তারিখ ১৩ আগষ্ট।

তফসীল।

আমীরাবাদ পরগনার চোটখণ্ড সাকিনের আসামী মহেশ বন্দ্যোপাধ্যায়ের ঐ গ্রামে ভদ্রাসন বাটীর হিস্যা। /২ কাটা ১ দফা।

উক্ত আসামীর দরপত্তনী তালুক সুলতানপুর গ্রাম পং রাণীহাটী থানা গাঙ্গুড়িয়া যাঁহার মফঃসল জমা। ২৪১ ॥/১৩॥ টাকা ১ দফা।

থানা সেলমাবাদ শামিল কৌটাড়া সাকিনের আসামী ক্ষেত্রমোহন কল্যার লাখরাজ জমী ঐ গ্রামে বদন ছুতারের বাটীর পূর্ব্ব বাঁশ যাহা জমী পতিত আছে বাঁশ থাকায় নিদর্শন নাই। ।০ কাটা ১ দফা।

ঐ আসামীর লাখরাজ ঐ ছুতারের বাটীর দক্ষিণ রাস্তা পার বাঁশ। /২ কাটা ১ দফা।

ঐ আসামীর লাখরাজ শালি জমী উক্ত গ্রামের দক্ষিণ দস্তানপুরের সীমানার খরিদা। ২/ বিঘা ১ দফ।

E. DRUMMOND, *Collector*.

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of CHARLES MOTTLEY, an Insolvent

On Saturday, the 2d day of August instant, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 6,583 8 5 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 5 and 8 Annas per cent , (which will amount to the sum of Co.'s Rs. 6,015 7-1,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, 18th August, 1851.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন চার্লস মটলি সাহেবের বিষয়ে।

বর্ত্তমান আগষ্ট মাসের ২ তারিখ শনিবারে আসৈনী সাহেবের দরখাস্ত হওয়াতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনী সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে কোং ৬৫৮৩॥৫ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৫॥০ টাকার ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬০১৫ ।‍/১ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনীর দফ্তরখানা ১৮৫১ সাল ১৮ আগষ্ট।

The like notice in the matter of BENJAMIN HARVEY, an Insolvent, in which it was ordered, that out of the sum of Co.'s Rs. 579 9-1, a dividend at the rate of 1 R 12 Annas per cent., (amounting to Rs. 456-2 3) be paid.

যোত্রহীন বেঞ্জামিন হার্বি সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যায়: এই বিষয়ে আসৈনী সাহেবের হাতে ৫৭৯ ॥/১ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ১৸০ টাকার ডিবিডেণ্ড দিয়া সর্ব্বসুদ্ধ ৪৫৬৶৩ টাকা দিবেন।

The like notice in the matter of HURRYHUR MOOKERJEE, an Insolvent, in which it was ordered, that out of the sum of Co.'s Rs. 2,412 4-9, a dividend at the rate of 10 per cent , (amounting to Co.'s Rs. 2,180) be paid.

যোত্রহীন হরিহর মুখুয্যার বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যায়। এই বিষয়ে আসৈনী সাহেবের হাতে কোং ২৪১২ ।৯ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ১০৲ টাকার ডিবিডেণ্ড দিয়া সর্ব্বসুদ্ধ ২১৮০৲ টাকা দিবেন।

[*Government Gazette 26th August, 1851.*]

রিসিবর আফিস।

জমিদারি ইজারা।

প্যারীমোহন বসু বাদী ও শ্রীকৃষ্ণ সিংহ ও অন্নদাপ্রসাদ রায় প্রতিবাদী।

এবং

শ্রীকৃষ্ণ সিংহ বাদী ও অন্নদাপ্রসাদ রায় ও প্যারীমোহন বসু প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীযুত মারিসঃ ফিট জেরেণ্ড সেণ্ডেস সাহেব যিনি উপরোক্ত দুই মোকদ্দমায় সুপ্রিম কোর্টের আদেশমতে প্রতিবাদী অন্নদাপ্রসাদ রায়ের অন্যং স্থাবর বস্তুর শামিলাত জেলা চব্বিশপরগনার মোতালক কিসমত শালিখা ও কিসমত ঘুশড়ি রকম ।১/০ ছয় আনার রিসিবর মোকরর হইয়াছেন তেঁহ চলিত সনের ৬ সেপ্টেম্বর শনিবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় তাঁহার আফিসে উক্ত দুই কিসমতের উক্ত রকমের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আরং বৃত্তান্ত রিসিবরের আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কোর্ট হৌস রিসিবর আফিস। তারিখ ২২ আগষ্ট ১৮৫১।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ২৬ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 2, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ২ সেপ্টেম্বর।

DRAFT OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 22ND AUGUST, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 22nd of August, 1851.

Act No. —— OF 1851.

For declaring and confirming the title to certain Land recovered from the River Hooghly in Calcutta.

Whereas the Strand Road in Calcutta has been constructed since the year 1820, under the authority of the Government of Bengal, chiefly upon land then liable to be overflowed by the River Hooghly, and the cost of making the said Road, and of satisfying the claims of sundry persons claiming to be interested in the lands taken for the purposes of making the said Road, has been defrayed, partly by monies raised by the Lottery Committee under the sanction of the Government, and partly by the monies of the East India Company, and whereas by alluvion and dereliction of the River Hooghly, a considerable tract of land has been formed between the said River and Road, and also adjoining to the Road skirting the River along the glacis of Fort William, all which land is now in possession of the East India Company, or of their tenants at will, and whereas certain improvements of the Town, and approaches to the River adjoining to the said land, are about to be made under the sanction of the said Government, It is declared and enacted as follows :—

I. The bank of the River Hooghly, and all land already formed by alluvion or dereliction of the River Hooghly within Calcutta, from Tolly's Nullah to Nimtollah Ghaut, and West of the Strand Road and glacis of Fort William, shall be, after the end

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ২২ আগষ্ট।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ২২ আগষ্ট তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

কলিকাতার হুগলী নদীতে যে কতক ভূমি পয়বস্ত হইয়াছে তাহার স্বত্ব প্রকাশ ও নির্ণয় করণের আইন।

যেহেতুক হুগলী নদীর দ্বারা যে ভূমি মগ্ন হইবার সম্ভাবনা ছিল বিশেষতঃ সেই প্রকার ভূমিতে কলিকাতা নগরে গঙ্গাতীরস্থ রাস্তা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ক্ষমতাক্রমে ১৮২০ সালের পরে নির্ম্মাণ হইয়াছে এবং ঐ রাস্তা নির্ম্মাণে যে খরচ লাগিয়াছিল তাহা এবং ঐ রাস্তা নির্ম্মাণার্থ যে জমী লওয়া গিয়াছিল তাহার স্বত্বের বিষয়ে নানা ব্যক্তি যে দাওয়া করিয়াছিল সেই দাওয়ার এক অংশে গবর্ণমেণ্টের অনুমতিক্রমে লাটরি কমিটির সংগ্রহকরা টাকাহইতে এবং অন্য অংশে কোম্পানি বাহাদুরের টাকাহইতে দেওয়া গিয়াছিল এবং যেহেতুক পরবর্ত্তীক্রমে এবং হুগলী নদী সরিয়া যাওনের দ্বারা উক্ত নদী ও রাস্তার মধ্যস্থলে এবং ফোর্ট উলিয়ম কিল্লার তলে নদীর ধারের রাস্তার লাগাও অনেক ভূমি জমিয়াছে আর সেই সকল জমী এইক্ষণে কোম্পানি বাহাদুরের অথবা তাঁহারদের বেকরারী প্রজাবদের দখলে আছে এবং যেহেতুক উক্ত গবর্ণমেণ্টের অনুমতিক্রমে নগর উত্তম করণের কতক কার্য্য এবং উক্ত ভূমির নিকটস্থ নদীতে গমনাগমনের সুগম করা যাইবেক অতএব নীচের লিখিতমতে বিধান ও হুকুম হইল।

১ ধারা। হুগলী নদীর তীর এবং কলিকাতার মধ্যে টালির নালাঅবধি ও নিমতলার ঘাটপর্য্যন্ত এবং নদীর তীরস্থ রাস্তার ও ফোর্ট উলিয়ম কিল্লার তলের পশ্চিম দিগে পরবর্ত্তীর দ্বারা এবং হুগলী নদী সরিয়া যাওনের দ্বারা যে সকল ভূমি জমিয়াছে তাহাতে এই আইন জারী হও-

of three years from the passing of this Act, absolutely vested in the East India Company and their successors, free from all claims or interest therein of any persons accruing before the passing of this Act.

II. If any proceedings shall be taken by any other person before the end of the said term of three years, upon which judgment shall be obtained for recovery of the possession of any of the said lands, then within two Calendar Months after such judgment shall be obtained, there shall be paid or tendered to the person obtaining such judgment by the East India Company and their successors, in stead of such lands, his costs on the proceedings for obtaining such judgment, and such sum of money as shall be found in the manner hereinafter mentioned, to have been the value of the lands so recovered at the time of the passing of this Act.

III. The jury which shall try the issue on which judgment for the recovery of such lands shall be given, shall at the same time ascertain the value of the lands so recovered at the time of the passing of this Act, and the value so found shall be certified by the presiding judge under his hand, and such certificate shall be delivered to the person seeking to recover possession of the said lands, and the value so ascertained shall be the amount to be paid instead of the said lands.

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 22nd day of October next

F. J. HALLIDAY,
Secy. to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 22ND AUGUST, 1851

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 22nd of August, 1851.

ACT No. —— OF 1851.

For the summary conviction before Justices of accessories to certain felonies

For the more summary conviction of persons accessory to the commission of certain felonies, It is enacted as follows.—

I. Every person who is accessory, before or after the fact, to any felony which is punishable on summary conviction before any Justice or Justices of the Peace, is liable to be tried and convicted summarily before such Justice or Justices on his own confession, or the oath of one or more credible witnesses.

II. The convicting Justice or Justices shall have power to sentence any such accessory to imprisonment, with or without hard labour, for any term not exceeding six calendar months, or, in his or their

নের পর তিন বৎসর অতীত হইলে পর কোম্পানি বাহাদুরের ও তাঁহারদের স্থলাভিষিক্তেরদের সম্পূর্ণ স্বত্ব থাকিবেক এবং এই আইন জারী হওনের পূর্ব্বে তাহার উপর কোন ব্যক্তির যে সকল দাওয়া অথবা সম্পর্ক ছিল এমত কোন দাওয়া ও সম্পর্ক থাকিবেক না ইতি।

২ ধারা। উক্ত তিন বৎসর মিয়াদ শেষ না হইতে২ যদি অন্য কোন ব্যক্তি কোন মোকদ্দমা আরম্ভ করে এবং তৎপ্রযুক্ত উক্ত কোন জমীর দখল ফিরিয়া পাইবার বিষয়ের ডিক্রী হয় তবে ঐ ডিক্রী হওনের পর দুই মাসের মধ্যে কোম্পানি বাহাদুর ও তাঁহারদের স্থলাভিষিক্তেরা ঐ জমীর পরিবর্ত্তে ডিক্রীপ্রাপ্ত ব্যক্তিকে ঐ ডিক্রী পাইবার মোকদ্দমার খরচা এবং এই আইন জারী হওনের সময়ে উক্ত প্রকারে প্রাপ্ত ঐ ভূমির যে মূল্য নীচের লিখিতমতে নির্দ্ধার্য্য করা যায় সেই মূল্য দিবেন কিম্বা দিবার প্রস্তাব করিবেন ইতি।

৩ ধারা। যে মোকদ্দমায় ঐ ভূমি ফিরিয়া পাইবার ডিক্রী হয় সেই মোকদ্দমার বিচারকারি জুরি ব্যক্তিরা সেই কালে উক্ত প্রকারে প্রাপ্ত ভূমির যে মূল্য এই আইন জারী হওনের সময়ে ছিল তাহা নিরূপণ করিবেন এবং উক্ত প্রকারে নিশ্চিত মূল্যের সর্টিফিকট বিচারক জজ সাহেবের দস্তখতে দেওয়া যাইবেক এবং যে ব্যক্তি ঐ ভূমির দখল ফিরিয়া পাইবার উদ্যোগ করিয়াছিল সেই ব্যক্তিকে ঐ সর্টিফিকট দেওয়া যাইবেক এবং উক্ত প্রকারে নির্দ্দিষ্ট মূল্য ঐ ভূমির পরিবর্ত্তে তাহাকে দেওয়া যাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি অক্টোবর মাসের ২২ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ২২ আগষ্ট।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ২২ আগষ্ট তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

কোন২ ফেলোনি অপরাধের সহকারিরদিগকে জুষ্টিস সাহেবেরদের সম্মুখে সরাসরীরূপে দোষী করণের আইন।

কোন২ ফেলোনি অপরাধে যে২ ব্যক্তি সহকারী হয় তাহারদিগকে পূর্ব্বাপেক্ষা সরাসরীমতে দোষী করিবার নিমিত্তে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যে কোন ফেলোনি অপরাধ কোন জুষ্টিস অফ দি পীস সাহেব বা সাহেবেরদের দ্বারা সরাসরীমতে সাবুদ হইয়া দণ্ডনীয় হয় এমত ফেলোনি অপরাধের পূর্ব্বে বা পরে যে কোন ব্যক্তি তাহার সহকারী ছিল বা হয় সেই ব্যক্তি আপনার কবুলমতে অথবা এক কি ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষির শপথক্রমে ঐ জুষ্টিস বা জুষ্টিসেরদের সম্মুখে বিচার ও সরাসরীমতে দোষীকৃত হইতে পারে ইতি।

২ ধারা। যে জুষ্টিস কিম্বা জুষ্টিসেরা ঐ ব্যক্তিকে দোষী করেন তিনি বা তাঁহারা এমত কোন সহকারি ব্যক্তিকে পরিশ্রমযুক্ত কিম্বা বিনা পরিশ্রমে ছয় মাসের অনধিক কাল মিয়াদে কয়েদের হুকুম দিতে পারিবেন

discretion, instead of trying him, to commit him for trial to the Supreme Court of Judicature, or other Court having authority to try him according to law.

III. All provisions of any Act, giving power to any Justice or Justices of the Peace to try any persons summarily for any felony, shall apply, so far as they are applicable, to the trial and conviction of any person under this Act.

IV. Every person who receives any chattel, money, valuable security, or other property whatsoever, knowing the same to have been feloniously or unlawfully stolen, taken, obtained or converted, whether charged as an accessory after the fact to the felony, or with a substantive felony, or with a misdemeanor only, may be dealt with, indicted, tried, and punished in any place in which he shall have, or shall have had any such property in his possession, or in any place in which the party guilty of the principal felony or misdemeanor may by law be tried, in the same manner as such receiver may be dealt with, indicted, tried, and punished for receiving such property in the place where he actually received the same.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 22nd day of November next.

F. J. HALLIDAY,
Secy to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 22ND AUGUST, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 22nd of August, 1851.

ACT No. —— OF 1851.

An Act to amend the law for the attendance and examination of witnesses in the Civil Courts of the Bengal Presidency.

Whereas the rules in force for the attendance and examination of witnesses in the Civil Courts of the Presidency of Fort William in Bengal require amendment, It is enacted as follows:—

I. Section XXXIII. Regulation XXIII. 1814 of the Bengal Code, regarding the examination of witnesses before Moonsiffs, extended to Sudder Ameens by Section LXXIII. of the same Regulation, and so much of, Section XI. Regulation XXIV. 1814 of the same Code, extended to Principal Sudder Ameens by Section I. Act VI. 1843, as authorizes the examination of witnesses, otherwise than

[illegible] আপনারাই ঐ অপরাধির বিচার না করিয়া তাহাকে সুপ্রিম কোর্টে অথবা আইনানুসারে তাহার বিচার করিবার ক্ষমতা যে আদালতের থাকে সেই আদালতে সোপর্দ্দ করিতে পারেন ইতি।

৩ ধারা। যে কোন আইনের বিধানমতে কোন জুষ্টিস অফ দি পীস সাহেব বা সাহেবদিগকে কোন ফেলোনির নিমিত্তে সরাসরীমতে কোন ব্যক্তির বিচার করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে ঐ সকল বিধান এই আইনানুসারে কোন ব্যক্তির বিচার ও দোষীকৃত করণের বিষয়ে যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবেক ইতি।

৪ ধারা। যে কোন দ্রব্য কি টাকা কিম্বা মূল্যবান নিদর্শন অথবা অন্য কোন প্রকার সম্পত্তি ফেলোনিরূপে কি বেআইনীমতে চুরী করা গিয়াছে কি লওয়া গিয়াছে কি পাওয়া গিয়াছে কি রূপান্তর হইয়াছে ইহা জানিয়া যে কোন ব্যক্তি তাহা গ্রহণ করে সেই ব্যক্তির নামে ফেলোনির পর সহকারি হওনের দোষে অথবা প্রকৃত ফেলোনির দোষে কিম্বা সুদ্ধ মিসডিমীনর অর্থাৎ সামান্য অপরাধে নালিশ হইলে সেই ব্যক্তি যে স্থানে ঐ দ্রব্য নিতান্ত পায় বা পাইয়াছিল সেই স্থানে গ্রহণ করণের নিমিত্তে তাহার প্রতি যেরূপ ব্যবহার হইত ও তাহার নামে যেরূপ নালিশ হইত ও তাহার যেরূপ বিচার ও দণ্ড হইত যে কোন স্থানে সেই ব্যক্তির দখলে ঐ দ্রব্য ছিল কি হইয়াছিল অথবা যে কোন স্থানে আসল ফেলোনি কিম্বা মিসডিমীনরের অপরাধি ব্যক্তির আইনমতে বিচার হইতে পারে সেই স্থানেও তাহার প্রতি সেইরূপ ব্যবহার হইবেক ও সেইরূপে তাহার নামে নালিশ হইবেক ও তাহার সেইরূপে বিচার ও দণ্ড হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি নবেম্বর মাসের ২২ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ২২ আগষ্ট।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ২২ আগষ্ট তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

বাঙ্গলা রাজধানীর অন্তঃপাতি দেশের দেওয়ানী আদালতে সাক্ষিরদিগকে হাজির করাওনের ও তাহারদের জোবানবন্দী লওনের বিষয়ি আইন শুধরিবার আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতি দেশের দেওয়ানী আদালতে সাক্ষিরদের হাজির করণ ও জোবানবন্দী লওন বিষয়ে যে২ বিধান চলন আছে তাহা সংশোধন করিবার আবশ্যক আছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। মুনসেফেরদের সম্মুখে সাক্ষিরদের জোবানবন্দী লওনের বিষয়ে বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৩ আইনের যে ৩৩ ধারা ঐ আইনের ৭৩ ধারানুসারে সদর আমীনেরদের বিষয়ে খাটান গেল তাহা এবং বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৪ আইনের যে ১১ ধারা ১৮৪৩ সালের ৬ আইনের ১ ধারাক্রমে প্রধান সদর আমীনেরদের প্রতি খাটান গেল সেই ১১ ধারার যে ভাগে হুকুম আছে যে সাক্ষিরদের জোবান-

personally by the presiding City or Zillah Judge, are rescinded.

II. After the parties in a Civil suit brought before any Zillah or City Judge, Principal Sudder Ameen, Sudder Ameen or Moonsiff, have, according to the rules prescribed in that behalf, filed their exhibits, and lists of witnesses whom they desire to summon, the Judge shall appoint a day for the hearing, and examining of witnesses in the suit.

III. The Judge, or an Officer of the Court to be specially charged with this duty by the Judge, shall, on the requisition of the plaintiff or defendant, or their respective Vakeels, issue a summons to every witness whom the parties may name, on payment into Court of such reasonable sum as shall appear to be necessary to defray the travelling and other expenses of such witness in passing to and from the Court, (provided they be not Hindoo or Mahomedan women of a rank or quality which, according to the manners and customs of the country, would render it improper to compel them to appear as witnesses in a Court of Justice.)

IV. Every such summons shall set forth at whose request the summons has been issued, and shall require the intended witness to appear in the Court on the day named in the summons, and there to give evidence concerning the matter in dispute between the parties.

V. If a witness so summoned shall, without lawful excuse, fail to attend on the day appointed, or attending, shall refuse to give evidence, or to subscribe his deposition as hereafter required, the Judge, if it shall be proved to his satisfaction on oath that the witness is material to the cause, shall have power to issue an order to the Nazir to seize and bring the witness before the Court, and, in his discretion, may impose on such witness a fine not exceeding five hundred rupees for his default, and may commit him to close custody until he shall consent to give his evidence and to sign his deposition.

VI. If a witness, who attends pursuant to a summons, shall have incurred any expense in consequence of his being required to appear, the Judge shall award to him such sum for his charges as may appear reasonable, whether he be examined or not, and until payment of the sum so awarded, the person summoned may refuse to give evidence.

VII. When a witness, after diligent search, to be certified by a return of the Nazir, cannot be found after the issue of the summons, it shall be reckoned a sufficient service of notice on him for the purpose of requiring his attendance to give evidence, that a proclamation to that effect be affixed, in the presence, and with the attestation of two respectable householders of the village, outside of his house or place of usual abode, and should he not attend within six weeks from the date of the procla-

বন্দী জিলা কি শহরের জজ সাহেবের নিজের দ্বারা না লওয়া গিয়া অন্যরূপে তাহা লওয়া যাইতে পারে সেই ভাগ রদ হইয়াছে ইতি।

২ ধারা। কোন জিলা কি শহরের জজ সাহেব কিম্বা প্রধান সদর আমীন অথবা সদর আমীন কি মুনসেফেরদের সম্মুখে যে দেওয়ানী মোকদ্দমা উপস্থিত করা যায় সেই মোকদ্দমার বাদী ও প্রতিবাদী যখন ঐ বিষয়ের নির্দ্দিষ্ট বিধানানুসারে আপনারদের দলীলদস্তাবেজ ও যে সাক্ষিরদের তলব করিতে চাহে তাহারদের ইসমনবীসী দাখিল করিয়াছে তখন বিচারকর্ত্তা ঐ মোকদ্দমার শুননির ও সাক্ষিরদের জোবানবন্দী লওনের নিমিত্তে এক দিন নিরূপণ করিবেন ইতি।

৩ ধারা। ফরিয়াদী কিম্বা আসামী কি তাহারদের উকীলেরা যে কোন সাক্ষির নাম করে সেই সাক্ষির আদালতে আসিবার ও তাহাহইতে ফিরিয়া যাইবার পথখরচ ও অন্যান্য খরচের নিমিত্তে যত টাকা ওয়াজিবী হয় তত টাকা আদালতে দাখিল করিলে বিচারকর্ত্তা অথবা আদালতের যে আমলাকে তিনি বিশেষমতে সেই কর্ম্মে নিযুক্ত করেন সেই আমলা তাহারদের দরখাস্তমতে ঐ সাক্ষির নামে সফীনা জারী করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে যদি কোন মুসলমান কি হিন্দু স্ত্রীলোক সাক্ষী হয় ও তাহাকে এই দেশের চলনমতে সাক্ষিস্বরূপ আদালতে আনান অকর্ত্তব্য হয় তবে তাহাকে হাজির করিবার কারণ সফীনা করিবেন না ইতি।

৪ ধারা। যাহার দরখাস্তমতে সফীনা জারী হয় তাহার নাম এমত প্রত্যেক সফীনাতে লেখা থাকিবেক এবং যাহাকে সাক্ষি করিতে মানস আছে তাহাকে এই হুকুম হইবেক যে তুমি সফীনার নির্দ্দিষ্ট দিবসে আদালতে হাজির হইয়া উভয় পক্ষের মধ্যে বিবাদের বিষয়ে সাক্ষ্য দেও ইতি।

৫ ধারা। যদি কোন সাক্ষী এইরূপে সফীনা পাইয়া ন্যায্য ওজরবিনা নির্দ্দিষ্ট দিবসে হাজির না হয় কিম্বা হাজির হইয়া যদি সাক্ষ্য দিতে না চাহে অথবা পশ্চাৎ নির্দ্দিষ্টমতে আপন জোবানবন্দীতে স্বাক্ষর না করে এবং বিচারকর্ত্তার নিকটে হলফমতে সুকৃতিপূর্ব্বক প্রমাণ হয় যে সেই সাক্ষির কথা শুনিবার আবশ্যক আছে তবে তিনি আদালতের নাজিরের উপর এমত হুকুম দিতে পারেন যে সেই সাক্ষিকে ধরিয়া আদালতে হাজির করেন এবং বিচারকর্ত্তা আপনার বিবেচনামতে ঐ সাক্ষির ত্রুটির জন্যে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা করিতে পারেন এবং যাবৎ সে ব্যক্তি সাক্ষ্য দিতে কিম্বা জোবানবন্দীতে দস্তখৎ করিতে সম্মত না হয় তাবৎ তাহাকে কয়েদ করিতে পারেন ইতি।

৬ ধারা। যে সাক্ষী সফীনাক্রমে হাজির হয় তাহার হাজির হওনপ্রযুক্ত যদি কিছু খরচ হইয়া থাকে তবে তাহার জোবানবন্দী লওয়া গেলে বা না লওয়া গেলে তাহার খরচের নিমিত্তে বিচারকর্ত্তা যত টাকা উচিত বোধ করেন তত টাকা তাহাকে দিতে হুকুম করিবেন এবং ঐ নির্দ্দিষ্ট টাকা যাবৎ না দেওয়া যায় তাবৎ তলবহওয়া ব্যক্তি সাক্ষ্য দিতে নারাজ হইতে পারে ইতি।

৭ ধারা। সফীনা জারী হইলে পর যদি অনেক তল্লাস হইলেও সাক্ষিকে পাওয়া না যায় এবং নাজির তাহার বিষয়ে সার্টিফিকট দেন তবে গ্রামবাসি সম্ভ্রান্ত দুই জন গৃহস্থের সম্মুখে ও তাঁহারদের দস্তখৎমতে যদি সাক্ষির হাজির হইবার বিষয়ে এক এস্তেহার তাহার ঘরে কিম্বা নিত্য বাসস্থানের বাহিরে লটকান যায় তবে তাহাকে সাক্ষির নিমিত্তে তাহার হাজির হওনের বিষয়ে প্রচুর এত্তেলা দেওয়া গিয়াছে জ্ঞান হইবেক এবং ঐ এস্তেহার লটকান যাইবার তারিখের পর যদি ছয় সপ্তাহের মধ্যে সেই ব্যক্তি হাজির না হয় এবং যদি আদালতের যথেষ্টমতে

mation being so affixed, his property, real or personal, to such amount as the Judge shall deem reasonable, but subject to the same limitation as to the articles exempt from attachment, as in cases of attachment for arrears of rent, shall be liable to attachment and to sale, in all instances in which it is proved to the satisfaction of the Court on oath, that the witness is material to the cause, that he cannot be found, and that there is good ground for believing that he has absconded to avoid giving evidence therein.

VIII. The cost of the attachment shall be borne in the first instance by the party applying for it, and the Court issuing the summons and attachment shall not proceed to sale of the property if the person summoned as a witness shall appear and satisfy the Court that his absence was not owing to any wilful default. Upon the appearance of such witness, the Court shall make such order in regard to the costs of the attachment as it shall deem fit.

IX. On the day appointed for trial, the Judge shall require the parties or their pleaders to state their cases orally in open Court, and to produce in support thereof their documentary and oral evidence in support of their several statements.

X. The evidence of the attending witnesses shall be taken in open Court before the parties or their representatives, in the presence, and under the personal direction of the Judge, and shall be placed on the record as taken, according to such forms as shall be from time to time prescribed; and the evidence so taken may be read as documentary evidence in the cause.

XI. In cases where the evidence is needed of females, who, according to the customs of the country, ought not to be compelled to appear as witnesses in a Court of Justice, or in any other case in which the Judge shall be of opinion that the ends of justice require it, he may issue a commission for taking the evidence of absent persons in the presence of both parties to the suit, or their Vakeels.

XII. On or before the day appointed for trial, the Judge may, for any sufficient reason, such as the unavoidable absence of any material witness, or for other good cause, on the application of either party, postpone the hearing on such terms as to the payment of the costs of postponement to the other party, as to the Judge shall seem reasonable.

XIII. The proceedings on the trial when begun, shall continue on the same day, or on consecutive days, until the whole of the evidence of the witnesses present has been heard, after considering which, and the documentary evidence adduced, the Judge shall record his judgment under Act XII. 1843.

[*Government Gazette, 2nd September*, 1851.]

সুকৃতিক্রমে ইহার প্রমাণ হয় যে মোকদ্দমার বিষয়ে ঐ সাক্ষির নিতান্ত আবশ্যক আছে এবং তাহাকে পাওয়া গেল না এবং সেই ব্যক্তি সাক্ষ্য না দিবার অভিপ্রায়ে ফিরারি হইয়াছে ইহা বিশ্বাস করিবার বিশিষ্ট হেতু থাকে তবে বিচারকর্ত্তা যত টাকা উচিত বোধ করেন তত টাকার স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোক হইয়া নীলাম হইতে পারে। কিন্তু বাকী খাজানার বাবৎ ক্রোক করিতে হইলে যেং দ্রব্য ক্রোক হইতে পারে না উক্ত সাক্ষিরও সেইং দ্রব্য ক্রোক হইবেক না ইতি।

৮ ধারা। যে ব্যক্তি আদৌ সাক্ষির দ্রব্যজাত ক্রোক করিবার বিষয়ে দরখাস্ত করে তাহার ঐ ক্রোক করণের খরচ দিতে হইবেক এবং সাক্ষিস্বরূপ যে ব্যক্তির নামে সফিনা হয় সে ব্যক্তি যদি হাজির হইয়া আদালতের এমত মনে বোধ জন্মাইতে পারে যে সেই ব্যক্তি ইচ্ছাক্রমে ত্রুটিপ্রযুক্ত গরহাজির ছিল না তবে যে আদালত সফীনা ও ক্রোকের হুকুম জারী করেন সেই আদালত তাহার সম্পত্তির নীলাম করিবেন না। ঐ সাক্ষী হাজির হইলে আদালত ক্রোকের খরচের বিষয়ে যেপ্রকার উচিত জ্ঞান করেন সেইপ্রকার হুকুম করিবেন ইতি।

৯ ধারা। বিচারের নির্দ্দিষ্ট দিবসে বিচারকর্ত্তা বাদি প্রতিবাদিকে কিম্বা তাঁহারদের উকীলদিগকে আদালতের দরবারে আপনারদের মোকদ্দমা জোবানীতে কহিতে এবং আপনং ঐ কথার সাব্যস্ত করণার্থে তাহারদের দলীলদস্তাবেজ ও জোবানী সাক্ষ্য উপস্থিত করিতে হুকুম করিবেন ইতি।

১০ ধারা। যে সাক্ষিরা হাজির হয় তাহারদের সাক্ষ্য আদালতের দরবারে উভয় পক্ষের কিম্বা তাহারদের প্রতিনিধি উকীলদের সম্মুখে এবং বিচারকর্ত্তার হজুরে ও তাঁহার নিজ আজ্ঞাধীনে লওয়া যাইবেক এবং যেং নিয়ম সময়ক্রমে নির্দ্দিষ্ট হয় সেইং নিয়মানুসারে ঐ সাক্ষ্য লওন সময়ে তাহা লিখিত হইয়া নথীর শামিল করা যাইবেক এবং সেই প্রকারে যে জোবানবন্দী লওয়া যায় তাহা ঐ মোকদ্দমাতে দলীলী সাক্ষ্যস্বরূপ পাঠ করা যাইতে পারে ইতি।

১১ ধারা। যে স্থলে কোন স্ত্রীলোকের সাক্ষ্যের প্রয়োজন হয় এবং দেশাচারমতে তাহাকে সাক্ষিস্বরূপ আদালতে আনান কর্ত্তব্য নহে সেই স্থলে বিচারকর্ত্তা মোকদ্দমার উভয় পক্ষের কিম্বা তাহারদের উকীলেরদের সম্মুখে ঐ গরহাজির স্ত্রীর জোবানবন্দী লইবার নিমিত্তে এক কমিস্যন নিযুক্ত করিতে পারেন এবং অন্যান্য স্থলেও যদি বিচারকর্ত্তা বোধ করেন যে যথার্থ বিচারের নিমিত্তে ঐ প্রকার কমিসান নিযুক্ত করা আবশ্যক সেই স্থলেও তিনি তদ্রূপ করিতে পারেন ইতি।

১২ ধারা। বিচারের নির্দ্দিষ্ট দিবসে কিম্বা তাহার পূর্ব্বে কোন প্রচুর কারণক্রমে অর্থাৎ আবশ্যক সাক্ষির অগত্যা গরহাজির হওনপ্রযুক্ত অথবা অন্য কোন বিশিষ্ট হেতুতে বাদির কিম্বা প্রতিবাদির দরখাস্তমতে বিচারকর্ত্তা মোকদ্দমা শুনিবার নিমিত্তে অন্য কোন দিবস নির্দ্দিষ্ট করিতে পারেন। কিন্তু বিলম্ব করাতে বিপক্ষ পক্ষের যে খরচ হইতে পারে তাহা দেওনের বিষয়ে যেং নিয়ম বিচারকর্ত্তা উচিত বোধ করেন তাহাই করিবেন ইতি।

১৩ ধারা। মোকদ্দমার বিচারের কার্য্য আরম্ভ হইলে যাবৎ হাজিরহওয়া সকল সাক্ষির জোবানবন্দী না লওয়া গিয়াছে তাবৎ সেই দিনে কিম্বা পরপর দিনে মোকদ্দমা চলিবেক। পরে বিচারকর্ত্তা ঐ জোবানবন্দী এবং যে সকল দলীল সাক্ষ্যস্বরূপ দাখিল করা গিয়াছে তাহা বিবেচনা করিয়া ১৮৪৩ সালের ১২ আইনানুসারে আপনার ডিক্রী লিখিবেন ইতি।

XIV. The Judge, on the application of either party, shall cause public notice to be given in Court, either before or during the examination of any witness, requiring all other witnesses who have been summoned in the same cause, and who are present in Court, to leave the Court. Any witness in a cause who remains in Court after the giving of such notice, shall be punishable as for contempt under Act XXX. 1841, and shall be held incapable of being received as a witness in the cause.

XV. The word Judge, as used in this Act, shall be taken to mean the person presiding, or having the chief judicial authority in the Court, whether he be a Zillah or City Judge, a Principal Sudder Ameen, Sudder Ameen, or Moonsiff.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 22d day of October next.

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of India.

১৪ ধারা। বাদি কিম্বা প্রতিবাদির দরখাস্তমতে বিচারকর্ত্তা কোন সাক্ষির জোবানবন্দী লওনের পূর্ব্বে বা লওন সময়ে আদালতে এমত এত্তেলা দিতে পারেন যে ঐ মোকদ্দমাতে অন্য যে সকল সাক্ষিকে তলব করা গিয়াছে ও আদালতে হাজির আছে তাহারা আদালতের বাহিরে যায়। উক্ত প্রকারে এত্তেলা হওনের পরে মোকদ্দমার যে কোন সাক্ষী আদালতে হাজির থাকে সেই সাক্ষী ১৮৪১ সালের ৩০ আইনানুসারে অবজ্ঞার নিমিত্তে দণ্ডনীয় হইবেক এবং ঐ মোকদ্দমাতে সাক্ষিস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেক না ইতি।

১৫ ধারা। এই আইনেতে বিচারকর্ত্তা এই শব্দেতে যে ব্যক্তি আদালতে কর্তৃত্ব করেন অথবা যিনি বিচারকারি প্রধান কার্য্যকারক হন তিনি জিলা কি শহরের জজ সাহেব কিম্বা প্রধান সদর আমীন অথবা সদর আমীন বা মুনসেফ হউন তাঁহাকেই বুঝায় ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি অক্টোবর মাসের ২২তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 26th August, 1851.

Baboo Juggobundo Banerjea, Moonsiff of Bowfaul, Zillah Backergunge, to be Moonsiff of Pertabpore, Zillah Midnapore.

Baboo Birjomohun Dutt, (who has obtained a Diploma,) to be Moonsiff of Bowfaul, Zillah Backergunge, vice Baboo Juggubundhoo Banerjea, transferred to Midnapore.

LEAVE OF ABSENCE.

The 28th August, 1851.

Baboo Poorno Chunder, Moonsiff of Howlah, Zillah Chittagong, for one week, in addition to the ensuing Dusserah and Mohurrum Vacations.

B. J. COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২৬ আগষ্ট।

জিলা বাকরগঞ্জের বওফলের মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা জিলা মেদিনীপুরে প্রতাপপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা মেদিনীপুরে নিযুক্ত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত জিলা বাকরগঞ্জের বওফলের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫১ সাল ২৮ আগষ্ট।

জিলা চাটিগাঁর হাওলার মুনসেফ শ্রীযুত পূর্ণচন্দ্র বাবু আগামি দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৭৭৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫১ সাল ১৬ আগষ্ট।

চাটিগাঁর সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মৌলবী নাজিরদ্দিন ও বরিসালের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন দশহরা ও মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ২৩ আগষ্ট।

বাকরগঞ্জের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী মহম্মদ শাফিউদ্দিন দশহরা ও মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ২৫ আগষ্ট।

হুগলীর একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) আপন কর্ম্মের ভার ঐ জিলার একটিং প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ২ সেপ্টেম্বর।]

GOVERNMENT ADVERTISEMENTS.
LAND ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।
ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা হুগলী।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারানুসারে জেলা হুগলীর নীচের লিখিত মহালের সন ১৮৫১ সালের ২৮ মার্চ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারি আদায় নিমিত্তে সন ১৮৫১ সালের ১৯ সেপ্টেম্বর মোতাবক বাঙ্গলা সন ১২৫৮ সালের ৪ আশ্বিন শুক্রবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫১ সাল তারিখ ২৮ আগষ্ট।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৫১। ২৮ মার্চ পাওনা বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল	১৭০৬	বামুনডাঙ্গা পং বালিয়া	নন্দগোপাল ঘোষ	।৹	।৹	এই মহালের সাবেক খরিদার বাকী সমনের টাকা দাখিল না করায় সন ১৮৪৫। ১৬ ধারানুসারে নীলাম হইতেছে।
	ঐ	১৮৫১	উদয়পুর পং বাযড়া	দর্পনারায়ণ জানা	।১	।১	ঐ
	ঐ	১২৪৮	চক জনার্দ্দন দীং মধ্যে খল্লা পং বাযড় ..	মুন্সীদ্দীন ও মহম্মদ তকি ...	॥৮	॥৮	ঐ
	ঐ	২০১২	ডিহি ভুরসুট পং ভুরসুট	রামজী বন্দ্যোপাধ্যায ..	১৭।৶৪	৯৶৪	ঐ

G. L. Martin, *Offg. Collector.*

জিলা মেদিনীপুর।

একেলানাম।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারার অনুসারে জেলা মেদিনীপুরের নীচের লিখিত বস্তু সন ১৮৫১ সালের ২০ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৫৮ সালের ৫ আশ্বিন মোওয়াফেক আমলি সন ১২৫৯ সালের ৬ আশ্বিন রোজ শনিবার জেলা মজকুরের কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রী হইবেক ইতি সন ১৮৫১ সাল তাং ৩০ আগষ্ট মোং সন ১২৫৮ সাল তাং ১৫ ভাদ্র মোং সন ১২৫৮ সাল তাং ১৬ ভাদ্র।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫১ সাল ২৮ জুন তারিখে বাকী	কৈং
১	দাএমি বন্দবস্তী মহাল	২৪৮০	মঃ গৌরাঙ্গচক মারিচদা ও বাড়কাসমিলা ওগয়রহ পং বাহিরি মুঠা ওগয়রহ	রাজা কৃষ্ণইন্দ্রনারায়ণ রায জমিদার	১২৬৯৶১০॥	১৮।৶৮।	এই মহাল সন ১৮৫১ সালের ২৮ জুলাই তারিখে নীলাম হইয়াছিল খরিদার ৩০ দিনের মধ্যে পণের বাকী টাকা আদায় না দিবাতে বিসেল হইল।

H. V. Bayley, *Offg. Collector.*

NOTIFICATION.

Referring to the Notification published on the 7th ultimo, [See *Bengalee Government Gazette* of the 15th July last,] inviting owners of Land within the City to register their Title Deeds in this Office, under Section 1, Act XV. of 1847, the attention of the public is hereby requested to the provisions of Act XXIII. of 1850, which are now in process of being carried out, and under Section 1, of which, all lands not shown by the owners to be exempt therefrom, will be assessed at the uniform rate therein specified. The new Assessment, so far as completed, will be enforced from the current year, under the stringent provisions of Section 3 of the Act.

A. GROTE, *Offg. Collector and Ex Officio Surveyor of Calcutta.*

Calcutta, Collector's Office, the 28th August, 1851.

ইশতিহার।

গত জুলাই মাসের ১৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত গত মাসের ৭ তারিখের যে বিজ্ঞাপন দ্বারা নগরের মধ্যে ভূমির মালিকেরদিগকে আবেদন করা যায় যে তাঁহারা ১৮৪৭ সালের ১৫ আইনের ১ ধারানুসারে আপনারদের স্বত্ত্বের দলীল এই দফ্তরখানায় দাখিল করেন তদুপলক্ষে সর্ব্ব সাধারণ লোককে আদেশ করা যাইতেছে যে তাঁহারা ১৮৫০ সালের ২৩ আইনের বিধান বিষয়ে মনোযোগ করেন। ঐ আইনমতে এইক্ষণে কার্য্য চলন হইতেছে এবং তাহার ১ ধারাতে যে নিরিখ নির্দ্দিষ্ট আছে সেই নিরিখানুসারে সকল জমীর কর বসান যাইবেক কিন্তু মালিকেরা যদি প্রমাণ করিতে পারে যে জমী সেই করহইতে মুক্ত আছে তবে বসান যাইবেক না। নূতন কর যেপর্য্যন্ত বসান গিয়াছে সেইপর্য্যন্ত ঐ আইনের ৩ ধারার অতি আঁটাআঁটি বিধানমতে হাল সনঅবধি চলিবেক।

এ গ্রোট।

কলিকাতার একটিং কালেক্টর এবং পদোপলক্ষে সরবেয়র।

কলিকাতার কালেক্টরী কাছারী।
১৮৫১ সাল ২৮ আগষ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্‌তিহার।

রিসিবর আফিস।

জমিদারি ইজারা।

প্যারীমোহন বসু বাদী ও শ্রীকৃষ্ণ সিংহ ও অন্নদাপ্রসাদ রায় প্রতিবাদী।

এবং

শ্রীকৃষ্ণ সিংহ বাদী ও অন্নদাপ্রসাদ রায় ও প্যারীমোহন বসু প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীযুত মাব্রিসঃ ফিট জেরেল্ড সেণ্ডেস সাহেব যিনি উপরোক্ত দুই মোকদ্দমায় সুপ্রিম কোর্টের আদেশমতে প্রতিবাদী অন্নদাপ্রসাদ রায়ের অন্য২ স্থাবর বস্তুর শামিলাত জেলা চব্বিশপরগনার মৌতালক কিসমত শালিখা ও কিসমত ঘুশড়ির রকম ।৶০ ছয় আনার রিসিবর মোকরর হইয়াছেন তেঁহ চলিত সনের ৬ সেপ্টেম্বর শনিবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় তাঁহার আফিসে উক্ত দুই কিসমতের উক্ত রকমের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কোর্ট হৌস রিসিবর আফিস। তারিখ ২২ আগষ্ট ১৮৫১।

ইশ্‌তিহার।

শ্রীযুক্ত অভয়চন্দ্র দাসকর্ত্তৃক বাঙ্গলা মাজিস্ট্রেটীর উপদেশ কলিকাতায় সমুদয় খ্যাত পুস্তক বিক্রয়কারকদিগের নিকট ও পূর্ণচন্দ্রোদয় ছাপা যন্ত্রালয়ে। ঢাকাতে শ্রীযুক্ত রামচরণ চক্রবর্ত্তী আবকারী খুঃ সেরেস্তাদারের নিকট এবং চট্টগ্রামে গ্রন্থকর্ত্তার নিকট পাওয়া যাইবেক। মূল্য ৬৲ মুদ্রা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ২ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত ।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 9, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ৯ সেপ্টেম্বর ।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 29TH AUGUST, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 29th August, 1851.

ACT No. —— OF 1851.

To amend Act XIV. 1843, and to regulate the manufacture of Saltpetre in the Presidency of Bengal.

Whereas the manufacture of alimentary Salt throughout the Presidency of Fort William in Bengal, excepting on account of Government, or with the sanction of Government, is prohibited by Regulation X. 1819 of the Bengal Code, and by Act XIV. 1843; and whereas Salt is unavoidably produced in the manufacture of Saltpetre, and it is therefore expedient that works for the manufacture and refinery of Saltpetre be regulated, It is enacted as follows:

I. Sections IV. and V. of Act XIV. 1843, are repealed.

II. The manufacture of alimentary Salt and Saltpetre throughout the Presidency of Fort William in Bengal, except on account of Government, or with the license of Government, is prohibited.

III. No person shall be entitled, as of right, to have a license for the manufacture of Salt, but the Government, if it thinks fit in any case, may grant such license, wherever it shall be of opinion that such grant may be made without danger to the public revenue, and upon such conditions and securities as shall, from time to time, appear necessary for the protection of the Revenue.

IV. The Collectors and Deputy Collectors of

আইনের মুসাবিদা ।

ফোর্ট উলিয়ম ।
দেশীয় ডিপার্টমেণ্ট ।
লেজিসলেটিব ।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ২৯ আগষ্ট ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ২৯ আগষ্ট তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল ।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট ।

১৮৪৩ সালের ১৪ আইন সংশোধনের এবং বাঙ্গলা রাজধানীর অধীন দেশে শোরা প্রস্তুত করণের নিয়ম করণের আইন ।

যেহেতুক সরকারের নিমিত্তব্যতিরেকে অথবা সরকারের অনুমতি বিনা বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে আহারীয় লবণ প্রস্তুত করিতে বাঙ্গলা দেশের চলিত ১৮১৯ সালের ১০ আইন এবং ১৮৪৩ সালের ১৪ আইনের দ্বারা নিষেধ আছে । এবং যেহেতুক শোরা প্রস্তুত করণেতে অগত্যা লবণ জন্মে এবং তৎপ্রযুক্ত শোরা প্রস্তুত ও পরিষ্কার করণের জন্যে যেং কারখানা আছে তাহার বিষয়ে নিয়ম করা উচিত অতএব নীচের লিখিতমতে হুকুম হইল ।

১ ধারা । ১৮৪৩ সালের ১৪ আইনের ৪ এবং ৫ ধারা রদ হইল ইতি ।

২ ধারা । বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে সরকারের জন্যব্যতিরেকে অথবা সরকারের পাট্টা বিনা আহারীয় লবণ ও শোরা প্রস্তুত করা নিষেধ হইয়াছে ইতি ।

৩ ধারা । নিমক তৈয়ার করণার্থে কোন ব্যক্তি স্বত্বক্রমে পাট্টা পাইবার দাওয়া করিতে পারেন না কিন্তু যদি গবর্ণমেণ্ট কোন গতিকে উচিত বোধ করেন এবং গবর্ণমেণ্টের যদি এমত বিবেচনা হয় যে ঐ প্রকারে পাট্টা দিলে সরকারের রাজস্বের কিছু বিঘ্ন হইবেক না তবে সরকারী রাজস্ব রক্ষা করণার্থে সময়ক্রমে যেং নিয়ম ও যেং জামিন আবশ্যক বোধ হয় সেইং নিয়ম ও সেইং জামিন লইয়া ঐপ্রকার পাট্টা দিতে পারেন ইতি ।

৪ ধারা । হাসিলের কালেক্টর সাহেব ও ডেপুটী

Customs, under authority for that purpose granted by the Government, shall be competent to grant licenses for the manufacture of Salt upon the conditions and securities as shall from time to time be prescribed.

V. Any person licensed to manufacture Salt may manufacture or refine, or manufacture and refine either Salt, Saltpetre, or both, at the works so licensed, but not elsewhere, under the same license.

VI. Every person, desirous of manufacturing Saltpetre from earth or brine, containing not more Muriate of Soda than thirty five parts in one hundred parts of the saline substance, shall be entitled, as of right, to have a license for the manufacture of Saltpetre, subject to the provisions of this Act.

VII. Every person, desirous of refining Saltpetre containing not more Muriate of Soda than fifteen parts in one hundred parts of the unrefined Saltpetre, shall be entitled, as of right, to have a license for the refinery of Saltpetre, subject to the provisions of this Act.

VIII. Any person licensed to refine Saltpetre may manufacture Saltpetre at the works so licensed, but not elsewhere under the same license.

IX. There shall not be used in any place licensed for the manufacture of Saltpetre, any earth or brine containing more Muriate of Soda than thirty-five parts in one hundred parts of the saline substance, or in any place licensed for the refinery of Saltpetre, any Saltpetre containing more Muriate of Soda than fifteen parts in one hundred parts of the Saltpetre: and every place licensed for the manufacture or refinery of Saltpetre in which is used or found any earth, brine or Saltpetre containing more Muriate of Soda than is by this Section allowed to be used therein, shall be deemed an unlicensed work.

X. Licenses for the manufacture or refinery of Saltpetre from such substances as aforesaid shall be granted in the form given in the Schedule annexed to this Act, or in such other form as shall be from time to time appointed by Government, on application of the Collector or Deputy Collector of Land Revenue of the District in which the work is to be carried on, or to such other persons resident within the District, as shall be specially appointed by the Government for this purpose of granting such licenses.

XI. The license shall specify whether the works are to be for the manufacture or refinery of Saltpetre, and also the following particulars.

1st. The name and description of the owners to whom the works belong and by whom they are to be worked.

2ndly. The Village and Pergunnah where the works are situated.

3rdly. The number and sise of the boilers and

কালেক্টর পাট্টা দেওনার্থে গবর্ণমেন্টের স্থানে ক্ষমতা-প্রাপ্ত হইলে যে২ নিয়ম ও জামিন সময়ক্রমে নির্দ্দিষ্ট হয় সেই২ নিয়মপ্রভৃতিক্রমে নিমক তৈয়ার করিবার জন্যে পাট্টা দিতে পারেন ইতি।

৫ ধারা। যে কোন ব্যক্তি নিমক তৈয়ার করিবার জন্যে পাট্টা পাইয়াছেন সেই ব্যক্তি যে কারখানার বিষয়ে পাট্টা পাইয়াছেন সেই কারখানায় নিমক অথবা শোরা কি উভয় দ্রব্য প্রস্তুত কিম্বা পরিষ্কার অথবা প্রস্তুত এবং পরিষ্কার করিতে পারেন কিন্তু সেই পাট্টাক্রমে অন্য স্থানে তাহা করিতে পারেন না ইতি।

৬ ধারা। যে মৃত্তিকা অথবা লোণা জলের এক শত অংশে পঁয়ত্রিশ অংশের অধিক মিউরিএট অফ শোডা অর্থাৎ লবণ থাকে এমত মৃত্তিকা কি লোণা জলে যে ব্যক্তি শোরা প্রস্তুত করিতে চাহেন সেই ব্যক্তি এই আইনের বিধির অধীনে শোরা প্রস্তুত করণার্থে স্বত্বক্রমে পাট্টার বিষয়ের দাওয়া করিতে পারেন ইতি।

৭ ধারা। অপরিষ্কৃত যে শোরার এক শত অংশের মধ্যে পনের অংশের অধিক মিউরিএট অফ শোডা অর্থাৎ লবণ নাই এমত শোরা পরিষ্কার করণার্থে যে প্রত্যেক ব্যক্তি ইচ্ছুক থাকেন সেই ব্যক্তি এই আইনের বিধির অধীনে শোরা পরিষ্কার করণার্থে পাট্টার বিষয়ে স্বত্বক্রমে দাওয়া করিতে পারেন ইতি।

৮ ধারা। যে কোন ব্যক্তি শোরা পরিষ্কার করণার্থে পাট্টা পাইয়াছেন সেই ব্যক্তি যে কারখানার নিমিত্তে পাট্টা পাইয়াছেন সেই কারখানায় শোরা প্রস্তুত করিতে পারেন কিন্তু সেই পাট্টাক্রমে অন্য স্থানে পারেন না ইতি।

৯ ধারা। শোরা প্রস্তুত করণার্থে যে স্থানের জন্যে পাট্টা দেওয়া যায় সেই স্থানে যে মৃত্তিকা কি লোণা জলের এক শত অংশের মধ্যে পঁয়ত্রিশ অংশের অধিক মিউরিএট অফ শোডা অর্থাৎ লবণ থাকে এমত মৃত্তিকা কি লোণা জলের ব্যবহার হইবেক না। অথবা শোরা পরিষ্কার করণার্থে যে স্থানের নিমিত্তে পাট্টা দেওয়া গিয়াছে সেই স্থানে যে শোরার এক শত অংশের মধ্যে পনের অংশের অধিক মিউরিএট অফ শোডা অর্থাৎ লবণ থাকে এমত শোরা সেই স্থানে ব্যবহার হইবেক না এবং শোরা প্রস্তুত অথবা পরিষ্কার করণার্থে যে সকল স্থানের বিষয়ে পাট্টা দেওয়া যায় সেই২ স্থানে যত মিউরিএট অফ শোডার বিষয়ে এই ধারার দ্বারা অনুমতি দেওয়া গিয়াছে তাহা-হইতে অধিক মিউরিএট অফ শোডাযুক্ত মৃত্তিকা বা লোণা জল কি শোরা যদি ব্যবহার হয়, অথবা পাওয়া যায় তবে তাহা বিনানুমতির কারখানা বোধ হইবেক ইতি।

১০ ধারা। পূর্ব্বোক্ত দ্রব্যহইতে শোরা প্রস্তুত অথবা পরিষ্কার করণের পাট্টা এই আইনের শেষের লিখিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে অথবা সময়ক্রমে গবর্ণ-মেন্ট অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন তদনুসারে যে জিলার মধ্যে ঐ কর্ম্ম করা যাইবেক সেই জিলার ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের অথবা ডেপুটী কালেক্টরের নিকটে কিম্বা সেই জিলার মধ্যনিবাসি অন্য যে কোন ব্যক্তিকে ঐ প্রকার পাট্টা দেওনার্থে গবর্ণমেন্ট বিশেষরূপে নিযুক্ত করেন সেই২ ব্যক্তির নিকটে দরখাস্ত করিলে দেওয়া যাইবেক ইতি।

১১ ধারা। ঐ কারখানা কি শোরা প্রস্তুত করণার্থ কি তাহা পরিষ্কার করণার্থ হইবেক ইহা পাট্টার মধ্যে নির্দ্দিষ্ট থাকিবেক এবং তদাতিরিক্ত এই২ বৃত্তান্ত থাকিবেক।

প্রথম। ঐ কারখানা যে মালিকের থাকে এবং যে মালিকের দ্বারা তাহাতে কর্ম্ম হইবেক তাঁহার নাম ও বর্ণনা।

দ্বিতীয়। যে জিলা ও পরগনার মধ্যে ঐ কারখানা আছে তাহা।

তৃতীয়। বয়লর ও কড়িয়া ও কেজারির সংখ্যা এবং

filters or vats, the greatest number of workmen to be employed and the estimated yearly produce, and such other particulars as shall be from time to time required by Government to be set forth in the license.

XII. Any wilful misrepresentation or false statement of any particular required to be set forth in the license renders it null and void, from the time of the grant thereof; and no new license shall be granted to the holder of the annulled license without the special permission of the Board of Revenue.

XIII. A separate license shall be necessary for the works in each village, and no license for the manufacture of Salt or Saltpetre, or for the refinery of Saltpetre in one village, shall warrant the establishment of any work in another village.

XIV. The fees payable on the grant of any such license shall be such, as shall be from time to time fixed by the Government, not exceeding the rate of (   ) for each hundred maunds of crude or refined Saltpetre that the works are estimated to produce in one year.

XV. Every holder of a license under this Act, who shall be guilty of any breach of the conditions on which the license is granted, or of any offence against this Act, shall be liable for the first offence, on conviction by a Magistrate, to a fine not exceeding five hundred rupees, payment of which may be enforced by Act II. 1839; also if the fine is not forthwith paid, or if the offence is repeated, the license shall be annulled and the Salt or Saltpetre in store seized and confiscated.

XVI. Every license granted under this Act, shall remain in force for (   ) years, unless sooner annulled on the application of the person to whom it was granted, or his personal representative, or upon proof that the manufacture has been wholly discontinued during one year at the work for which the license was granted, or of the breach of any condition on which it was granted. Any license may also be annulled on proof that it is for works larger than those which have been used during the then last year, and any license for the manufacture of crude Saltpetre may be annulled on proof that it is for works larger than can be supplied by the saline earth or brine in the neighbourhood which may be lawfully used there; and in case any license shall be annulled on the ground of the work set forth in it being larger than have been used, or than can be supplied as aforesaid, a new license may be granted for works of less size; and in any such case, a license shall not be again granted for works of a greater size at the same place without the con-

পরিমাণ এবং পর্ব্বাপেক্ষা বড় অধিক কারিগর রাখনের যামন আছে এবং আনুমানিক কত দ্রব্য প্রতিবৎসরে উৎপন্ন হইবেক তাহা এবং সময়ক্রমে অন্য যে সকল বৃত্তান্ত পাট্টার মধ্যে লিখিতে গবর্ণমেণ্ট হুকুম দেন তাহা ইতি।

১২ ধারা। পাট্টার মধ্যে যে কোন বৃত্তান্ত লিখিবার হুকুম আছে তাহাতে যদি কেহ জানিয়া শুনিয়া কিছু অপ্রকৃত লেখে অথবা যদি মিথ্যা এজহার দেয় তবে তাহাতে ঐ পাট্টা দেওনের সময়অবধি তাহা রদ ও বাতিল হইবেক এবং বোর্ড রেবিনিউর বিশেষ অনুমতি বিনা যে ব্যক্তির পাট্টা বাতিল হইযাছে তাহাকে অন্য কোন নুতন পাট্টা দেওয়া যাইবেক না ইতি।

১৩ ধারা। প্রত্যেক গ্রামের কারখানার জন্যে এক২ আলাহিদা পাট্টার আবশ্যক হইবেক এবং এক গ্রামের মধ্যে লবণ অথবা শোরা প্রস্তুত করণার্থে কি শোরা পরিষ্কার করণার্থে যে পাট্টা দেওযা যায় তাহার দ্বারা সেইরূপে অন্য কোন গ্রামে কোন কারখানা স্থাপনের অনুমতি হইবেক না ইতি।

১৪ ধারা। কোন পাট্টা দেওনের সময়ে যে রসুম দিতে হয় তাহা গবর্ণমেণ্ট সময়ক্রমে নির্দ্দিষ্ট করিবেন এবং এক বৎসরের মধ্যে ঐ কারখানাতে কাঁচা অথবা পরিষ্কারকরা শোরা উৎপন্ন হইবার সম্ভাবনা আছে তাহার প্রত্যেক শত মোনের জন্যে এত টাকার কি আনার বেশী হইবেক না ইতি।

১৫ ধারা। এই আইনক্রমে প্রত্যেক পাট্টাদার ব্যক্তি যে নিয়মক্রমে পাট্টা দেওয়া গিযাছিল তাহার কোন এক নিয়ম যদি উল্লঙ্ঘন করে অথবা এই আইনের নির্দ্দিষ্ট কোন অপরাধ করে তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সেই ব্যক্তি প্রথম অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং তাহা ১৮৩৯ সালের ২ আইনের লিখনমতে জারী হইতে পারে। এবং যদি সেই জরীমানার টাকা তৎক্ষণাৎ না দেওযা যায় অথবা যদি সেই অপরাধ পুনর্ব্বার করা যায় তবে সেই পাট্টা রদ হইবেক এবং যত লবণ বা শোরা ন্যস্ত থাকে তাহা ক্রোক ও জব্দ হইবেক ইতি।

XXI. Nothing herein contained shall invalidate or affect any Marriage which may be solemnized in *India* by Persons in Holy Orders, or any Marriages which may be solemnized under the Provisions of the Act of the Fifty-eighth Year of King *George* the Third, Chapter Eighty-four, or any other Marriages which under the Laws for the Time being in force in *India* might have been there solemnized in case this Act had not been passed: Provided that it shall be lawful for the Governor General of *India* in Council, from Time to Time by Laws and Regulations to be made as aforesaid, to provide for the Registration of any Marriages solemnized in *India* by Persons in Holy Orders, or of any Marriages there solemnized under the Provisions of the said Act of the Fifty-eighth Year of King *George* the Third, Chapter Eighty-four, or of any other Marriages there solemnized, of which it may appear to the said Governor General in Council desirable that Evidence should be transmitted to *England*, and to provide for the Care and Custody of the Registers of such Marriages, and for the Transmission of Certificates thereof to the Secretaries of the Governments of the respective Presidencies, or to other Officers, and for their sending the same to the Secretary of the *East India* Company, for the Purpose of being delivered to the Registrar General of Births, Deaths, and Marriages in *England*, and also to provide for the Authentication of such Certificates.

যে২ বিবাহ পূর্ব্বের মত সাধন হইতে পারে তাহা।

এই আইনক্রমে সাধন না হওয়া বিবাহের রেজিষ্টরীর বিষয়ে আইন করিতে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ক্ষমতা আছে।

২১। যে কোন বিবাহ শ্রীযুত বিশপকর্ত্তৃক নিযুক্ত ধর্ম্মোপদেশকের দ্বারা ভারতবর্ষে সাধন হয় অথবা যে কোন বিবাহ তৃতীয় জর্জের আটান্ন বৎসরীয় আইনের চৌরাসী অধ্যায়ের বিধির অনুসারে সাধন হয় অথবা এই আইন না হইলে অন্য যে কোন বিবাহ ভারতবর্ষের মধ্যে চলিত আইনানুসারে সাধন হইতে পারিত এমত কোন বিবাহ এই আইনের লিখিত কোন কথার দ্বারা অসিদ্ধ বা দোষী হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে শ্রীযুত বিশপের নিযুক্ত ধর্ম্মোপদেশকের দ্বারা ভারতবর্ষে যে কোন বিবাহ সাধন হইয়াছে অথবা তৃতীয় জর্জের আটান্ন বৎসরীয় আইনের চৌরাসী অধ্যায়ের বিধির অনুসারে যে কোন বিবাহ সাধন হয় অথবা ভারতবর্ষে সাধনহওয়া অন্য যে কোন বিবাহের বিষয়ে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের এইমত বোধ হয় যে তাহার প্রমাণ ইঙ্গলণ্ড দেশে পাঠান উচিত এমত বিবাহের রেজিষ্টরী করণের জন্যে এবং ঐ বিবাহের রেজিষ্টর অতিসাবধানরূপে রাখিবার জন্যে এবং তাহার সর্টিফিকট ঐ২ রাজধানীর গবর্নমেণ্টের সেক্রেটারী সাহেবেরদের নিকটে কিম্বা অন্য কোন কর্ম্মকারকের নিকটে পাঠাইবার জন্যে এবং ইঙ্গলণ্ড দেশে জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকটে দাখিল হওনের নিমিত্তে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের সেক্রেটারী সাহেবের নিকটে তাহা পাঠাইবার জন্যে এবং ঐ২ সর্টিফিকটে দস্তখৎ করিবার জন্যে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে পূর্ব্বোক্তমতে করা আইনের দ্বারা সময়ক্রমে নিয়ম করিতে পারেন ইতি।

Certificates delivered to Registrar General under this Act, or under any Laws or Regulations made thereunder, to be subject to the Provisions of 6 or 7 W. 4. c. 86.

XXII. The Certificates which shall be delivered to the Registrar General of Births, Deaths and Marriages in *England*, under this Act, or under any Laws or Regulations to be made thereunder, shall be kept in the General Register Office, in the same Manner, and Indexes thereof shall be made and Searches permitted, and Copies thereof, sealed or stamped with the Seal of the General Register Office, shall be given, in the like

এই আইনক্রমে অথবা পশ্চাৎ লিখিতমতে করা কোন আইনক্রমে রেজিষ্ট্রার জেনরল সাহেবকে যে২ সর্টিফিকট দেওয়া যায় তাহা চতুর্থ উলিয়মের ষষ্ঠ ও সপ্তম বৎসরীয় আইনের ৮৬ অধ্যায়ের অধীনে হইবেক।

২২। এই আইনক্রমে বা তদনুযায়ি যে কোন আইন করিতে হয় তৎক্রমে যে সর্টিফিকট ইঙ্গলণ্ড দেশে জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবকে দেওয়া যায় তাহা ইঙ্গলণ্ড দেশের জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্টর সকলের সর্টিফিকটহওয়া যে নকল ঐ আইনক্রমে ঐ দফ্তরখানায় রাখা যায় সেই নকলের বিষয়ে চতুর্থ উলিয়ম বাদশাহের ষষ্ঠ ও সপ্তম বৎসরীয় আইনের চৌরাসী অধ্যায়ে যেরূপ নির্দ্দিষ্ট আছে সেইরূপে ভারতবর্ষের সর্টিফিকট সাধারণ রেজিষ্টরী দফ্তরে রাখা যাইবেক এবং

Manner as by the Act of the Session holden in the Sixth and Seventh Years of King *William* the Fourth, Chapter Eighty-six, is provided concerning the certified Copies (kept in such Office under the said Act) of the Registers of Births, Deaths, and Marriages in *England*; and every certified Copy, purporting to be sealed or stamped with the Seal of the said General Register Office, or any such Certificate delivered to the said Registrar General under this Act, or under such Laws or Regulations, shall be received as Evidence of the Marriage to which the same relates without further Proof of such Certificate, or of any Entry therein.

সেইরূপে তাহার নির্ঘণ্ট করা যাইবেক ও সেইরূপে তাহার মধ্যে অন্বেষণ করণের অনুমতি দেওয়া যাইবেক ও সেইরূপে তাহার নকল সাধারণ রেজিষ্টরী দপ্তরের মোহরে মোহরকরিয়া অথবা ছাপা করিয়া দেওয়া যাইবেক। এবং সর্টিফিকট হওয়া যে প্রত্যেক নকল উক্ত সাধারণ রেজিষ্টরী দপ্তরের মোহরেতে মোহরকরা অথবা ছাপা হইয়াছে কথিত হয় এইমত প্রত্যেক নকল অথবা এই আইন কি উক্ত কোন আইনক্রমে এমত যে সর্টিফিকট উক্ত রেজিষ্টার জেনরল সাহেবকে দেওয়া যায় তাহা ঐ সর্টিফিকট-সম্পর্কীয় বিবাহের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক এবং ঐ সর্টিফিকট অথবা তাহার মধ্যের লিখিত কোন বিষয়ের আর কোন প্রমাণের আবশ্যক হইবেক না ইতি।

Marriages under this Act valid.

XXIII. All Marriages solemnized under this Act shall be good and valid in Law to all Intents and Purposes.

এই আইনক্রমের বিবাহ সিদ্ধ।

২৩। এই আইনানুসারে যে সকল বিবাহ সাধন হয় তাহা সর্ব্বতোভাবে এবং সকল অভিপ্রায়ের জন্য আইনসিদ্ধ ও মাতবর হইবেক ইতি।

Certain Marriages in India confirmed.

XXIV. And whereas it is expedient to remove all Doubt concerning the Validity of Marriages heretofore solemnized in *India* by Persons not in Holy Orders: All such Marriages, if not otherwise invalid, shall be deemed and held to be valid in Law to all Intents and Purposes.

ভারতবর্ষে কোন২ বিবাহ মঞ্জুর হইল।

২৪। এবং যেহেতুক শ্রীযুত বিশপকর্ত্তৃক নিযুক্ত না হওয়া ধর্ম্মোপদেশকের দ্বারা ভারতবর্ষে ইহার পূর্ব্বে যে বিবাহ সাধন হইয়াছিল তাহার বিষয়ি সকল সন্দেহ দূর করা উচিত বোধ হইয়াছে অতএব হুকুম হইল যে ঐ প্রকার সকল বিবাহ যদি অন্য প্রকারে অসিদ্ধ না হয় তবে তাহা সর্ব্বতোভাবে এবং সকল অভিপ্রায়ের জন্যে আইনসিদ্ধ ও মাতবর হইবেক ইতি।

Interpretation of "India."

XXV. In the Construction of this Act the Word "*India*" shall include all Territories for the Time being under the Government of the *East India* Company, and all Territories of any Native Princes or States in alliance with the said Company.

ভারতবর্ষ এই কথার অর্থ।

২৫। এই আইনের অর্থ করণেতে ভারতবর্ষ এই কথার মধ্যে সময়ক্রমে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের শাসিত সকল দেশ এবং উক্ত কোম্পানির সঙ্গে এতদ্দেশীয় যে কোন রাজা বা রাজ্যের সন্ধি থাকে তাঁহার দেশ বুঝাইবেক ইতি।

Commencement of Act.

XXVI. This Act shall, so far as respects the Authority to make such Appointments, Laws, and Regulations as are herein authorized to be made, commence and take effect from and after the passing thereof, and as to all other Matters and Things commence and take effect from and after the First Day of *January* One thousand eight hundred and fifty-two, or such other Day, as the Governor General of *India* shall direct.

আইনের কার্য্যের আরম্ভ।

২৬। এই আইনের মধ্যে যে সকল নিয়োগ ও আইন করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে সেই সকল নিয়োগপ্রভৃতি করণের ক্ষমতার বিষয়ে এই আইন জারী হওনের পর তাহার কার্য্য আরম্ভ হইবেক ও তাহা আমলে আসিবেক। এবং অন্য সকল কার্য্য ও বিষয়ে আঠার শত বাওয়ান্ন সালের প্রথম জানুআরি তারিখঅবধি এবং তাহার পর অথবা অন্য যে দিবস ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নিরূপণ করেন সেই দিবসঅবধি তাহার কার্য্য আরম্ভ হইবেক এবং তাহা আমলে আসিবেক ইতি।

Publication of Act.

XXVII. The Governor General of *India*, and the Governors of the several Presidencies in *India*, shall cause this Act to be published Three Times in each of the Government Gazettes of the several Presidencies, the first of such Publications to be made within Six Weeks after this Act shall have been received in such respective Presidencies.

[*Government Gazette, 4th November,* 1851.]

আইনের ঘোষণা করণ।

২৭। ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এবং ভারতবর্ষের নানা রাজধানীর শ্রীযুত গবরনর সাহেবেরা আপনং রাজধানীর প্রত্যেক গবর্ণমেণ্ট গেজেটে তাহা তিনবার প্রকাশ করিবেন এবং ঐ প্রত্যেক রাজধানীতে এই আইন পঁহুছনের পর ছয় সপ্তাহের মধ্যে তাহা প্রথমবার প্রকাশ হইবেক ইতি।

SCHEDULE to which this Act refers.

MARRIAGE REGISTER BOOK.

No.	When Married.	Name and Surname.	Whether of full Age or a Minor.	Condition.	Rank or Profession.	Residence at the Time of Marriage	Father's Name & Surname.	Rank or Profession of Father.
1	*17th May,* 1851.	*William Smith.*	*Of full Age.*	*Bachelor.*	*Surgeon*	4, *Clive Street, Barrack-pore.*	*John Smith.*	*Esquire.*
		Anne Green.	*Minor.*	*Widow.*	....	....	*James Hastings.*	*Esquire.*

Married in the House of *A. B.* by [*or* before] me,

William Johnson, Marriage Registrar.

This Marriage was solemnized between us, { *William Smith,* *Anne Green,* } in the Presence of us, { *Peter Smith,* *James Hastings.* }

CERTIFICATE OF MARRIAGE.

No.	When Married.	Name and Surname.	Whether of full Age or a Minor.	Condition.	Rank or Profession.	Residence at the Time of Marriage.	Father's Name & Surname.	Rank or Profession of Father.
1	*17th May,* 1851.	*William Smith.*	*Of full Age.*	*Bachelor.*	*Surgeon.*	4, *Clive Street, Barrack-pore.*	*John Smith.*	*Esquire.*
		Anne Green.	*Minor.*	*Widow.*	....	....	*James Hastings.*	*Esquire.*

Married in the House of *A. B.* by [*or* before] me,

William Johnson, Marriage Registrar.

This Marriage was solemnized between us, { *William Smith,* *Anne Green,* } in the Presence of us, { *Peter Smith,* *James Hastings.* }

এই আইনে যে তফসীল নির্দ্দিষ্ট আছে তাহা।

বিবাহের রেজিষ্টরী বহী।

নং	কখন বিবাহ হয়।	নাম ও পদবী।	বয়ঃপ্রাপ্ত কি অপ্রাপ্তবয়স্ক।	অবস্থা।	পদ কি ব্যবসায়।	বিবাহ কালে বাস স্থান।	পিতার নাম ও পদবী।	পিতার পদ কি ব্যবসায়।
১	১৮৫১ সাল ১৭ মে	উলিয়ম স্মিথ	বয়ঃপ্রাপ্ত	অবিবাহিত	চিকিৎসক	৪. ক্লাইব ষ্ট্রিট চানক	জান স্মিথ	এস্কায়র
		আন্ গ্রীন	অপ্রাপ্ত-বয়স্কা	বিধবা	…………	…………	জেম্স হেষ্টিংস	এস্কায়র

অমুকের বাটীতে আমার দ্বারা (কি গোচরে) বিবাহ হইল।

উলিয়ম জনসন। বিবাহের রেজিষ্টর।

আমারদের বিবাহ হইল { উলিয়ম স্মিথ / আন গ্রীন্ } আমারদের সাক্ষাৎ { পিটর স্মিথ। / জেম্স হেষ্টিংস। }

বিবাহের সর্টিফিকট।

নং	কখন বিবাহ হয়।	নাম ও পদবী।	বয়ঃপ্রাপ্ত কি অপ্রাপ্তবয়স্ক।	অবস্থা।	পদ কি ব্যবসায়।	বিবাহকালে বাস স্থান।	পিতার নাম ও পদবী।	পিতার পদ কি ব্যবসায়।
১	১৮৫১ সাল ১৭ মে	উলিয়ম স্মিথ	বয়ঃপ্রাপ্ত	অবিবাহিত	চিকিৎসক	৪. ক্লাইব ষ্ট্রিট চানক	জান স্মিথ	এস্কায়র
		আন্ গ্রীন	অপ্রাপ্ত-বয়স্কা	বিধবা	…………	…………	জেম্স হেষ্টিংস	এস্কায়র

অমুকের বাটীতে আমার দ্বারা (কি গোচরে) বিবাহ হইল।

উলিয়ম জনসন। বিবাহের রেজিষ্টর।

আমারদের বিবাহ হইল { উলিয়ম স্মিথ। / আন গ্রীন্ } আমারদের সাক্ষাৎ { পিটর স্মিথ। / জেম্স হেষ্টিংস। }

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

[*Government Gazette, 4th November,* 1851.]

রাজকর্ম্মে নিয়োগ।

২২৪৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ১৫ অক্টোবর।

শ্রীযুত অনরবিল সর জেম্‌স ডবলিউ কলবিল সাহেব (The Hon'ble Sir James W. Colvile,) বিদ্যাধ্যাপনের কৌন্সেলের প্রেসীডেণ্ট হইবেন।

১৮৫১ সাল ১৮ অক্টোবর।

দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত জে ওএটন সাহেব (Mr. J. Weston,) মোজফরপুরে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫১ সাল ২৪ অক্টোবর।

শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেবের (Captain A. A. Sturt,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব (Captain E. A. Rowlatt,) গোআলপাড়াতে আসামের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত কাপ্তান রৌলাট সাহেবের (Captain Rowlatt,) পরিবর্ত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ এস বাইবার সাহেব (Lieutenant H. S. Bivar,) গৌহাটিতে আসামের কমিসানর সাহেবের ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫১ সাল ২৭ অক্টোবর।

শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি ময়মনসিংহের কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত কলিকাতার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) ঐ তারিখঅবধি প্রথম অর্থাৎ উত্তরাংশের জরিপের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত কাপ্তান এচ বেচ সাহেবের (Captain H. Vetch,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান ই টি ডালটন সাহেব (Captain E. T. Dalton, লক্ষ্মীপুরে আসামের পলিটিকাল এজেণ্ট ও কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান ডালটন সাহেবের (Captain Dalton,) পরিবর্ত্তে শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব (Captain E. A. Rowlatt,) কামরূপে আসামের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান টি ব্রোডি সাহেবের (Captain T. Brodie,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান সি হলরয়ড সাহেব (Captain C. Holroyd,) শিবসাগরে কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫১ সাল ১৪ অক্টোবর।

গোআলপাড়াতে আসামের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব (Captain A. A. Sturt,) যে তারিখে আপনার কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr. H. Driver,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৫ অক্টোবর।

চাটিগাঁর নিমকের এজেণ্ট শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Mr. W. M. Dirom,) গত মে মাসের ২১ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক খুধরা বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৭ অক্টোবর।

লক্ষ্মীপুরে আসামের পলিটিকাল এজেণ্ট ও কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এচ বেচ সাহেব (Captain H. Vetch,) ইউরোপে গমনার্থে নিয়মিত ছুটীর দরখাস্ত করিবার পূর্ব্বে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক খুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ও ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫১ সাল ১৮ অক্টোবর।

পূর্ব্ব বর্দ্ধমানের জজ শ্রীযুত জে এচ পাটন সাহেব (Mr. J. H. Patton,) মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৩১ সালের ৯ আইনানুসারে চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবচন্দ্র চাটুর্য্যা গত আগষ্ট মাসের ১১ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ২৫ অক্টোবর।

গাজীপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জি এ এফ সলেজ সাহেব (Revd. G. A. F. Saulez,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনের অনুমতি পাইয়াছেন।

১৮৫১ সাল ১৭ অক্টোবর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত এম ব্রডহর্ষ্ট সাহেব (Mr. M. Brodhurst,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৫১ সাল ১৮ অক্টোবর।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে কিয়র্নি সাহেব (Mr. J. Kearney,) গত মাসের ১৭ তারিখে কিউক ফিউ স্থানের চিকিৎসকতা কর্ম্ম গ্রহণ করেন।

নওগাঁয়ে আসামের কমিসানর সাহেবের একটিং দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জি এফ বিনসেণ্ট সাহেব (Lieutenant G. F. Vincent,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২২৬৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫১ সাল ২৮ অক্টোবর।

দ্বিতীয় শ্রেণীর পদের নিযুক্ত দারোগারা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত মতি লাল পণ্ডিত	সারণ
„ দুর্গাচরণ ঘোষ	বাকরগঞ্জ
„ দুর্গাপ্রসাদ সিংহ	ঢাকা
„ কেরামৎ আলি	বেহার
„ শিবচন্দ্র বসু	ফরিদপুর
„ মাধবচরণ বসু	রঙ্গপুর
„ গুরুচরণ ঘোষ	ময়মনসিংহ
„ কুলানন্দ দোবে	শাহাবাদ
„ দুর্গা সিংহ	হুগলী
„ যদুনাথ গাঙ্গোলি	নদীয়া

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৫১। ৪ নবেম্বর]

GOVERNMENT ADVERTISEMENTS.

LAND ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বেহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলা বেহারের নীচের লিখা ১২৫৮ সালের লাগাৎ কিস্তী ১১ অক্টোবর ১৮৫১ সালের পাওয়ানা বাকী মালগুজারির নিমিত্তে ১৮৫১ সালের ডিসেম্বর মাসের ২ তারিখে মোতাবেক ২৪ অগ্রহায়ণ ১২৫৯ সাল ফসলি রোজ মঙ্গলবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ধরা গিয়া বিক্রয় হইবেক ইতি সন ১৮৫১ সাল তারিখ অক্টোবর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজি তে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	সন ১৮৫১ সালের লাৎ কিস্তী ১১ অক্টোবর	কৈফিয়ৎ।
১	চিরস্থ বন্দবস্তী মহাল	৩২	পরগনে সনোৎ মৌং বাসদেওপুর	খাজে মহম্মদ ইজার ঐ সাহিব মাল	১১৮১৩	৪১ ৷/৮	চিরস্থ বন্দবস্তী মহাল সন ১২৪৯ সাল ফসলি
					২৮ ॥১১	৪০ ৸/৮	
				মালিকানা	১২ ॥৩	৮ ।৷০	
		৫৯	পং গোহ মৌং কপসিয়া উরফ হরগাঁও	মহম্মদ সুফী … … …	১৫০ ।৶৫	১৪১৻১	ঐ ১২২৭ ঐ।
		১১৯	পং শহরঘাটী মৌং সিধিপাপ …	মোসম্মাত ভোক্তা ওগয়রহ …	১৭০ ॥৴০	২১ ।১০	ঐ ১২৪৮ ঐ।
		২১১	পং নরহট মৌং চক পাহারপুর কিমার মুনদুরপুর পিপরা	দরশন সিংহ ওগয়রহ … …	১১৮ ॥৩	৬১ ॥৶৯	ঐ ১২৫৫ ঐ।
২	অচিরস্থ বন্দবস্তী মহাল		পং পরহুথি মৌং পচতরওয়া ওগয়রহ	টিকৈত জগন্নাথ সিং ওগয়রহ	৮২৫৲	১৩২ ।০	এ মৌজা টিকাদারি ২০ বৎসরের জন্য বন্দবস্ত হইয়াছে ইং সন ১২৫২ এসতেহার জারি হইয়াছে বিমুজিম ধারা ৫ আইন ১ সন ১৮৪৫।
৪	অন্য মৌজার দকীর জন্য বিক্রয় হইবেক		পং গোহ মৌং বখতিয়ারপুর সবোমন	রামসহায় সিং ও যদু সিং মালিক	৪৪ ।৩	৮৫৸/১	হক হিসা পরমেশ্বর সিং অত্র মৌজে বখতিয়ারপুর বিক্রয় হইবেক বাকীর জন্য মৌং সলেমপুর সরহদ্দ উরফ বামুরিয়া পং গো জিম্মা পরমেশ্বর সিং ও প্রুরুকেশ সিং ঠিকাদার এস্তেহার জারী হইয়াছে বিমুজিম ধারা ৫ আইন ১ সন ১৮৪৫।
			অওরাহি পং গোহ … …	মৌলুবি সেরআলি ও শিউরত্ন সিং	১৫২ ॥৩		হক হিস্যা পরমেশ্বর সিং বিক্রয় হইবেক বাকীর জন্যে ঐ ঐ এস্তেহার ঐ ঐ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	সন ১৮৫১ সালের লাং কিস্তী ১১ অক্টোবর	কৈফিয়ৎ।
			মরেদ ওং পং ওকরি	খোদাবক্শ খাঁ ওগয়রহ ...	১৩৮৬॥৵৮	৭১২২॥১১	হক হিস্যা মেথু খাঁ ঠিকাদার ও জামিনদার মৌং মরেদ বিক্রয় হইবেক আবকারি মহালের বাকীর জন্য পং নরহট গয়রা ও বেহার বাবদ সন ১৮৫০। ৫১। এস্তিহার ঐ ঐ।
			ঐ	ঐ			হক হিস্যা ঐ ঐ মৌং মোহিউদ্দীপুর পং ওকরি বাকীর ঐ ঐ। এস্তিহার ঐ ঐ।
			ঐ	ঐ			হক হিস্যা ঐ ঐ মৌং কমরডি পং ওকরি বাকী ঐ ঐ। এস্তিহার ঐ ঐ।
			গোরাইপুর পং সিরিশ	ইসমাইনপুর	১৮১॥৵৮		হক হিস্যা গোলাম অকবর খাঁ পুত্র ইসমাইল খাঁ জামিনদার বিক্রয় হইবেক বাকীর ঐ ঐ। এস্তিহার ঐ ঐ।
			মরেদ ওগয়রহ পং ওকরি	খোদাবক্শ খাঁ ওগয়রহ ...	১৩৮৬॥৴৮		হক হিস্যা মহথু খাঁ জামিনদার মৌং কমরডি পং ওকরি বিক্রয় হইবেক বাকীর ঐ ঐ। এস্তিহার ঐ ঐ।
			ঐ	ঐ			হক হিস্যা মহথু খাঁ জামিনদার মৌং মোহিউদ্দীপুর পং ওকরি বিক্রয় হইবেক বাকীর ঐ ঐ। এস্তিহার ঐ ঐ।
			বেলাশরবাহন পং সিরিশ	সেখ মসিউল্লা মালিক ...	১০৭॥৶৯	৫৮৩৷৶৩	হক হিস্যা সেখ মসিউল্লা জামিনদার ও ঠিকাদার মৌং বেলাশর বাহন ও বেলা ধনেশ পং সিরিশ বিক্রয় হইবেক বাকীর জন্য মৌং মোহিউদ্দীপুর কলা পঃ অজিমাবাদ জিলা পাটনা বিমর্জিম রুবকারি কালেক্টর পাটনা তাং ২৭ আগষ্ট ১৮৫১। এস্তিহার ঐ ঐ

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজি ত মহালের নম্বর	মহালের নাম	মহালের কিম্বা মালিক	সদর জমা	সন ১৮৫১ সালের লাং কিস্তী ১১ আগষ্টের	কৈফিয়ৎ।
			রামকিসনপুর পেসোর পং বেহার ...	মোহন মহতো গয়রহ ...	১১০।3	৬২॥০	হক হিস্যা গোবরধন মহতো পুত্র মোহন মহতো জমিনদার মৌং রামকিসনপুর ও বিসুনপুর বিক্রয় হইবেক বাকীর জন্য মৌং শাদিপুর পং ভীমপুর জিম্মি গোকুল মহতো ঠিকাদার বিমরজিম রুবকারী কালেক্টর পাটনা তাং ২৭ আগষ্ট ১৮৫১। এস্তেহার ঐ ঐ।
৬	দিগর কিসিম বাকীর জন্য বিক্রয় হইবেক		সিংহপুর নিম ওগয়রহ পং শহরঘাটী	বখোবিলাল ওগয়রহ ...	১১২৸/০	১০৫॥৵০	হক হিস্যা ঈশ্বরীপ্রসাদ ওরফে ঈশ্বরদয়াল ডাকহরকরা ও জমিনদার মৌং সিংহপুর কাশীখাপ ও বরশিআর পং শহরঘাটী বিক্রয় হইবেক বাবদ বাকী জিম্মা খোদ ডাক মাসুল হিসাবে। এস্তেহার ঐ ঐ।
			উপাধ্যায়ি পং নখানের	মোসম্মত ওসিএ ওগয়রহ ...	১১১।/০	১১।২	হক হিস্যা মোসম্মাত ওসিএ বিক্রয় হইবেক আমিনের জর ফিসের জন্য। এস্তেহার ঐ ঐ।

R. F. HODGSON, *Collector.*

জিলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা ভাগলপুর।—মহাল বাকেয়া।

যেহেতুক সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারাক্রমে ইস্তাহার দেওয়া যাইতেছে যে জিলা ভাগলপুরসংক্রান্ত নীচের লিখিত মহালাতের বাকীদারগণকে কীশমত পরগনা কাঁকজোলের আমিন বাঁটওয়ারার কমিসনের টাকা দাখিল করা আবশ্যক ছিল তাহা দাখিল করে নাই অতএব সন ১৮৫১ সাল তারিখ ১৮ নবেম্বর রোজ মঙ্গলবারে নীচের লিখিত মহালাত ভাগলপুরের কালেক্টরী কাছারিতে বিনা ওজর নীলাম হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	নম্বর রেজিষ্টর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী	কৈফিয়ৎ
১	এই মহাল তহা পাওনার নিমিত্তে নীলাম হইবেক	৮	তরফ বাঁদে গজিয়াপাড় ও বরারি ও বৈদ্যপুর মৌতালকে কীশমত পরগনা কাঁকজোল ...	ডি আই হেন্‌সা সাহেব ...		১৩৫৲	বাঁটওয়ারা আমিনেরদিগের কমিসন টাকা আদায়ের নিমিত্তে এই মহালের বাকীদারের যে হকিয়ত আছে তাহা নীলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	তরফ গুলিহারি ও খোলদ গোনারাছোর মৌতালকে কীশমত পরগনা ঐ	কালিদাস ব্রহ্মচারী	৮৬৫৫।১১।	২৭৮৲	ঐ
ঐ	ঐ	ঐ	বেগমবাদ মৌতালকে কীশমত পরগনা ঐ ...	প্রীতম লাল	ইতমালি ছের বাঁটওয়ারা	৪৫।৴০	ঐ
			আসাইপুর ও কীশমত বাছারবাড়ি ও কীশমত বহড়াগাছি ও ভদ্রামপুর ও চণ্ডীপুর ও সেলমহাল ও তালুকা গোবিন্দপুর ও তালুকা হেলাতপুর ও কীশমত জলকর কেন্দুয়া ও কীশমত নিমগাছি ও কীশমত তালুকা নবীনগর ও তালুক পরাণপাড়া ও তালুকা তরফ রূপরামপুর ও তালুকা শঙ্করপুর ও চন্দনীয়া দেবীগঞ্জ ও কীশমত চান্দনীয়া দরিয়াপুর ও মৌজে কামালপুর ও বাওনাপাড় মৌতালকে কীশমত পরগনে ঐ	মেম্বর ডেবিড এণ্ডুরু সাহেব		৫৫৩।০	ঐ

ইতি সন ১৮৫১ সাল তারিখ ২২ অক্টোবর

G. Hough, *Collector.*

[Government Gazette, 4th November, 1851.]

জিলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ভাগলপুর —— মহাল ফসলি।

যেহেতুক সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারাক্রমে ইস্তাহার দেওয়া যাইতেছে যে জেলা ভাগলপুরসংক্রান্ত নীচের লিখিত মহালাতের বাকীদারাণকে সরকারি মালগুজারি সন ১৮৫১ সাল ১১ অক্টোবর সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল করা আবশ্যক ছিল তাহা দাখিল করে নাই অতএব সন ১৮৫১ সাল তারিখ ১৮ নবেম্বর রোজ মঙ্গলবারে নীচের লিখিত মহালাত জেলা ভাগলপুরের কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	নম্বর রেজিষ্টর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	সন ১৮৫১ সাল কিস্তী আগষ্ট	কৈফিয়ৎ
১	হামেশগী	১২৩	মৌজা ধনসর পরগনে ভাগলপুর ...	কালীপ্রসাদ ঝা ও কাশীনাথ ঝা	১১২৮৵৭	৩৪৵৭	সমুদয় নীলাম হইবেক।
ঐ	ঐ	৪৮৩	মৌজা খুরুশী পরগনা নৃসিংহপুর কুঁড়া ...	মদন ঠাকুর	৫২২॥৵৮	১৪২৸৵৪	ঐ
ঐ	ঐ	৬৭৮	মৌজা শ্যামপুর পরগনা ভাগলপুর ...	শা এহসন আলি ও মহসন আলি ও হোসেন আলি ও ওয়াহেদ আলি ও মসম্মাত মস্কিনা ও সেখ মেহর আলি ও মসম্মাত আমিনা ও কাদের আলি ও সেইয়দ মহম্মদ ও কৃষ্ণলাল ও হরাতি সাহু	১৫১॥৵০	৭।৩	ঐ

ইতি সন ১৮৫১ সাল তারিখ ২২ অক্টোবর।

G. Hough, *Collector.*

জিলা ভুলুয়া।

এতলানামা কাছারী কালেক্টরী জিলা ভুলুয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি জিলা ভুলুয়ার নীচের লিখিত মাহালের সন ১২৫৮ সনের লাগাএত কিস্তী ভাদ্র সরকারের পাওনা বাকী মালগুজারি আদায়ের নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারী ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৫১ সনের ১ ডিসেম্বর মোতাবেক সন ১২৫৮ সন তারিখ ১১ অগ্রহায়ণ রোজ সোমবার অত্র কালেক্টরীর কাছারিতে বিনা ওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন১৮৫১ সন তারিখ ২৭ সেপ্টেম্বর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মাহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর সংখ্যা সন ১৮৫১ সনের সাং ২৬ সেপ্টেম্বর সূর্য্যাস্তপর্য্যন্ত যে বাকী ছিল	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মাহাল	৩৭	তপে আলি নগর	হিস্যা ॥৵১১।–ক্রান্ত গুরুপ্রসাদ রায় হিস্যা ।৴১॥=ক্রান্ত কৃষ্ণপ্রসাদ সেন	১৫৭৮।৴৫	৩১৮॥১	

E. F. Radcliffe, *Offg. Deputy Collector.*

বঙ্গ ও এতদ্দেশীয় অপর ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠীর মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত যশোহরের পোষ্ট আফিসে ইং ১৮৫০ সালের আগষ্ট মাহাতে যে সকল চিঠী রাখিত হইয়াছে তাহার ফর্দ্দ।

[গত প্রকাশিতের শেষ।]

চিঠীর সংখ্যা	চিঠীর মালিকানের নাম	মালিকানের ঠিকানা	কৈফিয়ৎ
১২	মদনমোহন অধিকারী	মোং যশহর সাইদঘাটার কুঠি	
১৩	প্রেমনারায়ণ সরকার	ঐ মাগুরা	
১৪	নন্দকুমার বিদ্যাভূষণ	ঐ জেলা হুগলী	
১৫	মৌলবী সৈএদ ওবেদুল্লা	ঐ মামুদপুর ডাক	
১৬	গঙ্গাগোবিন্দ সিংহ	ঐ নওয়াহাটা ডাকঘর	
১৭	তরিবুল্লা ও ছালামদুল্লা	ঐ শহর কলিকাতার ফিনিক বাজার	
১৮	রাজকুমার সুকুল	ঐ কশবা	
১৯	ঐ ঐ	যশহর	
২০	ঈশ্বরচন্দ্র চট্টোপাধ্যায়	ঐ চাঁদপুর	
২১	সেখ শানাউল্লা	ঐ	
২২	মুনশী গোলাম হোসেন	ঐ কালীগঞ্জ	
২৩	হরিশ্চন্দ্র রায় চৌধুরী	কশবা	
২৪	গোবিন্দচন্দ্র দত্ত	যশহর চাওনিয়া	
২৫	রামকানাই হালদার	মাপূড়া	
২৬	শম্ভুনাথ বসু	যশহর	
২৭	রামচরণ ভাদুড়ি	ঐ	
২৮	মৃন্ময়ী দাসী	ঐ	
২৯	সেলাহত মিঞা	কশবা	
৩০	নবীনচন্দ্র চক্রবর্ত্তী	যশহর চলিসা	
৩১	মদনমোহন দাস মিস্ত্রী ও সেবকরাম দাস	ঐ চাঁদপুর	
৩২	বনমালী সোম	কশবা	
৩৩	রবকতুল্লা রাজমিস্ত্রী	খুলনিয়া	
৩৪	ঠাকুররাজ হালদার	যশহর কেশবপুর	
৩৫	শ্রীনাথ বসু	কশবা	
৩৬	কালীমোহন বসু	যশহর	
৩৭	মেনাজদ্দিন	ঐ	
৩৮	বসেরুদ্দি পেয়াদা	কশবা	
৩৯	রাজশঙ্কর মজুমদার	যশহর	
৪০	চন্দ্রনাথ বসু	ঐ	
৪১	নন্দকুমার সিংহ	কশবা	
৪২	আনন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায়	কোট চাঁদপুর	
৪৩	চণ্ডীচরণ ঘোষ	যশহর	
৪৪	দিগম্বর দাস উকীল	ঐ	
৪৫	পীতাম্বর ঘোষ	কশবা	
৪৬	গোপাললাল তেওয়ারি	ঐ	
৪৭	রাধু শাহা ও কৃষ্ণমোহন শাহা	ঐ	
৪৮	সরূপচন্দ্র দাসদিগর	যশহর	
৪৯	রামজয় রাহা	কশবা	
৫০	মধুসূদন বসু	যশহর ধরমপুর	
৫১	মহেশচন্দ্র চক্রবর্ত্তী	যশহর	
৫২	গোবিন্দচন্দ্র গুপ্ত	যশহর গোবরডাঙ্গা	
৫৩	জজ সাহেব	যশহর	
৫৪	গৌরচন্দ্র রায়	খুলনিয়া	
৫৫	রামরতন হালদার	কশবা	
৫৬	নরহরি ঘোষ	যশহর	
৫৭	বরকতুল্লা বরকন্দাজ	ঐ	
৫৮	গঙ্গাগোবিন্দ বিশ্বাস	ঐ	
৫৯	তারিণীশঙ্কর দত্ত	যশহর	
৬০	মহম্মদ তকি বিশ্বাস	যশহর খোপ	
৬১	গগণচন্দ্র বসু	যশহর	
৬২	কমলাকান্ত সেন	কশবা	
৬৩	ভগবানচন্দ্র ভট্টাচার্য্য	যশহর	
৬৪	রামচন্দ্র চক্রবর্ত্তী	জেলা নদীয়া চৌবাড়িয়া	
৬৫	উমেশচন্দ্র রক্ষিত	যশহর	
৬৬	শ্রীচরণ বন্দ্যোপাধ্যায়	কশবা	
৬৭	পার্ব্বতীচরণ রায়	জেলা যশহর ঝুমুং পুর	
৬৮	সাতকড়ি খাঁ	কশবা	
৬৯	শ্যামাচরণ ঘোষাল	ঐ	
৭০	কালীনাথ পালদিগর	যশহর মনোহরগঞ্জ	
৭১	প্রেমচাঁদ রাণা	যশহর চাটড়া	
৭২	গঙ্গাগোবিন্দ বিশ্বাস	যশহর	
৭৩	রামকুমার গঙ্গোপাধ্যায়	ঐ	
৭৪	প্রসন্নচন্দ্র বন্দ্যোপাধ্যায়	কশবা	
৭৫	রামধন সান্যাল	মামুদপুর ডাকঘর	
৭৬	দেবনারায়ণ ঘোষ	থানাসিঙ্গা	
৭৭	দ্বারকানাথ রায়	কশবা	
৭৮	রামনারায়ণ ঘোষ	যশহর নীলগঞ্জ	
৭৯	পার্ব্বতীচরণ রায়	যশহর ঝুমং পুর	
৮০	মোহনচন্দ্র দত্ত সরকার	কশবা	
৮১	শম্ভুচন্দ্র বন্দ্যোপাধ্যায়	খুলনিয়া	
৮২	মৌলবীনৌথক্ আহাম্মদ	ঐ	
৮৩	রঘুদেব নন্দী	কশবা	
৮৪	নয়ানচন্দ্র মজুমদার	যশহর দানীসপুর	
৮৫	বদনচন্দ্র দাস	যশহর বামনডাঙ্গা	
৮৬	গোপাললাল মিত্র	যশহর	
৮৭	পীতাম্বর শাহা	ঐ	
৮৮	রাধামোহন দাস	ভোজপুরা এনঙ্গা	
৮৯	মধুসূদন ঘোষ	মাপুরা	
৯০	পার্ব্বতীচরণ রায়	যশহর ঝুমং পুর	
৯১	কমলাকান্ত পোদ্দার	যশহর	
৯২	দেবনাথ ঘোষ	ঐ	
৯৩	মথুরানাথ চট্টোপাধ্যায়	ঐ	
৯৪	নরহরি ঘোষ	কশবা	
৯৫	পার্ব্বতীচরণ গঙ্গোপাধ্যায়	যশহর	
৯৬	নীলমণি ঘোষ	ঐ চাঁচড়া	
৯৭	রামজয় রাহা	ঐ নলধা	
৯৮	শিবনারায়ণ মজুমদার	ঐ	
৯৯	পঞ্চানন মজুমদার	ঐ	
১০০	নালমকমল সিংহ	ঐ	
১০১	কাজি গোলাম এমাম	ঐ	
১০২	ঈশানচন্দ্রবন্দ্যোপাধ্যায়	ঐ গোবরডাঙ্গা	
১০৩	উমাচরণ চক্রবর্ত্তী	কশবা	
১০৪	রাজকিশোর চক্রবর্ত্তী	যশহর	
১০৫	ফটিকচন্দ্র রায়	কশবা	
১০৬	অভয়াচরণ চট্টোপাধ্যায়	যশহর	
১০৭	রামদুলাল তর্কালঙ্কার	ঐ নড়াল	
১০৮	কালীচরণ বন্দ্যোপাধ্যায়	জেলা তেজপুর	
১০৯	রামরতন হালদার	যশহর	
১১০	বংশী মাজি	ঐ আঠারোবাঁকি	
১১১	হরিশ্চন্দ্র হড় মজুমদার	ঐ নলদী	
১১২	রামচন্দ্র বক্সু	খুলনিয়া	
১১৩	শম্ভুনাথ বসু	ঐ	
১১৪	মহম্মদ কাশীন	যশহর	
১১৫	ছিদামচন্দ্র পরামাণিক	খুলনিয়া	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ৪ নবেম্বর।]

চিঠীর সংখ্যা	চিঠীর মালিকানের নাম	মালিকানের ঠিকানা	কৈফিয়ৎ
১১৬	কালীনাথ মুখোপাধ্যায়	যশহর	
১১৭	চণ্ডীচরণ চক্রবর্ত্তী	ঐ	
১১৮	বনমালী মিত্র	ঐ পদ্মাসনা	
১১৯	বৈদ্যনাথ মিত্র	ঝিনকদহ	
১২০	ছোসেন বক্স	তালার থানা	
১২১	মৌলবী সৈএদ আহমদ	মামুদপুর ডাকঘর	
১২২	টেরা হরমণি	যশহর	
১২৩	মধুসুদন মুখোপাধ্যায়	ঐ	
১২৪	সেখ নাছির	ঐ	
১২৫	ভৈরবচন্দ্র চট্টোপাধ্যায়	ঐ	
১২৬	সর্ব্বজিত সরদার বেহার	ঐ চাঁদপুর	
১২৭	মদনমোহন রায়	ঐ ঝুমঃপুর	
১২৮	বরকতুল্লা বরকন্দাজ	ঐ জেহেলখানা	
১২৯	প্রাণকৃষ্ণ চৌধুরী	কুমারখালি	
১৩০	কৃষ্ণচন্দ্র কর্ম্মকার	যশহর	
১৩১	রামতনু মজুমদার	কশবা	
১৩২	কাশীনাথ রায়	যশহর বজরাপুর	
১৩৩	নবীনচন্দ্র দাস	ঐ	
১৩৪	কালিদাস ধর	ঐ শোলাদানা	
১৩৫	রামদীন তেওয়ারি	হুগলী	
১৩৬	মোহনচন্দ্র মিত্র	খুলনিয়া	
১৩৭	রামগোপাল বন্দ্যোপাধ্যায়	যশহর কুঠি খালিসপুর	
১৩৮	কৃষ্ণানন্দ ঘোষ	বাগুণ্ডি	
১৩৯	রামচন্দ্র সেন	যশহর ঝিনকগাছা	
১৪০	মথুরানাথ বাগচি	ঐ	
১৪১	যদুনাথ দে	কশবা	
১৪২	কালীপ্রসন্ন মুখোপাধ্যায়	যশহর	
১৪৩	গোবিন্দচন্দ্র বসু	যশহর সুতরডিহি	
১৪৪	বেহারিলাল বসু	যহশর পাতিয়া	
১৪৫	মহেশচন্দ্র মিত্র	যশহর	
১৪৬	কালীকান্ত মুখোপাধ্যায়	ঐ	
১৪৭	ছমিরুদ্দিন বরকন্দাজ	যশহর জেলখানা	
১৪৮	নিমাইচাঁদ চক্রবর্ত্তী	কশবা	
১৪৯	পার্ব্বতীচরণ রায়দিগর	জেলা পাবনা	
১৫০	দ্বারকানাথ দত্ত রায় চৌধুরী	যশহর	
১৫১	শিবপ্রসাদ ভট্টাচার্য্য	কশবা	
১৫২	গুরুদয়াল সিংহ	যশহর পাতিয়া	
১৫৩	কালীচরণ দাস	যশহর	
১৫৪	তারিণীচরণ বসু	ঐ	
১৫৫	পঞ্চানন রাহুত	যশহর ভগীনহাট	
১৫৬	আমারুদ্দী বিশ্বাস	পাবনা	
১৫৭	রামচরণ মুখোপাধ্যায়	যশহর	
১৫৮	ব্রজনাথ চট্টোপাধ্যায়	ঐ	
১৫৯	কাএমউল্লা শিকদার	যশহর নেহাটি	
১৬০	শম্ভুনাথ দত্ত	যশহর	
১৬১	বছিরদ্দী সিকদার	সালিক্ষা	
১৬২	বেচারাম বন্দ্যোপাধ্যায়	যশহর ঘোড়াগাছা	
১৬৩	উমেশচন্দ্র ঘোষ	কশবা	
১৬৪	গণেশলাল ডাকুর	যশহর খড়কি	
১৬৫	পার্ব্বতীচরণ চট্টোপধ্যায়	যশহর	
১৬৬	দুর্গাচরণ মিত্র	কশবা	
১৬৭	ব্রজমোন তরফদার	যশহর	
১৬৮	রামগঙ্গারাম চৌধুরী	যশহর বেজপাড়া	
১৬৯	দুর্গাকান্ত রায়	যশহর	
১৭০	রাধামোহন সিকদার	কশবা	
১৭১	রামপ্রাণ মুখোপাধ্যায়	যশহর	
১৭২	রামধন বন্দ্যোপাধ্যায়	ঐ	
১৭৩	দুর্গাদাস রায় চৌধুরী	পুরাতন কশবা	
১৭৪	তারকনাথ ঘোষ	যশহর	
১৭৫	কালিকাপ্রসাদ ত্রিবেদী	ঐ	
১৭৬	কমলাকান্ত ভূঞা	ঐ	
১৭৭	পদ্মলোচন নেউগী	ঐ	
১৭৮	শ্যামাচরণ চট্টোপাধ্যায়	ঐ	
১৭৯	মদনমোহন দে	যশহর বিনোদপুর	
১৮০	দেবনাথ ঘোষ	যশহর	
১৮১	আলকুারজ	খুলনিয়া	
১৮২	তীর্থরাম সরকার	যশহর	
১৮৩	মির রহমত আলি	কশবা	
১৮৪	রামগোপাল বসু	সোহাগড়ার মুনসেফ	
১৮৫	রাণী তারামণি দেব্যা	পুরুষোত্তম	
১৮৬	গিরিজানন্দ ঘোষ	যশহর	
১৮৭	দিনবন্ধু মিত্র	কশবা	
১৮৮	জন্মেজয় সরকার	যশহর	
১৮৯	সূর্য্যকুমার সাধু খাঁ	ঐ	
১৯০	মধুসুদন বসু	ঐ	
১৯১	ভবানন্দ পালিত	কশবা	
১৯২	রূপচাঁদ দাস	যশহর জেলখানা	
১৯৩	বৈকুণ্ঠনাথ মিত্র	যশহর	
১৯৪	কাশীনাথ বন্দ্যোপাধ্যায় দিগর	ঐ	
১৯৫	হরপ্রসাদ সেন	ফরিদপুর	
১৯৬	মাধবচন্দ্র মুখোপাধ্যায়	যশহর	
১৯৭	সিতকণ্ঠ ঘোষ	ঐ	
১৯৮	বরকতুল্লা বরকন্দাজ	যশহর জেলখানা	
১৯৯	গঙ্গাহরি রায়	ঐ কুঠি গাইদঘাটা	
২০০	পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায়	ঐ ঝিকরগাছা	
২০১	কন্দর্প ভট্টাচার্য্য	নওয়াহাটা ডাকঘর	
২০২	ছমিরুদ্দী খানসামা	ঐ গাইদঘাটা	
২০৩	অভয়াচরণ গঙ্গোপাধ্যায়	সালিক্ষা	
২০৪	সেখ কলিমদ্দী	থান সিঙ্গা	
২০৫	জগবন্ধু ঘোষ	ঐ লক্ষ্মীপাড়ার কাছারি	
২০৬	মহিমাচন্দ্র ঘোষ	ঐ মণ্ডলগাতি	
২০৭	গোলোকচন্দ্র পরামানিক	ঐ আয়সিঙ্গা	
২০৮	দুর্গাচরণ মুখোপাধ্যায়	যশহর	
২০৯	অতুলচরণ সরকার	ঐ	
২১০	মেং জন সাহেব	ঐ	
২১১	গিরিধর বিশ্বাস	ঐ	
২১২	মুনশী আফতাবদ্দীন	ঐ	
২১৩	মদনমোহন বসু	ঐ	
২১৪	দুর্গাচরণ মুখোপাধ্যায়	ঐ	
২১৫	গোপীমোহন বন্দ্যোপাধ্যায়	ঐ নলডাঙ্গা	
২১৬	সেখ সাদু	ফরিদপুর	
২১৭	গোবিন্দবন্ধু দাস	যশহর	
২১৮	লক্ষ্মীনারায়ণ সিমলাই	ঐ লক্ষ্মীপাসা	
২১৯	আদিত্যচন্দ্র সেন	যশহর	
২২০	কাজি মজফর	ঐ	
২২১	মাণিক খানশামা	খুলনিয়া	
২২২	রূপচাঁদ দাহান	ঐ জেলখানা	
২২৩	গৌরচন্দ্র রায়	যশহর	
২২৪	তারিণীচরণ রায় চৌধুরী	জিলা হুগলী	
২২৫	বিপিনবিহারী বসু	যশহর	
২২৬	ঈশানচন্দ্র সরকার	ঐ প্রতাপনগর	
২২৭	স্বরূপচন্দ্র চক্রবর্ত্তী	যশহর	
২২৮	আনন্দচন্দ্র রায় চৌধুরী	ঐ	

[*Government Gazette, 4th November*, 1851.]

চিঠীর সংখ্যা	চিঠীর মালিকানের নাম	মালিকানের ঠিকানা	কৈফিয়ৎ
২২৯	সন্ন্যাসিরাম কাপালি	বারাসত	
২৩০	মাধবচন্দ্র গোস্বামী	যশহর পলুঘাট	
২৩১	বাউলচন্দ্র ভদ্র	যশহর	
২৩২	রামদাস ঘোষ	ঐ	
২৩৩	হরিশ্চন্দ্র ভূমিকা	ফরিদপুর	
২৩৪	ছিদাম সিংহ বরকন্দাজ	থানা নওয়াবাদ	
২৩৫	কলিমদ্দি কবাদি	খুলনিয়া	
২৩৬	রজনীকান্ত মুখোপাধ্যায়	যশহর মাদারতলারকুঠি	
২৩৭	ব্রজনাথ পাল চৌধুরী	যশহর	
২৩৮	শ্রীরাম চট্টোপাধ্যায়	ঐ	
২৩৯	যদুনাথ দে	ঐ	
২৪০	আবেদা	ঐ	
২৪১	জ্যোতির্ম্ময় বন্দ্যোপাধ্যায়	ঐ	
২৪২	মির আলিকুনি	যশহর খোপ	
২৪৩	গৌরচন্দ্র রায়	যশহর	
২৪৪	হরানন্দ তর্কবাগীশ ভট্টাচার্য্য	ঐ সেখহাটী	
২৪৫	উমাচরণ চট্টোপাধ্যায়	মামুদপুর	
২৪৬	শ্রীচরণ বন্দ্যোপাধ্যায়	যশহর	
২৪৭	রামকানাই দে সিংহ	খুলনিয়া	
২৪৮	মির মোশেন আলি	যশহর জেহেলখানা	
২৪৯	কাজি আবদুল রহমান	কুমারখালি	
২৫০	বনমালী সমাদ্দার	নওয়াহাট. ডাকঘর	
২৫১	নন্দলাল পাঁড়ে	কশবা	
২৫২	আদিত্যচন্দ্র সেন	যশহর	
২৫৩	রামতনু বিশ্বাস	ঐ	
২৫৪	প্রসন্নচন্দ্র মজুমদার	ঐ	
২৫৫	দুর্গাচরণ মুখোপাধ্যায়	ঐ কদম্বাড়িয়া	
২৫৬	অনুপচন্দ্র দত্ত	যশহর	
২৫৭	ঈশ্বরচন্দ্র হাজরা	ঐ	
২৫৮	উদয়নারায়ণ রায়	ঐ	
২৫৯	কৃষ্ণনাথ রায়	যশহর নীলগঞ্জ	
২৬০	হরচন্দ্র বসু	ঐ ঝিনকদহের অড্ডা	
২৬১	অভয়চরণ চক্রবর্ত্তী	মাগুরা	
২৬২	গৌরীকান্ত রায়	যশহর	
২৬৩	ঐ	ঐ	
২৬৪	কেনারাম	ঐ	
২৬৫	রামকমল লাহুড়ি	মামুদপুর ডাকঘর	
২৬৬	পীতাম্বর ঘোষ	খুলনিয়া	
২৬৭	তারাচাঁদ রায় বরকন্দাজ	ঐ	
২৬৮	যশহরের জেলখানার দারোগা	যশহর	
২৬৯	ত্রিলোচন রায়	ঐ লুন্ডাল	
২৭০	সেখ আমান মিস্ত্রী	ঐ	
২৭১	গণেশচন্দ্র মুখোপাধ্যায়	থানা ত্রিমোহনা	
২৭২	থানা মামদপুরের দেওয়ান	মামুদপুর	
২৭৩	বাণীনাথ রায়	যশহর	
২৭৪	চন্দ্রনাথ বসু	ঐ পাতিয়া	
২৭৫	হরমোহন সেন	যশহর	
২৭৬	সালের শিকদার	থানালিঙ্গা	
২৭৭	মদনমোহন চৌধুরী	পাংসা	
২৭৮	প্রসন্নকুমার চট্টোপাধ্যায়	যশহর	
২৭৯	রামপ্রাণ চট্টোপাধ্যায়	ঐ চালিতা বাড়িয়া	
২৮০	মধুসূদন সমাদ্দার	খুলনিয়া	
২৮১	আনন্দচন্দ্র মিত্র	ঐ	
২৮২	কাছিমদ্দীন বরকন্দাজ	যশহর	
২৮৩	কালিদাস ধর	ঐ সোণাখালি	
২৮৪	মহেশচন্দ্র মিত্র	খুলনিয়া	
২৮৫	তারকনাথ বসু	যশহর	
২৮৬	শিবশঙ্কর মুখোপাধ্যায়	ঐ	
২৮৭	হরেকৃষ্ণ সরকার	ঐ	
২৮৮	রামগঙ্গা রায় মুনশী	ঐ	
২৮৯	রামকৃষ্ণ ঘোষ দিগর	ঐ বেণীপুর	
২৯০	গঙ্গাধর পণ্ডিত	ঐ	
২৯১	আদিত্যচন্দ্র সেন	ঐ	
২৯২	রামচন্দ্র সেন	খুলনিয়া	
২৯৩	শ্রীচরণ বন্দ্যোপাধ্যায়	যশহর	
২৯৪	যদুনাথ দে	ঐ	
২৯৫	গোরাচাঁদ মল্লিক	মাগুরা	
২৯৬	সেখ পানাউল্লা	খুলনিয়া	
২৯৭	রামকানাই চট্টোপাধ্যায়	যশহর	
২৯৮	পীতাম্বর বন্দ্যোপাধ্যায়	খুলনিয়া	
২৯৯	নীলমাধব রায়	ঐ চাঁদপুর	
৩০০	রামচরণ ভাদুড়ি	মামুদপুর	
৩০১	ঈশ্বরচন্দ্র মিত্র	সালিঙ্গা	
৩০২	রামচরণ ভাদুড়ি	মামুদপুর	
৩০৩	রাধাকৃষ্ণ রায়	ঐ	
৩০৪	দ্বারকানাথ বসু	ঐ	
৩০৫	মেং কুক সাহেব	পাবনা	
৩০৬	রাজকুমার ঠাকুরতা	নওয়াহাট্টা	
৩০৭	রামলোচন সরকার	তমলুক	
৩০৮	রামকানাই ভূমিক	যশহর	
৩০৯	ছামিরুদ্দি	ঐ	
৩১০	কালীশঙ্কর মুখোপাধ্যায়	ঐ জেহেলখানা	
৩১১	গোলোকচন্দ্র ঘোষ	মাগুরা	
৩১২	মাধবচন্দ্র বন্দ্যোপাধ্যায়	ঐ	
৩১৩	বাহাদুর দিনাস ঘোষ	যশহর	
৩১৪	সেখ কোসি রৌসুন	ঐ	

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

J. R. B. Bennett, *Deputy Post Master General in Charge.*

Calcutta, *General Post Office, 30th Aug.*, 1851.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ৪ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান্ক্লার্কমার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 11, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ১১ নবেম্বর।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 17TH OF OCTOBER, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 17th of October 1851.

ACT No. —— OF 1851.

An Act for giving effect to the provisions of an Act of Parliament, passed in the 15th year of the reign of Her present Majesty, entituled "An Act for Marriages in India."

Whereas by an Act passed in the Session of Parliament holden in the Fourteenth and Fifteenth years of the reign of Her present Majesty intituled, "An Act for Marriages in India," it was enacted (among other things) that it should be lawful for the Governor General of India in Council from time to time, by laws and Regulations, (not inconsistent with the provisions of the said Act of Parliament,) to be made in the manner, and subject to the Provisions by law required in respect of laws and Regulations made by the said Governor General of India in Council, to provide for the inspection and publication of notices of Marriage given under the said Act of Parliament, for the custody and Protection from Injury of Marriage Register Books, for appeals from and references in case of doubt by the Marriage Registrars in relation to Marriages forbidden or Protests entered under the said Act of Parliament, for fixing the hours between which Marriages might be solemnized under the said Act of Parliament, for appointing the Officers to whom Certificates were to be transmitted by the Marriage Registrars, and generally for giving effect to the

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ১৭ অকটোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ১৭ অকটোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

"ভারতবর্ষে বিবাহের বিষয়ি আইন" এই নামবিশিষ্ট শ্রীশ্রীমতী মহারাণীর পঞ্চদশ বৎসরে যে আক্ট পার্লিমেন্ট জারী হয় তাহার বিধি সফল করণের আইন।

যেহেতুক ভারতবর্ষে বিবাহের বিষয়ি আইন এই নামবিশিষ্ট শ্রীশ্রীমতী মহারাণীর চতুর্দ্দশ ও পঞ্চদশ বৎসরে পার্লিমেন্টের যে বৈঠক হয় তাহাতে জারীহওয়া আক্ট পার্লিমেন্টের দ্বারা যেমন অন্যান্য বিষয় নির্দ্দিষ্ট হইল, তেমনি ইহাও নিরূপণ হইয়াছিল যে যে প্রকারে এবং আইনের যে বিধি বিধায় শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের আইন করিবার হুকুম আছে সেই প্রকারে এবং সেই বিধি বিধায় যেং আইন উক্ত আক্ট পার্লিমেন্টের বিধির বিরুদ্ধ না হয় এমত আইনের দ্বারা ভারতবর্ষের ঐ শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ক্রমে এইং বিষয় নির্দ্দিষ্ট করিতে পারেন বিশেষতঃ আক্ট পার্লিমেন্টক্রমে বিবাহের এত্তেলা দেখিবার ও প্রকাশ করিবার বিষয় ও বিবাহের রেজিষ্টরী বহী রাখণের এবং ক্ষতি না হইবার বিষয় এবং উক্ত আক্ট পার্লিমেন্টক্রমে যে বিবাহের নিষেধ হয় বা নিষেধপত্র দাখিল হয় সেই বিবাহের বিষয়ে সন্দেহ হইলে বিবাহের রেজিষ্ট্রার সাহেবের হুকুমের উপর যে আপীল হয় ও তাঁহার দ্বারা জিজ্ঞাসা করা যায় তাহার বিষয় এবং উক্ত আক্ট পার্লিমেন্টক্রমে যেং ঘণ্টার মধ্যে বিবাহ সাধন হইতে পারে সেইং ঘণ্টা নিরূপণ করণের বিষয় এবং যে কর্ম্মকারকের নিকটে বিবাহের রেজিষ্ট্রার সাহেব সর্টিফিকট পাঠাইবেন সেইং কর্ম্মকারককে নিরূপণ করণের বিষয় এবং সামান্যতঃ এই আইনের বিধি

provisions of the said Act of Parliament: It is hereby enacted as follows:

Form of notice and length of Residence necessary.

I. In every case of Marriage intended to be solemnized in India, after the first day of January next, under the Provisions of the said Act of Parliament, one of the parties shall give notice in writing, in the form of Schedule (A.) to this Act annexed, or to the like effect, to any Marriage Registrar of the District within which the Parties shall have dwelt for not less than seven days, then next preceding, or if the parties dwell in different Districts, shall give the like notice to a Marriage Registrar of each District, and shall state therein the name, and surname, and the profession, or condition of each of the parties intending marriage, the dwelling place of each of them, and the time, not being less than seven days, during which each has dwelt therein, provided that if either party shall have dwelt in the place stated in the notice during more than one Calendar month, it may be stated therein that he or she hath dwelt there one month and upwards

Inspection of Notices.

II. The Marriage Registrar shall file all such Notices and keep them with the Records of his Office, and shall also forthwith enter a true copy of all such notices fairly into a book, to be for that purpose furnished to him by the Government, to be called the "Marriage Notice Book," and the Marriage Notice Book shall be open, at all reasonable times, without Fee, to all persons desirous of inspecting the same.

Publication of Notices.

III. The Marriage Registrars, or Registrar of the towns of Calcutta, Madras, and Bombay, shall respectively publish all such notices of Marriage given in their respective districts, by causing a copy of such notices to be affixed in some conspicuous place in the Police Courts of such Towns respectively, and the Marriage Registrars or Registrar of all other districts in the British Territories in India shall respectively publish all such notices given in their respective districts, by causing a copy of such Notices to be affixed in some conspicuous place in any Court of Civil Judicature situate in such districts respectively. The Registrar of any place within the Territories of any Native Prince or State in alliance with the East India Company, shall publish the said notices in such manner as he may from time to time be directed by the Governor General of India in Council to publish the same.

Suspension of Certificate in the case of Minors.

IV. Where by the oath or declaration required by the sixth Section of the said Act of Parliament it appears that one of the parties intending Marriage, (not being a widower or widow,) is under twenty-one years of age, the Marriage Registrar shall not issue

সফল করণের বিষয়। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে প্রকার এত্তেলায় ও যত কাল বাস করণের আবশ্যক হইবেক তাহা।]

১ ধারা। আগামি প্রথম জানুআরি তারিখের পর যে প্রত্যেক গতিকে উক্ত আক্ট পার্লিমেণ্টের বিধির অধীনে বিবাহ সাধন করণের কল্প হয় সেই২ গতিকে বিবাহসম্পর্কীয় উভয় ব্যক্তি যে এলাকার মধ্যে এত্তেলা দেওনের অব্যবহিত পূর্ব্বে সাত দিবসের কম না হয় বাস করিয়াছেন সেই এলাকার বিবাহের কোন এক জন রেজিষ্টার সাহেবকে তাঁহারদের মধ্যে এক জন এই আক্টের শেষের লিখিত A চিহ্নিত তফসীলের পাঠানুসারে কিম্বা সেই প্রকারে লিখনের দ্বারা এত্তেলা দিবেন অথবা যদি উভয় ভিন্ন২ এলাকার মধ্যে বাস করিয়া থাকেন তবে প্রত্যেক এলাকার বিবাহের রেজিষ্ট্রার সাহেবকে সেইরূপ এত্তেলা দিবেন এবং সেই এত্তেলার মধ্যে বিবাহ করণে উদ্যত ব্যক্তিরদের প্রত্যেক জন আপনার নাম ও বংশের নাম ও ব্যবসায় ও অবস্থা ও বাসস্থান ও সাত দিবসের অন্যূন যত কাল প্রত্যেক জন সেই এলাকার মধ্যে বাস করিয়াছেন তাহা লিখিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন এক জন যদি এত্তেলানামার লিখিত স্থানে সম্পূর্ণ এক মাসের অধিক কাল বাস করিয়া থাকেন তবে সেই এত্তেলানামার মধ্যে ইহা লেখা যাইতে পারে যে সেই পুরুষ বা সেই স্ত্রী সেই এলাকার মধ্যে এক মাস ও তদধিক কাল বাস করিয়াছেন ইতি।

[এত্তেলা দেখনের বিষয়।]

২ ধারা। বিবাহের রেজিষ্ট্রার সাহেব ঐ সকল এত্তেলা নথীতে গাঁথিবেন এবং আপনার দফ্তরের রোয়দাদের মধ্যে রাখিবেন এবং "বিবাহের এত্তেলা বহী" এই নামবিশিষ্ট গবর্ণমেণ্ট তাঁহাকে তন্নিমিত্তে যে বহী দেন সেই বহীর মধ্যে ঐরূপ সকল এত্তেলার যথার্থ নকল স্পষ্টাক্ষরে তৎক্ষণাৎ লিখিবেন এবং ঐ বিবাহের এত্তেলার বহী যত ব্যক্তি দেখিতে চাহেন সেই সকল ব্যক্তির বিনারসুমে উপযুক্ত সকল সময়ে দেখিবার জন্যে খোলা থাকিবেক ইতি।

[এত্তেলা ঘোষণা করণের বিষয়।]

৩ ধারা। বিবাহের রেজিষ্ট্রার সাহেবেরা অথবা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই শহরের রেজিষ্ট্রার সাহেব আপন২ এলাকার মধ্যে ঐ প্রকার সকল বিবাহের এত্তেলা এইরূপে ঘোষণা করিবেন অর্থাৎ ঐ২ শহরের পোলীস ঘরের সকলের দৃষ্টিগোচর কোন স্থানে সেই২ এত্তেলানামার নকল লট্‌কাইবেন এবং ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয় রাজ্যের অন্যান্য সকল প্রদেশে বিবাহের রেজিষ্ট্রার বা রেজিষ্ট্রার সাহেবসকল আপন২ এলাকার মধ্যে সেইরূপে দেওয়া সকল এত্তেলা এইরূপে ঘোষণা করিবেন অর্থাৎ ঐ২ প্রদেশের মধ্যে যে কোন দেওয়ানী আদালত থাকে সেই২ আদালতে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে সেইরূপ এত্তেলানামার নকল লট্‌কাইবেন। এবং এতদ্দেশীয় যে কোন রাজা বা রাজ্যের সঙ্গে কোম্পানি বাহাদুরের সন্ধি থাকে সেই২ রাজা বা রাজ্যের দেশের মধ্যস্থিত কোন স্থানের রেজিষ্ট্রার সাহেব এত্তেলা প্রকাশ করণের বিষয়ে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে যেরূপ হুকুম পান সেইরূপে ঐ এত্তেলানামা ঘোষণা করিবেন ইতি।

[নাবালগের সম্পর্কে সর্টিফিকট স্থগিত রাখণের বিষয়।]

৪ ধারা। উক্ত আক্ট পার্লিমেণ্টের ষষ্ঠ ধারায় যে শপথ অথবা স্বীকৃতির বিষয়ের হুকুম আছে সেই প্রকার শপথ অথবা স্বীকৃতির দ্বারা যখন দৃষ্ট হয় যে বিবাহ করিতে উদ্যত ব্যক্তিরদের মধ্যে এক জন (মৃত স্ত্রীক কি বিধবা না হইয়া) একুশ বৎসরের কমবয়স্ক হন তখন ঐ বিবাহের এত্তেলা দাখিল করণের পর যাবৎ চৌদ্দ দিবস

his Certificate under the provisions of the Second Section of the said Act of Parliament until the expiration of fourteen days after the entry of such notice of Marriage.

Form of Certificate.

V. The Certificate to be issued by the Marriage Registrar, under the provisions of the second Section of the said Act of Parliament, may be in the form of Schedule B. to this Act annexed, or to the like effect, and the Government of each presidency or place shall furnish to every Marriage Registrar, a sufficient number of Forms of Certificate.

How issue of Certificate may be forbidden.

VI. Any Person authorized in that behalf may forbid the issue of the Marriage Registrar's Certificate by writing, at any time before the issue of such Certificate, the word "forbidden" opposite to the Entry of the notice of such intended Marriage in the Marriage Notice Book, and by subscribing thereto his or her name and place of abode, and his or her character, in respect of either of the parties, by reason of which he or she is so authorized, and the said word "forbidden" so written and subscribed as aforesaid, shall be deemed a Protest within the meaning of the seventh Section of the said Act of Parliament.

References by the Registrars in Cases of doubt.

VII. In all cases where the Marriage Registrar, acting under the provisions of the fourth Section of the said Act of Parliament, shall not be satisfied that the person forbidding the issue of the Certificate is authorized by law so to do, the said Marriage Registrar shall apply by petition, where the district of such Registrar is within any of the Towns of Calcutta, Madras, and Bombay, to the Supreme Court of Judicature in the Presidency or Place within which such district is comprised, or if such district be not within any of the said Towns, then to the Judge of the Zillah or District within which the same is comprised, and the said petition shall state all the circumstances of the case, and pray for the order and direction of the Court concerning the same, and the said Supreme Court, or any Judge thereof, or such Judge of the Zillah or district, shall be empowered to examine into the allegations of the Petition and the circumstances of the case in a summary way, and if upon such examination it shall appear that the person forbidding the issue of such Certificate is not authorized by law so to do, such Supreme Court, or any Judge thereof, or such Judge of the Zillah or district, shall declare that the person forbidding the issue of such Certificate is not authorized as aforesaid, and that then and in such case such Certificate shall be issued, and the like Proceedings may be had under the said Act of Parliament in relation to such Marriage as if the issue of such Certificate had not been forbidden by such person. And in all cases

অতীত না হয় তাবৎ উক্ত আক্ট পার্লিমেণ্টের দ্বিতীয় অধ্যায়ের বিধিক্রমে বিবাহের রেজিষ্ট্রার সাহেব আপনার সর্টিফিকট দিবেন না ইতি।

[সর্টিফিকটের পাঠের বিষয়।]

৫ ধারা। উক্ত আক্ট পার্লিমেণ্টের দ্বিতীয় ধারার বিধিক্রমে বিবাহের রেজিষ্ট্রার সাহেব যে সর্টিফিকট দেন তাহা এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফসীলের পাঠানুসারে অথবা তাহার অনুযায়ি দেওয়া যাইতে পারে। এবং প্রত্যেক রাজধানী অথবা স্থানের গবর্ণমেণ্ট যত কেতা সর্টিফিকটের পাঠের আবশ্যক হয় তত পাঠ প্রত্যেক বিবাহের রেজিষ্ট্রার সাহেবকে যোগাইয়া দিবেন ইতি।

[সর্টিফিকট দেওয়া যেরূপে নিষেধ হইতে পারে তাহা।]

৬ ধারা। যে কোন ব্যক্তির তদ্বিষয়ে ক্ষমতা থাকে সেই ব্যক্তি ঐ সর্টিফিকট দেওনের পূর্ব্বে কোন সময়ে বিবাহের এত্তেলা বহীতে ঐ কল্পিত বিবাহের এত্তেলার নিদর্শনের পার্শ্বে "নিষেধ হইল" এই কথা লিখনের দ্বারা এবং (স্ত্রী হউন বা পুরুষ হউন) তাঁহার নাম ও বাসস্থান ও বিবাহ করণের উদ্যত ব্যক্তি অন্যতরের সঙ্গে তাঁহার যে সম্পর্কতাক্রমে ঐ বিবাহ নিষেধ করণের ক্ষমতা থাকে তাহা লিখনের দ্বারা বিবাহের রেজিষ্ট্রার সাহেবের ঐ সর্টিফিকট দেওয়া নিষেধ করিতে পারেন। এবং "নিষেধ হইল" উক্ত এই কথা পূর্ব্বোক্তমতে লিখিত হইলে ও তাহাতে দস্তখৎ হইলে উক্ত আক্ট পার্লিমেণ্টের সপ্তম দফার অর্থের মধ্যে নিষেধপত্র বোধ হইবেক ইতি।

[রেজিষ্ট্রার সাহেবেরদের সন্দেহ হইলে যেরূপে জিজ্ঞাসা করিবেন তাহার বিষয়।]

৭ ধারা। যে সকল গতিকে উক্ত আক্ট পার্লিমেণ্টের চতুর্থ দফার বিধির অনুসারে বিবাহের কোন রেজিষ্ট্রার সাহেব কর্ম্মকরণেতে যখন তাঁহার এইমত হৃদ্বোধ না হয় যে যে ব্যক্তি সর্টিফিকট দেওয়া নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির আইনক্রমে সেইরূপ নিষেধ করণের ক্ষমতা আছে তখন বিবাহের ঐ রেজিষ্ট্রার সাহেব দরখাস্ত করিবেন বিশেষতঃ যদি ঐ রেজিষ্ট্রার সাহেবের এলাকা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের শহরে হয় তবে যে রাজধানী বা স্থানের মধ্যে ঐ এলাকা থাকে সেই রাজধানীর সুপ্রিম কোর্টে দরখাস্ত করিবেন। অথবা যদি ঐ এলাকা উক্ত কোন শহরের মধ্যে না থাকে তবে যে জিলা অথবা প্রদেশের মধ্যে তাহা থাকে সেই জিলা কি প্রদেশের জজ সাহেবের নিকটে দরখাস্ত করিবেন এবং সেই দরখাস্তের মধ্যে সেই বিষয়ের সকল বৃত্তান্ত লেখা থাকিবেক এবং তৎসম্পর্কে ঐ আদালতের হুকুম ও বিজ্ঞাপনের প্রার্থনা করা যাইবেক। এবং উক্ত সুপ্রিম কোর্ট অথবা তাহার কোন এক জন জজ সাহেব কিম্বা সেই জিলা কি প্রদেশের জজ সাহেব সরাসরীমতে সেই দরখাস্তের এজহার এবং সেই বিষয়ের সকল বৃত্তান্তের তজবীজ করিতে পারেন এবং সেই তজবীজক্রমে যদি এইমত দৃষ্ট হয় যে ঐ সর্টিফিকট দিতে যে ব্যক্তি নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির সেইরূপ করিতে আইনক্রমে কোন ক্ষমতা নাই তবে সেই সুপ্রিম কোর্ট অথবা তাহার কোন এক জন জজ সাহেব অথবা সেই জিলা কি প্রদেশের জজ সাহেব ইহা জ্ঞাপন করিবেন যে ঐ সর্টিফিকট দিতে যে ব্যক্তি নিষেধ করিয়াছিলেন সেই ব্যক্তির তাহা নিষেধ করিতে কোন ক্ষমতা নাই এবং তাহাতে ঐ সর্টিফিকট দেওয়া যাইবেক এবং সেই ব্যক্তির দ্বারা সেইরূপ সর্টিফিকট নিষেধ না হইলে যেরূপ হইত সেইরূপে ঐ বিবাহের বিষয়ে উক্ত আক্ট পার্লিমেণ্টের অনুসারে সেইরূপ সকল কর্ম্ম হইতে পারে। এবং কোম্পানি বাহাদুরের সঙ্গে এদেশীয় যে রাজা কি রাজ্যের

where the Marriage Registrar appointed to act within the Territories of any Native Prince or State in alliance with the East India Company acting under the provisions of the Sixth Section of the said Act of Parliament, shall not be satisfied that the person forbidding the issue of the Certificate is not authorized by law so to do, the said Marriage Registrar shall transmit a statement of all the circumstances of the case, together with all documents and papers relating thereto, to the Governor General of India in Council, and if it shall appear to the said Governor General of India in Council that the person forbidding the issue of such Certificate is not authorized by law so to do, the said Governor General of India in Council shall declare that the party forbidding the issue of such Certificate is not authorized as aforesaid, and that then and in such case such Certificate shall be issued, and the like Proceedings may be had under the said Act of Parliament in relation to such marriage, as if the issue of such Certificate had not been forbidden by such person.

Appeal where Registrar in allied Native State refuses Certificate.

VIII. In all cases whatsoever where the Marriage Registrar resident in the Territories of any Native Prince or State in alliance with the East India Company has refused to issue his Certificate, it shall be lawful for either of the parties intending Marriage to apply by petition to the Governor General of India in Council, and the said Governor General of India in Council shall be empowered to examine the allegations of the Petition in a summary way, and shall decide thereon, and the decision of the said Governor General of India in Council shall be final, and the Marriage Registrar to whom the Application was originally made shall proceed in accordance therewith.

Hours for Marriages.

IX. Every Marriage solemnized under the provisions of the said Act of Parliament shall be so solemnized between the hours of six in the morning and seven in the evening.

Proof as to Notice, Certificate, or hours of Marriage not necessary to Establish Marriage.

X. After any Marriage has been solemnized under the said Act of Parliament, it shall not be necessary, in support of such Marriage, to give any proof in respect of the notice of Marriage, or the Certificate, or in respect of the hours between which any Marriage may be solemnized, nor shall any evidence be given to prove the contrary, in any suit touching the validity of such Marriage.

Penalties.

XI. Every Marriage Registrar who shall knowingly and wilfully issue any Certificate for Marriage after the expiration of three Calendar months after the notice shall have been entered by

সন্ধি থাকে সেই রাজা বা রাজ্যের দেশের মধ্যে নিযুক্ত হওয়া বিবাহের রেজিষ্ট্রার সাহেব উক্ত আক্‌ট পার্লিমেণ্টের ষষ্ঠ ধারার বিধির অনুসারে কর্ম্ম করণেতে যদি তাঁহার এইমত হৃদ্বোধ না হয় যে ঐ সর্টিফিকট দেওয়া যে ব্যক্তি নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির তাহা নিষেধ করিতে আইনের দ্বারা কোন ক্ষমতা আছে তবে বিবাহের ঐ রেজিষ্ট্রার সাহেব সেই বিষয়ের সকল বৃত্তান্তের এক কৈফিয়ৎ এবং তৎসম্পর্কীয় সকল দলীলদস্তাবেজ ও কাগজপত্র ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে পাঠাইবেন এবং যদি উক্ত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের এইমত বোধ হয় যে ঐ সর্টিফিকট দিতে যে ব্যক্তি নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির তাহা নিষেধ করিতে আইনের দ্বারা কোন ক্ষমতা নাই তবে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইহা জ্ঞাপন করিবেন যে ঐ সর্টিফিকট দিতে যে ব্যক্তি নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির পূর্ব্বোক্তমতে কোন ক্ষমতা নাই এবং সেই গতিকে ঐ ব্যক্তির দ্বারা ঐ সর্টিফিকট দেওয়া নিষেধ না হইলে যেরূপ হইত সেইরূপে ঐ সর্টিফিকট দেওয়া যাইবেক এবং ঐ বিবাহের সম্পর্কে উক্ত আক্‌ট পার্লিমেণ্টক্রমে সেইরূপ কার্য্য হইতে পারে ইতি।

৫ নং	৫৮ নং	মধুসূদন গুই সাং চাতর ...	কতক কাঁচা ও কতক পাকা একতালা তিন কুঠরি ও পূজার দালান	১০০৮২৭ জায় টালি ৩৩০ ৯ ইঞ্চী ১০০৫৭	৩১	২৯	৬ জোড়	৬ জোড়া মায় কপাট	০	১৬ নবেম্বর ১৮৫১ সাল মোং ১১ অগ্রহায়ণ রোজ বুধবার।
৬ নং	১৪ নং	মহেশদাস সাং চাতরা ...	পাকা ও কাঁচা গাঁথনি একতালা ২ কুঠরি মায় প্রাচীর ৯ ইঞ্চী ইট	৩৪১১২	১২	১৯	২ টা	১ টা কপাট	০	ঐ
৭ নং	২৩ নং	দুর্গাচরণ স্বর্ণকার সাং চাতরা	পাকা ও কাঁচা গাঁথনি নীচের ঘর মায় প্রাচীর ৯ ইঞ্চী ইট।	৬৪১১৪	১৫	৩৭	৮	৬ টা মায় কপাট	•	ঐ
৮ নং	৯৯। ১০৪। ১০৫। ১১১ নং।	কৃষ্ণ দত্ত সাং চাতর	পাকা ও কাঁচা গাঁথনি নীচের ঘর ৩ টা কুঠরি মায় প্রাচীর ৯ ইঞ্চী ইট	১১১৮৩৯	২১	৪২	৯	৮ জোড়	•	ঐ

নম্বর লাট	নম্বর মোকদ্দমা	নাম দাবিদার	পাকা কি কাঁচা গাঁথনির এমারৎ	ইটের সংখ্যা আন্দাজী	কড়ির সংখ্যা আন্দাজী	বরগার সংখ্যা আন্দাজী খাটাল	জানেল মায় কপাট ও লোহার গরাদে আন্দাজী	দরওয়াজা মায় সার্সি কপাট ও সাজ আন্দাজী	খড়খড়িয়া	নীলামের সন তারিখ
৯ নং ৯ ॥	৫ নং ৫ নং	রামধন ভট্টাচার্য্য ... ঐ	পাকা কাঁচা গাঁথনি নীচে উপর ১৯ কুঠরি সমেত দালান ও প্রাচীর মায় শিবালয় চারি কুঠরি আলাদা খণ্ড ...	১০।১১ ইঞ্চী ইট ৬৪৯১৬৬ ৪৯৬০৯	• ১৭১ ২৮	• ১৯৮ ৩৩	• ৪৯ ৩	• ৪০ ৩	• •	২৬ নবেম্বর ১৮৫১ সাল মোং ১১ অগ্রহায়ণ রোজ বুধবার।
১০ নং	৬ নং	তিতুরাম চট্টোপাধ্যায় ...	কাঁচা পাকা গাঁথনি ১০ কুঠরি মায় প্রাচীর	১০।১১ ইঞ্চী ইট ৯৯৫৯৭	২৭	৫২	১৪ মায় কপাট ৮ খালি ৬	১০	•	২৮ নবেম্বর সন ১৮৫১ সাল মোং ১৩ অগ্রহায়ণ ১২৫৮ সাল রোজ শুক্রবার
১১ নং	১০ নং	জগবন্ধু মুখোপাধ্যায় অমৃতলাল মুখোপাধ্যায় ধরণীধর মুখোপাধ্যায় ...	৩ দফা ইটের প্রাচীর ...	৯ ইঞ্চী ইট ৫০০৯৫	•	•	•	১ টা	•	ঐ
১২ নং	২৮ নং	তারাচাঁদ চক্রবর্ত্তী ..	পাকা ও কাঁচা গাঁথনি একতালা ঘর মায় দালান ৮ কুঠরি ও প্রাচীর	৯ ইঞ্চী ইট ১৯৩১৬৮	৬৬ তাল মাল	১১৭ জায় ৬৬ ১১	১৭। কপাট ৭ যোড়া	২১ টা কপাট ৮ জোড়া দরজা ১২ আলমারি ১	•	ঐ
১৩ নং	৯৪ নং ৪৫	স্বর্ণময়ী দাসী .. ... তিনকড়ি সরকার ...	৫ দফা ইটের প্রাচীর ...	৯ ইঞ্চী ইট ২৭২৩২	•	•	•	১	•	ঐ
১৪ নং	৪৬ নং	ত্রিপুরাসুন্দরী ও দেবরাণী দাসী	কাঁচা পাকা গাঁথনি নীচে উপর ১৬ কুঠরির মধ্যে এক কুঠরি	৯ ইঞ্চী ইট ২৫১২৫	৭	১৪	১	২	•	ঐ
১৫ নং	১০৩ নং	গঙ্গাধর দত্ত	কাঁচাপাকা গাঁথনি একতালা ঘর মায় চৌতরফে প্রাচীর দুই মহাল	৯ ইঞ্চী ইট ২০৬৪৪১	২৭	৮১	৯ কপাট ৬ যোড়া	১৩ টা মায় কপাট	•	ঐ
১৬ নং	৩৬।৫৭ নং	রামচাঁদ চক্রবর্ত্তী ও শিবেশ্বর চক্রবর্ত্তী নবকুমার চক্রবর্ত্তী	কাঁচাপাকা গাঁথনি একতালা ঘর ২৫ টা উপরের ঘর ১ একুনে ২৬ কুঠরি মায় দালান ৩ প্রাচীর	৯ ইঞ্চী ইট ৫১৭৫৫৪	১৫৮	১৭৮	১৮ টা এহার মধ্যে লোহার গরাদে ৪ কপাট ২১ বাকী খালি	৩০ টা মায় কপাট	১৪ টা বাক্স অর্থাৎ থামের উপর ৯জোড়া খড়খড়িয়া ২ সার্সি	১ ডিসেম্বর ১৮৫১সাল মোং ১২৫৮ সাল ১৪ অগ্রহায়ণ সোমবার।

নম্বর লাট	নম্বর মোকদ্দমা	নাম দাবিদার	পাকা কি কাঁচা গাঁথনি এমারত	ইটের সংখ্যা আন্দাজী	কড়ির সংখ্যা আন্দাজী	বরগার সংখ্যা আন্দাজী খাটাল	জানেলা মায় কপাট ও লোহার গরাদে আন্দাজী	দরওয়াজা মায় কপাট ও সাজ আন্দাজী	সাদিখড় খড়িয়া	নীলামের সন তারিখ
১৭ নং	৬২ নং	পার্ব্বতীচরণ চট্টোপাধ্যায় ...	কাঁচাপাকা গাঁথনি এক তালা ঘর ১১ কুঠরি মায় প্রাচীর ও ইটের দেওয়ালের চণ্ডীমণ্ডপ	১০। ১১ ইঞ্চী ইট ১২০০৮৬	কড়ি ৪২	৬৮	মায় কপাট ৩২	মায় কপাট ২৩ স্নান দরজা ২০ আলমারি ৩	•	১ ডিসেম্বর ১৮৫১ সাল মোং ১২৫৮ সাল ১৪ অগ্রহায়ণ সোমবার।
১৮ নং	১০৬ নং	নীলমণি দত্ত ...	... ইটের প্রাচীর ৩ তরফ ...	৯ ইঞ্চী ইট ৩৪৫০০	•	•	•	•	•	ঐ
১৯ নং	৬৪ নং	পাঁচকড়ি দাস ...	... কাঁচাপাকা গাঁথনি নীচে এক তালা কুঠরী মায় দালান ১৩ টা প্রাচীর ১ তরফ	১১ ইঞ্চী ইট ২১২৮৮৫	৮৪	১০১	৩৫ মধ্যে ৪ টা লোহার গরাদে ১৪ জোড়া কপাট	১৪ টা মায় কপাট	•	ঐ
২০ নং	১। ৬৮ নং	গোপাল শিরোমণি ...	কাঁচাপাকাগাঁথনি নীচে উপর ২৫ টা কুঠরি মায় দালান ও হাসপাতাল সমেত দেওয়াল	১০। ১১ ইঞ্চী ইট ৫৬৪০৭৫	২৪৭	৩৪৪	৭৮ টা লোহার গরাদে ৭ টা কপাট লোহার ৫ টা কপাট ৬৪ জোড়া	কপাট ৫০ জোড়া	•	ঐ
২১ নং	৭৫ নং	পীতাম্বর মণ্ডল ...	... কাঁচাপাকা গাঁথনি একতালা ঘর মায় দালান ১২ কুঠরি ও প্রাচীর	১১ ইঞ্চী ইট ১৮০০৫৮	৭৪	১২৭	২৬ টা কপাট ৪ জোড়া	১৭ মায় কপাট	•	২ ডিসেম্বর সন ১৮৫১ সাল ১২ অগ্রহায়ণ মোং ১২৫৮ সাল মঙ্গলবার।
২২ নং	৩৭ নং	কালীচক্রবর্ত্তী ...	... কাঁচাপাকা গাঁথনি ৮ কুঠরী	৯ ইঞ্চী ইট ২৪১৭৫৫	১১৬	১৩৪	২০	১১ মায় কপাট	•	২ ডিসেম্বর সন ১৮৫১ সাল ১২অগ্রহায়ণ ১২৫৮ সাল মঙ্গলবার
২৩ নং	৪১ নং	গঙ্গাধর চক্রবর্ত্তী ...	... পাইখানা মায় পাতকুয়া ...	৯ ইঞ্চী ইট ৩০০৬	•	•	•	•	•	ঐ

(Signed) James R. B. Ross, *Deputy Collector.*

[*Government Gazette*, 2nd December, 1851.]

এস্তেহার দেওয়া যাইতেছে জিলা চব্বিশপরগনার অধীন ক্ষেয়া ঘাট সকলের সন ১৮৫২ সালের ইজারা বিলি জন্যে সন হালের ২০ ডিসেম্বর শনিবার তারিখে বেলা দুই প্রহরের সময় উক্ত জিলার মাজিস্ট্রেটী কাছারী মোকাম আলিপুরে নীলামে ডাক দ্বারা বন্দোবস্ত হইবেক ও যে ব্যক্তি অধিক টাকা ডাকিবেক ও দস্তুরমত তিন মাসের খাজানার পেশগী টাকা দাখিল করিতে পারিবেক এবং তদারকের দ্বারা যাহার আচরণ ও চরিত্র ভাল হইবেক তাহাকেই ঘাট দেওয়া যাইবেক আর প্রত্যেক ঘাটের হাল দরিযাপ্ত জন্য ইজারা লওনইচ্ছুক ব্যক্তিগণ মাজিস্ট্রেট সাহেবের কাছারিতে হাজির হইলে সকল বিষয় জ্ঞাত হইতে পারিবেক ইতি।

E. A. Samuells, *Magistrate.*

DINAPORE DIVISION—PUBLIC WORKS.

NOTICE.

Sealed Tenders for the Execution of the Annual Repairs of 1851-52, to the Buildings at the undermentioned Stations, will be received in the Office of the Executive Engineers, 3rd Division, Public Works, Dinapore, up to the 30th November, 1851.

Dinapore. — Mozufferpore.
Monghyr. — Seegowlee.
Poosa. — Chupra.
Mooteharee. — Arrah.
Patna.

Specifications and Conditions may be had on application to the Executive Engineers, Dinapore.

E. L. Ommanney, *Executive Engineer.*

দানাপুর অংশ। সরকারী কর্ম্ম।

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মোকামে ১৮৫১। ৫২ সালে সরকারী গৃহাদির যে বার্ষিক মেরামৎ হইয়া থাকে তাহা নির্ব্বাহ করিবার নিমিত্তে যে কেহ প্রস্তাব করিতে চাহেন তিনি ১৮৫১ সালের ৩০ নবেম্বর তারিখপর্য্যন্ত মোহরকরা পত্র দ্বারা আপন প্রস্তাব সরকারী কার্য্যের তৃতীয় খণ্ডের এক্সেকুটিব এঞ্জিনিয়র সাহেবকে জ্ঞাপন করুন।

দানাপুর। — মোজফরপুর।
মুঙ্গের। — সিগোলি।
পূসা। — ছাপরা।
মতিহারি। — আরা।
পাটনা

বিশেষ বেওরা ও নিয়ম যে কেহ অবগত হইতে চাহেন তিনি দানাপুরে এক্সেকুটিব এঞ্জিনিয়র সাহেবের নিকটে দরখাস্ত করিলে জ্ঞাত হইতে পারেন।

MISCELLANEOUS ADVERTISEMENT. — সাধারণ ইশ্‌তিহার।

রিসিবর আফিষ।

জমীদারীদিগর ইজারা।

প্যারীমোহন বসু বাদী।

শ্রীকৃষ্ণ সিংহ ও অন্নদাপ্রসাদ রায় প্রতিবাদী।

এবং

শ্রীকৃষ্ণ সিংহ বাদী।

অন্নদাপ্রসাদ রায় ও প্যারীমোহ বসু প্রতিবাদী।

সকলকে বিজ্ঞাপন করা যাইতেছে যে শ্রীযুত মারিস ফিট জেরেণ্ড সেণ্ডেস সাহেব যিনি উপরোক্ত দুই মোকদ্দমায় সুপ্রীম কোর্টের আদেশমতে প্রতিবাদী অন্নদাপ্রসাদ রায়ের অন্যং স্থাবর বস্তুর সামিলাত নীচের লিখিত তলুক দিগরের রিসিবর মোকরর হইয়াছেন তেঁহ চলিত সনের আগামি ১০ ডিসম্বর বুধবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় তাঁহার আফিসে উক্ত তালুকদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জায়।

জিলা চব্বিশপরগনার অন্তঃপাতি।
কিশমত ডুমজুড় ও পায়রাটুঙ্গি রকম ছয়আনা। ১
কিশমত বালিআড়া রকম আট আনা। ১
কিশমত বালির রকম ছয় আনা জুক্ত বালির বাজার। ১
আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌস রিসিবর আফিস। তারিখ ২৬ নবেম্বর ১৮৫১ সাল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ২ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 609. ৬০৯) (৭১৭)

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 9, 1851.

কলিকাতা মঙ্গলবার ১৮৫১ সাল ৯ ডিসেম্বর।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE.

THE 21ST NOVEMBER, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 21st November 1851.

ACT No —— OF 1852.

An Act to repeal Regulation I. of 1832, *of the Bengal Code.*

Whereas a tract of land situated near the town of Bithoor in the district of Cawnpore was granted by the British Government as a jagheer during pleasure to the Maharajah Bajee Row Behadoor; and whereas by Regulation I. of 1832 of the Bengal Code, it was (among other things) enacted, that from and after the passing of that Regulation, the jurisdiction of the Courts of Civil and Criminal judicature, and the operation of the General Regulations, should not extend to the tract of land aforesaid, and that the said Maharajah should exercise the Civil and Criminal administration of the jagheer, subject to such control as therein mentioned; and whereas the said Maharajah Bajee Row died on the 28th day of December 1850, and it is now expedient to repeal the said Regulation I. of 1832; It is declared and enacted as follows:

I. Regulation I. of 1832, of the Bengal Code, is hereby repealed.

II. The said tract of land being part of the district of Cawnpore, all Laws and Regulations now in force within such district, shall be in force in the said tract of land.

III. All cases, Civil or Criminal, in which the cause of action arose, or the offence was committed

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫১ সাল ২১ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ২১ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ১ আইন রদ করণের আইন।

যেহেতুক কানপুর জিলার বিথুর নগরের নিকটবর্ত্তি এক খণ্ড ভূমি গবর্ণমেন্ট মহারাজ বাজিরাও বাহাদুরকে এই নিয়মে জায়গীরস্বরূপ দিয়াছিলেন যে গবর্ণমেন্টের ইচ্ছা থাকনপর্য্যন্ত তিনি তাহা ভোগ করিবেন এবং যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ১ আইনের দ্বারা যেমন অন্যান্য বিষয় নির্দ্দিষ্ট হইয়াছিল তেমনি ইহারো হুকুম হইয়াছিল যে ঐ আইন জারী হওনঅবধি ও তাহার পর উক্ত খণ্ড ভূমির মধ্যে দেওয়ানী ও ফৌজদারী আদালতের এলাকা থাকিবেক না এবং তাহাতে সাধারণ আইন খাটিবেক না এবং ঐ আইনের মধ্যের নির্দ্দিষ্ট কর্ত্তৃত্ব বিধান উক্ত মহারাজা ঐ জায়গীরের সকল দেওয়ানী ও ফৌজদারীর কার্য্য আপনি নির্ব্বাহ করিবেন। এবং যেহেতুক উক্ত মহারাজ বাজিরাও ১৮৫০ সালের ২৮ ডিসেম্বর তারিখে মরিলেন এবং এক্ষণে উক্ত ১৮৩২ সালের ১ আইন রদ করা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম ও নির্দ্দিষ্ট হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ১ আইন ইহার দ্বারা রদ হইল ইতি।

২ ধারা। উক্ত খণ্ড ভূমি জিলা কানপুরের অন্তর্গত অতএব ঐ জিলার মধ্যে এক্ষণে যে সকল আইন চলন আছে তাহা উক্ত খণ্ড ভূমির বিষয়েও চলিবেক ইতি।

৩ ধারা। যে সকল দেওয়ানী মোকদ্দমার কারণ অথবা যে সকল ফৌজদারী অপরাধ এই আইন জারী হওনের

within the said tract of land before the passing of this Act, may be tried and determined by the Courts of the said district of Cawnpore, and the General Laws and Regulations now in force in such district may be applied and administered by the said Courts in the trial and determination of such cases; but if in any case it shall appear that the application of the said Laws and Regulations would operate unjustly if applied to the trial and determination of such case, it shall be lawful for such Courts to try and determine the same according to equity and good conscience.

IV. Provided always, that no Court shall try or determine any case, Civil or Criminal, with respect to which a final decision may have been pronounced, previous to the said 28th day of December 1850, by any Court or person within the said tract of land, having at the time of such decision, lawful power and authority to pronounce it.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India, after the 21st day of January 1852.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 28TH NOVEMBER, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 28th of November, 1851.

ACT No. —— OF 1852.

An Act to amend the mode of procedure in the Courts of the Sudder Ameens and Moonsiffs.

Whereas it is desirable that the mode of procedure in original suits in the Courts of the Sudder Ameens and Moonsiffs should be assimilated to the mode of procedure in such suits in the Courts of the Judges and Principal Sudder Ameens, It is hereby enacted as follows:

I. Sections 19, 21, 22, 24, 27, 29, 35, 37 and Clauses 1, 2, 3, of Section 25 of Regulation XXIII. of 1814, and Clause 5, Section 5, Clause 3, Section 15, of Regulation V. of 1831, and so much of Clause 3, Section 8, of the said Regulation V. of 1831, as relates to the Clauses and Sections of Regulation XXIII. of 1814, hereinbefore mentioned, and so much of Section 6 of the said Regulation V. of 1831, as re-enacts for the observance of Moonsiffs, in manner therein mentioned, Section 59 of Regulation XXIII. of 1814, are hereby repealed.

II. All laws and rules now in force relating to the mode of procedure in original Civil Suits in the Courts of the Judges and Principal Sudder Ameens, shall also apply to and regulate the mode of procedure in original Civil Suits in the Courts of the Sudder Ameens and Moonsiffs.

পূর্ব্বে উক্ত খণ্ড ভূমির মধ্যে হইয়াছিল সেই সকল মোকদ্দমা ও অপরাধ উক্ত কাণপুর জিলার আদালতে বিচার ও নিষ্পত্তি হইতে পারে এবং ঐ জিলার মধ্যে এক্ষণে যে সাধারণ আইন চলন আছে তাহা ঐ মোকদ্দমার বিচার ও নিষ্পত্তির বিষয়ে খাটান যাইবেক। কিন্তু যদি কোন গতিকে এইমত দৃষ্ট হয় যে ঐরূপ কোন মোকদ্দমার বিচার ও নিষ্পত্তিতে ঐ আইন খাটান গেলে তাহা অযথার্থ হইবেক তবে ঐ মোকদ্দমার ন্যায় ও যাথার্থ্যক্রমে বিচার ও নিষ্পত্তি করিতে ঐ আদালতের ক্ষমতা হইবেক ইতি।

৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত খণ্ড ভূমির মধ্যে যে কোন আদালত অথবা ব্যক্তির চূড়ান্ত ডিক্রী করিতে আইনানুসারে পরাক্রম ও ক্ষমতা ছিল এমত আদালত অথবা ব্যক্তির দ্বারা ১৮৫০ সালের ২৮ ডিসেম্বর তারিখের পূর্ব্বে যে কোন চূড়ান্ত ডিক্রী হইয়াছিল সেই ডিক্রীসম্পর্কীয় মোকদ্দমা দেওয়ানী হউক অথবা ফৌজদারী হউক কোন আদালত তাহার বিচার ও নিষ্পত্তি করিতে পারিবেন না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৮৫২ সালের ২১ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ২৮ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ২৮ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

সদর আমীন ও মুনসেফের আদালতের কার্য্যের রীতি সংশোধন করণের আইন।

যেহেতুক সদর আমীন ও মুনসেফের আদালতে প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমার কার্য্যের রীতি জজসাহেব ও প্রধান সদর আমীনের আদালতের সেইপ্রকার মোকদ্দমার কার্য্যের রীতির সমান করা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮১৪ সালের ২৩ আইনের ১৯। ২১। ২২। ২৪। ২৭। ২৯। ৩৫। ৩৭ ধারা এবং ২৫ ধারার ১। ২। ৩ প্রকরণ এবং ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণ এবং ১৫ ধারার ৩ প্রকরণ এবং উক্ত ১৮৩১ সালের ৫ আইনের ৮ ধারার ৩ প্রকরণের যে ভাগ ইহার উপরের লিখিত ১৮১৪ সালের ২৩ আইনের ধারা ও প্রকরণের সঙ্গে সম্পর্ক রাখে তাহা এবং ১৮৩১ সালের ৫ আইনের ৬ ধারার যে ভাগে তাহার মধ্যের লিখিত প্রকারে ১৮১৪ সালের ২৩ আইনের ৫৯ ধারা মুনসেফেরদের ব্যবহারের জন্যে পুনর্ব্বার চলন করিতে হুকুম হইয়াছিল তাহা রদ হইল ইতি।

২ ধারা। জজ সাহেব ও প্রধান সদর আমীনের আদালতে প্রথমত উপস্থিতহওয়া দেওয়ানী মোকদ্দমার কার্য্যের রীতির বিষয়ে যে সকল আইন ও বিধি এক্ষণে চলন আছে তাহা সদর আমীন ও মুনসেফের আদালতে প্রথমত উপস্থিতহওয়া সকল দেওয়ানী মোকদ্দমার কার্য্যের রীতির বিষয়ে খাটিবেক এবং ঐ দেওয়ানী মোকদ্দমার সেইরূপে নির্ব্বাহ হইবেক ইতি।

III. Sections 13 and 21, of Regulation III. of 1793, shall be applicable to suits and cases in the Courts of the Moonsiffs.

IV. Every Sudder Ameen and Moonsiff shall have power and authority to try suits in which any Vakeel or Officer of his Court is a party, anything in Section 8, Act VI. of 1843, and in Clause 2, Section 15, Regulation V. of 1831 to the contrary, notwithstanding.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 28th day of January 1852.

F. J. HALLIDAY,
Secy to the Govt. of India

৩ ধারা। ১৭৯৩ সালের ৩ আইনের ১৩ ও ২১ ধারা মুনসেফের আদালতের মোকদ্দমা ও নালিশের বিষয়ে খাটিবেক ইতি।

৪ ধারা। যেং মোকদ্দমায় সদর আমীন ও মুনসেফের আদালতের কোন উকীল অথবা আমলা এক পক্ষ হন সেইং মোকদ্দমার বিচার করিতে ঐ বিচারকেরদের ক্ষমতা ও শক্তি থাকিবেক এবং ১৮৪৩ সালের ৬ আইনের ৮ ধারায় ও ১৮৩১ সালের ৫ আইনের ১৫ ধারার ২ প্রকরণে ইহার বিপরীত কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৮৫২ সালের ২৮ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 31.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 17th October, 1851.

I am directed by the Board of Revenue to forward herewith an extract, paras. 16 to 22, from a letter from the Secretary to the Government of Bengal, No. 1238, dated the 17th ultimo, and to desire that you will inculcate upon Collectors the principles therein enforced.

2nd. The duty of visiting the interior, for the purpose of acquiring, by personal observation, a knowledge of the actual circumstances of their Districts, is one of so great importance, that the Board will on no account excuse the neglect of it on the part of Collectors. In Districts where there are Assistants or Deputy Collectors, these Officers may be left in charge of the office during the Collector's absence; and even where there are none, a Collector who has at heart the well-being of the people, and the effective administration of his charge, may, the Board observe, arrange, without any great difficulty, to be absent for short intervals from the sudder station, without detriment to the public business.

3rd. You will give the Collectors in your Division, therefore, distinctly to understand, that the Board will expect them occasionally to perform, personally, duties of the nature of those ordinarily entrusted to their subordinates, such as local inquiries into rates, settlements, the inspection of estates held khas, and the like; and so to arrange their plans as to be able to visit every quarter of their Districts once in the course of two or three years. Your annual reports should notice, in the proper

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৩১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্‌টিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১ সাল ১৭ অক্‌টোবর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের গত মাসের ১৭ তারিখের ১২৩৮ নম্বরী পত্রের ১৬ দফাঅবধি ২২ দফাপর্য্যন্ত এক চুম্বক বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞাক্রমে তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে তাহার মধ্যে যেং নিয়ম নির্দ্দিষ্ট আছে তদনুযায়ি কার্য্য করিতে কালেক্‌টর সাহেবেরদের প্রতি হুকুম দেও।

২। আপনার নিজ অবলোকনের দ্বারা আপনং জিলার প্রকৃত অবস্থা অবগত হওনের জন্যে কালেক্‌টর সাহেবেরদের মফঃসলে গমন করা এমত আবশ্যক বিষয় যে কালেক্‌টর সাহেবেরা যদি তাহার বিষয়ে কিছু ত্রুটি করেন তবে বোর্ডের সাহেবেরা অনুযোগ করিবেন। যেং জিলার মধ্যে আসিষ্টাণ্ট অথবা ডেপুটী কালেক্‌টর থাকেন সেইং জিলায় ঐ কর্ম্মকারকেরা কালেক্‌টর সাহেবের অবর্ত্তমান সময়ে তাঁহার কাছারীর ভার গ্রহণ করিতে পারেন। এবং যেখানে এইরূপ কোন কর্ম্মকারক না থাকেন সেইখানেও যদি কালেক্‌টর সাহেব প্রজারদের নিতান্ত মঙ্গল করিতে এবং আপনার প্রতি অর্পিত কার্য্য কর্ম্মণ্যরূপে নির্ব্বাহ করিতে চাহেন তবে তিনি অবশ্য অনায়াসে এমত নিয়ম করিতে পারেন যে অল্প কালের জন্যে সদর মোকামহইতে স্থানান্তর হইলে সরকারী কর্ম্মের কিছু ব্যাঘাত হইবেক না।

৩। অতএব তোমার এলাকার কালেক্‌টর সাহেবদিগকে তুমি অতিস্পষ্টরূপে জানাইবা যে বোর্ডের সাহেবেরদের এমত অপেক্ষা আছে যে যেং কর্ম্ম তাঁহারা সামান্যতঃ আপনার অধীন কর্ম্মকারকেরদের প্রতি অর্পণ করিয়া থাকেন অর্থাৎ খাজানার নিরিখের সরেজমীনে তহকীক ও বন্দোবস্ত ও খাস মহালের তদারক ইত্যাদি কার্য্য তাঁহারা মধ্যেং আপনারাই নির্ব্বাহ করেন এবং তাঁহারা এইমত নিয়ম করিবেন যে দুই বা তিন বৎসরের মধ্যে তাঁহারা একবার আপনং জিলার প্রত্যেক ভাগে গমন করিতে পারেন। প্রত্যেক কালেক্‌টর সাহেব আপনার জিলার মফঃসলে যতবার

place, the visits paid by each Collector to the interior of his District.

4th. You will also impress upon Collectors the necessity of exercising a general supervision over the proceedings of the Uncovenanted Deputy Collectors, not confined to the mere hearing of appeals, and the desirableness of regulating their intercourse with those Officers, in such a manner as to inspire them with confidence and independence of character, and a proper regard to right and duty in the discharge of their functions.

(Signed) A. C. BIDWELL,
Offg. Secretary.

Board of Revenue, Lower Provinces.

Extract from a letter from the Secretary to the Government of Bengal, in the Revenue Department, to the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, No. 1238, dated the 17th of September, 1851.

Para. 16th. This affair has made a great impression upon the Deputy Governor It has convinced him that improvement is required in the management of that large body, the Deputy Collectors under Regulation IX. of 1833.

17th. It is not to be expected, and it never was expected, that these native Officers would exhibit the boldness and firmness of conduct which the European Covenanted Officers seldom fail to exhibit in the proper place. And the position of these Deputy Collectors, when as in 1841 their numbers are in course of necessary reduction, is not favorable to the development of such qualities. Nevertheless it is on the existence of such qualities amongst the public servants that the higher authorities in this country must mainly depend for knowing all sides of a question The native propensity to represent facts in such a manner as will be agreeable to a superior is well known. It should therefore be inculcated as one of the most important principles in the management of native Officers, to be always mindful of the existence of this propensity, and above all to beware of exciting it, by working indiscreetly upon their hopes or fears.

18th. The best Officers, when acting with the best intentions, are too liable to fall into the error of too hasty condemnation of native Officers. But the object being to raise the general character of the native Officer, it is surely necessary to treat him, whilst he is trusted in an important office, with the same respect and consideration, and in short with the same justice, with which we treat the European Officer. The Board, his Honor is aware, from proceedings which have come before him, is sensible of the importance of this principle; and he hopes they will lose no opportunity of inculcating it, and of checking its violation, in the department under them.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ৯ ডিসেম্বর।]

গমন করেন তাহা তুমি আপনার বার্ষিক রিপোর্টের উপযুক্ত স্থানে লিখিবা।

৪। তুমি আরো কালেক্টর সাহেবদিগকে অতিশয়রূপে জানাইবা যে তাঁহারা কেবল আপীলশুনানির কার্য্যে ক্ষান্ত না হইয়া আপনারদের অচিহ্নিত ডেপুটী কালেক্টরেরদের কার্য্যের উপর সাধারণ কর্ত্তৃত্ব করা তাঁহারদের আবশ্যক এবং ঐ কর্ম্মকারকের সঙ্গে তাঁহারা এইরূপ আলাপ করিবেন যে তাঁহারদের মনে প্রত্যয় জন্মে এবং তাঁহারা সর্ব্বদা নিরপেক্ষভাবরূপে কার্য্য করেন. এবং আপন কার্য্য নির্ব্বাহে যাহা ন্যায্য এবং উচিত কেবল তাহার প্রতি দৃষ্টি রাখেন।

এ সি বিডউএল।
এক্টিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের রেবিনিউ ডিপার্টমেণ্টে শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫১ সালের ১৭ সেপ্টেম্বর তারিখের ১২৩৮ নম্বরী পত্রের চুম্বক।

১৬ দফা। এই বিষয় শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেবের বিশেষ মনোগত হইয়াছে। তাঁহার এইমত দৃঢ় বোধ হইয়াছে যে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে যে বহুসংখ্যক ডেপুটী কালেক্টর নিযুক্ত আছেন তাঁহারদের উপর পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে কর্ত্তৃত্ব করিতে হইবেক।

১৭ দফা। ইউরোপীয় চিহ্নিত কর্ম্মকারক সাহেবেরা উপযুক্ত সময়ে যে সাহস ও কার্য্যের বিষয়ে দৃঢ়তা প্রকাশ করিতে প্রায় ত্রুটি করেন না এদেশীয় কর্ম্মকারকেরা যে সেই সাহস ও দৃঢ়তা দর্শাইবেন এমত অপেক্ষা করা যাইতে পারে না এবং এমত অপেক্ষা কখনও ছিল না। এবং ১৮৪১ সালে ঐ ডেপুটী কালেক্টরেরদের সংখ্যা আবশ্যকমতে কমাইতে স্থির হইয়াছিল এবং তৎপ্রযুক্ত ঐ২ কর্ম্মকারকের উক্ত প্রকার গুণ ব্যক্ত করণের উৎসাহ ভঙ্গ হইল। তথাপি এই২ গুণ যদি সরকারী কর্ম্মকারকেরদের মধ্যে না থাকে তবে দেশের কর্ত্তৃত্বকারি সাহেবেরা কোন বিষয়ের সকল ভাব সুজ্ঞাত হইতে পারিবেন না। সকলেই জানেন যে এদেশীয় লোকেরদের এমত স্বভাব আছে যে কোন বিষয় বর্ণনা করিতে হইলে যেরূপ তাঁহারদের উপরিস্থ ব্যক্তিরদের তুষ্টিকর হইবেক বোধ হয় সেইরূপে তাহা তাঁহারা বর্ণনা করেন। অতএব এতদ্দেশীয় আমলারদের উপর কর্ত্তৃত্ব করণেতে সর্ব্বাপেক্ষা আবশ্যক নিয়মের মধ্যে ইহা জ্ঞান করিতে হইবেক যে তাঁহারদের এই প্রকার স্বভাব থাকনের বিষয় নিত্য স্মরণ হয় এবং বিশেষতঃ তাঁহারদিগকে অবিবেচনাপূর্ব্বক ভয় বা ভরসা দেখাওনেতে তাঁহারা ঐ স্বভাব বৃদ্ধি না করেন।

১৮ দফা। সর্ব্বাপেক্ষা উত্তম ইউরোপীয় কর্ম্মকারকেরা অতিশ্রেষ্ঠ অভিপ্রায়ে কর্ম্ম করণেতেও এদেশীয় আমলারদের শিঘ্ররূপে দোষীকরণের ভ্রমে পতিত হইয়া থাকেন। কিন্তু আমারদের অভিপ্রায় এই যে এদেশীয় আমলার সাধারণ আচার ব্যবহারের শ্রেষ্ঠতা করা অতএব যখন তাঁহার প্রতি কোন গুরুতর পদের ভার অর্পণ হইয়াছে তখন যে সমাদর ও সদ্বিবেচনা ও যাথার্থ্য ইউরোপীয় কর্ম্মকারকেরদের প্রতি করা যায় তাঁহাকে সেইরূপে সমাদরপ্রভৃতি সুতরাং করা অতিউচিত হয়। শ্রীযুতের নিকটে যে সকল কাগজপত্র পঁহুছিয়াছে তদ্দ্বারা তাঁহার এই বোধ হইয়াছে যে এই নিয়মানুসারে কার্য্য করা বোর্ডের সাহেবেরা অত্যন্ত আবশ্যক বোধ করেন এবং তাঁহার এই ভরসা আছে যে তাঁহারদের অধীন সিরিশ্তায় তাঁহারা এই নিয়ম নিরত প্রতিপালন করাওনের এবং তাহা উল্লঙ্ঘন নিবারণের বিষয়ে অতি চেষ্টান্বিত হইবেন।

19th. In the next place, his Honor observes, it is not to be expected, and it never was expected, that these native Officers would work satisfactorily without the careful and intelligent supervision of their immediate superior, exercised not merely in the hearing of appeals, in particular cases, but so exercised as to make the superior generally cognizant of the manner in which the Deputy Collector performs his work.

১৯ দফা। শ্রীযুক্ত জানেন যে গবর্ণমেণ্টের এমত অপেক্ষা একণে নাই এবং পূর্ব্বে কখনও ছিল না যে ঐ ডেপুটী কালেক্টরেরা যে সাহেবের অধীন তাঁহার আতি মনোযোগ ও সুবিবেচনাপূর্ব্বক কর্তৃত্ব না হইলে তাঁহারা সন্তুষ্টরূপে কার্য্য করিবেন। এবং ঐ কর্তৃত্ব কেবল কোন২ বিশেষ মোকদ্দমার উপর আপীল শুনিবামাত্রের দ্বারা হইবেক না কিন্তু তাহা এইরূপে করিতে হইবেক যে ডেপুটী কালেক্টর যেরূপে আপনার কর্ম্ম নির্ব্বাহ করিয়া থাকেন তাহা কর্তৃত্বকারি সাহেব সামান্যতঃ সুজ্ঞাত হন।

20th. The communication between a Collector and a native Deputy Collector should be close, constant and personal; not confined to sending official orders and reports from one to the other. But so far from any such communication between the Collector and his Deputies having been insisted upon, it is quite apparent that the Collector was a mere cipher, and that the only two active parties, in respect to these settlements, were the Deputy Collectors below him, and the Commissioner above him.

২০ দফা। এদেশীয় ডেপুটী কালেক্টরের সঙ্গে কালেক্টর সাহেবের অতিঘনিষ্ঠতা ও নিত্য সম্পর্ক রাখিতে হয় এবং কেবল তাঁহার নিকটে হুকুম পাঠাওন ও তাঁহার স্থানে রিপোর্ট আনাওনেতে ক্ষান্ত না হইয়া তাঁহার সঙ্গে স্বয়ং কথোপকথন করিবেন। কিন্তু ডেপুটী কালেক্টরেরদের সঙ্গে এইরূপ কথোপকথনের বিষয়ে কালেক্টর সাহেবের প্রতি কোন হুকুম না হইয়া বরং ইহা স্পষ্ট দৃষ্ট হইতেছে যে কালেক্টর সাহেবেরা আপন২ সিরিশ্তার মধ্যে নামমাত্র এবং এই সকল বন্দোবস্তের কার্য্যের বিষয়ে কেবল দুই জন কর্ম্মণ্য অর্থাৎ কালেক্টর সাহেবের অধীন ডেপুটী কালেক্টর ও তাঁহার উপর কমিস্যনর সাহেব।

21st. Again this affair is a pregnant example of the ill effects of the system which is allowed to exist in Bengal of the Collector making himself a fixture in his Cutcherry at the sudder station, and there, so far as original business is concerned, employing himself exclusively in the easiest and most mechanical parts of Collectorate duty, whilst all original work of any difficulty, or requiring any trouble and revenue knowledge to do it, is made over by him to his native Deputy Collectors. It seems to his Honor unreasonable to expect a Collector to be competent to review a settlement, if he does not know what a settlement is, or how it is to be made; and how can he so well acquire that information, or how can the fact of his possessing it be so well tested, as by obliging him to take his share occasionally in making a settlement? Surely, his Honor thinks, it cannot be right that the Officer who has to review all the settlements made in his District, to administer every Ward's estate, and to manage every mehal that comes under khas tuhseel, should have no personal acquaintance with any part of his District out of sight of his own house and office; and should never have any direct or intimate relations with a ryot or talookdar, or any practical knowledge of the rates, tenures, and common agricultural customs of his District.

২১ দফা। পুনশ্চ কালেক্টর সাহেবের সদর মোকামেৎ আপনার কাছারীতে বদ্ধমূল হইবার যে নিয়ম বাঙ্গলা দেশের মধ্যে চলন হইবার অনুমতি হইয়াছে তাহার কুফল এই ব্যাপারের দ্বারা দৃষ্ট হইতেছে। ঐ কাছারীতে সেইরূপ বদ্ধ থাকিয়া আসল কর্ম্মের বিষয়ে কেবল তিনি কালেক্টরী কর্ম্মের যে ভাগ সকলহইতে সহজ এবং কেবল রীতিমত হইতেছে সেই কর্ম্মমাত্র আপনি করিতেছেন কিন্তু যে আসল কর্ম্মেতে কিঞ্চিৎ দুষ্করতা থাকে অথবা যে কর্ম্মেতে কিছু লেঠা আছে কি যাহাতে রাজস্বের বিষয়ে জ্ঞাতসার হইবার আবশ্যক আছে তাহা তিনি আপনার ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করেন। শ্রীযুক্ত বোধ করেন যে কালেক্টর সাহেব বন্দোবস্ত কি অথবা তাহা কিরূপে করিতে হইবেক ইহা যদি না জানেন তবে তিনি সেই বন্দোবস্ত শুধরাইতে নিতান্ত অক্ষম। কিন্তু যদি মধ্যে২ তাঁহাকে নিজে বন্দোবস্ত করণের হুকুম দেওয়া যায় তবে তিনি সেই জ্ঞান বিলক্ষণরূপে প্রাপ্ত হইতে পারিবেন এবং তাঁহার সেই প্রকার জ্ঞান আছে কি না ইহা উত্তমরূপে জ্ঞাত হওয়া যাইতে পারিবেক। শ্রীযুক্ত আরো বোধ করেন যে যে কর্ম্মকারক সাহেবের আপনার জিলার সমস্ত বন্দোবস্তের বিবেচনা করিতে হয় এবং প্রত্যেক নাবালগের ওয়ার্ডসের সম্পত্তির রক্ষণাবেক্ষণ করিতে হয় এবং যে প্রত্যেক মহাল খাস তহসীলে আইসে তাহার সরবরাহ করিতে হয় এমত কর্ম্মকারক সাহেব যদি আপনার জিলার যে ভাগ তাঁহার বাটী ও কাছারীহইতে দেখা যায় তদপেক্ষা আর কোন ভাগের কিছু না জানেন এবং কোন রাইয়ত কিম্বা তালুকদারের সঙ্গে তাঁহার নিজের অথবা অতি ঘনিষ্ঠ জানাশুনা না থাকে কি আপনার জিলার রাজস্বের হার ও পাট্টা ও কৃষাণেরদের মধ্যে আচার ব্যবহারের বিষয়ে কিছু প্রকৃত জ্ঞান না থাকে তবে ইহা অত্যন্ত অসঙ্গত।

22nd. The Board are requested to say if they are aware of any objection to the strict enforcement of a general rule, obliging every Collector to perform himself a certain portion of every sort of original business, annually; and to make a point of visiting some of his khas estates, Ward's estates, and estates under settlement every season; so as to

২২ দফা। অতএব বোর্ডের সাহেবেরা লিখিবেন যে এইমত কোন সাধারণ বিধি প্রবল করিতে তাঁহারা কোন আপত্তি দেখেন কি না যে প্রত্যেক কালেক্টর সাহেবকে প্রতিবৎসরের প্রত্যেক প্রকার আসল কার্য্যের কোন এক ভাগ নিজে করিতে এবং তাঁহার খাস মহাল ও নাবালগ ওয়ার্ডসের সম্পত্তি ও যে মহালের বন্দোবস্ত হইতেছে, এই সকল মহাল এইমত দর্শন করিতে

see every Pergunnah in his Collectorate at least once every two or three years.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 17th October, 1851.

(A true extract,)

(Signed) A. C. BIDWELL,
Offg. Secretary.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 22.

To the Civil Judges in the Lower Provinces and the Civil Authorities in the Extra Regulation Provinces.

With reference to the Decision, which will be printed in regular course, passed on this date on the hearing of a special appeal by the Court at large, in the case of Neelmadhub Palit *versus* Gooroopershad Mungraj and others, (special appeal No. 447 of 1850,) the Court notify the rescission of Construction No. 907.

2. The principle, which has been judicially declared by the decision in question, is that a Civil Appellate Court has no power to interfere, under any circumstances, with a decree of a Lower Court, as it affects Defendants, who have not appealed from such decree.

(Signed) B. J. COLVIN,
Register.

Fort William, the 9th September, 1851.

(True Copy.)

R. STUART,
Asst. Register.

No. 23.

To the Civil Authorities in the Lower Provinces.

With a view to provide for the adequate publication of notices, of applications made for Certificates under Act XX. of 1841, the Court are pleased to direct that, in carrying out the general direction of the Law, (Section 2 of the above Act) which is that "the Judge shall *issue notice*" of application, inviting claimants such notice shall be published at the residence of the deceased, and at the Cutcherry of the Moonsiff within whose jurisdiction such residence is situated as well as in the Judge's Cutcherry.

(Signed) B. J. COLVIN,
Register.

Fort William, the 11th September, 1851.

(True Copy.)

R. STUART,
Asst. Register.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫১। ৯ ডিসেম্বর।]

হুকুম দেওয়া যায় যে অন্যূন প্রত্যেক দুই বা তিন বৎসরের মধ্যে তিনি আপনার পরগনার প্রত্যেক ভাগ দেখিতে পারেন।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫১। ১৭ অক্টোবর।

(যথার্থ নকল।)

এ সি বিডউএল।
একটিং সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

যে মোকদ্দমায় নীলমাধব পালিত ফরিয়াদী এবং গুরুপ্রসাদ মঙ্গরাজ ও অন্যেরা আসামী (১৮৫০ সালের ৪৪৭ নম্বরী খাস আপীল) সেই মোকদ্দমায় সম্পূর্ণ আদালতের বৈঠকে খাস আপীল শুনানি হওয়াতে অদ্যকার তারিখে যে নিষ্পত্তি হইল তাহার উপলক্ষে সদর আদালত জ্ঞাত করিতেছেন যে ৯৯৭ নম্বরী আইনের অর্থ রদ হইল। ঐ নিষ্পত্তি রীতিমতে ছাপা যাইবেক।

২। উক্ত নিষ্পত্তির দ্বারা আইনের যে মুল নিয়ম আদালতের দ্বারা নিরূপণ হইয়াছে তাহা এই যে যে আসামীরা কোন ডিক্রীর উপর আপীল করেন নাই সেই২ আসামীসম্পর্কে অধস্থ আদালত যে ডিক্রী করিলেন তাহাতে আপীল আদালতের কোন গতিকে হস্তক্ষেপ করিতে ক্ষমতা নাই।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ৯ সেপ্টেম্বর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

২৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

১৮৪১ সালের ২০ আইনানুসারে সর্টিফিকটের বিষয়ের দরখাস্ত হইলে তাহার এত্তেলা উপযুক্তমতে ঘোষণা করিবার অভিপ্রায়ে সদর আদালত হুকুম করিতেছেন যে উক্ত আইনের ২ ধারায় যে সাধারণ হুকুম আছে অর্থাৎ "জজ সাহেব দরখাস্তের এত্তেলা দিয়া" দাওয়াদারদিগকে আহ্বান করিবেন আইনের সেই হুকুম সফল করণার্থে তাহা মৃত ব্যক্তির বাসস্থানে এবং যে মুনসেফের এলাকার মধ্যে মৃত ব্যক্তির বাস ছিল তাঁহার কাছারীতে এবং জজ সাহেবের কাছারীতে ঘোষণা করা যাইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ১১ সেপ্টেম্বর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

No. 24.

To the Judges in the Lower Provinces.

I am directed by the Court in pursuance of the orders of Government to request that you will prepare and forward to this Office a list, in the subjoined form, of all persons, if any, who may have been appointed in your district for the first time [illegible] a Native Judge's Office, whether in the grade of Moonsiff or any higher grade, or who may have entered as Vakeels of your or the Principal Sudder Ameen's Courts, since the Resolution of Lord Hardinge of October 1844, published at page 807, of the *Government Gazette* of October 12th of that year, noting the cases in which the persons so appointed or entering have been educated natives of the class to whom that Resolution referred.

2d. You are also requested to make such enquiries as may be in your power with a view to your submitting another list in the form sent of the number of those persons who may have passed examination for the Office of Moonsiff or Vakeel, or both, since the promulgation of the Resolution referred to. A List of the diploma holders, who gave their place of residence as in your District together with a *note* of their place of residence, is herewith annexed to guide you in your enquiries.

3d. The Court attach importance to this information being quickly and accurately supplied.

(Signed) B. J. COLVIN,
Register.

Fort William, the 12th September, 1851.

(True Copy.)

R. STUART,
Asstt. Register.

২৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টের হুকুমক্রমে সদর আদালত আদেশ করিতেছেন যে ১৮৪৪ সালের অকটোবর মাসে শ্রীযুক্ত লার্ড হার্ডিং সাহেবের যে নির্দ্ধারণ ঐ বৎসরের ১২ অকটোবর তারিখের গবর্ণমেণ্ট গেজেটের ৮০৭ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছিল সেই নির্দ্ধারণঅবধি যদি কোন ব্যক্তি তোমার জিলাতে প্রথমবার এদেশীয় কোন জজের পদে নিযুক্ত হইয়া থাকেন কি মুনসেফের শ্রেণীতে কিম্বা তদপেক্ষা উচ্চ শ্রেণীতে অথবা যদি কোন ব্যক্তি তোমার অথবা প্রধান সদর আমীনের আদালতে উকীলী কর্ম্মে নিযুক্ত হইয়া থাকেন তবে সেই সকল ব্যক্তির এক ফর্দ্দ পশ্চাৎ লিখিত পাঠানুসারে প্রস্তুত করিয়া এই দপ্তরে পাঠাও এবং যে২ গতিকে এইরূপ জজী কর্ম্মে অথবা উকীলী কর্ম্মে নিযুক্তহওয়া ব্যক্তি যে সুশিক্ষিত এদেশীয় ব্যক্তির বিষয়ে ঐ নির্দ্ধারণ হইয়াছিল সেই প্রকার ব্যক্তি হন সেই২ গতিকে তাহা বিশেষ করিয়া লেখ।

২। উক্ত নির্দ্ধারণ প্রকাশ হওনের পর যত ব্যক্তি মুনসেফী বা উকীলী কর্ম্মের অথবা উভয় কর্ম্মের জন্যে ইমতিহান দিয়াছেন তাঁহারদের সংখ্যার অন্য এক ফর্দ্দ ইহার সঙ্গে প্রেরিত পাঠানুসারে পাঠাইবার জন্যে যে সকল অনুসন্ধান করা তোমার সাধ্য হয় সেই সকল অনুসন্ধান করিতে তোমার প্রতি হুকুম হইল। ঐ অনুসন্ধানের উপকারের জন্যে যোগ্যতার পত্রপ্রাপ্ত যে ব্যক্তিরা লিখিলেন যে তাঁহারদের বাসস্থান তোমার জিলার মধ্যে তাঁহারদের নামের এক ফর্দ্দ এবং তাঁহারদের বাসস্থানের এক নোট ইহার শেষে দেওয়া গেল।

৩। সদর আদালত এই সম্বাদ অতিশীঘ্র ও ঠিকরূপে পাঠাওন অত্যাবশ্যক বোধ করেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৫১। ১২ সেপ্টেম্বর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট। আসিষ্টান্ট রেজিষ্টর।

List of Persons appointed in the District of for the 1st time as Moonsiff or any higher grade or as Vakeel of the Judge's and Principal Sudder Ameen's Courts since the promulgation of the Resolution of Lord Hardinge of October 1844.

Name of person Appointed.	Date of Appointment.	Official designation of the Office held.	Where Educated.	Remarks.

[*Government Gazette*, 9th *December*, 1851.]

শ্রীযুক্ত লার্ড হার্ডিং সাহেবের ১৮৪৪ সালের অক্টোবর মাসের নির্দ্ধারণ প্রকাশ হওনের পর যত ব্যক্তি অমুক জিলায় প্রথমবার মুনসেফী অথবা তদপেক্ষা উচ্চ শ্রেণীতে অথবা জজ সাহেব কি প্রধান সদর আমীনের আদালতে উকালী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন তাঁহারদের ফর্দ্দ।

নিযুক্ত হওয়া ব্যক্তির নাম	নিযুক্ত হওনের তারিখ	যে পদ ধারণ করিতেছেন তাহার খ্যাতি	যে স্থানে বিদ্যা প্রাপ্ত হইয়াছিলেন	মন্তব্য কথা

List of persons Residents of your District who have passed examination for the Office of Moonsiff or Vakeel, or both, since the promulgation of the Resolution of Lord Hardinge of October 1844, and who are of the educated Class referred to in that Resolution.

Name of person passed for Office.	Date on which so passed.	Where Educated.	Remarks.

শ্রীযুক্ত লার্ড হার্ডিং সাহেবের ১৮৪৪ সালের অক্টোবর মাসের নির্দ্ধারণ প্রকাশ হওনের পর তোমার জিলানিবাসি যে২ ব্যক্তি মুনসেফী কিম্বা উকীলী অথবা উভয় কর্ম্মের জন্যে ইমতিহানেতে উত্তীর্ণ হইলেন তাঁহারদের এবং ঐ নির্দ্ধারণের মধ্যে যে সুশিক্ষিত সম্প্রদায়ের বিষয় লেখা আছে যাঁহারা সেই সম্প্রদায়ের হন তাঁহারদের এক ফর্দ্দ।

কর্ম্মের জন্যে যে ব্যক্তি ইমতিহান দিলেন তাঁহার নাম	যে তারিখে ইমতিহান দিলেন তাহা	যে স্থানে শিক্ষা পাইলেন তাহা	মন্তব্য কথা

No. 25.

To the Civil Authorities in the Lower Provinces.

The Court notify the rescission of Construction 319 according to their full Bench decision of this date to be published in due course in the case of Benode Lall Sing, Mookhtar of Brij Soondree Dassee, mother of Beneemadub and Neelmadub Singh, both deceased. The first application to the Court under Sections 1 and 2 Act XIX. of 1841, may be made by a duly constituted Vakeel, although

২৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুক্ত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

মৃত বেণিমাধব ও নীলমাধব সিংহের মাতা ব্রজসুন্দরী দাসীর মোখ্তার বিনোদলাল সিংহের মোকদ্দমায় সদর আদালতের সম্পূর্ণ বৈঠকে অদ্যকার তারিখে যে নিষ্পত্তি করিলেন তদনুসারে সদর আদালত জ্ঞাত করিতেছেন যে ৩১৯ নম্বরী আইনের অর্থ রদ হইয়াছে। ঐ নিষ্পত্তি রীতিমত প্রকাশ হইবেক। ১৮৪১ সালের ১৯ আইনের ১ ও ২ ধারানুযায়ি প্রথম দরখাস্ত রীতিমত আদালতে নিযুক্ত উকীলের দ্বারা করা যাইতে পারে কিন্তু

the solemn declaration required by Section 3 must be made in open Court by the applicant in person, except in the case of Hindoo and Mahomedan ladies of rank from whom it may be received by a Commission issued as in other cases.

(Signed) B. J. COLVIN,
Register.

Fort William, the 10th September, 1851.

(True Copy.)

R. STUART,
Asst. Register.

No. 29.

To the Zillah and City Judges in the Lower Provinces.

The Court issue the following Circular Order in rescission of No. 146, dated 15th May, 1835, and No. 69, dated 21st May, 1849.

2. The Zillah Judges, the Principal Sudder Ameens, the Sudder Ameens, and the Moonsiffs are hereby severally directed to have each a Book, to be called the "Buhee Yaddasht" prepared; the pages of which are to be numbered and every leaf attested by the signature of the Serishtadar, Peshkar or other superior ministerial Officer of the Court.

3. The first and last leaves of this book are to be signed by the Judge, Principal Sudder Ameen, Sudder Ameen, or Moonsiff, as the case may be, who is thereon to specify the number of pages which the said book contains. Into the book thus prepared, every order, final or interlocutory on every regular suit or appeal is to be briefly entered as soon as it is passed, and the Judge, Principal Sudder Ameen, Sudder Ameen or Moonsiff is to sign the same before he leaves his Court. All such entries are to be attested by the signatures of the Vakeel or the Vakeels of the parties concerned.

4. These books may be retained by the Uncovenanted Judges in their own possession for 3 years. At the end of each year, however, the Uncovenanted Officers shall transmit the books to the Judge's Office for inspection and examination and it shall be the duty of the Judge, before returning them to the Lower Courts to certify in each book under his seal and signature, that he has duly examined it and has found it *(exceptis excipiendis)* to have been regularly and correctly kept up. The Judges will be careful to take proper notice of any apparent carelessness or want of method in the preparation of the books in question.

5. It is discretional with the Zillah Judge to entrust the books for his own Office to any Officer on his Establishment, or to deposit them with the Record-keeper, as he may deem best, provided that the books shall be forthcoming should their production ever be required, and that on quitting his Office he shall be bound to hand them over to his successor.

6. The Judicial Authorities both Covenanted

৩ ধারাতে যে প্রতিজ্ঞার হুকুম আছে তাহা আদালতের বৈঠকের সময়ে দরখাস্তকারির নিজে করিতে হইবেক পরন্তু সম্ভ্রান্ত হিন্দু ও মুসলমান স্ত্রী হইলে অন্যান্য গতিকে যেরূপ হইয়া থাকে সেইরূপে ঐ প্রতিজ্ঞা লইবার জন্যে এক কমিসান নিযুক্ত হইতে পারে।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ১০ সেপ্টেম্বর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট। আসিষ্টান্ট রেজিষ্টর।

---

২৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের জিলা ও শহরের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

সদর আদালত ১৮৩৫ সালের ১৫ মে তারিখের ১৪৬ নম্বরী এবং ১৮৪৯ সালের ২১ মে তারিখের ৬৯ নম্বরী সরকুলর অর্ডর রদ করিয়া তাহার পরিবর্ত্তে পশ্চাৎ লিখিত সরকুলর অর্ডর করিয়াছেন।

২। জিলার জজ সাহেব ও প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফদিগকে ইহার দ্বারা হুকুম হইল যে তাঁহারদের প্রত্যেক জন "বহী ইয়াদাশ্ত" নামক এক বহী প্রস্তুত করেন এবং তাহার প্রত্যেক পৃষ্ঠাতে অঙ্ক থাকিবেক এবং প্রত্যেক ফর্দ্দে সিরিশ্তাদার অথবা পেশ্কার কিম্বা আদালতের অন্য কোন উপরিস্থ আমলা দস্তখৎ করিবেন।

৩। জজ সাহেব অথবা বিষয়বিশেষে প্রধান সদর আমীন কি সদর আমীন বা মুনসেফ ঐ বহীর প্রথম ও শেষ ফর্দ্দে দস্তখৎ করিবেন এবং সেই বহীর মধ্যে যত পৃষ্ঠা আছে তাহা নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন। এরূপ প্রস্তুতহওয়া বহীতে প্রত্যেক নম্বরী মোকদ্দমা অথবা আপীলে যে প্রত্যেক চূড়ান্ত হুকুম অথবা মোকদ্দমা রুবকার সময়ে হুকুম হয় তাহা হইবামাত্র তাহাতে সংক্ষেপ করিয়া লেখা যাইবেক এবং জজ সাহেব বা প্রধান সদর আমীন কি সদর আমীন কিম্বা মুনসেফ আদালত ত্যাগ করিয়া যাইবার পূর্ব্বে তাহাতে দস্তখৎ করিবেন। এবং মোকদ্দমায় লিপ্ত ব্যক্তিরদের উকীল বা উকীলেরা ঐ প্রকার সকল লিপিতে দস্তখৎ করিবেন।

৪। অচিহ্নিত জজেরা ঐ২ বহী তিন বৎসরপর্য্যন্ত আপন২ নিকটে রাখিতে পারেন। কিন্তু প্রত্যেক বৎসরের শেষে ঐ অচিহ্নিত কার্য্যকারকেরা জজ সাহেবের দৃষ্টি ও তদারকের জন্যে ঐ বহী জজ সাহেবের দফ্তরে পাঠাইবেন। এবং জজ সাহেবের কর্ত্তব্য যে ঐ বহী অধস্থ আদালতে ফিরিয়া পাঠাইবার পূর্ব্বে প্রত্যেক বহীতে ইহা লেখেন যে আমি এই বহী রীতিমত তদারক করিয়া দেখিয়াছি যে (বর্জ্জনীয় বিষয় বর্জ্জিত) এই২ বহী রীতিমত এবং ঠিকঠাকরূপে রাখা গিয়াছে এবং ঐ সাহেব তাহাতে আপন মোহর ও দস্তখৎ করিবেন। কিন্তু যদি ঐ বহী প্রস্তুত করণেতে কোন অমনোযোগিতা অথবা নিয়মের ব্যতিক্রম দেখা যায় তবে ঐ সাহেব অতিসাবধান হইয়া তাহার বিষয়ে উপযুক্ত অনুযোগ করিবেন।

৫। জিলার জজ সাহেব আপনার বিবেচনামতে আপনার দফ্তরের ঐ বহী আপনার সিরিশ্তার কোন আমলার জিম্মায় রাখিতে পারেন অথবা উচিত বোধ করিলে তাহা মহাফেজের নিকটে দিতে পারেন। কিন্তু ঐ বহী যদি কোন সময়ে দেখিবার আবশ্যক হয় তবে তাহা দেখাইবার জন্যে প্রস্তুত থাকিবেক এবং জজ সাহেব আপনার পদ ত্যাগ করিবার সময়ে তাঁহার পর যে ব্যক্তি কর্ম্মে নিযুক্ত হন তাঁহার কাছে ঐ বহী সোপর্দ্দ করিবেন।

৬। যে মোকদ্দমায় দরম্যাৎ রাধা কোওর আপেলান্ট ও

and Uncovenanted are further referred to the Court's Decision in the case Musst. Radha Koonwur, Appellant,

Versus

Musst. Doorga Koonwur, Respondent, decided on the 7th June, 1849, Page 181 of Sudder Dewanny Decisions for that year, in which it was ruled that "nothing shall be entitled to be considered as a decree, in which the decision, with the reasons for it shall not have been announced and signed by the Judge at the time of pronouncing it" the entry of the general purport of the Decretal order on any such final Decree in the "Buhee Yaddasht" and the attestation of it by the Presiding Judge should therefore follow and not precede the announcement of the Decree and Order as above directed. Nothing should be said of the purport of a Decree *in a Regular Case* till it is fully prepared, signed and formally delivered, from the Bench.

7. Orders in miscellaneous and summary cases, are to be entered in the Buhee Yaddasht as soon as passed and attested uniformly by the Signatures of the Vakeels of the parties.

(Signed) B. J. Colvin,
Register.

Fort William, the 21st October, 1851.

(True Copy.)

R. Stuart,
Asst. Register.

মসম্মাৎ দুর্গা কোওর রেস্পাণ্ডেণ্ট সেই মোকদ্দমায় ১৮৪৯ সালের ৭ জুন তারিখে (ঐ বৎসরের সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তির ১৮১ পৃষ্ঠা) যে নিষ্পত্তি করিলেন তাহাতে চিহ্নিত অচিহ্নিত আদালতসম্পর্কীয় কার্য্যকারকেরদের মনোযোগ করিতে হুকুম হইল। ঐ নিষ্পত্তিতে এই বিধান হইয়াছিল যে "যে নিষ্পত্তি ও তাহার কারণ প্রকাশ হইয়াছে ও প্রকাশ হওনের সময়ে জজ সাহেবের দ্বারা দস্তখৎ হইয়াছে তাহাছাড়া অন্য কোন নিষ্পত্তি ডিক্রীর মত বোধ হইতে পারিবেক না।" অতএব সেইরূপ চূড়ান্ত ডিক্রী হইলে ডিক্রী এবং হুকুম প্রকাশ করণের পর সেই ডিক্রীর হুকুমের সাধারণ ভাব "বহী ইয়াদ্দাশতের" মধ্যে লেখা যাইবেক এবং আদালতের বৈঠককারি জজের দ্বারা তাহাতে দস্তখৎ হইবেক এবং ডিক্রী ও হুকুম প্রকাশ ও দস্তখৎ হওনের পূর্ব্বে লেখা যাইবেক না। যাবৎ কোন নম্বরী মোকদ্দমার ডিক্রী রীতিমত প্রস্তুত না হইয়াছে এবং দস্তখৎ না হইয়াছে এবং রীতিমত বিচারাসনহইতে না দেওয়া গিয়াছে তাবৎ ঐ ডিক্রীর মর্ম্মের বিষয় কিছু বহীর ইয়াদ্দাশতের মধ্যে লিখিতে হইবেক না।

৭। মুৎফরক্কা এবং সরাসরী মোকদ্দমার হুকুম হইবামাত্র বহীর ইয়াদ্দাশতের মধ্যে তাহা লেখা যাইবেক এবং উভয় বিবাদির উকীলেরা তাহাতে রীতিমত দস্তখৎ করিবেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২১ অক্টোবর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট। আসিষ্টান্ট রেজিষ্টর।

John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 31.

To the Civil and Session Judges, Lower Provinces.

I am directed by the Court of Sudder Dewanny and Nizamut Adawlut to transmit to you a copy of a list of qualified Moulvies received from the Under Secretary to the Government of Bengal, and to desire that should the services of the Candidates therein named be required, their claims may be duly considered on the occurrence of vacancies in the situation of Law Officer.

(Signed) B. J. Colvin,
Register.

Fort William, the 27th October, 1851.

(True Copy.)

R. Stuart,
Asst. Register.

(Copy.)

List of Candidates.

Mahomedan Law.

1. Abdool Ghunee.
2. Wujhoollah.
3. Abdool Hukk.
4. Abdool Khalik.
5. Wujhoollah, son of Moulvee Mahomed Wujeeb.
6. Abdool Hye.

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর আর্ডর।

৩১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ ও সেশন জজ সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের স্থানে যোগ্য মৌলবীরদের যে ফর্দ্দ প্রাপ্ত হওয়া গিয়াছে তাহার এক নকল সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে তাহার মধ্যের লিখিত কর্ম্মাকাঙ্ক্ষিরদের সেবার আবশ্যক হইলে মৌলবীর পদ শূন্য হইবার সময়ে তাঁহারদের দাওয়া উত্তমরূপে বিবেচনা করিতে হইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২৭ অক্টোবর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট। আসিষ্টান্ট রেজিষ্টর।

(নকল।)

কর্ম্মাকাঙ্ক্ষিরদের নাম।

মৌলবী।

১। আবদুল ঘনী।
২। ওজহুল্লা।
৩। আবদুল হক।
৪। আবদুল খালিক।
৫। মৌলবী মহম্মদ ওজীবের পুত্র ওজহুল্লা।
৬। আবদুল হাই।

7. Sekunder Alee.
8. Moussur Hosayn.
9. Jain Alee.
10. Khadim Hossyn.

(Signed) B. J. COLVIN, *Register.*

(True Copy.)

R. STUART, *Asst. Register.*

৭। সেকন্দর আলী।
৮। মোসুর হুসেন।
৯। জাইন আলী।
১০। খাদিম হুসেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট। রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS.

The 28th November, 1851.

Baboo Bhoobunmohun Roy, (who has obtained a diploma) to be Acting Moonsiff of Kudumgatchee, Zillah 24-Pergunnahs, during the absence on leave of the incumbent, or until further orders.

Moonshee Fuzlul Ruhman, Acting Moonsiff of Zorawargunge, to be Acting Moonsiff of Raojan, Zillah Chittagong until further orders.

The 29th November, 1851.

